ধম্মপদ

(ধম্মপদ নামক সুবিখ্যাত পালি গ্রন্থের মূল, অন্বয়,
সংস্কৃত ব্যাখ্যা, বঙ্গানুবাদ ও বিবিধ টীকা)

(তৃতীয় সংস্করণ)

অশোকের জীবনী ও মৌর্য্য-সাম্রাজ্যের ইতিহাস লেখক, Psychology
of Buddhism এবং বিশাখাচরিত প্রভৃতি গ্রন্থ প্রণেতা

শ্রীচারুচন্দ্র বসু

কর্ত্তৃক

সম্পাদিত, অনূদিত ও প্রণীত

১৩২৩

মূল্য ১॥০ দেড় টাকা মাত্র
কাপড়ে বাঁধান ২৲ দুই টাকা

PUBLISHED BY
GURUDAS CHATTERJEA,
MESSRS. GURUDAS CHATTERJEA & SON'S
201, Cornwallis Street.

PRINTED BY
K. C. DASS.
METCALFE PRINTING WORKS.
34, Mechua Bazar Street,
CALCUTTA.

ভূমিকা

প্রথম সংস্করণ

মদীয় প্রিয়তম সুহৃদ সুবিজ্ঞ ও শ্রদ্ধাভাজন শ্রীযুক্ত চারুচন্দ্র বসু মহাশয় মূল, অন্বয়, ব্যাখ্যা ও অনুবাদসহ ধম্মপদ গ্রন্থ বঙ্গাক্ষরে সম্পাদিত ও প্রকাশিত করিয়া সাধারণের নিরতিশয় ধন্যবাদার্হ হইয়াছেন। চারুবাবু এই গ্রন্থের সম্পাদন বিষয়ে যে বহু আয়াস স্বীকার করিয়াছেন তাহার উল্লেখ আমার পক্ষে নিষ্প্রয়োজন। যাঁহারা তাঁহার গ্রন্থ পাঠ করিবেন, তাঁহারা স্বয়ংই উহা উপলব্ধি করিতে পারিবেন। তাঁহার ন্যায় বিনয়-নম্র ব্যক্তি স্বীয় গ্রন্থে আত্ম-প্রশংসা কখনই লিপিবদ্ধ করিবেন না, এই আশঙ্কায় আমি তাঁহার সম্বন্ধে এই স্থলে কোন কথাই বলিতে পারিলাম না।

গ্রন্থ সম্বন্ধে আমার বক্তব্য এই যে আমরা শ্রীমদ্‌ভগবদ্‌গীতার যেরূপ সমাদর করি, বৌদ্ধগণ ধম্মপদ গ্রন্থেরও তদ্রূপ সমাদর করিয়া থাকেন। ভগবান্ শ্রীকৃষ্ণ যে রূপ সকল ধর্ম্মের সার স্বরূপ গীতোক্ত উপদেশ প্রদান করিয়াছিলেন, বুদ্ধ তথাগতও সেইরূপ ধম্মপদ গ্রন্থে স্বীয় ধর্ম্মের স্থূল মর্ম্ম সংক্ষিপ্তভাবে পরিব্যক্ত করিয়াছেন। ধম্মপদ গ্রন্থ হিন্দু, বৌদ্ধ, মুসলমান, খ্রীষ্টান্ প্রভৃতি সকলেরই পাঠ্য। ইহার বিশ্বজনীন উপদেশ কোন ধর্ম্মেরই বিরোধী নহে। যেরূপ পুরাকালে চীন, জাপান, সিংহল, ব্রহ্ম, তিব্বত, ভারত প্রভৃতি সকলস্থানে এই গ্রন্থ খানি যত্নের সহিত ও ভক্তি ভাবে অধীত ও অধ্যাপিত হইত, এখনও সেইরূপ বৌদ্ধদেশমাত্রেই উক্ত গ্রন্থের প্রতি সমাদর অক্ষুণ্ণ রহিয়াছে। শ্রমণগণ উপসম্পদা (Ordination) গ্রহণকালে এই গ্রন্থ কণ্ঠস্থ (অন্ততঃ আবৃত্তি) করিয়া থাকেন।

অনেকস্থলে মনুসংহিতা, মহাভারত প্রভৃতি গ্রন্থের বচনের সহ ধম্মপদ

প্রভৃতি পালি গ্রন্থের বচনের সম্পূর্ণ ঐক্য দৃষ্ট হয়। বুদ্ধঘোষ ধম্মপদ গ্রন্থের অথকথা নামে যে টীকা প্রণয়ন করিয়াছেন তাহাতে যে সকল শ্লোক উদ্ধৃত হইয়াছে, উহার সহও হিন্দু গ্রন্থে উদ্ধৃত শ্লোকের অনেক সৌসাদৃশ্য বিদ্যমান আছে। একটী উদাহরণ এস্থলে উল্লিখিত হইতেছে।

এক সময়ে একটী ব্যাধ জাল পাতিয়া বসিয়াছিল। বহু পক্ষী ঐ জালে বদ্ধ হয়। তখন পক্ষিগণ পরস্পর পরামর্শ করিয়া জাল লইয়া যুগপৎ উড়িয়া গেল। এই ঘটনাপ্রসঙ্গে হিন্দু ও বৌদ্ধগ্রন্থে নিম্নলিখিত শ্লোকসমূহ দৃষ্ট হয়:—

মহাভারত

পাশমেকমুভাবেতং সহিতৌ হরতোমম।
যত্র বৈ বিবদিষ্যেতে তত্র মে বশমেষ্যতঃ॥

(উদ্যোগপর্ব্ব, শ্লোক ২৪৬১)॥

দুইটী পক্ষী সংমিলিত হইয়া আমার জালপাশ হরণ করিল। কিন্তু যখন ইহারা বিবাদ করিবে; তখন আমার বশে আসিবে।

পঞ্চতন্ত্র

জালমাদায় গচ্ছন্তি সহসা পক্ষিণোহপ্যমী।
যাবচ্চ বিবদিষ্যন্তে পতিষ্যন্তি ন সংশয়ঃ॥ (২—১০)॥

এমন কি পক্ষিগণও জাল লইয়া সহসা উড়িয়া গেল। কিন্তু যখন ইহারা বিবাদ করিবে, তখন নিশ্চই ভূমিতে পতিত হইবে।

হিতোপদেশ

সংহতাস্তু হরন্ত্যেতে মম জালং বিহঙ্গমাঃ!
যদা তু নিপতিষ্যন্তি বশমেষ্যন্তি মে তদা॥ (১—৩৬)॥

এই পক্ষিগণ মিলিত হইয়া আমার জাল হরণ করিল। কিন্তু ইহারা যখন ভূমিতে পতিত হইবে, তখন আমার বশে আসিবে।

পালি

বত্তক-জাতক ও সুত্তনিপাত-অত্থকথা

সংমোদমানা গচ্ছন্তি জালমাদায় পক্খিণো।
যদা তে বিবদিস্সন্তি তদা এহিন্তি মে বসং॥

পক্ষিগণ সংমিলিত হইয়া আনন্দ সহকারে জাল লইয়া গমন করিতেছে। যখন ইহারা পরস্পর বিবাদ করিবে, তখন আমার বশে আসিবে।

হিন্দু ও বৌদ্ধ গ্রন্থে উদ্ধৃত বচন সমূহের ঐক্যের কারণ নির্দ্দেশ করিতে যাইয়া পাশ্চাত্য পণ্ডিতগণ বলিয়াছেন, পালিভাষার বচন গুলিই মূল, সংস্কৃতে ঐ সকল বচন কালক্রমে প্রক্ষিপ্ত হইয়াছে, অথবা উহাদের অনুকরণে সংস্কৃতে অনেক শ্লোক প্রস্তুত হইয়াছে। পাশ্চাত্য পণ্ডিতগণের মতের সমালোচনা করা এস্থলে আমার উদ্দেশ্য নহে। মূল ধম্মপদ গ্রন্থের সংক্ষিপ্ত বৃত্তান্ত লিপিবদ্ধ করিয়াই আমি ভূমিকার উপসংহার করিব।

পালিভাষার বৌদ্ধশাস্ত্র সমূহ তিন শ্রেণীতে বিভক্ত; কথা, সুত্ত (সূত্র), বিনয় ও অভিধম্ম (অভিধর্ম্ম)। ধম্মপদ গ্রন্থ সুত্ত পিটকের অন্তর্গত। এই গ্রন্থ অতি প্রাচীন। ইহা ২৬ অধ্যায়ে সম্পূর্ণ হইয়াছে। এই কয়েকটী অধ্যায়ে নানা প্রস্তাবে গ্রন্থকার কোন্‌গুলি সৎকর্ম্ম ও কোন্‌গুলি অসৎকর্ম্ম ইহা বর্ণনা করিয়াছেন। গ্রন্থের নাম ধম্মপদ, কিন্তু ধম্মপদের প্রকৃত অর্থ কি, তাহা এ পর্য্যন্ত নির্দ্ধারিত হয় নাই। মিঃ গগার্লির মতে "ধম্মপদের" অর্থ 'ধর্ম্মের সোপান," ; স্পেন্স হার্ডির মতে "ধর্ম্মের পথ," ; ফীর মহোদয়ের মতে "ধর্ম্মের ভিত্তি" ; অধ্যাপক ফজ্‌বোলের মতে "ধর্ম্মবিষয়ক কাব্য ;" মিঃ বীল বলেন, চীন ভাষায় উহার অর্থ "ধম্মগ্রন্থ"। এইরূপে "পদ" শব্দের অর্থ লইয়াই নানা গোল। "ধম্ম" শব্দের প্রকৃত অর্থ কি, তাহাত কেহই সুনিশ্চিতরূপে বলিতে পারেন নাই। কেহ বলেন, 'ধর্ম্ম' শব্দের অর্থ "কর্ম্ম," কাহারও মতে উহার অর্থ "সংস্কার ;" কেহ কেহ বলেন, "বেদনা, সংজ্ঞা ও সংস্কার", এই

তিন স্কন্ধই ধর্ম্ম শব্দের অন্তর্ভূত। অন্যেরা বলেন, "ধর্ম্ম" শব্দের অর্থ "কার্য্য-কারণ ভাব"। কেহ কেহ বা ধর্ম্ম শব্দের সামান্যতঃ "পদার্থ" অর্থ স্বীকার করিয়া থাকেন। কোন কোন পাশ্চাত্য গ্রন্থে "ধর্ম্ম" শব্দ "স্বভাব" অর্থে পরিগৃহীত হইয়াছে। এইরূপে "ধর্ম্ম" ও "পদ" শব্দের অর্থ লইয়া নানা মত উপস্থিত হইয়াছে। সহস্র মত সত্ত্বেও পাশ্চাত্য পণ্ডিতগণ একবাক্যে বলিয়াছেন, "কার্য্যকারণ ভাবই ধর্ম্ম শব্দের প্রকৃত তাৎপর্য্যার্থ।" আমি বর্ত্তমান মুহূর্ত্তে যাহা আছি, তাহা পূর্ব্ব পূর্ব্ব মুহূর্ত্তে যাহা ছিলাম তাহারই পরিণাম মাত্র। আমি পর মুহূর্ত্তে যাহা হইব, তাহাও বর্ত্তমান মুহূর্ত্তে যাহা আছি তাহার ফল মাত্র। এইরূপে কর্ম্মের পরিণামেই আমরা উৎপন্ন ও বিনষ্ট হইতেছি। কর্ম্ম সাধারণতঃ ত্রিবিধ ; যথা, কায়িক বাচিক ও মানসিক। আমি কুঠার দ্বারা কোন ব্যক্তির শিরশ্ছেদ করিলাম, এই শিরশ্ছেদ ব্যাপার প্রকৃত প্রস্তাবে "কর্ম্ম" নহে। উক্ত ব্যাপারের অনুষ্ঠান করিয়া আমার হৃদয়ে যে সংস্কারের উৎপত্তি হইল, তাহাই কর্ম্ম। আমি কর্কশ বচন দ্বারা কোন ব্যক্তিকে ব্যথিত করিলাম, এই ব্যথিত করণ ব্যাপারও কর্ম্ম নহে! ঐ ব্যাপার-জনিত সংস্কারই কর্ম্ম। আমি কাহারও অনিষ্ট করিবার অভিলাষ করিলাম, এই অভিলাষ করণও কর্ম্ম নহে। ঐ ব্যাপার হইতে সমুৎপন্ন সংস্কারই কর্ম্ম। এই সকল উদাহরণ দ্বারা আমরা দেখিতে পাইলাম, "সংস্কার" ও "কর্ম্ম" একই পদার্থ। এই সংস্কার বা কর্ম্মের পরিণামই "আমি" বা "অহং"। যেমন অগ্নির দাহিকা শক্তি কাহারও বিনষ্ট করিবার ক্ষমতা নাই, যতক্ষণ অগ্নি থাকিবে, ততক্ষণ ইহার দাহিকা শক্তি থাকিবে, সেইরূপ কর্ম্মের ফল কাহারও প্রতিরুদ্ধ করিবার ক্ষমতা নাই। বর্ত্তমান মুহূর্ত্তের কর্ম্ম পর মুহূর্ত্তে ফল প্রসব করিবে, পর মুহূর্ত্তের কর্ম্ম তৎপরবর্ত্তী মুহূর্ত্তে ফল প্রসব করিবে। এই কর্ম্ম-প্রবাহ দ্বারা আমরা নিয়ত পরি-

চালিত হইতেছি। আমাদের সুখ, দুঃখ, উন্নতি, অবনতি এই কর্ম্মের উপর নির্ভর করিতেছে। এই কর্ম্ম সমূহের মধ্যে কার্য্য-কারণ সম্বন্ধ বিদ্যমান আছে। আমি বর্ত্তমান মুহূর্ত্তে যে দুঃখ অনুভব করিতেছি, উহা আমার পূর্ব্ব মুহূর্ত্তের কর্ম্মের পরিণাম, অতএব দুঃখ ও কর্ম্ম পরমার্থতঃ একই পদার্থ, বিশেষ এই—কর্ম্মটী কারণ ও দুঃখ কার্য্য। আমার কার্য্য ও কারণের মধ্যেও কোন প্রভেদ নাই, বর্ত্তমান মুহূর্ত্তে যাহা কারণ বলিয়া পরিগণিত হইতেছে, পর মুহূর্ত্তে উহাই কার্য্য বলিয়া পরিগণিত হইবে, এবং বর্ত্তমান মুহূর্ত্তে যাহা কার্য্য, তাহাই পূর্ব্ব মুহূর্ত্তে কারণ, এই আখ্যা লাভ করিয়াছিল। এইরূপে পর্য্যালোচনা করিলে দেখিতে পাওয়া যায়, "কর্ম্ম," "সংস্কার," "স্বভাব," "কার্য্য-কারণ-ভাব," "পদার্থ," ইত্যাদি সমস্তই পরস্পর অভিন্ন। "ধর্ম্ম" শব্দের অর্থ "কর্ম্ম"ই হউক, "সংস্কার"ই হউক, "স্বভাব"ই হউক আর "পদার্থ"ই হউক, উহা "কার্য্যকারণ-ভাব" মাত্র। যেহেতু ধর্ম্ম বা কর্ম্মের প্রভাব কেহই পরিহার করিতে পারেন না। অতএব ধর্ম্ম কি, তাহা পরিজ্ঞাত হওয়া সকলেরই কর্ত্তব্য। এই পদার্থ বুঝাইবার জন্যই বুদ্ধদেব "ধম্মপদ" গ্রন্থের অবতারণা করিয়াছিলেন। ধম্মপদ গ্রন্থের প্রথম অধ্যায়েই লিখিত আছে, বলীবদ যেমন নিয়ত শকট-চক্রের অনুধাবন করে, সেইরূপে কর্ম্মসমূহ ও জীবের সতত অনুসরণ করিয়া থাকে।

খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দীর প্রারম্ভে বুদ্ধঘোষ পালিভাষায় ধম্মপদের টীকা বিরচন করেন। তিনি প্রত্যেক শ্লোকের ব্যাখ্যার সঙ্গে সঙ্গে এক একটী উপাখ্যান উল্লিখিত করিয়াছেন। কথিত আছে, স্বয়ং বুদ্ধদেব ঐ সকল উপাখ্যান তাঁহার শিষ্যগণের নিকট বর্ণন করিয়াছিলেন। বৌদ্ধগণ বলিয়া থাকেন, বুদ্ধের নির্ব্বাণের অব্যবহিত পরে, রাজগৃহ নগরে প্রথম বোধিসঙ্গম কালে ধম্মপদ গ্রন্থ বিরচিত হইয়াছিল।

৫ম শতাব্দীর প্রারম্ভে বুদ্ধঘোষের আবির্ভাব হয়। তিনি ধম্ম-পদের টীকা লিখিতে যাইয়া বলিয়াছেন, ধম্মপদ গ্রন্থে যাহা আছে, উহা সমস্তই বুদ্ধের উক্তি। প্রথমবোধিসঙ্গমকালে ঐ সমস্ত উক্তি গ্রন্থা-কারে সংগৃহীত হইয়াছিল।

অধ্যাপক মোক্ষমূলর বলেন, বুদ্ধঘোষ স্বীয় টীকায় ধম্মপদের মূল শ্লোক সমূহের বহু পাঠান্তর উল্লিখিত করিয়াছেন। যে সকল হস্ত-লিখিত পুস্তক হইতে ঐ পাঠান্তর সমূহ উদ্ধৃত হইয়াছিল ঐ সকল পুস্তকের প্রতিলিপি বত্তগামনির রাজত্বকালে খ্রীষ্টপূর্ব্ব ৮৮—৭৬ অব্দে প্রস্তুত হয়।

খ্রীষ্টীয় ৪১০—৪৩২ অব্দে মহানাম নামক পণ্ডিত "মহাবংস" নামে সিংহলের এক ইতিহাস রচনা করেন। প্রথম ৩৭ অধ্যায় মহানামের রচিত। এই ৩৭ অধ্যায়ে বর্ণিত আছে, বুদ্ধঘোষ মগধ হইতে সিংহ-লের অন্তর্গত অনুরাধপুর নগরে গমন করেন এবং সিংলহীয় অথকথা (অর্থ-কথা) পালিভাষায় অনুবাদিত করেন।

"মহাবংস"গ্রন্থে বুদ্ধঘোষের জীবনচরিত সংক্ষেপে বর্ণিত আছে। মগধের বোধিদ্রুম সমীপে এক ব্রাহ্মণ যুবক বাস করিতেন। তিনি সমগ্র বিদ্যায় ও সমগ্র কলায় সুনিপুণ ছিলেন এবং বেদত্রয় সম্পূর্ণরূপে আয়ত্ত করিয়াছিলেন। তিনি একদা রেবত নামক একজন বৌদ্ধ ভিক্ষুর সহিত তর্কে প্রবৃত্ত হন, এবং পরাজিত হইয়া বিজেতার ধর্ম্ম গ্রহণ করেন। উক্ত ব্রাহ্মণের স্বর বুদ্ধদেবের ন্যায় ওজস্বী ও সুমধুর ছিল বলিয়া বৌদ্ধগণ তাঁহাকে বুদ্ধঘোষ, এই উপনাম প্রদান করেন। বৌদ্ধধর্ম্মে দীক্ষিত হওয়ার পর তিনি বুদ্ধঘোষ নামেই প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন। দীক্ষা গ্রহণান্তর বুদ্ধঘোষ "জ্ঞানোদয়" নামে একখানি বৌদ্ধগ্রন্থ প্রণয়ন করেন। অনন্তর তিনি ত্রিপিটকের টীকা বিরচন করিবার মানস করেন। এই সময়ে রেবত ভিক্ষু তাঁহাকে বলিলেন, "জম্বুদ্বীপে

ত্রিপিটকের মূলগ্রন্থ মাত্র বিদ্যমান আছে, কিন্তু উহার ব্যাখ্যা এদেশে বর্ত্তমান নাই। সুবিজ্ঞ মহেন্দ্র খৃষ্টপূর্ব্ব ২৪১ অব্দে সিংহলী ভাষায় ত্রিপিটকের যে ব্যাখ্যা লিখিয়া গিয়াছেন, উহা অবলম্বন করিয়া পালি-ভাষায় ত্রিপিটকের টীকা বিরচন কর। ইহাতে জগতের প্রকৃত মঙ্গল সাধিত হইবে।" রেবত ভিক্ষুর পরামর্শানুসারে বুদ্ধঘোষ সিংহল যাত্রা করেন। এই সময়ে (৪১০—৪৩২ খৃঃ অব্দ পর্য্যন্ত) মহানাম সিংহলের রাজা ছিলেন। বুদ্ধঘোষ সিংহলের অনুরাধপুর নগরস্থিত মহাবিহারে উপস্থিত হইয়া স্থবির সংঘপালের নিকট ত্রিপিটকের সিংহলী ব্যাখ্যা শ্রবণ করেন। তদনন্তর তিনি পালি ভাষায় বিসুদ্ধি মগ্‌গো (বিশুদ্ধিমার্গ) নামক একখানি উৎকৃষ্ট গ্রন্থ রচনা করেন। সিংহলবাসিগণ তাঁহার অসাধারণ বিদ্যাবত্তায় সন্তুষ্ট হইয়া তাঁহাকে অথকথা (অর্থকথা) নামক পুস্তক প্রদান করেন। এই অথকথাই ত্রিপিটকের পালি ব্যাখ্যা। বুদ্ধঘোষ এই অথকথা পালিভাষায় অনুবাদিত করিয়া জম্বুদ্বীপে ত্রিপিটকের যথার্থ ব্যাখ্যা প্রচার করেন। বুদ্ধঘোষ সিংহল হইতে যে সমস্ত বৌদ্ধগ্রন্থের উদ্ধার করেন, ব্রহ্ম বা তৈলঙ্গী অক্ষরে ঐ সকল গ্রন্থের প্রতিলিপি প্রস্তুত হয়। এইরূপে ক্রমে ব্রহ্মদেশে বৌদ্ধধর্ম্মের প্রচার বৃদ্ধি হয়।

১৮৫৫ খ্রীষ্টাব্দে ডেনমার্কবাসী সুপ্রসিদ্ধ ডাক্তার ফজ্‌বোল্‌ ধম্মপদের এক অত্যুৎকৃষ্ট সংস্করণ প্রকাশ করেন। ঐ সময়ে তিনি উক্ত গ্রন্থ লাটীন ভাষায় অনুবাদিত করিয়া ইউরোপীয় পণ্ডিত মণ্ডলীর চিত্ত আকর্ষণ করেন। তদনন্তর বার্ণ্ফ, গগার্লি, উফম, ওয়েবার, প্রভৃতি পণ্ডিতগণ ধম্মপদগ্রন্থ ফরাসী, ইংরেজী ইত্যাদি ভাষায় অনুবাদিত করিয়া উহার প্রচার বৃদ্ধি করেন। ১৮৭৯ খৃঃ অব্দে অধ্যাপক মোক্ষমূলর ধম্মপদ গ্রন্থ ইংরেজী ভাষায় অনুবাদিত করিয়া প্রাচ্য ধর্ম্মগ্রন্থশ্রেণী মধ্যে প্রকাশিত করেন। ১৮৭১ খৃঃ অব্দে লণ্ডন রয়েল্‌এসিয়াটিক্‌ সোসাইটির জার্ণালে

অধ্যাপক চাইলডার্স মহোদয় ধম্মপদ সম্বন্ধে নানা গবেষণাপূর্ণ একটী সুদীর্ঘ প্রবন্ধ প্রকাশিত করেন। ১৮৭১ খৃঃ অব্দে ডাক্তার জেমস্ আল্‌উইস্ সিংহলী জার্ণালে ধম্মপদের এক সুবিস্তৃত সমালোচনা প্রকাশ করেন। ১৮৭৮ খৃঃ অব্দে ফার্ণন্দ হু ধম্মপদ গ্রন্থ ফরাসী ভাষায় অনুবাদিত করেন। ডাক্তার রিজ ডেভিড্‌স্ ও ধম্মপদের অনেক অংশ ভাষান্তরিত করেন। ১৮৭৮ খৃঃ অব্দে রেফারেণ্ড বীল্ চীন ভাষায় অনুবাদিত ধম্মপদ গ্রন্থের ইংরেজী ভাষায় অনুবাদ করেন। এই সময়ে সুপ্রসিদ্ধ সীফ্‌নার তীব্বতীয় ভাষায় অনুবাদিত ধম্মপদ গ্রন্থের জার্ম্মান্ অনুবাদ প্রকাশ করেন। বীল্ বলেন, চীন ভাষায় ধম্মপদ গ্রন্থের চারি থানি অনুবাদ প্রাপ্ত হওয়া যায়। একখানি খ্রীষ্টীয় তৃতীয় শতাব্দীর প্রারম্ভে, দ্বিতীয় খানি ২২৩ খ্রীষ্টাব্দে, তৃতীয় খানি ৪১০ খ্রীষ্টাব্দে ও চতুর্থ খানি ৮ম শতাব্দীতে প্রস্তুত হইয়াছিল। চীন অনুবাদের ভূমিকায় লিখিত আছে আর্য্যধর্ম্মত্রাত নামক পণ্ডিত ভারতবর্ষ হইতে ধম্মপদ গ্রন্থ চীন প্রদেশে লইয়া গিয়াছিলেন। ধর্ম্মত্রাত বসুমিত্রের পিতৃব্য। বসুমিত্র কনিষ্কের সমসাময়িক অতএব খ্রীঃ পূঃ ১ম শতাব্দীর লোক। ১৮৯৮ খ্রীষ্টাব্দে ধম্মপদ গ্রন্থের মূল ও বুদ্ধঘোষের টীকা কলিকাতা বুদ্ধিষ্ট টেক্‌স্‌ট সোসাইটী কর্ত্তৃক প্রকাশিত হয়। আজকাল চতুর্দ্দিকে প্রাচ্য-ভাষা সমূহের যেরূপ অনুশীলন হইতেছে তাহাতে আমরা আশা করি চারুবাবুকৃত ধম্মপদের নূতন সংস্করণ খানি পণ্ডিত সমাজে বিশেষ রূপে আদৃত হইবে ও পালিভাষা শিক্ষার পথ উন্মুক্ত করিবে। এরূপ মহামূল্য গ্রন্থ সর্ব্বসাধারণের উপযোগী হইয়া প্রকাশিত হইল, ইহা বড়ই আনন্দের কথা।

প্রেসিডেন্সী কলেজ,
কলিকাতা।
৩রা এপ্রেল, ১৯০৪।

শ্রীসতীশচন্দ্র আচার্য্য বিদ্যাভূষণ

সম্পাদকের নিবেদন।

প্রথম সংস্করণ।

ধম্মপদ গ্রন্থখানি সূত্র পিটকের অন্তর্গত, ইহা একখানি অতি প্রাচীন ও বিখ্যাত বৌদ্ধ ধর্ম্মগ্রন্থ। সিংহল, ব্রহ্ম, শ্যাম, চীন, জাপান ও তিব্বৎ দেশে ভক্তির সহিত এই গ্রন্থ পঠিত হয়। বৌদ্ধদিগের এরূপ প্রিয় গ্রন্থ আর নাই। হিন্দুদিগের নিকট শ্রীমদ্ভগবদ্গীতা যেমন, খৃষ্টিয়ানদিগের নিকট বাইবেল গ্রন্থ যেমন, বৌদ্ধদিগের নিকট ধম্মপদ গ্রন্থও সেইরূপ। নীতির উৎকর্ষ সম্বন্ধে এরূপ পুস্তক জগতে বিরল; বৌদ্ধধর্ম্ম নীতিপ্রধান ধর্ম্ম। এই পুস্তকে সেই নীতি মূলক ধম্মেরই শ্রেষ্ঠতা প্রতিপন্ন করা হইয়াছে। ইহার উপদেশগুলি সহজ, সরল ও হৃদয়স্পর্শী, ইহার মধ্যে দর্শনের জটিলতা বা ভাবের অস্পষ্টতা নাই। এই পুস্তকে গ্রথিত উপদেশ গুলি, সকল সম্প্রদায়ের উপযোগী।

*　　*　　*　　*　　*

সমগ্র বৌদ্ধগ্রন্থের মধ্য হইতে ধম্মপদ গ্রন্থ খানি প্রকাশের জন্য মনোনয়ন করিবার দ্বিতীয় কারণ এই যে, পালি ভাষা শিক্ষা করিবার পক্ষে এরূপ উপযোগী গ্রন্থ আর নাই, ইহার ভাষা সহজ ও সরল। ভাষার সরলতায় ও ভাবের মনোহারিত্বে এরূপ পুস্তক জগতে বিরল। কয়েক বৎসর পূর্ব্বে ডেনমার্ক দেশীয় সুপ্রসিদ্ধ পণ্ডিত ফজ্‌বোল সাহের ধম্মপদের যে লাটিন সংস্করণ বাহির করিয়াছেন এ পুস্তকে অনেক স্থলে তাহারই পাঠ গ্রহণ করা গিয়াছে; পরন্তু সেই পাঠের সহিত সিংহল ও ব্রহ্ম দেশীয় এবং শ্যাম দেশ হইতে প্রকাশিত ত্রিপিটকের যে বিশুদ্ধ রাজসংস্করণ প্রকাশিত হইয়াছে, সেই সকল গ্রন্থের মূলের সহিত মিলান হইয়াছে। যেখানে কোন প্রকার ভিন্ন পাঠ দৃষ্টিগোচর হইয়াছে, ফুট নোটে সেই

বিষয় উল্লেখ করা গিয়াছে। অনুবাদটি যতদূর সম্ভব প্রাঞ্জল করা গিয়াছে, সেই সঙ্গে বৌদ্ধদর্শনের কঠিন পরিভাষা সকল পরিত্যক্ত হইয়াছে। তিন বৎসর পূর্ব্বে পণ্ডিত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম, এ, মহাশয় কাত্যায়ণ কৃত পালি ব্যাকরণের একটী সংস্করণ বাহির করিয়া পালিভাষা শিক্ষার পথ উন্মুক্ত করিয়াছেন, আশা করি এই পুস্তকে সেই উদ্দেশ্যেরই সহায়তা করিবে। * * *

আমি আন্তরিক কৃতজ্ঞতার সহিত স্বীকার করিতেছি যে এই পুস্তক খানি প্রণয়নকালে প্রেসিডেন্সী কালেজের অন্যতম সংস্কৃতাধ্যাপক, কলিকাতা এসিয়াটিক সোসাইটি ও বিলাতের রয়েল এসিয়াটিক সোসাইটির অন্যমত সদস্য, পালি ভাষায় সুপণ্ডিত, আমার প্রিয়সুহৃদ পণ্ডিতবর সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম্, এ, ও সোদরপ্রতিম শ্রীমান্ নরেন্দ্র কুমার বসু, বি, এল, আমাকে যথেষ্ট সাহায্য করিয়াছেন। যাহাতে পুস্তকখানি সর্ব্বাঙ্গসুন্দর হয় তজ্জন্য ইঁহাদিগের দুই জনের নিকট হইতে যথাসাধ্য সাহায্য প্রাপ্ত হইয়াছি। ইঁহাদের সাহায্য না পাইলে পুস্তক খানি সম্পূর্ণ করা কষ্টসাধ্য হইত। সতীশ বাবু বিশেষ পরিশ্রম সহকারে, সর্ব্বদাই প্রফুল্লচিত্তে আদ্যোপান্ত পুস্তকখানি দেখিয়া দিয়াছেন ও স্থানে স্থানে সংস্কৃত অংশগুলি সংশোধন করিয়াছেন। সময়ে সময়ে শারীরিক অসুস্থতা সত্ত্বে এবং নিজের গুরুতর কার্য্যের মধ্যে প্রুফগুলি দেখিতে ক্ষান্ত হন নাই। পুস্তকখানি প্রণয়ন বিষয়ে ইঁহাদের দুইজনের নিকটে আমি বিশেষরূপে ঋণী। চট্টগ্রাম নিবাসী, বর্ত্তমান চট্টগ্রাম কালেজের পালিশিক্ষক, বৌদ্ধভিক্ষু ধর্ম্মবংস কলিকাতায় অবস্থানকালে আমাকে যথেষ্ট সাহায্য করিয়াছেন। বিশেষ কৃতজ্ঞতার সহিত প্রকাশ করিতেছি যে যখনই ধম্মপদ পুস্তকখানি বর্ত্তমান আকারে প্রকাশ করিবার বাসনা করি, সেই সময় হইতে ইণ্ডিয়ান মিরার পত্রের সুযোগ্য সম্পাদক, উদারহৃদয়, শ্রদ্ধাস্পদ শ্রীযুক্ত নরেন্দ্রনাথ সেন, মহাবোধি সোসাইটির

সম্পাদক বৌদ্ধপরিব্রাজক অনাগারিক ধর্ম্মপাল ও বিদ্যোৎসাহী শ্রীযুক্ত নীলকমল মুখোপাধ্যায় মহাশয় এই কার্য্যে যথেষ্ট উৎসাহ প্রদান করেন এবং যাহাতে পুস্তকখানি শীঘ্র বাহির হয় তজ্জন্য বিশেষ ইচ্ছা প্রকাশ করেন। বিশেষতঃ নীলকমল বাবু স্বতঃপ্রবৃত্ত হইয়া এই পুস্তকের মুদ্রাঙ্কণ ব্যয়ভার বহন করিয়া নিজের মহত্ত্বের পরিচয় প্রদান করিয়াছেন। ইঁহার নিকট আমি বিশেষরূপে কৃতজ্ঞতাপাশে বদ্ধ।

সর্ব্বশেষে সর্ব্বসাধারণের নিকট নিবেদন এই যে এবার পুস্তকখানিতে অনেক ত্রুটী রহিয়া গেল, যদি সময়ান্তরে দ্বিতীয় সংস্করণ বাহির করিবার সুযোগ হয়, তাহা হইলে পুস্তকখানি সর্ব্বাঙ্গ সুন্দর করিবার চেষ্টা করিব।

২রা এপ্রেল, ১৯০৪ শ্রীচারুচন্দ্র বসু

দ্বিতীয় সংস্করণ।

ভগবদ্‌কৃপায় ধম্মপদের দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইল। প্রায় এক বৎসর পূর্ব্বে এই পুস্তক প্রথম প্রকাশিত হয়। পুস্তকখানি প্রকাশিত হইবার পর, বিদ্বন্মণ্ডলী যেরূপ আগ্রহ ও উৎসাহের সহিত উহা গ্রহণ করিয়াছিলেন তাহা অতীব আশাপ্রদ। যাবতীয় সংবাদ পত্রের সম্পাদকগণ একবাক্যে স্ব স্ব সমালোচনায় গ্রন্থখানিকে যেরূপ উচ্চস্থান প্রদান করিয়াছেন তজ্জন্য অনুবাদক সকলের নিকট বিশেষরূপে কৃতজ্ঞতা পাশে বদ্ধ। বর্ত্তমান সংস্করণখানি অনেক স্থলে পরিবর্ত্তন করা গিয়াছে এবং ইহাতে অনেক নূতন বিষয় সন্নিবিষ্ট হইয়াছে; গ্রন্থ খানি আকারেও অনেক বড় হইয়াছে। পরিশিষ্টে বৌদ্ধদর্শন, মনোবিজ্ঞান ও নীতিসম্বন্ধে বিশেষ বিশেষ জ্ঞাতব্য বিষয়ের একটি তালিকা প্রদত্ত হইল। আশা করি ইহা পাঠকদিগের উপকারে আসিবে। যদিও পুস্তকখানি আকারে বড় হইল সাধারণের সুবিধার জন্য মূল্য পূর্ব্ববৎ রাখা গেল।

*　*　*　*　*　*

৫ই জুন, ১৯০৫ শ্রীচারুচন্দ্র বসু

তৃতীয় সংস্করণের বিজ্ঞাপন

ধম্মপদের তৃতীয় সংস্করণ প্রকাশিত হইল, ইহাতে অনেক বিষয় পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত হইয়াছে, সেইজন্য পুস্তকের কলেবরও যথেষ্ট বৃদ্ধি হইযাছে। পুস্তকান্তর্গত ৪২৩ শ্লোকের একটী বর্ণানুক্রমিক সূচী পুস্তকের শেষভাগে প্রদত্ত হইল এবং প্রত্যেক শ্লোক কোন্ স্থানে ও কাহাকে উপলক্ষ করিয়া উচ্চারিত হইয়াছিল, তাহাও সংক্ষেপে উল্লেখ করা গিয়াছে।

তৃতীয় সংস্করণ প্রণয়নে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পালি অধ্যাপক মদীয় সুহৃদ্ সুপণ্ডিত শ্রমণ পুন্নানন্দ ভিক্ষুর যথেষ্ট সাহায্য লাভ করিয়াছি, সমগ্র পুস্তকটী তিনি যত্ন ও পরিশ্রম সহকারে দেখিয়া দিয়াছেন, এবং স্থানে স্থানে অংশ বিশেষ পরিবর্ত্তন করিয়াছেন, ইঁহার সাহায্যে বিশেষরূপে উপকৃত হইয়াছি। এতদ্ব্যতীত বন্ধুবর গুণালঙ্কার মহাস্থবির মহোদয়ের সহায়তাও সময়ে সময়ে লাভ করিয়াছি। সংস্কৃতকলেজের সুপ্রসিদ্ধ অধ্যাপক মদীয় শ্রদ্ধাভাজন মহামহোপাধ্যায় প্রমথনাথ তর্কভূষণ মহাশয় পুস্তকের সংস্কৃত অংশটী দেখিয়া দিয়াছেন; কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ইংরাজি সাহিত্যের সহকারী অধ্যাপক শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় এম্-এ, যত্নের সহিত প্রুফগুলি সংশোধন করিয়াছেন। এতদ্ভিন্ন সিদ্ধান্তভাস্কর নামক প্রসিদ্ধ জৈন পত্রিকার সম্পাদক ও জৈন সিদ্ধান্তভবনের সভাপতি বিদ্যোৎসাহী শ্রীযুক্ত সেট্ পদমরাজ মুদ্রণ কার্য্য সম্পাদন বিষয়ে উৎসাহ দানে আমাকে বাধিত করিয়াছেন এবং বৌদ্ধপরিব্রাজক অনাগারিক ধর্ম্মপালও সময়ে সময়ে নানাবিধ উপদেশদ্বারা উৎসাহবর্দ্ধন করিয়াছেন। ইঁহাদের প্রত্যেকই আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাইতেছি।

কার্ত্তিক পূর্ণিমা
১৩২৩

শ্রীচারুচন্দ্র বসু

সূচী।

পঠমক ভাণবারং।

(প্রথম ভাগ)

দুতিয়ো ভাণবারং।

(দ্বিতীয় ভাগ)

নিট্ঠিতো।

(সমাপ্ত)

নমো তস্স ভগবতো অরহতো সম্মাসম্বুদ্ধস্স

ধম্মপদ

যমকবগ্গো

পঠমো

স্থান শ্রাবস্তী ... ব্যক্তি চক্খুপাল থের

১ মনোপুব্বঙ্গমা ধম্মা[১] মনোসেট্ঠা মনোময়া,
মনসা চে পদুট্ঠেন ভাসতি বা করোতি বা
ততো নং দুক্খমন্বেতি চক্কং ব বহতো পদং। ১

অন্বয়।—ধম্মা মনোপুব্বঙ্গমা মনোসেট্ঠা মনোময়া! পদুট্ঠেন মনসা চে ভাসতি বা, করোতি বা, ততো চক্কং বহতো পদং ব নং দুক্খমন্বেতি।

১। বৌদ্ধ গ্রন্থে ধম্ম শব্দের বিভিন্ন প্রকার অর্থ দৃষ্ট হয়। ধর্ম্ম শব্দে অনেক স্থলে পদার্থ মাত্রকেই বুঝায়, তদনুসারে প্রথম পাদের অর্থ হইতেছে, 'মনের সাহায্য ব্যতীত কোন পদার্থের জ্ঞান হয় না'। অপর মতে ধর্ম্ম অর্থে কর্ম্ম অর্থাৎ সৎ বা অসৎ কার্য্যকে বুঝায়। তাঁহাদের মতে পুণ্য বা পাপ কার্য্য মনের সম্বন্ধবশতঃ পুণ্য বা পাপ নামে অভিহিত হয়। কেহ কেহ বলেন ধর্ম্ম অর্থে মনের ভাব বা অবস্থাকে বুঝায়। তাঁহাদের মতে মনের সহকারিতা বশতঃ জীবে ভাবান্তর বা অবস্থান্তর ঘটিয়া থাকে। সাধারণত ধর্ম্ম শব্দের চারি প্রকার অর্থ দৃষ্ট হয়, গুণ, দেসনা, পরিয়ত্তি ও নিসত্ত। বেদনা, সংজ্ঞা ও সংস্কার এই ত্রিবিধ স্কন্ধ নিঃসত্ত্ব বা নির্জীব ধর্ম্ম নামে অভিহিত হয়। বেদনা, সংজ্ঞা ও সংস্কার এই তিন স্কন্ধের সাধারণ নাম ধর্ম্ম। মন বা চিত্ত হইতেছে বিজ্ঞানস্কন্ধ, অর্থাৎ বিজ্ঞানস্কন্ধ বা মনের সহকারিতা ভিন্ন বেদনা, সংজ্ঞা ও সংস্কার এই ত্রিবিধ স্কন্ধের উপলব্ধি হইতে পারে না। কিন্তু এ স্থলে ধর্ম্ম অর্থে গুণ ধর্ম্ম বুঝাইতেছে।

সংস্কৃত।—ধর্ম্মাঃ মনঃপূর্ব্বঙ্গমাঃ মনঃশ্রেষ্ঠাঃ মনোময়াঃ (মানসাত্মকাঃ)। প্রদুষ্টেন মনসা চেৎ (কোঽপি) (কিঞ্চিৎ) ভাষতে, (কিঞ্চিৎ) করোতি বা, ততঃ চক্রম্ বহতঃ (বলীবর্দ্দস্য) পদমিব এনং (পুরুষম্) দুঃখমন্বেতি (অনুসরতি)।

অনুবাদ।—মন বেদনাদি ধর্ম্ম সমূহের পূর্ব্বগামী, মনই ধর্ম্ম সমূহের মধ্যে শ্রেষ্ঠ (প্রধান), এবং ধর্ম্ম মনোময় (অর্থাৎ ধর্ম্ম মন হইতেই উৎপন্ন হয়)। (মনুষ্যের স্বভাব বা চিন্তা মনের দ্বারাই অনুপ্রাণিত ও পরিচালিত হয়। জীবের চৈতসিক ভাবসমূহ মন হইতেই উৎপন্ন হয় ও মনের স্বভাব প্রাপ্ত হয়)। যদি কেহ দূষিতান্তঃকরণে কথা কহে, বা কার্য্য করে, তবে চক্র যেমন ভারবাহী বলীবর্দ্দের পদচিহ্ন অনুসরণ করে—দুঃখও তাহাকে সেইরূপ অনুসরণ করে।

শ্রাবস্তী ... মট্ঠকুণ্ডলী

২ মনোপুব্বঙ্গমা ধম্মা মনোসেট্‌ঠা মনোময়া,
মনসা চে পসন্নেন ভাসতি[১] বা করোতি বা,
ততো নং সুখমন্বেতি[২] ছায়া ব অনপায়িনী। ২

অন্বয়।—ধম্মা মনোপুব্বঙ্গমা মনোসেট্‌ঠা মনোময়া। পসন্নেন মনসা চে ভাসতি বা, করোতি বা, ততো অনপায়িনী ছায়া ব নং সুখমন্বেতি।

মনো পুব্বঙ্গমো এতেসন্তি মনোপুব্বঙ্গমা (মন পূর্ব্বগামী ইহাদের এই হেতু ইহারা মনঃ পূর্ব্বগামী)। বেদনাদি স্কন্ধত্রয়ের পূর্ব্বগামী মন; মন ইহাদের উৎপত্তির হেতু। বেদনাদি মনের সহিত একই স্থানে একই বস্তু অবলম্বন করিয়া, পূর্ব্বেও নহে পরেও নহে একই ক্ষণে উৎপন্ন হয়, এবং মনের উৎপত্তির উপর ইহাদের উৎপত্তি নির্ভর করে, মন উৎপন্ন না হইলে ইহারাও উৎপন্ন হয় না, এই হেতু মন ইহাদের পূর্ব্বগামী।

১। ভাসতী। ২। 'সুখ' অর্থে এ স্থলে বিপাক সুখ, ইহা পূর্ব্বাপর কুশল

সংস্কৃত।—ধর্ম্মাঃ মনঃপূর্ব্বঙ্গমাঃ মনঃশ্রেষ্ঠাঃ মনোময়াঃ। প্রসন্নেন (নির্ম্মলেন) মনসা চেৎ (কোঽপি) (কিঞ্চিৎ) ভাষতে, (কিঞ্চিৎ) করোতি বা, ততঃ অনপায়িনী ছায়া ইব এনং সুখমন্বেতি (অনুসরতি)।

অনুবাদ।—মনই ধর্ম্ম সমূহের পূর্ব্বগামী, মনই ধর্ম্ম-মধ্যে প্রধান পদার্থ, এবং ধর্ম্ম মন হইতেই উৎপন্ন হইয়াছে। যদি কেহ নির্ম্মলান্তঃকরণে কথা কহেন, কিংবা কার্য্য করেন, তবে সুখ তাঁহাকে সর্ব্বদা ছায়ার ন্যায় অনুসরণ করে।

শ্রাবস্তী জেতবন　　　…　　　থুল্লতিস্‌স থের

৩　**অক্কোচ্ছি মং অবধি মং অজিনি মং অহাসি[1] মে,**
　　যে চ[2] তং উপনয্‌হন্তি বেরং তেসং ন সম্মতি। ৩

অন্বয়।—মং অক্কোচ্ছি, মং অবধি, মং অজিনি, মে অহাসি, যে চ তং উপনয্‌হন্তি তেসং বেরং ন সম্মতি।

সংস্কৃত।—মাং অক্রোশীৎ, মাং অবধীৎ, মাং অজৈষীৎ, মে (দ্রব্যাণি) অহার্ষীৎ, যে চ তৎ উপনহ্যন্তি, তেষাং বৈরং ন শাম্যতি।

অনুবাদ।—(লোকে) আমাকে তিরস্কার করিল, আমাকে প্রহার করিল, আমাকে পরাস্ত করিল (বিচার, মিথ্যাসাক্ষ্য বা দোষ অস্বীকার দ্বারা) আমার দ্রব্য অপহরণ করিল, এই চিন্তা যাহারা সর্ব্বদা মনে পোষণ করে, তাহাদের বৈরভাব (ক্রোধ) কখনই শান্ত হয় না।

কর্ম্মের ফলমাত্র। ইহা দুই প্রকার—কায়িক, চৈতসিক। কায়, বাক্য ও মনের দ্বারা অনুষ্ঠিত পুণ্যকার্য্যের ফলই সুখ।

১। ভিক্ষুপক্ষে ত্রিচীবর বা পিণ্ডপাত্র প্রভৃতি, গৃহস্থ পক্ষে ব্যবহার্য্য বস্তু।
২। সিংহলীয় পাঠে 'চ' কার দৃষ্ট হয় না।

৪ অক্কোচ্ছি মং অবধি মং অজিনি মং অহাসি মে,
যে তং ন উপনয্হন্তি বেরং তেসূপসম্মতি। ৪

অন্বয়।—মং অক্কোচ্ছি, মং অবধি, মং অজিনি, মে অহাসি, যে তং নং উপনয্হন্তি, তেসু বেরং উপসম্মতি।

সংস্কৃত।—মাং অক্রোশীৎ, মাং অবধীৎ, মাং অজৈষীৎ, মে, অহার্ষীৎ যে তৎ ন উপনহ্যন্তি, তেষু বৈরং উপশাম্যতি।

অনুবাদ।—আমাকে তিরস্কার করিল, আমাকে প্রহার করিল, আমাকে পরাস্ত করিল, আমার দ্রব্য অপহরণ করিল, এইরূপ চিন্তা যাহারা মনে স্থান দেয় না, তাহাদের বৈর-ভাব দূর হইয়া যায়।

শ্রাবস্তী জেতবন ... কালিযক্খিনী

৫ ন হি বেরেন বেরানি সম্মন্তীধ কুদাচনং,
অবেরেন চ সম্মন্তি এস ধম্মো সনন্তনো। ৫

অন্বয়।—ন হি কুদাচনং ইধ বেরানি বেরেন সম্মন্তি, অবেরেন চ সম্মন্তি. এস সনন্তনো ধম্মো।

সংস্কৃত।—ন হি কদাচন ইহ বৈরাণি বৈরেণ শাম্যন্তি, অবৈরেণ চ শাম্যন্তি, এষঃ সনাতনো ধর্ম্মঃ।

অনুবাদ।—ইহ জগতে শত্রুতা দ্বারা শত্রুতা কথনই দমন করা যায় না, পরন্তু শত্রুতা-শূন্যতা (অক্রোধ) দ্বারা ইহাকে দমন করা যায়; ইহাই সনাতন ধর্ম্ম।

শ্রাবস্তী জেতবন ... কোসম্বক ভিক্‌খু

৬ পরে চ ন বিজানন্তি ময়মেত্থ যমামসে,

যে চ তত্থ বিজানন্তি ততো সম্মন্তি মেধগা[১]। ৬

অন্বয়।—পরে চ ন বিজানন্তি ময়ং এত্থ যমামসে, যে চ তত্থ বিজানন্তি, ততো মেধগা সম্মন্তি।

সংস্কৃত।—পরে (পণ্ডিতেভ্যঃ ইতরে জনাঃ) ন বিজানন্তি, বয়মত্র যংস্যামঃ (অস্মাল্লোকাৎ উপরতা ভবিষ্যামঃ); যে চ তত্র (এতৎ) বিজানন্তি, ততঃ (তেভ্যঃ পুরুষেভ্যঃ) মেধগাঃ (সর্ব্বকলহাঃ) সাম্যন্তি।

অনুবাদ।—মূর্খ ব্যক্তিরা জানে না যে, 'আমরা চিরকাল ইহ-সংসারে থাকিব না।' যাঁহারা তাহা জানেন, তাঁহাদের সকল কলহ থামিয়া যায়।

শ্রাবস্তী ... চুল্লকাল, মহাকাল

৭ সুভানুপস্সিং বিহরন্তং ইন্দ্রিয়েসু অসংবুতং

ভোজনম্হি অমত্তঞ্ঞুং কুসীতং[২] হীনবীরিয়ং,

তং বে পসহতী মারো বাতো রুক্খং ব দুব্‌বলং। ৭

অন্বয়।—সুভানুপস্‌সিং বিহরন্তং ইন্দ্রিয়েসু অসংবুতং ভোজনম্হি অমত্তঞ্‌ঞুং কুসীতং হীনবীরিয়ং তং (পুগ্‌গলং) বে মারো দুব্বলং রুক্খং বাতো ব পসহতী।

৬। 'পরে...যমামসে'—যে ভিক্ষুগণ কলহপ্রিয় ও যাহারা বুদ্ধ উপদেশ প্রতিপালন না করা হেতু অন্তরঙ্গ বলিয়া পরিগণিত নহে, তাহারা জানে না যে, আমরা চিরকাল সংঘ মধ্যে থাকিব না।

থেরগাথা, পৃঃ ৩৩, ৫২।

১। 'মেধগা'—এই শব্দ পালিতে 'কলহ' অর্থে ব্যবহৃত হয়; কিন্তু ইহার ব্যবহার সংস্কৃতে বড় পাওয়া যায় না। ২। সংস্কৃত বৌদ্ধগ্রন্থে কুসীদ।

সংস্কৃত।—শুভম্ অনুপশ্যন্তং বিহরন্তম্ ইন্দ্রিয়েষু অসংবৃতং ভোজনে অমাত্রাজ্ঞং কুসীদং হীনবীর্য্যং পুরুষং মারঃ দুর্ব্বলং বৃক্ষং বাতঃ ইব প্রসহতে।

অনুবাদ।—যে ব্যক্তি কেবল বাহ্য শোভা অনুসন্ধান করিয়া বেড়ায়, ইন্দ্রিয় সকল সংযত রাখে না, যে পুরুষ অমিতাহারী, অলস, এবং হীনবীর্য্য (উৎসাহ হীন), দুর্ব্বল বৃক্ষকে বায়ু যেমন পরাহত করে, মার তাহাকেও সেইরূপ পরাহত করে।

৮ অসুভানুপস্সিং বিহরন্তং ইন্দ্রিয়েসু সুসংবুতং,
ভোজনম্হি চ মত্তঞ্ঞুং সদ্ধং আরদ্ধবীরিয়ং ;
তং বে নপ্পসহতী মারো বাতো সেলং ব পব্বতং। ৮

অন্বয়।—অসুভানুপস্সিং বিহরন্তম্ ইন্দ্রিয়েসু সুসংবুতং ভোজনম্হি মত্তঞ্ঞুং চ সদ্ধং আরদ্ধবীরিয়ং, তং (পুগ্গলং) বে মারো সেলং পব্বতং বাতো ব ন প্পসহতী।

সংস্কৃত।—অশুভম্ অনুপশ্যন্তং বিহরন্তম্ ইন্দ্রিয়েষু সুসংবৃতং ভোজনে মাত্রাজ্ঞং চ শ্রদ্ধং (শ্রদ্ধাবন্তং) আরব্ধবীর্য্যং পুরুষং বৈ মারঃ শৈলং (শিলাময়ং) পর্ব্বতং বাত ইব ন প্রসহতে।

অনুবাদ।—যে ব্যক্তি বাহ্য শোভা অন্বেষণ করিয়া বেড়ায় না, [শরীরের মলিনতা (অশুভ) সম্যক্ উপলব্ধি করিয়া থাকেন] ইন্দ্রিয় সকল সুসংযত রাখেন, আর যিনি মিতাহারী, শ্রদ্ধাবান্ এবং কর্ম্মঠ, বায়ু যেমন শিলাময় পর্ব্বতকে প্রতিহত করিতে পারে না, মারও তাঁহাকে সেইরূপ প্রতিহত করিতে পারে না।

শ্রাবস্তী জেতবন ... দেবদত্ত

৯ অনিক্কসাবো কাসাবং যো বত্থং পরিদহেস্সতি,
অপেতো দমসচ্চেন ন সো কাসাবমরহতি। ৯

অন্বয়।—অনিক্কসাবো যো কাসাবং বত্থং পরিদহেস্‌সতি, দমসচ্চেন অপেতো সো কাসাবং ন অরহতি।

সংস্কৃত।—অনিষ্কষায়ো যঃ কাষায়ং বস্ত্রং পরিধাস্যতি, দমসত্যাভ্যামপেতঃ সঃ কাষায়ং ন অর্হতি।

অনুবাদ।—যে ব্যক্তি, কামরাগাদি-দোষযুক্ত হইয়াও কাষায় বস্ত্র পরিধান করে, দমহীন ও সত্যহীন সে ব্যক্তি, কখনই কাষায়-বস্ত্র-পরিধানের উপযুক্ত নহে।

১০ যো চ বন্তকসাবহস্স সীলেসু[১] সুসমাহিতো,
উপেতো দমসচ্চেন স বে কাসাবমরহতি। ১০

অন্বয়।—যো চ বন্তকসাবো অস্‌স সীলেসু (চতুপারিসুদ্ধিসীলেসু) সুসমাহিতো, দমসচ্চেন উপেতো স বে কাসাবমরহতি।

সংস্কৃত।—যশ্চ বান্তকষায়ঃ অস্য শীলেষু সুসমাহিতঃ, দমসত্যাভ্যামুপেতঃ সঃ বৈ কাষায়মর্হতি।

অনুবাদ।—যিনি কামরাগাদিদোষশূন্য এবং 'শীল'-সমূহে সুপ্রতিষ্ঠিত, দান্ত ও সত্যবান্—সেই ব্যক্তি অবশ্যই কাষায় বস্ত্র-পরিধানের উপযুক্ত।

১। সীলেসু—এখানে 'সীল' অর্থে 'চতুপারিসুদ্ধিসীল' বুঝাইতেছে। 'প্রাতিমোক্ষ-সংবরশীল,' 'ইন্দ্রিয়সংবরশীল' 'আজীবপারিশুদ্ধিসংবরশীল,' 'প্রত্যয়সন্নিশ্রিতসংবর-শীল', এই কয়েকটীকে 'পারিসুদ্ধিসীল' কহে।

রাজগৃহ বেণুবন ... অগগস্‌সাবক সঞ্জয়

১১ অসারে[১] সারমতিনো সারে চাসারদস্সিনো,

তে সারং নাধিগচ্ছন্তি মিচ্ছাসঙ্কপ্পগোচরা[২] । ১১

অন্বয়।—(যে) অসারে সারমতিনো, সারে চ অসারদস্‌সিনো, মিচ্ছা-সঙ্কপ্পগোচরা তে সারং নাধিগচ্ছন্তি।

সংস্কৃত।—(যে) অসারে সারমতয়ঃ সারে চ অসারদর্শিনঃ, মিথ্যাসঙ্কল্প-গোচরাঃ, তে সারং নাধিগচ্ছন্তি।

অনুবাদ।—যাহারা, অসার বস্তুকে সার বিবেচনা করে এবং সারকে অসার বিবেচনা করে, মিথ্যাদৃষ্টির প্রশ্রয়দাতা—সেই ব্যক্তি কখন সার প্রাপ্ত হয় না।

১২ সারঞ্চ সারতো ঞত্বা অসারঞ্চ অসারতো।

তে সারং অধিগচ্ছন্তি সম্মাসঙ্কপ্পগোচরা[৩] । ১২

অন্বয়।—(যে) চ সারং সারতো ঞত্বা অসারঞ্চ অসারতো (জানন্তি), সম্মাসঙ্কপ্পগোচরা তে সারং অধিগচ্ছন্তি।

সংস্কৃত।—(যে) চ সারং সারতঃ জ্ঞাত্বা অসারঞ্চ অসারতঃ (জানন্তি), সম্যক্‌সঙ্কল্পগোচরাস্তে সারং অধিগচ্ছন্তি।

অনুবাদ।—কিন্তু যাঁহারা, সারকে সার পদার্থ বলিয়া জানেন, এবং অসারকে অসার বলিয়া জানেন, সম্যক্ সঙ্কল্পের প্রশ্রয়দাতা—সেই সকল ব্যক্তিই, সার (পদার্থ) প্রাপ্ত হয়েন।

১১। চীনদেশীয় ধম্মপদ, শ্রীযুক্তসামুএল্‌ বীল্‌-কৃত ইংরেজী অনুবাদ, পৃঃ ৬৪।

১। সার—বৌদ্ধমতে সার ছয় প্রকার, যথা—শীলসার, সমাধিসার, প্রজ্ঞাসার, বিমুক্তিসার, বিমুক্তিজ্ঞানদর্শনসার ও পরমার্থসার; এই শেষোক্ত সারই নির্ব্বাণ।

২। মিথ্যা সঙ্কল্প—কাম-বিতর্ক, ব্যাপাদ-বিতর্ক, বিহিংসা-বিতর্ক ইত্যাদি।

৩। নৈষ্ক্রম্য-সঙ্কল্প, অব্যাপাদসঙ্কল্প, ও অবিহিংসা-সঙ্কল্প।

শ্রাবস্তী জেতবন ... নন্দথের

১৩ যথাগারং[১] দুচ্ছন্নং বুট্ঠী সমতিবিজ্ঝতি
এবং অভাবিতং চিত্তং রাগো সমতিবিজ্ঝতি। ১৩

অন্বয়।—যথা দুচ্ছন্নং অগারং বুট্ঠী সমতিবিজ্ঝতি, এবং অভাবিতং চিত্তং রাগো সমতিবিজ্ঝতি।

সংস্কৃত।—যথা দুশ্ছন্নং আগারং বৃষ্টিঃ সমতিবিধ্যতি, এবং অভাবিতং চিত্তং রাগঃ সমতিবিধ্যতি।

অনুবাদ।—যে গৃহ উত্তমরূপে আচ্ছাদিত নহে, অর্থাৎ ছিদ্রযুক্ত, তাহাকে ভেদ করিয়া যেমন বৃষ্টি প্রবেশ করে—যে চিত্ত ভাবনারহিত (ধ্যানপরায়ণতাহীন) তাহাতেও সেইরূপ আসক্তি (রাগ, দ্বেষ ও মোহ) প্রবেশ করে।

১৪ যথাগারং সুচ্ছন্নং বুট্ঠী ন সমিতিবিজ্ঝতি
এবং সুভাবিতং[২] চিত্তং রাগো ন সমতিবিজ্ঝতি।১৪

অন্বয়।—যথা সুচ্ছন্নং অগারং বুট্ঠী ন সমতিবিজ্ঝতি, এবং সুভাবিতং চিত্তং রাগো ন সমতিবিজ্ঝতি।

সংস্কৃত।—যথা সুচ্ছন্নম্ আগারং বৃষ্টি র্ন সমতিবিধ্যতি, এবং সুভাবিতং চিত্তং রাগো ন সমতিবিধ্যতি।

অনুবাদ।—যে গৃহ উত্তমরূপে আচ্ছাদিত, তাহাকে ভেদ করিয়া যেমন বৃষ্টি প্রবেশ করিতে পারে না—যে চিত্ত ভাবনাযুক্ত, তাহাতেও সেইরূপ আসক্তি প্রবেশ লাভ করিতে পারে না।

১৩—১৪। চীন ধম্মপদ—পৃষ্ঠা ৬৫। যে ভিক্ষু ৪০ প্রকার কর্ম্মস্থান ভাবনা দ্বারা চিত্তকে সংযত করিয়াছেন তাঁহার মধ্যে রাগ দ্বেষ ও মোহ প্রবেশলাভ করিতে পারে না।

১। যথা অগারং। ২। এই স্থলে সমথ ও বিদর্শন ভাবনা বুঝাইতেছে।

রাজগৃহ বেণুবন ... চুন্দ-সুকোরিক

১৫ ইধ সোচতি পেচ্চ সোচতি

পাপকারী উভয়ত্থ সোচতি,

সো সোচতি সো বিহঞ্ঞতি

দিস্বা কম্মকিলিট্ঠমত্তনো। ১৫

অন্বয়।—পাপকারী ইধ সোচতি, পেচ্চ সোচতি, উভয়ত্থ সোচতি, অত্তনো কম্মকিলিট্ঠং দিস্বা সো সোচতি সো বিহঞ্ঞতি।

সংস্কৃত।—পাপকারী ইহ শোচতি, প্রেত্য শোচতি, উভয়ত্র শোচতি, আত্মনঃ কর্ম্ম-ক্লিষ্টং (কর্ম্মমালিন্যং) দৃষ্ট্বা স শোচতি, স বিহন্যতে।

অনুবাদ।—যে পাপ করে, তাহাকে ইহলোকে পরলোকে (উভয়-লোকেই) শোক করিতে হয়। সে আপনার ক্লিষ্ট কম্ম বা মলিন কম্ম দর্শন করিয়া শোক করে ও অত্যন্ত কষ্ট পায়।

শ্রাবস্তী জেতবন ... ধাম্মিক উপাসক

১৬ ইধ মোদতি পেচ্চ[১] মোদতি

কতপুঞ্ঞো উভয়ত্থ মোদতি,

সো মোদতি সো পমোদতি

দিস্বা কম্মবিসুদ্ধিমত্তনো। ১৬

অন্বয়।—কতপুঞ্ঞো ইধ মোদতি, পেচ্চ মোদতি, উভয়ত্থ মোদতি, অত্তনো কম্মবিসুদ্ধিং দিস্বা সো পমোদতি।

১৬। চীন ধম্মপদ—পৃষ্ঠা ৬৭। ১। পচ্চ।

সংস্কৃত।—কৃতপুণ্যঃ ইহ মোদতে, প্রেত্য মোদতে উভয়ত্র (মোদতে) আত্মনঃ কর্ম্মবিশুদ্ধিং দৃষ্ট্বা স মোদতে স প্রমোদতে।

অনুবাদ।—যিনি পুণ্যকর্ম্ম করেন—তিনি ইহলোকে পরলোকে (উভয়লোকেই) আনন্দ লাভ করেন। তিনি আপনার কর্ম্মের পবিত্রতা পুণ্যফল দর্শন করিয়া অতীব আনন্দিত হন।

শ্রাবস্তী জেতবন　　　…　　　দেবদত্ত

১৭ ইধ তপ্পতি পেচ্চ তপ্পতি পাপকারী উভয়ত্থ তপ্পতি,
পাপং মে কতন্তি তপ্পতি ভীয্যো তপ্পতি দুগ্গতিং
গতো। ১৭

অন্বয়।—পাপকারী ইধ তপ্পতি, পেচ্চ তপ্পতি, উভয়ত্থ তপ্পতি, মে পাপং কতন্তি তপ্পতি, দুগ্গতিং গতো ভীয্যো তপ্পতি।

সংস্কৃত।—পাপকারী ইহ তপ্যতি, প্রেত্য তপ্যতি, উভয়ত্র তপ্যতি, ময়া পাপং কৃতমিতি তপ্যতি, দুর্গতিং গতো ভূয়স্তপ্যতি।

অনুবাদ।—যে পাপ করে, (সে আপনার কৃত কর্ম্মের ফলভোগ করে) সে ইহলোকে পরলোকে—উভয় লোকেই তাপ প্রাপ্ত হয়। 'আমি পাপ করিয়াছি' এই চিন্তা করিয়া সে (ইহলোকে) তাপ প্রাপ্ত হয়, এবং দুর্গতি লাভ করিয়া পুনরায় তাপ প্রাপ্ত হয়।

শ্রাবস্তী জেতবন ... সুমনাদেবী

১৮ ইধ নন্দতি পেচ্চ নন্দতি,
কতপুঞ্ঞো উভয়ত্থ নন্দতি,
পুঞ্ঞং মে কতন্তি নন্দতি,
ভীয্যো নন্দতি সুগ্গতিং[১] গতো। ১৮

অন্বয়।—কতপুঞ্‌ঞো ইধ নন্দতি, পেচ্চ নন্দতি, উভয়ত্থ নন্দতি মে পুঞ্‌ঞং কতন্তি নন্দতি, সুগ্‌গতিং গতো ভীয্যো নন্দতি।

সংস্কৃত।—কৃতপুণ্যঃ ইহ নন্দতি, প্রেত্য নন্দতি, উভয়ত্র নন্দতি, ময়া পুণ্যং কৃতমিতি নন্দতি, সুগতিং গতো ভূয়ো নন্দতি।

অনুবাদ।—যে পুণ্য কর্ম্ম করে—সে ইহলোকে পরলোকে—উভয় লোকেই আনন্দ লাভ করে। 'আমি পুণ্যকর্ম্ম করিয়াছি' এই চিন্তা করিয়া, সে (ইহলোকে) আনন্দলাভ করে এবং সুগতি প্রাপ্ত হইয়া পুনরায় আনন্দ প্রাপ্ত হয়।

শ্রাবস্তী জেতবন ... দ্বেসহায়কভিক্খু

১৯ বহুম্পি চে সহিতং[২] ভাসমানো,
ন তক্করো হোতি নরো পমত্তো ;
গোপো ব গাবো গণয়ং পরেসং,
ন ভাগবা সামঞ্ঞস্স হোতি। ১৯

অন্বয়।—বহুম্পি সহিতং ভাসমানো পমত্তো নরো চে তক্করো ন হোতি, (তদা সো) পরেসং গাবো গণয়ং গোপো ব সামঞ্‌ঞস্স ভাগবা ন হোতি।

১। সুগতিং। ২। সংহিত।

সংস্কৃত।—বহ্বীমপি সংহিতাং (বুদ্ধবচনং, ত্রিপিটকং) ভাষমাণঃ প্রমত্তো নরশ্চেৎ তৎকরো ন ভবতি, তদা স পরেষাং গাঃ গণয়ন্ গোপ ইব শ্রামণ্যস্য ভাগবান্ ন ভবতি।

অনুবাদ।—যেমন কোন গোপ, অন্য ব্যক্তির (বহুসহস্র) গাভী গণনা করিয়াও, তাহার অধিকারী হইতে পারে না, সেইরূপ যে ব্যক্তি (ভিক্ষু) অনেক শাস্ত্র অর্থাৎ বুদ্ধবচন আবৃত্তি করেন, বা শিক্ষা দেন অথচ প্রমত্ততাবশতঃ তাহার অনুযায়ী কার্য্য করেন না, (অর্থাৎ অনিত্য, দুঃখ ও অনাত্ম ভাবনা করেন না) তিনিও কখন শ্রামণ্যের (বুদ্ধশিষ্যত্বের) অধিকারী হইতে পারেন না।

যেরূপ কোন গোপ প্রাতে গাভী সকল সংগ্রহ করে এবং অপরাহ্ণে সেই সকল পুনরায় প্রত্যর্পণ করে, দধি, দুগ্ধ বা নবনীত লাভ দ্বারা লাভবান্ হয় না, সেইরূপ যে সকল প্রমত্তপরায়ণ ভিক্ষু শাস্ত্রবাক্য শিক্ষা করেন ও শিক্ষা দেন, কিন্তু জীবনে উহা পালন করেন না, তাঁহারা কখনও ধর্ম্মের উচ্চ অবস্থা লাভ করিতে পারেন না।

২০ অপ্পম্পি চে সহিতং ভাসমানো
ধম্মস্স হোতি অনুধম্মচারী
রাগঞ্চ দোসঞ্চ পহায় মোহং সম্মপ্পজানো সুবিমুত্তচিত্তো
অনুপাদিযানো ইধ বা হুরং বা স ভাগবা সামঞ্ঞস্স
হোতি। ২০

অন্বয়।—অপ্পম্পি সহিতং ভাসমানো চে (নরো) ধম্মস্‌স অনুধম্মচারী হোতি, রাগঞ্চ দোসঞ্চ মোহঞ্চ পহায় সম্মপ্পজানো সুবিমুত্ত-

চিত্তো অনুপাদিযানো (চ হোতি), (তদা) সো ইধ বা হুরং বা সামঞ্‌ঞস্‌স ভাগবা হোতি।

সংস্কৃত।—অল্পামপি সংহিতাং (বুদ্ধবচনং ত্রিপিটকং) ভাষমাণশ্চেৎ নরো ধর্ম্মেষু অনুধর্ম্মচারী ভবতি, রাগঞ্চ দোষঞ্চ মোহঞ্চ প্রহায় সুবিমুক্তচিত্তঃ সম্যক্ প্রজানন্ 'অনুপাদানঃ' (উপাদানহীনঃ বর্ত্ততে, তদা) স ইহ বা অমুত্র বা শ্রামণ্যস্য ভাগবান্ ভবতি।

অনুবাদ।—যিনি, অল্পমাত্র শাস্ত্র আবৃত্তি করিতে পারেন, এবং সেই সকল শাস্ত্রবাক্য জীবনে পালন করেন এবং রাগ, দ্বেষ, মোহও ত্যাগ করিয়া সম্যক জ্ঞান লাভ পূর্ব্বক বিমুক্তচিত্ত হইয়া উপাদানহীন হইতে পারেন, তিনি ইহলোকে এবং পরলোকে শ্রামণ্যের ভাগী হন।

অপ্পমাদবগ্গো

তৃতিয়ো

কোসাম্বী-ঘোসিতারাম ··· সামাবতী

২১ অপ্পমাদো অমতপদং পমাদো মচ্চুনো পদং,[১]
অপ্পমত্তা ন মীয়ন্তি যে পমত্তা যথা মতা। ১

২২ এতং বিসেসতো ঞত্বা অপ্পমাদম্হি পণ্ডিতা
অপ্পমাদে পমোদন্তি অরিয়ানং গোচরে রতা। ২

২৩ তে ঝায়িনো সাততিকা নিচ্চং দল্হপরক্কমা,
ফুসন্তি ধীরা নিব্বাণং যোগক্খেমং অনুত্তরং। ৩

অন্বয়।—অপ্পমাদো অমতপদং পমাদো মচ্চুনো পদং, যে পমত্তা তে যথা মতা, অপ্পমত্তা (তথা) ন মীয়ন্তি, অপ্পমাদম্হি এতং বিসেসতো ঞত্বা পণ্ডিতা অরিয়ানং গোচরে রতা অপ্পমাদে পমোদন্তি, ঝায়িনো সাততিকা নিচ্চং দল্হপরক্কমা ধীরা তে নিব্বাণং অনুত্তরং যোগক্খেমং ফুসন্তি।

সংস্কৃত।—অপ্রমাদঃ অমৃতপদং প্রমাদো মৃত্যোঃ পদং ; যে প্রমত্তাঃ (তে) যথা মৃতাঃ. অপ্রমত্তাঃ (তথা) ন ম্রিয়ন্তে, অপ্রমাদে এতং বিশেষতঃ জ্ঞাত্বা পণ্ডিতাঃ আর্য্যাণাম্ গোচরে রতাঃ (সন্তঃ) অপ্রমাদে প্রমোদন্তে, ধ্যায়িনঃ সাততিকাঃ নিত্যং দৃঢ়পরাক্রমা ধীরাস্তে নির্ব্বাণং অনুত্তরং যোগক্ষেমং স্পৃশন্তি।

১। পদ=উপায়, মার্গ।

অনুবাদ।—অপ্রমাদ, অমৃতের পথস্বরূপ। প্রমাদ, মৃত্যুর পথস্বরূপ। অপ্রমত্ত (অর্থাৎ ধর্ম্মাচরণে তৎপর) ব্যক্তিগণ কখনও মরেন না, আর প্রমত্ত ব্যক্তিগণ মৃতস্বরূপ। (অলস ও প্রমত্ত ভিক্ষুগণ মৃত্যু ও পুনর্জ্জন্মের অধীন, এই সত্য যাঁহারা বিশেষরূপে জ্ঞাত হইয়া অপ্রমাদপরায়ণ হইয়াছেন এবং সর্ব্বদা আর্য্যগণের[১] জ্ঞানে বিহার করেন, ধ্যাননিষ্ঠ সতত-চেষ্টাযুক্ত (উত্তমশীল) এবং নিত্য দৃঢ়পরাক্রম সেই সকল ধীর ব্যক্তিগণ, পরা শান্তিরূপ নির্ব্বাণ (অর্হত্ত্ব) লাভ করেন।

রাজগৃহ বেণুবন ... কুম্ভঘোসক

২৪ উট্‌ঠানবতো সতিমতো সুচিকম্মস্স নিসম্মকারিনো
সঞ্ঞতস্স চ ধম্মজীবিনো অপ্পমত্তস্স যসোঽভিবড্‌ঢতি। ৪

অন্বয়।—উট্‌ঠানবতো সতিমতো সুচিকম্মস্‌স নিসম্মকারিনো সঞ্‌ঞ-তস্‌স ধম্মজীবিনো অপ্পমত্তস্‌স যসো অভিবড্‌ঢতি।

সংস্কৃত।—উত্থানবতঃ (উৎসাহসম্পন্নস্য) স্মৃতিমতঃ শুচিকর্ম্মণঃ নিশম্য-কারিণঃ (সাবধানস্য) সংযতস্য ধর্ম্মজীবিনশ্চ অপ্রমত্তস্য চ যশোঽভিবর্দ্ধতে।

অনুবাদ।—যিনি সতত জাগরিত, স্মৃতিমান্‌, এবং পবিত্রকর্ম্মা, যিনি বিশেষ বিচারপূর্ব্বক কার্য্য করেন, সংযতেন্দ্রিয় এবং ধর্ম্মপরায়ণ, অপ্রমাদী সেই পুরুষের যশঃ বর্দ্ধিত হয়।

১। বুদ্ধ, প্রত্যেকবুদ্ধ ও অর্হৎগণের জ্ঞানে বিহার করেন, অর্থাৎ চারিধ্যান, স্মৃতিপ্রস্থান,) সপ্তত্রিংশ বোধিপক্ষীয় ধর্ম্ম এবং নব লোকোত্তর ধর্ম্ম পালন করেন।

রাজগৃহ বেণুবন ... চুল্লপন্থক থের

২৫ উট্ঠানেন'প্পমাদেন সঞ্ঞমেন দমেন চ
দীপং[১] কয়িরাথ মেধাবী যং ওঘো[২] নাভিকীরতি ।৫

অন্বয় ।—উট্ঠানেন অপ্পমাদেন সঞ্ঞমেন দমেন চ মেধাবী (তং) দীপং কয়িরাথ যং ওঘো ন অভিকীরতি ।

সংস্কৃত ।—উত্থানেন অপ্রমাদেন সংযমেন দমেন চ মেধাবী (তং) দ্বীপং কুর্য্যাৎ যং ওঘঃ ন অভিকিরতি ।

অনুবাদ ।—জাগরিত, অপ্রমত্ত, সংযত এবং দান্ত হইয়া মেধাবী পুরুষ, আপনার জন্য এরূপ দ্বীপ (রক্ষাস্থল) প্রস্তুত করিতে পারেন, যাহাকে জলপ্রবাহও প্রতিহত করিতে পারে না ।

জেতবন ... বালনক্খত্তঘুট্ঠ

২৬ পমাদমনুযুঞ্জন্তি বালা দুম্মেধিনো জনা,
অপ্পমাদঞ্চ মেধাবী ধনং সেট্ঠং ব রক্খতি । ৬

অন্বয় ।—বালা দুম্মেধিনো জনা পমাদমনুযুঞ্জন্তি, মেধাবী অপ্পমাদঞ্চ সেট্ঠং ধনং ব রক্খতি ।

সংস্কৃত ।—বালাঃ দুর্ম্মেধসো জনাঃ প্রমাদমনুযুঞ্জন্তি, মেধাবী অপ্রমাদঞ্চ শ্রেষ্ঠং ধনমিব রক্ষতি ।

অনুবাদ ।—বালস্বভাব বা মূর্খ ও দুর্বুদ্ধি ব্যক্তিগণ, (যাহারা পারলৌকিক মুক্তির জন্য পুণ্যকার্য্যের অনুষ্ঠান করে না), প্রমাদের অনুসরণ করে ; কিন্তু বুদ্ধিমানেরা অপ্রমাদকে শ্রেষ্ঠ ধনের ন্যায় যত্নের সহিত রক্ষা করেন ।

---

১ অর্হত্ত্ব ফল । ২ চারি ওঘ,—কাম, ভব, দৃষ্টি ও অবিদ্যা ।

২৭ মা পমাদমনুযুঞ্জেথ মা কামরতিসন্থবং,
অপ্পমত্তো হি ঝায়ন্তো পপ্পোতি বিপুলং সুখং। ৭

অন্বয়।—পমাদং মা অনুযুঞ্জেথ কামরতিসন্থবং (চ) মা (অনুযুঞ্জেথ), অপ্পমত্তো হি ঝায়ন্তো বিপুলং সুখং পপ্পোতি।

সংস্কৃত।—প্রমাদং মা অনুযুঞ্জীত কামরতিসংস্তবং (চ) মা (অনুযুঞ্জীত), অপ্রমত্তো হি ধ্যায়ন্ বিপুলং সুখং প্রাপ্নোতি।

অনুবাদ।—কখন প্রমাদের অনুসরণ করিবে না, এবং কাম ও রতি-সম্ভোগে আসক্ত হইবে না। প্রমত্ত ও ধ্যানপরায়ণ ব্যক্তিগণ, বিপুল সুখ (মুক্তি বা নির্ব্বাণ) লাভ করেন।

জেতবন ... মহাকস্‌সপ

২৮ পমাদং অপ্পমাদেন যদা নুদতি[১] পণ্ডিতো,
পঞ্ঞাপাসাদমারুয্‌হ অসোকো সোকিনিং পজং,
পব্বতট্ঠো ব ভূম্মট্ঠো ধীরো বালে অবেক্খতি। ৮

অন্বয়।—যদা পণ্ডিতো অপ্পমাদেন পমাদং নুদতি (তদা সো) অসোকো (সন্তো) পঞ্‌ঞাপাসাদম্ আরুয্‌হ সোকিনিং পজং ভুম্মট্‌ঠে বালে পব্বতট্‌ঠো ধীরো ব অবেক্‌খতি।

সংস্কৃত।—যদা পণ্ডিতঃ অপ্রমাদেন প্রমাদং নুদতি (তদা সঃ) অশোকঃ (সন্) প্রজ্ঞাপ্রাসাদমারুহ্য শোকিনীং প্রজাং ভূমিস্থিতান্ বালান্ পর্ব্বতস্থো ধীর ইব অবেক্ষতে।

অনুবাদ।—যেমন জ্ঞানী ব্যক্তি, অপ্রমাদ দ্বারা প্রমাদকে দূরীভূত করেন, সেইরূপ শোকহীন ব্যক্তি প্রজ্ঞারূপ উচ্চপ্রাসাদশিখরে আরোহণ

---

১ নূদতি।

করিয়া, পর্ব্বতশিখরস্থ ধীর ব্যক্তি যেরূপ ভূমিস্থিত মূর্খের প্রতি অবলোকন করেন, তিনিও সেইরূপ শোকশীল মানবগণের প্রতি অবলোকন করেন।

জেতবন ... দ্বেসহায়কভিক্খু

২৯ অপ্পমত্তো পমত্তেসু সুত্তেসু বহুজাগরো,
অবল'স্সং ব সীঘ'স্সো হিত্বা যাতি সুমেধসো। ৯

অন্বয়।—সুমেধসো পমত্তেসু অপ্পমত্তো (সন্) সুত্তেসু বহুজাগরো (সন্) সীঘসেসা অবলসসং বা যাতি।

সংস্কৃত।—সুমেধাঃ প্রমত্তেষু অপ্রমত্তঃ (সন্) সুপ্তেষু বহুজাগরঃ (সন্) অবলাশ্বং হিত্বা শীঘ্রাশ্ব ইব যাতি।

অনুবাদ।—যেমন শীঘ্রগামী অশ্ব দুর্ব্বল অশ্বকে পশ্চাতে পরিত্যাগ করিয়া চলিয়া যায়, সেইরূপ বুদ্ধিমান্ ব্যক্তি প্রমত্ত ব্যক্তিগণের মধ্যে অপ্রমত্ত থাকিয়া এবং নিদ্রিত ব্যক্তিগণের মধ্যে জাগরিত থাকিয়া (ধর্ম্মমার্গে) অগ্রগামী হন।

বৈশালী কুটাগার ... মহালি পঞ্হ

৩০ অপ্পমাদেন মঘবা দেবানং সেট্ঠতং গতো।
অপ্পমাদং পসংসন্তি পমাদো গরহিতো[১] সদা। ১০

অন্বয়।—মঘবা অপ্পমাদেন দেবানং সেট্ঠতং গতো, (পণ্ডিতা) অপ্পমাদং পসংসন্তি, পমাদো (পন তেহি অরিয়েহি) সদা গরহিতো।

সংস্কৃত।—মঘবা অপ্রমাদেন দেবানাং শ্রেষ্ঠতাং গতঃ। (পণ্ডিতাঃ)

---

১ গর্হিতো।

অপ্রমাদং প্রশংসন্তি, প্রমাদঃ (পুনঃ তৈঃ আর্য্যৈঃ) সদা গর্হিতঃ (নিন্দিতঃ)।

অনুবাদ।—মঘবা ইন্দ্র, অপ্রমাদদ্বারা দেবগণের মধ্যে শ্রেষ্ঠত্ব লাভ করিয়াছেন। পণ্ডিতগণ অপ্রমাদকে প্রশংসা করেন। প্রমাদ সর্ব্বদাই নিন্দিত হইয়া থাকে।

জেতবন ... অঞ্ঞতর ভিক্খু

৩১ অপ্পমাদরতো ভিক্খু পমাদে ভয়দস্সিবা
সঞ্ঞোজনং[১] অণুং থূলং ডহং অগ্গীব গচ্ছতি ।১১

অন্বয়।—অপ্পমাদরতো পমাদে ভয়দস্সি বা ভিক্খু অগ্গী ব অণুং থূলং (চ) সঞ্ঞোজনং ডহং গচ্ছতি।

সংস্কৃত।—অপ্রমাদরতঃ প্রমাদে ভয়দর্শী বা ভিক্ষুঃ অগ্নিরিব অণুং স্থূলং (চ) সংযোজনং দহন্ গচ্ছতি।

অনুবাদ।—যে ভিক্ষু, অপ্রমাদপরায়ণ ও প্রমাদকে ভয় করেন, তিনি অগ্নির ন্যায়, ক্ষুদ্র বা বৃহৎ সমস্ত বন্ধন (দশবিধ ইন্দ্রিয়বন্ধন) দগ্ধ করিতে করিতে অগ্রসর হয়েন।

জেতবন ... নিগমবাসিতিস্স থের

৩২ অপ্পমাদরতো ভিক্খু পমাদে ভয়দস্সিবা,
অভব্বো পরিহানায় নিব্বাণস্সেব সন্তিকে ।১২

অন্বয়।—অপ্পমাদরতো পমাদে ভয়দস্সি বা ভিক্খু পরিহানায় অভব্বো, (সো) নিব্বাণস্স সন্তিকে এব।

৩১। জাতক ১ম খণ্ড, পৃঃ ৪৮০।

১ সংযোজনং (ব্রহ্মদেশীয় পাঠ)।

সংস্কৃত।—অপ্রমাদরতঃ প্রমাদে ভয়দর্শী বা ভিক্ষুঃ পরিহাণায় অভব্যঃ নির্ব্বাণস্য অন্তিকে এব।

অনুবাদ।—যে ভিক্ষু, অপ্রমাদপরায়ণ এবং প্রমাদে ভয়দর্শী, তিনি কখন ধর্ম্মের পথ হইতে ভ্রষ্ট হন না, এবং তিনি নির্ব্বাণেরই নিকটবর্ত্তী হন।

সিংহল পাঠ-পরিহাণায়।

অপ্পমাদবগ্গো দুতিয়ো।

চিত্তবগ্‌গো

(ততিয়ো)

কালিঙ্গ পর্ব্বতে ... মেঘিয় থের

৩৩ ফন্দনং চপলং চিত্তং দূরক্খং[১] দুন্নিবারয়ং
উজুং করোতি মেধাবী উসুকারোব তেজনং ।১

অন্বয়।—মেধাবী ফন্দনং চপলং দুরকৃখং দুন্নিবারয়ং চিত্তং উসুকারো তেজনং ব উজুং করোতি।

সংস্কৃত।—মেধাবী স্পন্দনং চপলং দূরক্ষ্যং দুনিবার্য্যং চিত্তং ইষুকারঃ তেজনং ইব ঋজু করোতি।

অনুবাদ।—যেমন কোন বাণপ্রস্তুতকারী বাণকে সোজা করিয়া প্রস্তুত করে, সেইরূপ বুদ্ধিমান্ ব্যক্তি আপনার স্পন্দনশীল, (কায়িক সৌন্দর্য্যে মত্ত) চঞ্চল, দুরক্ষ্য, এবং দুর্নিবার্য্য চিত্তকে সরল করেন (অর্থাৎ নিজ বশে আনয়ন করেন)।

৩৪ বারিজোব থলে খিত্তো ওকমোকত উব্‌ভতো
পরিফন্দতিদং চিত্তং মারধেয্যং পহাতবে ।২

অন্বয়।—ওকমোকত উব্‌ভতো থলে খিত্তো বারিজোহব ইদং চিত্তং মারধেয্যং পহাতবে পরিফন্দতি।

সংস্কৃত।—উদকোকতঃ উদ্ধৃতঃ স্থলে ক্ষিপ্তঃ বারিজ ইব ইদং চিত্তং মারধেয়ং প্রহাতুং পরিস্পন্দতে।

---

১ দুরকৃখং।

অনুবাদ।—যেমন জল হইতে উদ্ধৃত এবং স্থলে প্রক্ষিপ্ত মৎস্য ছট্‌ফট্
করিতে থাকে, সেইরূপ পঞ্চ কামগুণ বিনির্ম্মুক্ত চিত্ত মারের
রাজ্য অতিক্রম করিবার জন্য ব্যাকুল হইয়া থাকে।

শ্রাবস্তী ... অঞ্‌ঞতর ভিক্‌খু

৩৫ দুন্নিগ্গহস্স লহুনো যত্থকামনিপাতিনো
চিত্তস্স দমথো সাধু চিত্তং দন্তং সুখাবহং ।৩

অন্বয়।—দুন্নিগ্‌গহস্‌স লহুনো যত্থকামনিপাতিনো চিত্তস্‌স দমথো সাধু,
দন্তং চিত্তং সুখাবহং।

সংস্কৃত।—দুর্নিগ্রহস্য লঘুনঃ যত্র কামনিপাতিনঃ চিত্তস্য দময়তঃ সাধু,
দান্তং চিত্তং সুখাবহং।

অনুবাদ।—দুর্নিগ্রহ, লঘু এবং যথেচ্ছ বিচরণশীল চঞ্চল চিত্তকে দমন করাই
ভাল; (কারণ) সংযত চিত্ত সুখ প্রদান করে।

শ্রাবস্তী ... উক্কণ্ঠিতঅঞ্‌ঞতর ভিক্‌খু

৩৬ সুদুদ্দসং সুনিপুণং যত্থকামনিপাতিনং
চিত্তং রক্খেথ মেধাবী, চিত্তং গুত্তং সুখাবহং ।৪

অন্বয়।—মেধাবী সুদুদ্দসং সুনিপুণং যত্থকামনিপাতিনং চিত্তং রক্‌খেথ;
গুত্তং চিত্তং সুখাবহং।

সংস্কৃত।—মেধাবী সুদুর্দ্দর্শং সুনিপুণং যত্রকামনিপাতি চিত্তং রক্ষেৎ;
গুপ্তং চিত্তং সুখাবহং।

৩৫। ৩৯ জাতক, ১ম খণ্ড পৃ ৩১২, ৪০০।

অনুবাদ।—দুর্ব্বোধ্য, কুটিল, এবং যথেচ্ছগমনশীল মনোবৃত্তির প্রতি বুদ্ধিমান্ ব্যক্তির সর্ব্বদা লক্ষ্য রাখা কর্ত্তব্য; (কারণ), সুরক্ষিত চিত্ত সুখ (নির্ব্বাণানন্দ) প্রদান করে।

শ্রাবস্তী ... সংঘরকৃখিত থের

৩৭ দূরঙ্গমং একচরং অসরীরং গুহাসয়ং,
যে চিত্তং সঞ্ঞমেস্সন্তি মোক্খন্তি মারবন্ধনা।৫

অন্বয়।—যে দূরঙ্গমং একচরং অসরীরং গুহাসয়ং চিত্তং সঞ্ঞমেস্সন্তি (তে) মারবন্ধনা মোক্খন্তি।

সংস্কৃত।—যে দূরঙ্গমং একচরং অশরীরং গুহাশয়ং চিত্তং সংযংস্যন্তিং, (তে) মারবন্ধনাৎ মুচ্যন্তে।

অনুবাদ।—যে সকল ব্যক্তি দূরগামী, একচারী, অশরীরী, এবং (হৃদয়-রূপ) গুহাশায়ী চিত্তকে সংযত করিবেন, তাঁহারা মারের বন্ধন হইতে মুক্ত হইবেন।

শ্রাবস্তী ... চিত্তহত্থ থের

৩৮ অনবট্ঠিতচিত্তস্স সদ্ধম্মং অবিজানতো
পরিপ্লবপসাদস্স পঞ্ঞা ন পরিপূরতি।৬

অন্বয়।—অনবট্ঠিতচিত্তস্স সদ্ধমং অবিজানতো পরিপ্লবপসাদস্স (পুগ্-গলস্স) পঞ্ঞা ন পরিপূরতি।

সংস্কৃত।—অনবস্থিতচিত্তস্য সদ্ধর্ম্মং অবিজানতঃ পরিপ্লবপ্রসাদস্য (পুরুষস্য) প্রজ্ঞা ন পরিপূর্য্যতে।

অনুবাদ।—যিনি অস্থিরচিত্ত, যিনি সত্যধর্ম্ম অবগত নহেন, যাঁহার হৃদয় প্রসাদহীন, তাঁহার প্রজ্ঞা কখন পূর্ণতা লাভ করে না, অর্থাৎ তিনি কখন অর্হত্ত্বের সম্যক্ ধারণা করিতে পারেন না।

---

৩৯ অনবস্সুতচিত্তস্স অনন্বাহতচেতসো
পুঞ্ঞপাপপহীনস্স নত্থি জাগরতো ভয়ং।৭

অন্বয়।—অনবস্সুতচিত্তস্স অনন্বাহতচেতসো পুঞ্ঞপাপপহীনস্স (পুগ্গলস্স) জাগরতো ভয়ং নত্থি।

সংস্কৃত।—অনবস্রুতচিত্তস্য অনন্বাহতচেতসঃ (রাগদ্বেষানভিহত মনসঃ) পুণ্যাপাপপ্রহীণস্য (পুরুষস্য) জাগ্রতঃ ভয়ং নাস্তি।

অনুবাদ।—যাঁহার চিত্ত বাসনাবিহীন, যাঁহার মন কখন বিচলিত হয় না, যিনি পুণ্য ও পাপ উভয়ই পরিহার করিয়াছেন, তিনি জাগরিত থাকেন, তাঁহার কোনই ভয় নাই।

শ্রাবস্তী　　　...　　　পঞ্চসত বিপস্সক ভিক্খু

৪০ কুম্ভূপমং কায়মিমং বিদিত্বা নগরূপমং চিত্তমিদং ঠপেত্বা,
যোজেথ[১] মারং পঞ্ঞাযুধেন জিতঞ্চ রক্খে অনিবেসনো সিয়া।৮

অন্বয়।—ইমং কায়ং কুম্ভূপমং বিদিত্বা, ইদং চিত্তং নগরূপমং ঠপেত্বা, পঞ্ঞাযুধেন মারং যোজেথ, জিতঞ্চ (তং) রক্খে, অনিবেসনো (চ) সিয়া।

সংস্কৃত।—ইমং কায়ং কুম্ভোপমং বিদিত্বা, ইদং চিত্তং নগরোপমং স্থাপয়িত্বা প্রজ্ঞায়ুধেন মারং যুধ্যেত, জিতঞ্চ (তং) রক্ষেৎ, অনিবেশনশ্চ স্যাৎ।

---

১ যোধেত।

অনুবাদ।—এই দেহকে কুম্ভের ন্যায় ক্ষণভঙ্গুর জানিয়া এবং এই চিত্তকে দুর্গের ন্যায় সুরক্ষিত করিয়া, প্রজ্ঞারূপ অস্ত্রদ্বারা মারের সহিত যুদ্ধ করিবে, এবং তাহাকে জয় করিয়া আসক্তিশূন্য হইয়া সর্ব্বদা আপনাকে রক্ষা করিবে।

শ্রাবস্তী ... পুতিগত্তিস্‌স থের

৪১ অচিরং বত'য়ং কায়ো পঠবিং অধিসেস্সতি

ছুদ্ধো[1] অপেতবিঞ্ঞাণো নিরত্থং ব কলিঙ্গরং[2] ।৯

অন্বয়।—অয়ং কায়ো বত ছুদ্ধো অপেতবিঞ্ঞাণো (সন্তো) নিরত্থং কলিঙ্গরং ব অচিরং পঠবিং অধিসেস্সতি।

সংস্কৃত।—অয়ং কায়ো বত ক্ষুদ্রঃ (তুচ্ছঃ) অপেতবিজ্ঞানঃ (সন্) নিরর্থং 'কলিঙ্গরং' (কাষ্ঠখণ্ডং) ইব অচিরং পৃথিবীং অধিশেষ্যতে।

অনুবাদ।—হায়! এই শরীর ঘৃণিত ও বিজ্ঞান (চেতনা) হীন হইয়া, একখানি অকিঞ্চিৎকর কাষ্ঠখণ্ডের ন্যায় অবিলম্বে ভূতলে পড়িয়া রহিবে।

কোসল জনপদ ... নন্দগোপালক

৪২ দিসো দিসং যন্তং কয়িরা বেরী বা পন বেরিনং।

মিচ্ছাপণিহিতং চিত্তং পাপিয়ো[3] নং ততো করে।১০

অন্বয়।—দিসো দিসং যন্তং কয়িরা, বেরী বা পন বেরিনং (যন্তং কয়িরা) মিচ্ছাপণিহিতং চিত্তং নং ততো পাপিয়ো করে।

১ ছুদ্ধো—তুচ্ছ, ঘৃণিত। ২ 'কলিঙ্গরং'—এই শব্দের সংস্কৃত প্রতিশব্দ পাওয়া যায় না। বুদ্ধঘোষ ইহার অর্থ কট্ঠখণ্ড", অর্থাৎ কাষ্ঠখণ্ড বলিয়াছেন।

৩ 'পাপিয়ো'—এই শব্দটী এখানে 'অধিকতর ক্ষতিগ্রস্ত' এই অর্থে ব্যবহৃত হইয়াছে। ঈয়স্-প্রত্যয়যোগে নিষ্পন্ন।

সংস্কৃত।—দ্বিট্ দ্বিষং যৎ কুর্য্যাৎ, বৈরী বা পুনঃ বৈরিণং (যৎকুর্য্যাৎ), মিথ্যাপ্রণিহিতং চিত্তং এনং (পুরুষমিত্যর্থঃ) ততঃ পাপীয়াংসং কুর্য্যাৎ।

অনুবাদ।—একজন হিংসাকারী অপরের, কিংবা একজন শত্রু অপর শত্রুর যত ক্ষতি করিতে পারে, বিপথগামী (দশ অকুশল কর্ম্মপথগামী) চিত্ত মনুষ্যের তদপেক্ষা অধিক ক্ষতি করিয়া থাকে।

কোশলজনপদ ... সোরয্য থের।

৪৩ ন তং মাতাপিতা কয়িরা অঞ্ঞে বাপি চ ঞাতকা
সম্মাপণিহিতং চিত্তং সেয্যসো নং ততো করে।১১

অন্বয়।—ন মাতাপিতা তং কয়িরা, অঞ্ঞে বাপি ঞাতকা চ (ন), ততো সম্মাপণিহিতং চিত্তং নং সেয্যসো করে।

সংস্কৃত।—ন মাতাপিতরৌ তৎ কুর্য্যাতাম্ অন্যে বাপি জ্ঞাতিকাশ্চ (ন), সম্যক্প্রণিহিতং চিত্তং এনং (পুরুষং) ততঃ শ্রেয়াংসং কুর্য্যাৎ।

অনুবাদ।—সম্যক্ পরিচালিত চিত্ত (দশকুশল কর্ম্মানুষ্ঠান দ্বারা পরিশুদ্ধ) মনুষ্যের যেরূপ উপকার করে, মাতাপিতা কিংবা অন্য কোন আত্মীয়ই সেরূপ করিতে পারেন না।

চিত্তবগ্গো ততিয়ো।

৪৩। চীন ধম্মপদ, বীল্-কৃত অনুবাদ পৃঃ৭৩।

পুপ্ফবগ্গো

(চতুত্থো)

শ্রাবস্তী — পঞ্চসত ভিক্খু

৪৪ কো ইমং পঠবিং বিজেস্সতি যমলোকঞ্চ ইমং সদেবকং
কো ধম্মপদং সুদেসিতং কুসলো পুপ্ফমিব পচেস্সতি।১

অন্বয়।—কো ইমং পঠবিং বিজেস্সতি, ইমং সদেবকং যমলোকঞ্চ (বিজেস্সতি), কুসলো পুপ্ফমিব কো সুদেসিতং ধম্মপদং পচেস্সতি।

সংস্কৃত।—ক ইমং পৃথিবীং বিজেষ্যতে, ইমং সদেবকং যমলোকঞ্চ (বিজেষ্যতে), কুশলঃ (মালাকার ইতি পুষ্পমিব শেষঃ) কঃ সুদর্শিতং ধর্ম্মপদং প্রচেষ্যতি।

অনুবাদ।—কে এই পৃথিবীকে জয় করিবে, এবং যমলোক ও দেবলোক জয় করিবে? নিপুণ মালাকারের পুষ্প নির্ব্বাচনের ন্যায় কে সুপ্রদর্শিত ধর্ম্মের পথ (ধর্ম্মপদ) অবগত হইবে?

৪৫ সেখো পঠবিং বিজেস্সতি যমলোকঞ্চ ইদং সদেবকং
সেখো ধম্মপদং[১] সুদেসিতং কুসলো পুপ্ফমিব
পচেস্সতি।২

[১] ধম্মপদ অর্থে সপ্তত্রিংশবোধিপক্ষীয় ধর্ম্ম।

পুষ্পাণীব বিচিন্বন্তম্ অন্যত্র গতমনসম্
অনবাপ্তেষু কামেষু মৃত্যুরভ্যেতি মানবম্।
মহাভারত, শান্তিপর্ব্ব।

অন্বয়।—সেখো পঠবিং বিজেস্সতি সদেবকং ইমং যমলোকঞ্চ (বিজেস্সতি); কুসলো পুপ্ফমিব সেখো সুদেসিতং ধম্মপদং পচেস্সতি।

সংস্কৃত।—'শৈক্ষঃ' (শিষ্য ইত্যর্থঃ) পৃথিবীং বিজেষ্যতে, সদেবকং ইমং যমলোকঞ্চ (বিজেষ্যতে) ; কুশলঃ (মালাকার ইতি শেষঃ) পুষ্পমিব শৈক্ষঃ সুদেশিতং ধর্ম্মপদং প্রচেষ্যতি।

অনুবাদ।—শৈক্ষ্য (অর্থাৎ সপ্ত আর্য্যশ্রাবক) এই পৃথিবীকে জয় করিবেন ; যেমন নিপুণ মালাকার উত্তম পুষ্প বাছিয়া লয়, সেইরূপ তিনিও সুদেশিত ধর্ম্মপদ (ধর্ম্মবাক্য) অবগত হইবেন।

শ্রাবস্তী　　　　　　মরীচিকম্মট্ঠানিক থের

৪৬ ফেণূপমং কায়মিমং বিদিত্বা মরীচিধম্মং অভিসম্বুধানো
ছেত্বান মারস্স পপুপ্ফকানি অদস্সনং মচ্চুরাজস্সগচ্ছে।৩

অন্বয়।—ইমং কায়ং ফেণূপমং বিদিত্বা মরীচিধম্মং অভিসম্বুধানো মারস্স পপুপ্ফকানি ছেত্বান মচ্চুরাজস্স অদস্সনং গচ্ছে।

সংস্কৃত।—ইমং কায়ং ফেণোপমং বিদিত্বা মরীচিধর্ম্মং অভিসম্বুধানঃ মারস্য প্রপুষ্পকাণি ছিত্বা মৃত্যুরাজস্য অদর্শনং গচ্ছেৎ।

অনুবাদ।—যিনি এই শরীরকে ফেণের ন্যায় ক্ষণবিধ্বংসী জানেন এবং ইহাকে মরীচিকার ন্যায় রূপযুক্ত, অথচ মিথ্যা বিবেচনা করেন,

৪৫। চীন ধর্ম্মপদ পৃ ৭৫।
সেখো 'শিখ' (পঞ্জাবী 'সিক্থ্') শব্দ, অর্থ শিষ্য, এই প্রাকৃত শব্দ হইতে জাত বলিয়া অনেকে অনুমান করেন।

তিনি মারের বিমান ছিন্ন করিয়া (জীবের তিন প্রকার অবস্থা অর্থাৎ কায়, ক্লেশ ও বিপাক বিনাশ করিয়া) মৃত্যুরাজের দর্শন বহির্ভূত হয়েন (নির্ব্বাণ লাভ করেন)।

শ্রাবস্তী ... বিড়ূড়ভ

৪৭ পুপ্ফানি[১] হেব পচিনন্তং ব্যাসত্তমনসং নরং
সুত্তং গামং মহোঘোর মচ্চু আদায় গচ্ছতি ।৪

অন্বয় ।—মচ্চু মহোঘো সুত্তং গামং ইব পুপ্ফানি হেব পচিনন্তং ব্যাসত্ত-মনসং নরং আদায় গচ্ছতি ।

সংস্কৃত ।—মৃত্যুঃ মহৌঘঃ, সুপ্তং গ্রামং ইব পুষ্পাণি হেব প্রচিন্বন্তং ব্যাসক্ত-মনসং নরং আদায় গচ্ছতি ।

অনুবাদ ।—যেমন বন্যা কোন সুপ্তগ্রামকে ভাসাইয়া লইয়া যায়, তেমনি (কামনারূপ) পুষ্পচয়নকারীর মত ও রূপাদিতে ব্যাসক্তচিত্ত মনুষ্যকে মৃত্যু অধিকার করিয়া থাকে ।

শ্রাবস্তী ... পতিপূজিকায় ।

৪৮ পুপ্ফানি হেব পচিনন্তং ব্যাসত্তমনসং নরং
অতিত্তং যেব কামেসু অন্তকো কুরুতে বসং । ৫

অন্বয় ।—অন্তকো পুপ্ফানি হেব পচিনন্তং ব্যাসত্তমনসং নরং কামেসু অতিত্তং যেব বসং কুরুতে ।

---

১ মহাভারতের শান্তিপর্ব্বে ইহার ঠিক অনুরূপ শ্লোক দেখিতে পাওয়া যায়—
সুপ্তং ব্যাঘ্রং মহৌঘো বা মৃত্যুরাদায় গচ্ছতি ।
সংচিন্বানকমেবৈনম্ কামানামবিতৃপ্তিকম্ ॥

৪৭ । কামনারূপ পুষ্পচয়নকারী, অর্থাৎ যাহার মন ছয় ইন্দ্রিয়ে আসক্ত, যিনি গো, বৎস ও নিজ অধিকারভুক্ত ভূসম্পত্তিতে সন্তুষ্ট নহেন বা যে ভিক্ষু নিজ বিহার চীবর বা ভিক্ষাপাত্রে সন্তুষ্ট নহেন ।

সংস্কৃত।—অন্তকঃ পুষ্পাণি এব প্রচিন্বন্তং ব্যাসক্তমনসং নরং কামেষু অতৃপ্তমেব বশং কুরুতে।

অনুবাদ।—অন্তক, রূপাদিতে ব্যাসক্তচিত্ত মনুষ্যকে, (কামনারূপ) পুষ্প-চয়নকারীর মত বাসনা তৃপ্ত না হইতেই, বশীভূত করিয়া থাকে।

শ্রাবস্তী ... মচ্ছরিকোসিয় সেট্‌ঠি।

৪৯ যথাপি ভমরো পুপ্‌ফং বণ্ণগন্ধং অহেঠয়ং
পলেতি রসমাদায় এবং গামে মুনী চরে।৬

অন্বয়।—যথাপি ভমরো পুপ্‌ফম্ বণ্ণগন্ধং অহেঠয়ং রসমাদায় পলেতি, এবং মুনী গামে চরে।

সংস্কৃত।—যথা ভ্রমর পুষ্পম্ বর্ণগন্ধৌ (চ) অহেঠয়ন্ (অবিনাশয়ন্) রসমাদায় পলায়তে এবং মুনিঃ গ্রামে চরেৎ।

অনুবাদ।—ভ্রমর যেমন পুষ্পের, বর্ণ কিংবা তাহার গন্ধ নষ্ট না করিয়া কেবল মধু আহরণ করিয়া পলাইয়া যায়, মুনিগণও গ্রামমধ্যে (লোকালয়ে) সেইরূপ ভাবে বিচরণ করেন।

শ্রাবস্তী ... পাঠিকাজীবক।

৫০ ন পরেসং বিলোমানি, ন পরেসং কতাকতং
অত্তনোব অবেক্খেয্য কতানি অকতানি চ।৭

অন্বয়।—ন পরেসং বিলোমানি ন পরেসং কতাকতং, অত্তনো ব কতানি অকতানি চ অবেক্খেয্য।

৫০। 'বিলোমানি'—বুদ্ধঘোষ ইহার অর্থ লিখিয়াছেন 'পরুসানি,' 'মম্মচ্ছেদকবচনানি' অর্থাৎ 'কর্কশ বচন।

সংস্কৃত।—ন পরেষাং বিলোমানি ন পরেষাং কৃতাকৃতানি, আত্মন এব কৃতানি অকৃতানি চ অবেক্ষেত।

অনুবাদ।—পরের পরুষ বা মর্ম্মচ্ছেদক বাক্যে মনোনিবেশ করিবে না। কিংবা পরে কি করিয়াছে বা করে নাই (সাধু ব্যক্তি) তাহা দেখিবেন না, আপনি কি করিয়াছেন বা করেন নাই (প্রব্রজিতের) তাহাই দেখা উচিত।

শ্রাবস্তী ... ছত্থপাণি উপাসক

৫১ যথাপি রুচিরং পুপ্ফং বণ্ণবন্তং অগন্ধকং
এবং সুভাসিতা বাচা অফলা হোতি অকুব্বতো ।৮

অন্বয়।—যথাপি রুচিরং বণ্ণবন্তং অগন্ধকং পুপ্ফম্, এবং সুভাসিতা বাচা অকুব্বতো অফলা হোতি।

সংস্কৃত।—যথা রুচিরং বর্ণবৎ অগন্ধকং পুষ্পম্, এবং সুভাষিতা বাক্ অকুর্ব্বতঃ অফলা ভবতি।

অনুবাদ।—যেমন সুন্দর বর্ণযুক্ত মনোহর পুষ্প গন্ধহীন হইলে নিষ্ফল হয়, তদ্রূপ সুভাষিত বাক্য কার্য্যে পরিণত না হইলে গন্ধহীন সুন্দর বর্ণযুক্ত পুষ্পের ন্যায় নিষ্ফল হয়।

---

৫২ যথাপি রুচিরং পুপ্ফং বণ্ণবন্তং সগন্ধকং
এবং সুভাসিতা বাচা সফলা হোতি কুব্বতো ।৯

অন্বয়।—যথাপি রুচিরং বণ্ণবন্তং সগন্ধকং পুপ্ফং এবং সুভাসিতা বাচা কুব্বতো সফলা হোতি।

সংস্কৃত।—যথা রুচিরং বর্ণবৎ সগন্ধকং পুষ্পং এবং সুভাষিতা বাক্ কুর্ব্বতঃ সফলা ভবতি।

৫২। বাচা—বুদ্ধবচন।

অনুবাদ।—যেমন সুন্দর রঙ্গীন বর্ণযুক্ত মনোহর পুষ্প গন্ধযুক্ত হইলে সফল হয়, সেইরূপ উত্তম (সুভাষিত) বাক্য (সুগন্ধপুষ্পের ন্যায়) যথাযথ ভাবে প্রতিপালিত হইলেই সফল হয়।

শ্রাবস্তী পূর্ব্বারাম ... বিসাখা উপাসিকা

৫৩ যথাপি পুপ্‌ফরাসিম্হা কয়িরা মালাগুণে বহূ
এবং জাতেন মচ্চেন কত্তব্‌বং কুসলং বহুং। ১০

অন্বয়।—যথাপি পুপ্‌ফরাসিম্‌হা বহূ মালাগুণে কয়িরা, এবং জাতেন মচ্চেন বহুং কুসলং কত্তব্বং।

সংস্কৃত।—যথা পুষ্পরাশেঃ 'বহূন্‌ মালাগুণান্‌' কুর্য্যাৎ (কোঽপি মালাকার ইতি শেষঃ), এবং জাতেন মর্ত্তোন বহু কুশলং কর্ত্তব্যম্‌।

অনুবাদ।—যেমন রাশিকৃত পুষ্প হইতে অনেক প্রকার মালা গাঁথা যাইতে পারে, তেমনি যে মানবজন্ম পরিগ্রহ করিয়াছে তাহার দ্বারা অনেক সৎকর্ম্ম সাধিত হওয়া কর্ত্তব্য।

শ্রাবস্তী ... আনন্দ থের

৫৪ ন পুপ্‌ফগন্ধো পটিবাতমেতি
ন চন্দনং তগরমল্লিকা বা
সতঞ্চগন্ধো পটিবাতমেতি
সব্‌বা দিসা সপ্পুরিসো পবাতি।১১

অন্বয়।—ন পুপ্‌ফগন্ধো পটিবাতমেতি ন চন্দনং তগর-মল্লিকা বা

(পটিবাতমেতি) সতঞ্চ গন্ধো পটিবাতমেতি, সপ্‌পুরিসো সব্বা দিসা পবাতি।

সংস্কৃত।—ন পুষ্পগন্ধঃ প্রতিবাতমেতি ন চন্দনঃ তগরমল্লিকে বা (চন্দন গন্ধঃ তগরমল্লিকয়োর্বা গন্ধঃ প্রতিবাতং ন যাতি); সতাং চ (ইত্যর্থঃ) গন্ধঃ প্রতিবাতমেতি, সৎপুরুষঃ সর্ব্বা দিশঃ প্রবাতি।

অনুবাদ।—তগর, মল্লিকা কিংবা অন্য কোন পুষ্পের গন্ধ বায়ুর বিপরীত দিকে যাইতে পারে না; কিন্তু সাধুগণের গন্ধ বায়ুর বিপরীত দিকে যাইয়া থাকে; সৎপুরুষের যশঃ-সৌরভ সকল দিকেই প্রবাহিত হয়।

৫৫ চন্দনং তগরং বাপি উপ্পলং অথ বস্সিকী
এতেসং গন্ধজাতানং সীলগন্ধো অনুত্তরো। ১২

অন্বয়।—চন্দনং তগরং বাপি উপ্পলং অথ বস্‌সিকী এতেসং গন্ধজাতানং সীলগন্ধো অনুত্তরো (হোতি)।

সংস্কৃত।—চন্দনং তগরং বাপি উৎপলং অথ বার্ষিকী, এতেষাং গন্ধজাতানাং শীলগন্ধোঽনুত্তরঃ (ভবতি)।

অনুবাদ।—চন্দন, তগর, পদ্ম কিংবা বার্ষিকী (চামেলি) এ সকলের গন্ধ সচ্চরিত্রের গন্ধকে (যশঃ-সৌরভকে) অতিক্রম করিতে পারে না।

বেণুবন　　　...　　　মহাকস্সপ

৫৬　অপ্পমত্তো অয়ং গন্ধো [বাতি] যাহ্যং তগরচন্দনী ;
যো চ সীলবতং গন্ধো বাতি দেবেসু উত্তমো ।১৩

অন্বয় ।—যোহয়ং তগরচন্দনী বাতি অয়ং গন্ধো অপ্পমত্তো ; যো চ সীলবতং গন্ধো, উত্তমো (সো) দেবেসু বাতি ।

সংস্কৃত ।—যোহয়ং তগরচন্দনী বাতি অয়ং গন্ধোহল্পমাত্রঃ (এব) ; য চ শীলবতাং গন্ধঃ, উত্তমঃ (সঃ) দেবেষু বাতি ।

অনুবাদ ।—তগর কিংবা চন্দনের যে গন্ধ তাহা অল্প মাত্রই ; কিন্তু চরিত্রবানের সুগন্ধ দেবগণের মধ্যেও প্রবাহিত হয় ।

রাজগৃহ, বেণুবন　　　...　　　গোধিক থের

৫৭　তেসং সম্পন্নসীলানং অপ্পমাদবিহারিনং
সম্মদঞ্ঞা বিমুত্তানং মারো মগ্গং ন বিন্দতি ।১৪

অন্বয় ।—সম্পন্নসীলানং অপ্পমাদবিহারিনং সম্মদঞ্ঞা বিমুত্তানং তেসং মগ্গং মারো ন বিন্দতি ।

সংস্কৃত ।—সম্পন্নশীলানাং অপ্রমাদবিহারিণাং সম্যক্‌জ্ঞয়া বিমুক্তানাং তেষাং মার্গং মারো ন বিন্দতি ।

অনুবাদ ।—শীলসম্পন্ন, অপ্রমত্ত, এবং সম্যক্ প্রজ্ঞা দ্বারা মুক্তিপ্রাপ্ত ব্যক্তি কোন্ পথে বিচরণ করেন তাহা মার জানে না ।

জেতবন ... গরহোদিন্ন

৫৮ যথা সংকারধানস্মিং উজ্ঝিতস্মিং মহাপথে[১]
পদুমং তত্থ জায়েথ সুচিগন্ধং মনোরমং। ১৫

৫৯ এবং সংকারভূতেসু অন্ধভূতে পুথুজ্জনে
অতিরোচতি পঞ্ঞায় সম্মাসম্বুদ্ধসাবকো[২]। ১৬

অন্বয়।—যথা সংকারধানস্মিং উজ্ঝিতস্মিং মহাপথে সুচিগন্ধং মনোরমং পদুমং জায়েথ, এবং সংকারভূতেসু, অন্ধভূতে পুথুজ্জনে সম্মাসম্বুদ্ধসাবকো পঞ্ঞায় অতিরোচতি।

সংস্কৃত।—যথা "সঙ্কারধানে" উজ্ঝিতে 'মহাপথে শুচিগন্ধং মনোরমং পদ্মং জায়তে, এবং সঙ্কারভূতেষু অন্ধভূতে পৃথগ্জনে সম্যক্‌সম্বুদ্ধশ্রাবকঃ প্রজ্ঞয়া অতিরোচতে।

অনুবাদ।—যেমন রাজপথে পরিত্যক্ত আবর্জ্জনা রাশির মধ্যে মনোরম ও সুমধুরগন্ধযুক্ত পদ্ম জন্মে; সেইরূপ বুদ্ধশিষ্যও আবর্জ্জনার ন্যায় অপদার্থ লোকের মধ্যে এবং অন্ধপ্রায় ও চরিত্রহীন ব্যক্তিগণের মধ্যে, আপন প্রজ্ঞা দ্বারা শোভা পাইতে থাকেন।

১। 'মহাপথে'—অর্থাৎ রাজপথে। সংস্কৃতে 'মহাপথ' বলিলে 'রাজপথ' বুঝায় না; 'মৃত্যু' বুঝায়।

২। 'সম্মাসম্বুদ্ধসাবক'—'সম্মাসম্বুদ্ধ' অর্থে 'বুদ্ধ'। শ্রাবক অর্থে 'যে শ্রবণ করে' অর্থাৎ শিষ্য, এ স্থলে 'বুদ্ধশিষ্য।'

৫৮।৫৯ চীন ধঃ পঃ বীল-কৃত অনুবাদ পৃ ৭৬।

বালবগ্গো।

(পঞ্চমো)

শ্রাবস্তী-জেতবন কুমুদুপ্ফলানীত দুগ্গত সেবক

৬০ দীঘা জাগরতো রত্তি দীঘং সন্তস্স যোজনং
দীঘো বালানং সংসারো সদ্ধম্মং[১] অবিজানতং। ১

অন্বয়।—জাগরতো রত্তি দীঘা, সন্তস্স যোজনং দীঘং; সদ্ধম্মং অবিজানতং বালানং সংসারো দীঘো।

সংস্কৃত।—জাগ্রতঃ রাত্রিঃ দীর্ঘা (ভবতি), শ্রান্তস্য যোজনং দীর্ঘং (ভবতি); (তথা) সদ্ধর্ম্মং অবিজানতাং 'বালানাং' (মূর্খাণাং) সংসারো দীর্ঘঃ (ভবতি)।

অনুবাদ।—যে জাগরিত থাকে তাহার নিকট (ত্রিযামবিশিষ্ট) রাত্রি দীর্ঘ বোধ হয়, যে শ্রান্ত তাহার নিকট যোজন-পথ দীর্ঘ বলিয়া বোধ হয়; সেইরূপ যে সকল মূর্খ (ইহলোক পরলোক জ্ঞানহীন) সত্য-ধর্ম্ম জানে না, তাহাদের নিকট সংসারও দীর্ঘ বলিয়া বোধ হয়।

রাজগৃহ ... সদ্ধিবিহারিক

৬১ চরঞ্চে নাধিগচ্ছেয্য সেয্য সদিসমত্তনো
একচরিয়ং[২] দলুহং কযিরা নত্থি বালে সহাযতা। ২

অন্বয়।—চরঞ্চে (কোহপি পুগ্গলো) অত্তনো সেয্যং সদিসং (বা) ন অধিগচ্ছেয্য, (তদাসো) দল্হং একচরিয়ং কযিরা; বালে সহাযতা নত্থি।

১। সদ্ধম্ম—সপ্তত্রিংশৎবোধিপক্ষীয় ধর্ম্ম   ২। একচচরিয়

৬০। বাল—মূর্খ, এস্থলে যাহারা সংসারবর্ত্মের পরিসমাপ্তি করিবার ক্ষমতাবিহীন।

সংস্কৃত।—চরন্ চেৎ (কোঽপি পুরুষঃ) আত্মনঃ শ্রেয়াংসং সদৃশং (বা) ন অধিগচ্ছেৎ (তদা সঃ) দৃঢ়ং একচর্য্যং কুর্য্যাৎ ; বালে সহায়তা নাস্তি।

অনুবাদ।—যদি কোন ব্যক্তি ধর্ম্মপথে[১] বিচরণ করিতে করিতে আপনার অপেক্ষা শ্রেষ্ঠ (অর্থাৎ শীল, সমাধি, প্রজ্ঞা গুণবিশিষ্ট) কিংবা আপনার সমান কোন ব্যক্তিকে না পান তবে তাঁহার একাকী ভ্রমণ করাই কর্ত্তব্য ; কারণ মূর্খের সঙ্গ কিছুতেই উচিত নহে।

শ্রাবস্তী ... আনন্দসেট্‌ঠি

৬২ পুত্তামত্থি ধনম্মত্থি ইতি বালো বিহঞ্ঞতি,
অত্তা হি অত্তনো নত্থি, কুতো পুত্তো কুতো ধনং। ৩

অন্বয়।—পুত্তা মে অত্থি, ধনং মে অত্থি ইতি বালো বিহঞ্ঞতি, অত্তা হি অত্তনো নত্থি কুতো পুত্তো কুতো ধনং।

সংস্কৃত।—পুত্রা মে সন্তি, ধনং মে অস্তি ইতি বালঃ বিহন্যতে, আত্মা হি আত্মনো নাস্তি কুতো পুত্রঃ কুতো ধনং।

অনুবাদ।—'আমার পুত্র আছে, আমার ধন আছে' (পুত্র ও ধন তৃষ্ণা বশতঃ) মূর্খেরা এইরূপ চিন্তা করিয়া যন্ত্রণা ভোগ করে। যখন আপনিই আপনার নহে, তখন পুত্র কিংবা ধন কিরূপে আপনার হইবে?

৬১। বুদ্ধঘোষ অর্থ করিয়াছেন কল্যাণমিত্র অন্বেষণকারী

জেতবন ... ষষ্টিভেদক চোর

৬৩ যো বালো মঞ্ঞতী বাল্যং পণ্ডিতো বাপি তেন সো,
বালো চ পণ্ডিতমানী স বে বালোহতি বুচ্চতি। ৪

অন্বয়—যো বালো অত্তনো বাল্যং মঞ্‌ঞতী সো তেন বাপি পণ্ডিতো, (যো) চ বালো পণ্ডিতমানী স বে বালো তি বুচ্চতি।

সংস্কৃত।—যো বালঃ (আত্মনঃ) বাল্যং (মূর্খত্বং) মন্যতে (জানাতীত্যর্থঃ) স তেনাপি (পরিমাণেন) বা পণ্ডিতঃ (জ্ঞানীত্যর্থঃ); (যঃ) চ বালঃ পণ্ডিতমানী স বৈ (যথার্থমেব) বাল ইতি উচ্যতে।

অনুবাদ।—যে মূর্খ আপনার মূর্খতা অবগত আছে, সে সেই পরিমাণে জ্ঞানী, কিন্তু যে মূর্খ আপনাকে পণ্ডিত বলিয়া বিবেচনা করে তাহাকেই যথার্থ মূর্খ বলা যায়।

শ্রাবস্তী-জেতবন ... উদায়ি থের

৬৪ যাবজীবম্পি চে বালো পণ্ডিতম্ পয়িরুপাসতি
ন সো ধম্মং বিজানাতি দব্‌বী সূপরসং যথা। ৫

অন্বয়।—বালো যাবজীবম্পি পণ্ডিতংপয়িরুপাসতি চে (তথাপি) সো ধম্মং ন বিজানাতি, যথা দব্বী সূপরসম্ ন বিজানাতি।

সংস্কৃত।—যথা দব্বী (কদাচিদপি) সূপরসং ন বিজানাতি (নাস্বাদয়তীত্যর্থঃ,) তথা বালঃ (মূর্খঃ) যাবজ্জীবমপি চেৎ পণ্ডিতম্ পর্য্যুপাস্তে তথাপি সঃ ধর্ম্মং ন বিজানাতি।

৬৩। বীল—ধম্মপদ, ৭৬ পৃঃ

অনুবাদ।—যেমন দর্ব্বী (কাষ্ঠনির্ম্মিত চামচ) (চিরকাল সুপরসের মধ্যে থাকিলেও) কখন সূপরস আস্বাদন করিতে পারে না, সেইরূপ মূর্খ ব্যক্তি চিরজীবন পণ্ডিত-সন্নিধানে বাস করিলেও ধর্ম্ম (বুদ্ধবচন) কি তাহা জানিতে পারে না।

শ্রাবস্তী-জেতবন ... ভদ্দবগ্গিয়

৬৫ মুহুত্তমপি চে বিঞ্ঞূ পণ্ডিতম্ পয়িরুপাসতি
খিপ্পং ধম্মং[১] বিজানাতি জিব্হা সূপরসং যথা। ৬

অন্বয়।—যথা জিব্হা (খিপ্পং সূপরসং বিজানাতি) বিঞ্ঞূ (পুগ্গলো) মুহুত্তমপি পণ্ডিতম্ পয়িরুপাসতি চে (তদা সো) খিপ্পং ধম্মং বিজানাতি।

সংস্কৃত।—যথা জিহ্বা ক্ষিপ্রং সূপরসং বিজানাতি (আস্বাদয়তীত্যর্থঃ), তথা বিজ্ঞঃ (জনশ্চেৎ) মুহূর্ত্তমপি পণ্ডিতম্ পর্য্যুপাসতে তদা সঃ ক্ষিপ্রং ধর্ম্মং বিজানাতি।

অনুবাদ।—যেমন জিহ্বা মুহূর্ত্তমধ্যে সূপরসের আস্বাদন অবগত হইতে সমর্থ হয়, সেইরূপ বিজ্ঞ ব্যক্তি পণ্ডিতসন্নিধানে ক্ষণকাল থাকিলেও ধর্ম্ম কি তাহা শীঘ্রই অবগত হইতে পারেন।

৬৪।৬৫। মহাভারত ১০ম পর্ব্ব, শ্লোক ১৭৮

১। নব লোকোত্তর ধর্ম্ম

বেণুবন　　　…　　　সুপ্রবুদ্ধকুট্ঠি

৬৬　চরন্তি বালা[১] দুম্মেধা অমিত্তেনেব অত্তনা
করোন্তা[২] পাপকং কম্মং যং হোতি কটুকপ্ফলং ।৭

অন্বয় ।—যং কটুকপ্ফলং হোতি (তং) পাপকং কম্মং করোন্তা দুম্মেধা বালা অমিত্তেনেব অত্তনা চরন্তি ।

সংস্কৃত ।—যৎ কটুকফলং ভবতি তৎ পাপকং কর্ম্ম কুর্ব্বন্তঃ দুর্ম্মেধসঃ বালা অমিত্রেণৈব আত্মনা চরন্তি ।

অনুবাদ ।—অল্পমেধা মূর্খ ব্যক্তিগণ, যাহার ফল কটু (তিক্ত) এরূপ পাপকর্ম্ম করিয়া নিজেকই নিজের শত্রুতে পরিণত করিয়া বিচরণ করে ।

জেতবন　　　…　　　অঞ্ঞ্তর কস্সপ

৬৭　ন তং কম্মং কতং সাধু যং কত্বা অনুতপ্পতি
যস্স অস্সুমুখো রোদং বিপাকং পটিসেবতি ।৮

অন্বয় ।—তং কম্মং কতং ন সাধু যং কত্বা (পুগ্গলো) অনুতপ্পতি, যস্স (চ) বিপাকং অস্সুমুখো রোদং পটিসেবতি ।

সংস্কৃত ।—তৎ কর্ম্ম কৃতং ন সাধু যৎ কৃত্বা (জনঃ) অনুতপ্যতে, যস্য (চ) বিপাকং (ফলং) অশ্রুমুখঃ রুদন্ প্রতিসেবতে ।

৬৬।৬। জাতক ৩য় ভাগ, পৃঃ ২৯১

১। চারিঋদ্ধিপথের বিঘ্নকারক ব্যক্তি ।　　২। করোন্তো (ব্রহ্ম)

অনুবাদ।—যে কর্ম্ম করিয়া লোকের অনুতাপ করিতে হয়, (যাহা দুঃখ-দায়ক ও যদ্দ্বারা লোকে নিরয়গামী হয়) এবং যাহার ফল রোদন করিতে করিতে অশ্রুমুখে ভোগ করিতে হয়, সেকর্ম্ম করা ভাল নয়।

বেণুবন ... সুমন মালাকার

৬৮ তঞ্চ কম্মং কতং সাধু যং কত্বা নানুতপ্পতি
যস্স পতীতো[১] সুমনো বিপাকং পটিসেবতি। ৯

অন্বয়।—তঞ্চ কম্মং কতং সাধু যং কত্বা নানুতপ্পতি যস্স (চ) বিপাকং পতীতো সুমনো (সন্তো) পটিসেবতি।

সংস্কৃত।—তচ্চ কর্ম্ম সাধু কৃতং যৎ কৃত্বা নানুতপ্যতে যস্য চ বিপাকং প্রতীতঃ (সন্তুষ্টঃ) সুমনাঃ সন্ প্রতিসেবতে।

অনুবাদ।—যে কার্য্য করিলে লোকের অনুতাপ করিতে হয় না (অর্থাৎ যাহা সুখদায়ক) এবং যাহার ফল আনন্দে ও প্রফুল্লমনে ভোগ করিতে পারা যায় সেই কর্ম্ম করা ভাল (সুন্দর)।

জেতবন ... উপ্পলবণ্ণ থেরী

৬৯ মাধুবা[২] মঞ্ঞতী বালো যাব পাপং ন পচ্চতি
যদা চ পচ্চতী পাপং[৩] অথ [বালো] দুক্খং নিগচ্ছতি।১০

অন্বয়।—যাব পাপং ন পচ্চতি (তাবৎ) বালো (তং) মধুবা মঞ্ঞতী যদা চপাপং পচ্চতী অথ বালো দুক্‌খং নিগচ্ছতি।

১। পতিতো (ব্রহ্ম) ২। মধুবা ৩। অকুশল ধর্ম্ম।
৬৯। ১১৯ শ্লোক দ্রষ্টব্য,

সংস্কৃত।—যাবৎ পাপং ন পচ্যতে (তাবৎ) বালঃ (তৎ) মধু ইব মন্যতে, যদা চ পাপং পচ্যতে তদা বালঃ দুঃখং নিগচ্ছতি।

অনুবাদ।—যতক্ষণ পাপ পরিপক্ক না হয় অর্থাৎ যতক্ষণ পাপের ফল না ফলে ততক্ষণ মূর্খ ব্যক্তি তাহাকে মধুর বলিয়া বিবেচনা করে, কিন্তু যখন পাপ ফল প্রদান করে তখন তাহাকে দুঃখ পাইতে হয়।

বেণুবন　　　...　　　জম্বুক আজীবক

৭০　মাসে মাসে কুসগ্গেন বালো ভুঞ্জেথ[১] ভোজনং
　　ন সো সংখতধম্মানং কলং অগ্ঘতি সোলসিং। ১১

অন্বয়।—বালো মাসে মাসে কুসগ্গেন ভোজনং ভুঞ্জেথ চে (তথাপি) সো সংখতধম্মানং সোলসিং কলং ন অগ্ঘতি।

সংস্কৃত।—বালঃ মাসে মাসে কুশাগ্রেণ ভোজনং ভুঞ্জীত তথাপি সঃ সংখ্যাতধর্ম্মাণাম্ (জ্ঞাতধর্ম্মাণাম্, তুলিতধর্ম্মাণাম্) ষোড়শীং কলাং ন অর্হতি।

অনুবাদ।—মূর্খ ব্যক্তি মাসে মাসে কুশাগ্র দ্বারা অন্ন ভোজন করিলেও যে সকল ব্যক্তি ধর্ম্ম পরিজ্ঞাত আছেন (ক্ষীণাস্রব) তাহারা তাঁহাদের ষোড়শাংশের একাংশের উপযুক্ত নহে।

১। ভুঞ্জেয্য (ব্রহ্ম)

৭০। বাল—আজীবক ও নিগ্রন্থ সম্প্রদায়ভুক্ত সন্ন্যাসী ; শারীরিক কৃচ্ছ্র সাধনাই ইঁহাদের ধর্ম্মের প্রধান অঙ্গ।

বেণুবন ... অহিপেত

৭১ ন হি পাপং কতং কম্মং সজ্জু খীরং[১] ব মুচ্চতি
ডহন্তং[২] ৰালমন্বেতি ভস্মাচ্ছন্নো ব পাবকো। ১২

অন্বয়।—কতং পাপং কম্মং সজ্জু খীরং ব ন হি মুচ্চতি, ভস্মাচ্ছন্নো পাবকো ব ডহন্তং বালং অন্বেতি।

সংস্কৃত।—কৃতং পাপং কর্ম্ম সদ্যঃ ক্ষীরমিব ন হি মুঞ্চতি (প্রকৃতিং জহাতি), ভস্মাচ্ছন্নো পাবক ইব দহন্ বালমন্বেতি।

অনুবাদ।—যেমন সদ্য প্রাপ্ত টাট্‌কা দুগ্ধ শীঘ্র ছাড়ে না (অর্থাৎ বিকৃত হয় না) তেমনি কৃত পাপকর্ম্ম শীঘ্র বিনষ্ট (লয়) হয় না। উহা ভস্মাচ্ছাদিত পাবকের ন্যায় দহন করিতে করিতে মূর্খকে অনুসরণ করে।

বেণুবন ... সট্‌ঠিকূট পেত

৭২ যাবদেব অনত্থায় ঞত্তং বালস্স জায়তি
হন্তি ৰালস্স সুক্কংসং মুদ্ধমস্স বিপাতয়ং[৩]। ১৩

অন্বয়।—বালস্স ঞত্তং যাবদেব অনত্থায় জায়তি, অস্স মুদ্ধম্ বিপাতয়ং বালস্স সুক্কংসং হন্তি।

সংস্কৃত।—মূর্খস্য যাবদেব জ্ঞপ্তং জ্ঞানং অনর্থায় জায়তে, অস্য মূর্দ্ধানম্ প্রজ্ঞানাম্ বিপাতয়ন্, মূর্খস্য শুক্লাংশং (সৌভাগ্যমিত্যর্থঃ) হন্তি (নাশয়তি)।

(১) খির (ব্রহ্ম) (২) দহন্তং (৩) ব্রিপাতয়ং

অনুবাদ।—মূর্খের জ্ঞান ও ঐশ্বর্য্য তাহার অনর্থের কারণ হয়, মূর্খের (প্রজ্ঞারূপ) মস্তকে আঘাত করিয়া তাহার সৌভাগ্য হরণ করে।

জেতবন ... সুধম্ম থের

৭৩ অসতং ভাবনমিচ্ছেয্য পুরেক্খারঞ্চ[১] ভিক্খুসু
আবাসেসু চ ইস্সরিয়ং পূজা পরকুলেসু চ। ১৪

৭৪ মমেব কতমঞ্ঞন্তু গিহী পব্বজিতা উভো,
মমেবাতিবসা অস্সু কিচ্চা-কিচ্চেসু কিস্মিচি,
ইতি বালস্স সঙ্কপ্পো ইচ্ছা মানো চ বড্ঢতি। ১৫

অন্বয়।—(বালো) অসতং ভাবনমিচ্ছেয্য, ভিক্খুসু পুরেক্খারং (ইচ্ছেয্য), আবাসেসু চ ইস্সরিয়ং (ইচ্ছেয্য), পরকুলেসু চ পূজা (ইচ্ছেয্য)। গিহী পব্বজিতা উভো মমেব কতমঞ্ঞন্তু, কিস্মিচি কিচ্চাকিচ্চেসু মমেব অতিবসা অস্সু, ইতি বালস্স সঙ্কপ্পো। ইচ্ছা মানো চ (অসস্) বড্ঢতি।

সংস্কৃত।—(বালঃ) অসৎ ভাবনম্ ইচ্ছেৎ, ভিক্ষুষু পুরস্কারং (ইচ্ছেৎ) আবাসেষু (বিহারেষু) চ ঐশ্বর্য্যং (ইচ্ছেৎ) পরকুলেষু চ পূজাং (ইচ্ছেৎ)। গৃহী প্রব্রজিতঃ উভৌ মমৈব কৃতং মন্যেতাম্ কেষুচিৎ কৃত্যাকৃত্যেষু মমৈব অতিবশৌ স্তাম, ইতি বালস্য সঙ্কল্পঃ ইচ্ছা (বাসনা) মানশ্চ (অভিমানশ্চ) বৰ্দ্ধতে।

১। পুরক্খার

অনুবাদ।—মূর্খ ভিক্ষু যে বস্তু বিদ্যমান নাই, এরূপ বস্তুলাভের ইচ্ছা করে, ভিক্ষুপরিবার মধ্যে শ্রেষ্ঠত্বলাভের ইচ্ছা করে, সংঘ বা বিহার মধ্যে কর্তৃত্ব করিতে ইচ্ছা করে, পরকুলের মধ্যে (অন্য লোকের পরিবার মধ্যে) পূজা লাভ করিতে ইচ্ছা করে ; গৃহী এবং প্রব্রজিতগণ উভয়েই 'ইহা আমি করিয়াছি' এরূপ বিবেচনা করুক, সকল ক্ষুদ্র ও মহৎ কার্য্য অনুষ্ঠান সময়ে আমার অনুমতি গ্রহণ করুক ও বশবর্ত্তী হউক, যে মূর্খ ভিক্ষু এইরূপ সঙ্কল্প করে, তাহার ইচ্ছা ও অহঙ্কার বর্দ্ধিত হইতে থাকে।

জেতবন ... বনবাসিকতিস্‌স থের

৭৫ অঞ্ঞাহি লাভূপনিসা অঞ্ঞা নিব্‌বানগামিনী,
এবমেতং অভিঞ্ঞায় ভিক্খু বুদ্ধস্স সাবকো
সক্কারং[১] নাভিনন্দেয্য বিবেক মনুব্রূহয়ে।১৬

অন্বয়।—অঞ্‌ঞা হি লাভূপনিসা অঞ্‌ঞা নিব্বানগামিনী, বুদ্ধস্‌স সাবকো ভিক্‌খু এবমেতং অভিঞ্‌ঞায় সক্কারং ন অভিনন্দেয্য বিবেকমনুব্রূহয়ে।

৭৫। উপনিসা—পটিপদা

১। চারি পচ্চয় সৎকার যিনি ইচ্ছা করেন না, চারিপচ্চয়—চীবর, পিণ্ডপাদ, শয়নাসন এবং ভেষজ।

সংস্কৃত।—অন্যা হি লাভোপনিষৎ, অন্যা নির্ব্বাণগামিনী। বুদ্ধস্য শ্রাবকঃ ভিক্ষুঃ এবং অভিজ্ঞায় সৎকারং ন অভিনন্দেৎ (প্রার্থয়েত); 'বিবেকম্'[২] 'অনুবৃংহয়েৎ'।

অনুবাদ।—লাভের পথ এক, নির্ব্বাণের পথ আর, বুদ্ধশিষ্য ভিক্ষু ইহা জানিয়া সম্মান আকাঙ্ক্ষা করেন না, বিবেক অবলম্বনপূর্ব্বক বিহার করেন অর্থাৎ সংসার, অসচ্চিন্তা, এবং উপাধি পরিত্যাগ করিয়া নির্ব্বাণ অনুসন্ধান করেন।

বালবগ্গো পঞ্চমো।

২। 'বিবেক' অর্থে সদসৎ বিচার। কিন্তু বৌদ্ধশাস্ত্রে ইহা ভিন্ন অর্থে ব্যবহৃত হয়। বিবেক তিন প্রকার। কায় বিবেক, চিত্তবিবেক ও উপাধি বিবেক। কায় বিবেক—নির্জ্জনবাস ; চিত্তবিবেক—অষ্ট সমাপত্তি ; উপাধি বিবেক—নির্ব্বাণ।

পণ্ডিতবগ্গো।

(ছট্ঠো)

জেতবন ... রাধত্থের

৭৬ নিধীনং ব পবত্তারং যং পস্সে বজ্জদস্সিনং
নিগ্গয্হবাদিং[1] মেধাবিং তাদিসং পণ্ডিতং ভজে,
তাদিসং ভজমানস্স সেয্যো হোতি ন পাপিয়ো। ১

অন্বয়।—নিধীনং পবত্তারং ব বজ্জদস্সিনং নিগ্গয্হবাদিং মেধাবিং যং পস্সে, তাদিসং পণ্ডিতং ভজে; তাদিসং (পুগ্গলং) ভজমানস্স সেয্যো হোতি ন পাপিয়ো (হোতি)।

সংস্কৃত।—নিধীনাং প্রবক্তারম্ ইব বর্জ্জ্যদর্শিনং 'নিগৃহ্যবাদিনং' মেধাবিনং যং পশ্যেৎ তাদৃশং পণ্ডিতং ভজেৎ তাদৃশং পুরুষং ভজমানস্য শ্রেয়ঃ ভবতি ন পাপীয়ঃ ভবতি।

অনুবাদ।—গুপ্তধনপ্রদর্শকের ন্যায়, যিনি বর্জ্জনীয় বিষয় দেখাইয়া দেন, যিনি দোষ দেখিলে ভৎর্সনা করেন, যিনি মেধাবী, এরূপ পণ্ডিত ব্যক্তিকে অনুসরণ করিবে; তাদৃশ ব্যক্তিকে (আচার্য্যকে) অনুসরণ করিলে (অন্তেবাসিকের) অমঙ্গল হয় না, মঙ্গলই হয়।

১। 'নিগ্গয্হবাদি'—অর্থাৎ 'যিনি দোষ দেখিলে তাহার প্রশ্রয় না দিয়া ভৎর্সনা করেন'।

৭৬। জাতক, ৩য় ভাগ, ৩৬৭, থেরগাথা, পৃ ৮৯।

জেতবন　　　...　　　অস্সজিপুনব্বসুক

৭৭　ওবদেয্যানুসাসেয্য অসব্ভা[1] চ নিবারয়ে,
সতং হি সো পিয়ো হোতি অসতং হোতি অপ্পিয়ো ।২

অন্বয়।—(পণ্ডিতো) ওবদেয্য অনুসাসেয্য অসব্ভা চ নিবারয়ে সো হি সতং পিয়ো হোতি, অসতং অপ্পিয়ো (হোতি)।

সংস্কৃত।—পণ্ডিতঃ অববদেৎ, অনুশিষ্যাৎ 'অসভ্যাৎ' (অন্যায়াচরণাৎ) চ নিবারয়েৎ, স হি সতাং প্রিয়ো ভবতি, অসতাং চ অপ্রিয়ো ভবতি।

অনুবাদ।—পণ্ডিত ব্যক্তি তিরস্কার করিবেন, শাসন করিবেন, অন্যায়াচরণ হইতে নিবৃত্ত করিবেন (অকুশল ধর্ম্ম হইতে নিবৃত্তি ও কুশল ধর্ম্মে প্রতিষ্ঠা)। এরূপ ব্যক্তি নিশ্চিত সৎলোকের প্রিয়পাত্র হইবেন এবং অসৎ লোকের অপ্রিয় হইবেন।

জেতবন　　　...　　　ছন্ন থের

৭৮　ন ভজে পাপকে মিত্তে ন ভজে পুরিসাধমে,
ভজেথ মিত্তে কল্যাণে ভজেথ পুরিসুত্তমে। ৩

অন্বয়।—পাপকে মিত্তে ন ভজে, পুরিসাধমে (মিত্তে) ন ভজে, কল্যাণে মিত্তে ভজেথ, পুরিসুত্তমে (মিত্তে) ভজেথ।

সংস্কৃত।—পাপকানি মিত্রাণি ন ভজেৎ, পুরুষাধমানি (মিত্রাণি)

১। 'অসব্ভা'।—এখানে 'অসভ্য' শব্দের অর্থ যাহা করা ঠিক নহে। ইহাই উহার মূল অর্থ।

ন ভজেৎ। কল্যাণানি মিত্রাণি ভজেৎ, পুরুষোত্তমানি (মিত্রাণি) চ ভজেৎ।

অনুবাদ।—পাপী মিত্রকে ভজনা করিবে না, পুরুষাধমকে ভজনা করিবে না; কল্যাণ-মিত্রকে ভজনা করিবে, পুরুষোত্তমকে ভজনা করিবে।

জেতবন ... মহাকপ্পিন থের

৭৯ ধম্মপীতী[১] সুখং সেতি বিপ্পসন্নেন চেতসা,
অরিয়প্পবেদিতে ধম্মে সদা রমতি পণ্ডিতো। ৪

অন্বয়।—ধম্মপীতী বিপ্পসন্নেন চেতসা সুখং সেতি; পণ্ডিতো অরিয়প্পবেদিতে ধম্মে সদা রমতি।

সংস্কৃত।—ধর্ম্মপীতীঃ বিপ্রসন্নেন চেতসা সুখং শেতে; পণ্ডিতঃ আর্য্যপ্রবেদিতে ধর্ম্মে সদা রমতে।

অনুবাদ।—ধর্ম্মপানকারী অর্থাৎ ধার্ম্মিক ব্যক্তি সুখে প্রসন্নান্তঃকরণে (চারিঋদ্ধি পথে) বাস করেন; পণ্ডিত ব্যক্তি 'আর্য্যগণ' (অর্থাৎ বৌদ্ধ সাধনমার্গে আরূঢ় ব্যক্তিগণ) কর্ত্তৃক প্রদর্শিত ধর্ম্মে সর্ব্বদা বিচরণ করেন।

৭৯। ধম্মপীতি—ধম্ম-পায়কো; নব লোকোত্তর ধর্ম্মপালনকারী।

১। ধম্মপিতি (ব্রহ্ম) ৭৮। পাপী মিত্র—যিনি কায়, বাক্য ও মনের দ্বারা অকুশল কর্ম্ম করেন।

জেতবন ... পণ্ডিত সামণের

৮০ উদকং হি নয়ন্তি নেত্তিকা
উসুকারা নময়ন্তি তেজনং
দারুং নময়ন্তি তচ্ছকা
অত্তানং দময়ন্তি[১] পণ্ডিতা। ৫

অন্বয়।—নেত্তিকা হি উদকং নয়ন্তি, উসুকারা তেজনং নময়ন্তি, তচ্ছকা দারুং নময়ন্তি, (তথা) পণ্ডিতা অত্তানং দময়ন্তি।

সংস্কৃত।—নেতৃকা হি উদকং নয়ন্তি, ইষুকারাস্তেজনং নময়ন্তি, তক্ষকাঃ দারুং নময়ন্তি, (তথা) পণ্ডিতা আত্মানং দময়ন্তি।

অনুবাদ।—মৃত্তিকাখননকারিগণ জলকে (ইচ্ছানুরূপ) লইয়া যায়, বাণপ্রস্তুতকারীরা বাণকে (যেরূপ ইচ্ছা) নমিত করে, সূত্রধারেরা কাষ্ঠখণ্ডকে (ইচ্ছানুযায়ী) আকারে প্রস্তুত করে, (সেইরূপ) পণ্ডিতগণ আপনাকে (নিজ মনকে) যেরূপ ইচ্ছা চালিত (দমন) করেন।

জেতবন ... ভদ্দীয় থের

৮১ সেলো যথা একঘনো[২] বাতেন ন সমীরতি
এবং নিন্দাপসংসাসু ন সমিঞ্জন্তি পণ্ডিতা। ৬

অন্বয়।—যথা একঘনো সেলো বাতেন ন সমীরতি, এবং পণ্ডিতা নিন্দাপসংসাসু ন সমিঞ্জন্তি।

১। নময়ন্তি ২। একঘন

সংস্কৃত।—যথা একঘনঃ শৈলঃ বাতেন ন সমীর্য্যতে, এবং পণ্ডিতাঃ নিন্দাপ্রশংসাসু ন সমীর্য্যন্তে (বিচলিতা ভবন্তি)।

অনুবাদ।—যেমন ঘন প্রস্তরময় কঠিন পর্ব্বত বায়ুতে বিচলিত হয় না, সেইরূপ পণ্ডিতগণ নিন্দা ও প্রশংসাতে (অষ্টলোকধর্ম্মে) বিচলিত হন না।

জেতবন ... কাণমাতু

৮২ যথাপি রহদো গম্ভীরো বিপ্পসন্নো অনাবিলো
এবং ধম্মানি সুত্বান বিপ্পসীদন্তি পণ্ডিতা। ৭

অন্বয়।—যথাপি গম্ভীরো রহদো বিপ্পসন্নো অনাবিলো, এবং পণ্ডিতা ধম্মানি সুত্বান বিপ্পসীদন্তি।

সংস্কৃত।—যথাপি গম্ভীরঃ হ্রদঃ, বিপ্রসন্নঃ অনাবিলঃ এবং পণ্ডিতা ধর্ম্মান্ শ্রুত্বা বিপ্রসীদন্তি।

অনুবাদ।—গভীর হ্রদ যেমন নির্ম্মল ও প্রশান্ত, পণ্ডিত ব্যক্তিও তদ্রূপ ধর্ম্ম শ্রবণ করিয়া (ধর্ম্মমার্গে প্রবেশ করিয়া) স্থির ও প্রশান্ত হইয়া থাকেন।

জেতবন ... পঞ্চসতভিক্‌খু

৮৩ সব্বত্থ বে সপ্পুরিসা চজন্তি[১],
ন কামকামা লপয়ন্তি সন্তো,

১।

সুখেন ফুট্‌ঠা অথবা দুখেন
ন উচ্চবাচং পণ্ডিতা দস্সয়ন্তি। ৮

অন্বয়।—সপ্পুরিসা সব্বথ বে চজন্তি সন্তো কামকামা (সন্তো) ন লপয়ন্তি; সুখেন অথবা দুখেন ফুট্‌ঠা পণ্ডিতা উচ্চাবচং ন দস্‌সয়ন্তি।

সংস্কৃত।—সৎপুরুষাঃ সর্ব্বত্র বৈ ত্যজন্তি, সন্তঃ (সাধবঃ) কামকামাঃ (সন্তঃ) ন লপন্তি; সুখেন অথবা দুঃখেন স্পৃষ্টাঃ পণ্ডিতা উচ্চাবচং ন দর্শয়ন্তি।

অনুবাদ।—পণ্ডিত ব্যক্তি পঞ্চস্কন্ধাদিতে আসক্তি ত্যাগ করেন, সাধু ব্যক্তি কাম্য বস্তুর বিষয় আলাপ করেন না; সুখে অথবা দুঃখে পড়িয়া তাঁহারা উচ্চাবচ অর্থাৎ উদ্ধত বা অবনত আকার ধারণ করেন না।

জেতবন　　...　　ধম্মিক থের

৮৪　ন অত্তহেতু ন পরস্স হেতু
ন পুত্তমিচ্ছে ন ধনং ন রট্‌ঠং
ন ইচ্ছেয্য অধম্মেন সমিদ্ধিমত্তনো
স সীলবা পঞ্‌ঞবা ধম্মিকো সিয়া। ৯

অন্বয়।—(যো) ন অত্তহেতু ন (চ) পরস্‌স হেতু ন পুত্তমিচ্ছে ন ধনং (ইচ্ছে) ন রট্‌ঠং ইচ্ছে, ন অধম্মেন অত্তনো সমিদ্ধিমিচ্ছেয্য, স সীলবা পঞ্‌ঞবা ধম্মিকো (চ) সিয়া।

সংস্কৃত।—যো ন আত্মহেতোঃ ন চ পরস্য হেতোঃ পুত্রমিচ্ছেৎ, ধনম্ ইচ্ছেৎ, রাষ্ট্রমিচ্ছেৎ, ন অধর্ম্মেণ আত্মনঃ সমৃদ্ধিমিচ্ছেৎ, স শীলবান্ প্রজ্ঞাবান্ ধার্ম্মিকশ্চ স্যাৎ।

অনুবাদ।—যিনি আপনার কিংবা পরের জন্য পুত্র বা ধন বা রাজ্য কিছুই ইচ্ছা করেন না, যিনি অধর্ম্মদ্বারা আপনার সমৃদ্ধি ইচ্ছা করেন না, তিনি শীলসম্পন্ন, প্রজ্ঞাবান্ এবং ধাম্মিক হয়েন।

জেতবন ... ধম্মসবণ

৮৫ অপ্পকা তে মনুস্সেসু যে জনা পারগামিনো,
অথায়ং ইতরা পজা তীরমেবানুধাবতি। ১০

৮৬ যে চ খো সম্মদক্খাতে ধম্মে ধম্মানুবত্তিনো
তে জনা পারমেস্সন্তি মচ্চুধেয্যং সুদুত্তরং। ১১

অন্বয়।—মনুস্‌সেসু যে জনা পারগামিনো তে অপ্পকা, অথ ইতরা পজা তীরমেবানুধাবতি। যে চ খো ধম্মে সম্মদক্‌খাতে (সতি) ধম্মানুবত্তিনো (হোন্তি) তে জনা সুদুত্তরং মচ্চুধেয্যং পারমেস্‌সন্তি।

সংস্কৃত।—মনুষ্যেষু যে জনাঃ পারগামিনঃ তে অল্পকাঃ, অথ ইতরা প্রজাঃ (জনা ইতি যাবৎ) তীরমেবানুধাবন্তি। যে চ খলু ধর্ম্মে সম্যগাখ্যাতে (সতি) ধর্ম্মানুবর্ত্তিনো ভবন্তি, তে জনাঃ সুদুস্তরস্য মৃত্যুধেয়স্য পারমেষ্যন্তি।

৮৫। পার—নির্ব্বাণ; তীর—সক্কায়দিট্‌ঠি

অনুবাদ।—মনুষ্যগণের মধ্যে অতি অল্পসংখ্যক ব্যক্তি নির্ব্বাণ সাগরের পারগামী হইতে পারেন, অবশিষ্ট ব্যক্তিগণ কেবল তীরে দৌড়িতে থাকে (অজ্ঞানতা মধ্যে বিচরণ করে)। যাঁহারা উত্তমরূপে ব্যাখ্যাত ধর্ম্মের অনুসরণ করেন তাঁহারা নিশ্চিত সুদুস্তর (দুরতিক্রম) যমরাজ্য অতিক্রমপূর্ব্বক নির্ব্বাণ লাভ করেন।

জেতবন　　…　　পঞ্চসত আগন্তুক ভিক্খু

৮৭　কণ্হং ধম্মং বিপ্পহায় সুক্কং ভাবেথ পণ্ডিতো,
ওকা অনোকং আগম্ম বিবেকে যত্থ দূরমং ১২

৮৮　তত্রাভিরতিমিচ্ছেয্য, হিত্বা কামে অকিঞ্চনো
পরিয়োদপেয্য অত্তানং চিত্তক্লেসেহি পণ্ডিতো। ১৩

অন্বয়।—পণ্ডিতো কণ্হং ধম্মং বিপ্পহায় সুক্কং (ধম্মং) ভাবেথ, ওকা অনোকং আগম্ম যত্থ দূরমং তত্র বিবেকে অভিরতিং ইচ্ছেয্য ; কামে হিত্বা অকিঞ্চনো (সন্তো) পণ্ডিতো চিত্তক্লেসেহি অত্তানং পরিয়োদপেয্য।

সংস্কৃত।—পণ্ডিতঃ 'কৃষ্ণং ধর্ম্মং' বিপ্রহায় ওকাৎ (গৃহাৎ) অনোকং আগম্য 'শুক্লং ধর্ম্মং' ভাবয়ত 'যত্র দুরমং' (আনন্দহীনত্বং এবাস্তীতি) তত্র 'বিবেকে' নির্ব্বাণে অভিরতিং ইচ্ছেৎ ; কামান্ হিত্বা অকিঞ্চনঃ (সন্) পণ্ডিতঃ 'চিত্তক্লেশৈঃ' আত্মানং পর্য্যবদাপয়েৎ।

অনুবাদ।—পণ্ডিত ব্যক্তি সংসারের (কৃষ্ণবর্ণ) দুঃখময় জীবন পরিত্যাগ করিয়া প্রব্রজ্যা অবলম্বনপূর্ব্বক (শুক্লবর্ণ) বৈরাগ্যপূর্ণ পুণ্যময়

জীবন যাপন করেন ; যে বিবেক (নির্ব্বাণ) লাভ দুষ্কর, পণ্ডিত ব্যক্তি বাসনাসমূহ পরিত্যাগ করিয়া চিত্তের মলিনতা পরিহার পূর্ব্বক সেই বিবেকে অভিরমণ করেন।

---

৮৯ যেসং সম্বোধিঅঙ্গেসু সম্মা চিত্তং সুভাবিতং
আদানপটিনিস্সগ্গে অনুপাদায় যে রতা
খীনাসবা জুতীমন্তো[১] তে লোকে পরিনিব্বুতা। ১৪

অন্বয়।—যেসং চিত্তং সম্বোধি অঙ্গেসু সম্মা সুভাবিতং, আদানপটিনিস্সগ্গে যে অনুপাদায় রতা, খীনাসবা জুতীমন্তো তে লোকে পরিনিব্বুতা।

সংস্কৃত।—যেষাং চিত্তং 'সম্বোধ্যঙ্গেষু' সম্যক্ সুভাবিতম্ আদান-প্রতিনিঃসর্গে যে অনুপাদায় রতাঃ (রমন্তে, আনন্দমনুভবন্তীত্যর্থঃ) ক্ষীণাশ্রবাঃ জ্যোতিষ্মন্তঃ, তে লোকে (ইহলোকে এব) পরিনির্বৃতাঃ (মুক্তাঃ ভবন্তি)।

অনুবাদ।—যাঁহাদের চিত্ত সপ্ত বোধিজ্ঞানে (সম্বোধ্যাঙ্গ) সুপ্রষ্ঠিত, যাঁহারা উপাদান পরিত্যাগপূর্ব্বক অনুপদানে রত তাঁহারাই ইহলোকে ক্ষীণাস্রব, জ্যোতিষ্মান্ এবং পরিনির্ব্বাণ প্রাপ্ত। (তাঁহারা ইহজন্মে ক্লেশ-নির্ব্বাণ লাভ করেন ও দেহত্যাগে অনুপাধিশেষ নির্ব্বাণ প্রাপ্ত হন।)

পণ্ডিতবগ্গো ছট্ঠো।

১। জুতি-জুতিমতা।

অরহন্তবগ্গো

(সত্তমো)

জীবকের আম্রবনে ... জীবক

৯০ গতদ্ধিনো বিসোকস্স বিপ্পমুত্তস্স সব্বধি[১]
সব্বগন্থপ্পহীণস্স পরিলাহো[২] ন বিজ্জতি। ১

অন্বয়।—গতদ্ধিনো বিসোকস্স সব্বধি বিপ্পমুত্তস্স সব্বগন্থপ্পহীণস্স (জনস্স) পরিলাহো ন বিজ্জতি।

সংস্কৃত।—গতাধ্বনঃ, বিশোকস্য, 'সর্ব্বধা' বিপ্রমুক্তস্য সর্ব্বগ্রন্থপ্রহীণস্য জনস্য পরিদাহো (দুঃখম্) ন বিদ্যতে।

অনুবাদ।—যাঁহার পথ চলা শেষ হইয়াছে, অর্থাৎ যিনি গন্তব্য স্থানে পৌঁছিয়াছেন, যিনি বিগতশোক হইয়াছেন, যিনি সর্ব্ব প্রকারে মুক্ত হইয়াছেন (পঞ্চস্কন্ধ হইতে), এবং যাঁহার সকল গ্রন্থি ছিন্ন হইয়াছে তাঁহার কোন দুঃখ নাই।

বেণুবন ... মহাকস্সপ

৯১ উয্যুঞ্জন্তি সতীমন্তো[৩] ন নিকেতে রমন্তি তে,
হংসা ব পল্ললং হিত্বা ওকমোকং জহন্তি তে। ২

অন্বয়।—তে সতীমন্তো উয্যুঞ্জন্তি, নিকেতে ন রমন্তি; পল্ললং হিত্বা হংসা ব তে ওকমোকং জহন্তি।

১। সব্বধী ২। পরিলাহো—দ্বিবিধ, কায়িক ও চৈতসিক। ৩। সতি—
'সব্বধি'—অর্থাৎ 'সর্ব্বপ্রকারে' সর্ব্ববিষয়ে' এই শব্দটীর সংস্কৃত প্রতিবাক্য Childers দিতে পারেন নাই। 'সর্ব্বধার' সহিত ইহার কতক সাদৃশ্য আছে। এজন্য আমরা ঐরূপ অর্থই করিলাম।

সংস্কৃত।—তে 'স্মৃতিমন্তঃ' (একাগ্রমনসঃ সন্তঃ) উদ্যুঞ্জন্তি (ধর্ম্মাভ্যাসে উদ্যোগিনো ভবন্তি), নিকেতে (আবাসে) ন রমন্তে, (মোদন্তে, মুদমাপ্নুবন্তি), (পরন্তু) পল্বলং হিত্বা (প্রস্থিতা ইতি শেষঃ) হংসা ইব তে (অর্হন্তঃ) ওকমোকং জহতি (ত্যজন্তি)।

অনুবাদ।—যাঁহারা একাগ্রমনে ধর্ম্মাভ্যাসে নিরত রহেন, গৃহ-সুখে আনন্দলাভ করেন না; হংসগণ যেমন পুষ্করিণী ত্যাগ করিয়া চলিয়া যায়, তাঁহারা (ক্ষীণাস্রবগণ) সেইরূপ গৃহ ত্যাগ করিয়া চলিয়া যান।

জেতবন ... বেলট্‌ঠিসীস

৯২ যেসং সন্নিচয়ো[১] নত্থি যে পরিঞ্ঞাতভোজনা
সুঞ্ঞতো অনিমিত্তো চ বিমোক্খো[২] যস্স গোচরো
আকাসে ব সকুন্তানং গতি তেসং[৩] দুরন্নয়া। ৩

অন্বয়।—যেসং সন্নিচয়ো নত্থি, যে পরিঞ্‌ঞাতভোজনা, সুঞ্‌ঞতো অনিমিত্তো চ বিমোক্‌খো যস্স গোচরো, আকাশে সকুন্তানং ব তেসং গতি দুরন্নয়া।

৯২। 'পরিঞ্‌ঞাতভোজনা'—বৌদ্ধধর্ম্মে ভোজনবিষয়ে তিনটী 'পরিঞ্‌ঞা (পরিজ্ঞা) কথিত হইয়াছে। বিস্তৃত বিবরণ জন্য পরিশিষ্ট দেখ।

১। সন্নিচয়—(১) কর্ম্মসন্নিচয়, কুশল অকুশল কর্ম্ম, (২) প্রত্যয় সন্নিচয়, চতুর্বিধ প্রত্যয়।

২। বিমোখো ৩। যেসং

সংস্কৃত।—যেষাং সন্নিচয়ঃ (অর্থসঞ্চয় ইত্যর্থঃ) নাস্তি, যে পরিজ্ঞাত-ভোজনাঃ, শূন্যতারূপঃ অনিমিত্তশ্চ বিমোক্ষঃ যেষাং গোচরঃ, আকাশে শকুন্তানাম্ ইব তেষাং গতিঃ দুরন্বয়া।

অনুবাদ।—যাঁহার কোন বস্তুর সঞ্চয় নাই, যিনি 'পরিজ্ঞা'ত্রয়ের সহিত ভোজন করেন, শূন্যতারূপ ও অনিমিত্ত বিমোক্ষ (অর্থাৎ নির্ব্বাণ) যাঁহার গোচরীভূত হইয়াছে, আকাশে পক্ষিগণের পদনিক্ষেপ যেমন নিরূপণ করা যায় না, তাঁহাদিগের ক্ষীণাস্রবগণের গতিও সেইরূপ নিরূপণ করা যায় না।

বেণুবন　　...　　অনুরুদ্ধ থের

৯৩　যস্সাসবা পরিক্খীণা আহারে চ অনিস্সিতো
সুঞ্ঞতো অনিমিত্তো চ বিমোক্খো যস্স গোচরো
আকাসেব সকুন্তানং পদং তস্স দুরন্নয়ং। ৪

অন্বয়।—যস্স আসবা পরিক্খীণা, (যো) চ আহারে অনিস্সিতো সুঞ্ঞতো অনিমিত্তো চ বিমোক্খো যস্স গোচরো, আকাশে সকুন্তানং ব তস্স পদং দুরন্নয়ং।

সংস্কৃত।—যস্য 'আশ্রবাঃ' (কামাদিদোষাঃ) পরিক্ষীণাঃ, যশ্চ আহারে অনিঃসৃতঃ, শূন্যতঃ অনিমিত্তশ্চ বিমোক্ষঃ যস্য গোচরঃ, আকাশে শকুন্তানামিব তস্য পদং দুরন্বয়ম্।

৯৩। সুঞ্ঞতো—রাগ, দ্বেষ ও মোহের অভাবই শূন্যতা। অনিমিত্তো—রাগাদি নিমিত্তের অভাবই অনিমিত্ত, ও রাগ দ্বেষাদি হইতে মুক্তিই বিমোক্ষ।

অনুবাদ।—যাঁহার আস্রব সকল (কাম, ভব, দৃষ্টি ও অবিদ্যা) ক্ষয় প্রাপ্ত হইয়াছে, যিনি 'আহার' চতুষ্টয়ের বশীভূত নহেন, শূন্যতারূপ ও অনিমিত্ত বিমোক্ষ যাঁহার গোচরীভূত হইয়াছে, আকাশে পক্ষি-গণের গতি যেমন দুর্জ্ঞেয়, তাঁহার গতিও সেইরূপ দুর্জ্ঞেয়।

পূর্ব্বারাম .. মহাকচ্চায়ন

৯৪ যস্সিন্দ্রিয়ানি সমথং গতানি,
অস্সা যথা সারথিনা সুদন্তা,
পহীনমানস্স অনাসবস্স
দেবাপি তস্স পিহয়ন্তি তাদিনো। ৫

অন্বয়।—সুদন্তা অস্‌সা সারথিনা যথা, যস্‌স ইন্দ্রিয়ানি সমথং গতানি, তাদিনো পহীনমানস্‌স অনাসবস্‌স তস্‌স্ দেবাপি পিহয়ন্তি।

সংস্কৃত।—সুদান্তা অশ্বাঃ সারথিনা যথা (ইব) যস্য ইন্দ্রিয়াণি 'শমথং' (শান্ততামিতার্থঃ) গতানি, প্রহীণমানস্য গতাভিমানস্য অনাস্রবস্য নিষ্কলুষস্য তস্য জনস্য (ভাগ্যায়) দেবা অপি স্পৃহয়ন্তি।

অনুবাদ।—সারথি যেমন অশ্বগণকে দমন করে, সেইরূপ যিনি ইন্দ্রিয়-গণকে শান্ত করিয়াছেন, তাদৃশ নিরভিমান নিষ্কলুষ (আস্রব-শূন্য) পুরুষকে দেবতারাও ঈর্ষ্যা করেন (অর্থাৎ তাঁহার অবস্থা কামনা করেন)।

জেতবন ... সারিপুত্ত থের

৯৫ পঠবীসমো নো বিরুজ্ঝতি
ইন্দখীলূপমো তাদি সুব্বতো
রহদো ব অপেতকদ্দমো
সংসারা ন ভবন্তি তাদিনো। ৬

অন্বয়।—তাদি (নো) সুব্বতো পঠবীসমো ইন্দখীলূপমো নো বিরুজ্ঝতি, (সো) অপেতকদ্দমো রহদো ব, তাদিনো সংসারা ন ভবন্তি।

সংস্কৃত।—তাদৃক্ সুব্রতঃ 'পৃথিবীসমঃ' 'ইন্দ্রকীলোপমঃ' নো বিরুধ্যতে (শুভাশুভয়োঃ মানাপমানয়োশ্চ বিরোধী ন ভবতীত্যর্থঃ); স অপেতকর্দ্দমঃ হ্রদ ইব (নির্ম্মলঃ শান্তশ্চ ভবতি), তাদৃশস্য (অর্হতঃ) সংসারাঃ (জন্মানি ইত্যর্থঃ) ন ভবন্তি।

অনুবাদ।—তাদৃশ সুব্রত পুরুষ (ক্ষীণাসব ভিক্ষু) পৃথিবী এবং ইন্দ্রকীলের ন্যায় শুভাশুভে ও শত্রুমিত্রে সমভাবাপন্ন, অনুরাগ বা বিরাগ-

'পঠবীসমো' ইন্দখীলূপমো'—'পৃথিবীর' সমান ও 'ইন্দ্রকীলোপম' বলিলে সচরাচর 'ধৈর্য্যশালী' ও 'দৃঢ়' এইরূপ অর্থ বুঝাইয়া থাকে, কিন্তু বুদ্ধঘোষ অন্যরূপ অর্থ করিয়াছেন। তিনি লিখিয়াছেন, "যেমন লোকে পৃথিবীর উপর পবিত্র গন্ধমাল্যাদি নিক্ষেপ করে, অপবিত্র মূত্রপুরীষাদিও নিক্ষেপ করে, অথবা যেমন বালকাদি নগরদ্বারে প্রতিষ্ঠিত ইন্দ্রকীলে মলমূত্র ত্যাগ করে ও অপর কেহ প্রণত হইয়া গন্ধমালাদি দ্বারা তাহার সৎকার করে, তথাপি যেমন তাহাতে পৃথিবীর এবং ইন্দ্রকীলের অনুরাগ বা বিরাগ কিছুই জন্মে না, সেইরূপ ক্ষীণকল্মষ ভিক্ষু 'ইহারা খাদ্যবস্ত্রাদি দ্বারা আমার সৎকার করিল, এবং ইহারা তাহা করিল না' এই ভাবিয়া সৎকারকারী বা অসৎকারকারীর উপর সন্তুষ্ট বা বিরোধী হন না।' সুতরাং সাধু ভিক্ষুগণকে পৃথিবীর সহিত ও ইন্দ্রকীলের সহিত তুলনা করায়, তাঁহারা শুভ ও অশুভে অধিকারী এবং শত্রুমিত্রে সমভাবাপন্ন, এই অর্থই বুঝাইতেছে।

শূন্য, তিনি পঙ্কহীন হ্রদের ন্যায় নির্ম্মল এবং শান্ত। রাগ-ক্রোধাদিরূপ মলিনতা তাঁহার থাকে না, তাদৃশ ব্যক্তিকে সংসারে পুনরাবর্ত্তন করিতে হয় না।

জেতবন ... কোসম্বিভাসিত তিস্‌সথের সামণের

৯৬ সন্তং তস্স মনং হোতি সন্তা বাচা চ কম্মঞ্চ
সম্মদঞ্ঞাবিমুত্তস্স উপসন্তস্স তাদিনো। ৭

অন্বয়।—সম্মদঞ্‌ঞাবিমুত্তস্‌স্‌ উপসন্তস্‌স (খীণাসব সমনস্‌স) তাদিনো তস্‌স মনং সন্তং হোতি। বাচা চ সন্তা (হোতি) কম্মঞ্চ (সন্তং হোতি)।

সংস্কৃত।—সম্যক্‌প্রজ্ঞয়া (সম্যগ্‌জ্ঞানেন) বিমুক্তস্য উপশান্তস্য তাদৃশস্য তস্য অর্হতঃ মনঃ সৎ ভবতি, বাক্‌ চ সতী ভবতি, কর্ম্ম চ সত্যং ভবতি।

অনুবাদ।—সম্যক্‌ জ্ঞান দ্বারা মুক্তিপ্রাপ্ত, তাদৃশ ধীর (রাগাদি উপশম হেতু উপশান্ত) ব্যক্তিগণের (খীনাশ্রবগণের) চিত্ত প্রশান্ত হয়, বাক্য শান্ত হয়, এবং কর্ম্মও শান্ত হইয়া যায়।

জেতবন ... সারিপুত্রথের

৯৭ অস্সদ্ধো অকতঞ্ঞূ চ সন্ধিচ্ছেদো চ যো নরো
হতাবকাসো বন্তাসো স্‌বে উত্তমপোরিসো। ৮

অন্বয়।—যো নরো অস্‌সদ্ধো অকতঞ্‌ঞূ চ সন্ধিচ্ছেদো চ হতাবকাসো বন্তাসো (সিয়া) স বে উত্তমপোরিসো (সিয়া)।

সংস্কৃত।—যো নরঃ অশ্রদ্ধঃ, 'অকৃতজ্ঞঃ,' সন্ধিচ্ছেদঃ, চ হতাবকাশঃ বান্তাশঃ স্যাৎ স বৈ উত্তমপুরুষঃ স্যাৎ।

অনুবাদ।—যিনি পরের কথায় সহজে বিশ্বাস করেন না (অর্থাৎ স্থিরবুদ্ধি) যিনি নির্ব্বাণতত্ত্ব জানিয়াছেন, যিনি সংসারাবর্ত্তন ছিন্ন করিয়াছেন, যিনি সদসতের হাত হইতে এড়াইয়াছেন, যাঁহার সকল বাসনাই ফুরাইয়াছে, তিনিই যথার্থ সাধুপুরুষ।

জেতবন ... খদিরবণিয রেবতথের

৯৮ গামে বা যদি বা হরঞ্ঞে নিন্নে[১] বা যদি বা থলে
যত্থারহন্তো বিহরন্তি তং ভূমিংরামণেয্যকং। ৯

অন্বয়।—গামে বা যদি বা অরঞ্ঞে নিন্নে বা যদি বা থলে, যত্থ অরহন্তো বিহরন্তি, তং ভূমিং রামণেয্যকং।

৯৭। 'অশ্রদ্ধ'—'শ্রদ্ধা' বলিলে সাধারণতঃ 'ধর্ম্মাদিতে বিশ্বাস' বুঝায়। কিন্তু, এখানে শ্রদ্ধা শব্দে 'সহজে যে কোন বিষয়ে বিশ্বাসস্থাপন' (credulity) এই অর্থ বুঝাইতেছে। ইহা অস্থিরমতিত্বের লক্ষণ সন্দেহ নাই। সুতরাং 'অস্সদ্ধো' শব্দের অর্থ, অন্য শব্দের অভাবে, 'স্থিরবুদ্ধি' বলা যাইতে পারে।

'অকতঞ্ঞূ'—'অকৃতজ্ঞ' শব্দ বিশেষ অর্থে প্রযুক্ত হইয়াছে, 'অকৃত' অর্থাৎ 'যাহা কাহারও দ্বারা কৃত হয় নাই,' অর্থাৎ 'যাহা অনন্তকালস্থায়ী', সুতরাং 'নির্ব্বাণ'। যিনি নির্ব্বাণকে জানিয়াছেন, তিনিই 'অকৃতজ্ঞ।'

'সন্ধিচ্ছেদো'—'সন্ধি' শব্দের অর্থ 'বন্ধন' অর্থে ব্যবহার করা যাইতে পারে। কিন্তু বুদ্ধঘোষ 'সন্ধি' শব্দের অর্থ 'সংসার-সন্ধি' (অর্থাৎ 'সংসারে পুনরাবর্ত্তন' বা পুনর্জন্ম) করিয়াছেন।

'হতাবকাসো'—'অবকাশ অর্থে 'ভালমন্দের, কুশলাকুশলের অবকাশ।' তাহা যিনি নাশ করিয়াছেন, তিনি 'হতাবকাশ।' অর্থাৎ যিনি ভালমন্দের অতীত।

'বন্তাসো'—'বান্তাশঃ' অর্থাৎ 'যাঁহার সকল বাসনা ফুরাইয়াছে।'

১ 'নিন্নে'—'নিম্নে' অর্থাৎ 'নিম্নস্থানে'।

সংস্কৃত।—গ্রামে বা যদি বা অরণ্যে নিম্নে বা স্থলে, যত্র অর্হন্তঃ বিহরন্তি, সা ভূমিঃ রমণীয়া।

অনুবাদ।—গ্রামে কি অরণ্যে, নিম্ন বা উন্নত দেশে যেখানে অর্হতেরা অবস্থান করেন, সেই ভূমি রমণীয়।

জেতবন ... অরঞ্ঞিকভিক্‌খু

৯৯ রমণীয়ানি অরঞ্ঞানি যত্থ ন রমতি জনো
বীতরাগা রমিস্সন্তি[১] ন তে কামগবেসিনো। ১০

অন্বয়।—অরঞ্ঞানি রমণীয়ানি; যত্থ জনো ন রমতি, (তত্থ) বীতরাগা রমিস্‌সন্তি (যস্‌মা) তে কামগবেসিনো ন (হোতি)।

সংস্কৃত।—অরণ্যানি রমণীয়ানি; যেষু জনো ন রমতে তেষু বীতরাগাঃ রংস্যন্তে, (যস্মাৎ) তে ন কামগবেষিণঃ (কামান্বেষিণঃ)।

অনুবাদ। অরণ্য সকল রমণীয়; যেখানে অজ্ঞ লোকে আনন্দ লাভ করে না, অনাসক্ত ব্যক্তিগণ সেইখানে সুখ পাইয়া থাকেন, কারণ তাঁহারা কামান্বেষী নহেন।

(অরহন্তোবগ্‌গো সত্তমো।)

১ রমেস্‌সন্তি।

সহস্সবগ্গো

(অট্ঠমো)

বেণুবন ... তম্বদাঠিক চোরঘাতক

১০০ সহস্সমপি চে বাচা অনত্থপদসংহিতা,
একং অত্থপদং[1] সেয্যো যং সুত্বা উপসম্মতি ।১

অন্বয়।—অনত্থপদসংহিতা বাচা সহস্সমপি চে সিয়া, (তথাপি) অত্থপদং একং (অৎথযুক্তা বাচা একা) সেয্যো, যং সুত্বা উপসম্মতি।

সংস্কৃত।—অনর্থপদসংহিতা বাচঃ সহস্রমপি চেৎ স্যুঃ, (তথাপি) একং অর্থপদং (বাক্যং) শ্রেয়ঃ, যং শ্রুত্বা উপশাম্যতি।

অনুবাদ।—নিরর্থশব্দসমন্বিত বাক্য সহস্রসংখ্যক হইলেও, একটী অর্থপূর্ণ বাক্য তাহা অপেক্ষা শ্রেয়ঃ, কারণ তাহা শুনিলে লোকে শান্ত হইয়া যায়।

জেতবন ... দারুচীরিয় থের

১০১ সহস্সমপি চে গাথা অনত্থপদসংহিতা,
একং গাথাপদং সেয্যো যং সুত্বা উপসম্মতি। ২

অন্বয়।—অনত্থপদসংহিতা গাথা সহস্সমপি চে (সিয়া) (তথাপি) একং গাথাপদং যং সুত্বা উপসম্মতি তং সেয্যো।

১। নির্ব্বাণ প্রতিসংযুক্ত বাক্য অর্থাৎ স্কন্ধ, ধাতু, আয়তন, ইন্দ্রিয়, বল, বোধ্যাঙ্গ, স্মৃত্যোপ্রস্থান ইত্যাদি পরিদীপক বাক্য ইহাই অর্থপূর্ণ।

সংস্কৃত।—অনর্থপদসংহিতা গাথা সহস্রমপি চেৎ স্যুঃ, তথাপি একং গাথাপদং শ্রেয়ঃ, যৎ শ্রুত্বা জন উপশাম্যতি।

অনুবাদ।—নিরর্থপদসংযুক্ত সহস্র গাথা হইতে, একটী গাথাপদ যাহা শুনিলে লোক শান্ত হইয়া যায়, তাহা শ্রেয়ঃ।

জেতবন ... কুণ্ডলকেসী থেরী

১০২ যো চ গাথাসতং ভাসে অনত্থপদসংহিতা,
একং ধম্মপদং সেয্যো যং সুত্বা উপসম্মতি। ৩

১০৩ যো সহস্সং সহস্সেন সঙ্গামে মানুসে জিনে,
একঞ্চ জেয্যমত্তানং স বে সঙ্গামজুত্তমো। ৪

অন্বয়।—যো চ অনত্থপদসংহিতা গাথাসতং ভাসে (তস্স) একং ধম্ম-পদং যং সুত্বা উপসম্মতি, তং সেয্যো। যো (একো) সঙ্গামে সহস্সেন সহস্সং মানুসে জিনে, (যো চ) একমত্তানং জেয্যং স বে সঙ্গামজুত্তমো।

সংস্কৃত।—যশ্চ অনর্থপদসংহিতং গাথাশতং ভাষেত, তস্য একং ধম্মপদং শ্রেয়ঃ যৎ শ্রুত্বা উপশাম্যতি, যঃ (একঃ) সংগ্রামে সহস্রেণ (গুণিতং) সহস্রং মানুষান্ জয়েৎ, যশ্চ একমাত্মানং জয়েৎ, স বৈ সংগ্রামজেতৃণামুত্তমঃ।

অনুবাদ।—যে অনর্থপদসংযুক্ত শত গাথা (শ্লোক) বলে, তাহার অপেক্ষা একটী ধর্ম্মপদ (ধর্ম্মবাক্য) যাহা শুনিলে লোকের চিত্ত শান্ত হয়, তাহা শ্রেয়ঃ। যদি কেহ যুদ্ধে সহস্রগুণ সহস্র ব্যক্তিকে

জয় করেন, এবং অপর কেহ কেবল আপনাকে জয় করেন, তবে তিনিই সংগ্রামে জয়শীলদিগের মধ্যে শ্রেষ্ঠ।

জেতবন　　　...　　　অনত্থপুচ্ছক ব্রাহ্মণ

১০৪　অত্তা হবে জিতং সেয্যো যা চায়ং ইতরা পজা,
অত্তদন্তস্স পোসস্স নিচ্চং সঞ্ঞতচারিনো। ৫

১০৫　নেহ্ব দেবো ন গন্ধব্বো ন মারো সহ ব্রহ্মুনা
জিতং অপজিতং কয়িরা তথারূপস্স জন্তুনো।৬

অন্বয়।—যা চায়ং ইতরা পজা (তায়) জিতো অত্তা বে সেয্যো; অত্তদন্তস্স নিচ্চং সঞ্ঞতচারিনো তথারূপস্স জন্তুনো পোসস্স জিতং নেব দেবো অপজিতং করিয়া, ন গন্ধব্বো ন ব্রহ্মুনা সহ মারো।

সংস্কৃত।—যা চেয়ং ইতরা প্রজা (জিতায়াঃ তস্যাঃ) জিতঃ আত্মা বৈ শ্রেয়ান্; দান্তাত্মনঃ নিত্যং সংযতচারিণঃ তথারূপস্য জন্তোঃ পুরুষস্য জিতং (জয়মিত্যর্থঃ) নৈব দেবোঽপজিতং কুর্য্যাৎ, ন গন্ধর্ব্বঃ ন ব্রহ্মণা সহ মারশ্চ।

অনুবাদ।—সাধারণ লোককে জয় করা অপেক্ষা আপনাকে জয় করা শ্রেষ্ঠ; যিনি আপনাকে জয় করিয়াছেন, এবং সর্ব্বদা সংযতভাবে বিচরণ করেন, সেই পুরুষের জয়কে পরাজয়ে পরিণত করিতে দেবতাও পারেন না, গন্ধর্ব্বও পারেন না, ব্রহ্মাও পারেন না, মারও পারে না।

বেণুবন ... সারিপুত্ত থের মাতুল ব্রাহ্মণ

১০৬ মাসে মাসে সহস্সেন যো যজেথ সতং সমং,
একঞ্চ ভাবিতত্তানং[১] মুহুত্তমপি পূজয়ে,
সা যেব পূজনা সেয্যো যঞ্চে বস্সসতং হুতং।৭

অন্বয়।—যো সতং সমং মাসে মাসে সহস্সেন যজেথ, (যো) চ একং ভাবিতত্তানং মুহুত্তমপি পূজয়ে; যঞ্চে বস্সসতং হুতং (তস্মা) সা যেব পূজনা সেয্যে।

সংস্কৃত।—যঃ শতং সমাঃ মাসে মাসে সহস্রেন যজেত, যশ্চ একং ভাবিতাত্মানং মুহূর্ত্তমপি পূজয়েৎ; যৎ চেৎ বর্ষশতং হুতং (তস্মাৎ) সা এব পূজনা শ্রেয়সী।

অনুবাদ।—যদি কেহ শত বৎসর ধরিয়া সহস্র মুদ্রা ব্যয় দ্বারা মাসে মাসে যজ্ঞ করে, এবং সেই ব্যক্তিই যদি অন্য একজন ধর্ম্মপরায়ণ স্থিতপ্রজ্ঞ (যোগযুক্ত) ব্যক্তিকে মুহূর্ত্তমাত্রও পূজা করে, তবে শতবর্ষের হোম অপেক্ষা সেই পূজাই শ্রেষ্ঠ।

বেণুবন ... সারিপুত্ত থের ভাগীনেয়

১০৭ যো চ বস্সসতং জন্তু[২] অগ্গিং পরিচরে বনে,
একঞ্চ ভাবিতত্তানং মুহুত্তমপি পূজয়ে,
সা যেব পূজনা সেয্যো যঞ্চে বস্সসতং হুতং। ৮

অন্বয়।—যো চ জন্তু বনে অগ্‌গিং বস্‌সসতং পরিচরে, (অপরো) চ (কোঽপি) ভাবিতত্তানং একং মুহুত্তমপি পূজয়ে, যঞ্চে বস্‌সসতং হুতং (তস্মা) সা যেব পূজনা সেয্যো।

১। স্রোতাপত্তি হইতে অর্হৎ পর্য্যন্ত।
২। কোন কোন স্থলে "জন্তুম্" পাঠ দেখিতে পাওয়া যায়।

সংস্কৃত।—যশ্চ জন্তুঃ (জন ইত্যর্থঃ) বনে অগ্নিং বর্ষশতং পরিচরেৎ, অপরশ্চ কোঽপি ভাবিতাত্মানমেকং মুহূর্ত্তমপি পূজয়েৎ, যৎ বর্ষশতং হুতং (তস্মাৎ) সৈব পূজনা (একস্য ভাবিতাত্মনঃ পূজা) শ্রেয়সী।

অনুবাদ।—যদি কেহ শত বৎসর ধরিয়া বনে অগ্নিদেবের পরিচর্য্যা করেন, এবং অপরদিকে সেই ব্যক্তিই যদি কোন ধর্ম্মপরায়ণ ব্যক্তিদিগের মধ্যে একজনকেও মুহূর্ত্তমাত্র পূজা করেন, তবে শত বর্ষের হোম অপেক্ষা সেই পূজাই শ্রেষ্ঠ।

বেণুবন ... সারিপুত্তসহায়ক ব্রাহ্মণ

১০৮ যং কিঞ্চি য়িট্ঠং চ হুতং চ লোকে
সংবচ্ছরং যজেথ পুঞ্ঞপেক্খো
সব্বম্পি তং ন চতুভাগমেতি,
অভিবাদনা উজ্জুগতেসু সেয্যো। ৯

অন্বয়।—পুঞ্ঞপেক্‌খো (পোসো) লোকে যং কিঞ্চি য়িট্ঠং ব হুতং ব সংবচ্ছরং যজেথ, সব্বম্পি তং ন চতুভাগমেতি, উজ্জুগতেসু অভিবাদনা সেয্যো।

সংস্কৃত।—পুণ্যাপেক্ষঃ (পুরুষঃ) লোকে পৃথিব্যাং যৎ কিঞ্চিৎ ইষ্টং বা হুতং বা সংবৎসরং (ব্যাপ্য ইত্যর্থঃ) যজেত, সর্ব্বমপি তৎ ন চতুর্ভাগমেতি (অর্হতীত্যর্থঃ), ঋজুগতানাম্ (সরলপ্রকৃতীনাং সাধূনাম্) অভিবাদনা শ্রেয়সী।

১০৮। অন্যত্র এই পাঠ দৃষ্ট হয়—'য়িট্ঠং ব হুতং ব'। কোন কোন সিংহলীয় পুস্তকে 'পুঞ্ঞ পেখো' শব্দ দেখা যায়।

অনুবাদ।—পুণ্যাকাঙ্ক্ষী ব্যক্তি ইহলোকে সংবৎসর ধরিয়া যাহা কিছু যাগ কিংবা হোম করেন, সে সকলের মূল্য (সরল প্রকৃতি সাধুগণের অভিবাদনার মূল্যের) চতুর্থাংশও নহে; সরল-প্রকৃতি সাধুগণের (যাঁহারা ৬২ প্রকার দৃষ্টি বিনির্ম্মুক্ত হইয়া অষ্টাঙ্গমার্গ অনুসরণ করেন) অভিবাদনা অনেক শ্রেয়সী।

অরঞ্ঞ্‌ঞকুটিকায় ... দীঘায়ুকুমার

১০৯ অভিবাদনসীলিস্স[১] নিচ্চং বদ্ধাপচায়িনো,
চত্তারো ধম্মা বড্‌ঢন্তি, আয়ু বণ্ণো সুখং বলং। ১০

অন্বয়।—অভিবাদনসীলিস্‌স নিচ্চং বদ্ধাপচায়িনো তস্‌স আয়ু, বণ্ণো, সুখং, বলং ইতি চত্তারো ধম্মা বড্‌ঢন্তি॥

সংস্কৃত।—অভিবাদনশীলস্য নিত্যং বৃদ্ধাপচায়িনঃ চত্বারো 'ধর্ম্মা' বর্দ্ধন্তে—আয়ুঃ, বর্ণঃ, সুখং, বলম্‌।

অনুবাদ।—যিনি সর্ব্বদা বৃদ্ধ ব্যক্তিকে অভিবাদন ও সম্মান করেন, তাঁহার আয়ুঃ, বর্ণ, সুখ এবং বল এই চারিটী সম্পদ্‌ বর্দ্ধিত হয়।

জেতবন ... সংকীচ্চ সামণের

১১০ যো চ বস্সসতং জীবে দুস্সীলো অসমাহিতো,
একাহং জীবিতং সেয্যো সীলবন্তস্স ঝায়িনো। ১১

অন্বয়।—যো দুস্‌সীলো অসমাহিতো (সন্তো) বস্‌সসতং জীবে, (তস্‌স জীবিতা) সীলবন্তস্‌স ঝায়িনো একাহং জীবিতং সেয্যো।

১। মনুসংহিতায় দ্বিতীয় অধ্যায়ে আমরা এই প্রকার একটী শ্লোক দেখিতে পাই।
—অভিবাদনশীলস্য নিত্যং বৃদ্ধোপসেবিনঃ
চত্বারি সংপ্রবর্দ্ধন্তে আয়ুর্ব্বিদ্যা যশো বলম্‌॥ ১২১॥

সংস্কৃত।—যঃ দুঃশীলোঽসমাহিতঃ (সন্) বর্ষশতং জীবেৎ, তস্য জীবিতাৎ শীলবতঃ ধ্যায়িন একাহং জীবিতং শ্রেয়ঃ।

অনুবাদ।—যে দুশ্চরিত্র ও অসমাহিত হইয়া শতবর্ষ জীবিত থাকে, তাহার জীবন অপেক্ষা চরিত্রবান্ ধ্যানপরায়ণ ব্যক্তির এক দিনের জীবনও শ্রেয়ঃ।

জেতবন ... কোণ্ডঞ্ঞ থের

১১১ যো চ বস্সসতং জীবে দুপ্পঞ্ঞো অসমাহিতো,
একাহং জীবিতং সেয্যো পঞ্ঞাবন্তস্স[১] ঝায়িনো।১২

অন্বয়।—যো দুপ্পঞ্ঞো অসমাহিতো (সন্তো) বস্‌সসতং জীবে, (তস্‌স জীবিতা) পঞ্ঞাবন্তস্‌স ঝায়িনো একাহং জীবিতং সেয্যো।

সংস্কৃত।—যঃ দুষ্প্রজ্ঞঃ অসমাহিতঃ (সন্) বর্ষশতং জীবেৎ, (তস্য জীবিতাৎ) প্রজ্ঞাবতঃ ধ্যায়িন একাহং জীবিতং শ্রেয়ঃ।

অনুবাদ।—যে প্রজ্ঞাহীন ও অসমাহিত হইয়া শত বর্ষ জীবিত থাকে, তাহার জীবন অপেক্ষা প্রজ্ঞাবান্ ও ধ্যানপরায়ণ ব্যক্তির একদিবসের জীবনও শ্রেয়ঃ।

জেতবন ... সপ্পদাস থের

১১২ যো চ বস্সসতং জীবে কুসীতো হীনবীরিয়ো,
একাহং জীবিতং সেয্যো বীরিয়মারভতো দল্‌হং। ১৩

অন্বয়।—যো কুসীতো হীনবীরিয়ো (সন্তো) বস্‌সসতং জীবে, (তস্‌স জীবিতা) দল্‌হং বীরিয়ং আরভতো (পোসস্‌স) একাহং জীবিতং সেয্যো।

১। শ্যাম দেশীয় পুস্তকে 'পঞ্ঞবন্তস্‌স' পাঠ দেখা যায়।

সংস্কৃত ।—যঃ কুসীদঃ হীনবীর্য্যঃ (সন্) বর্ষশতং জীবেৎ, (তস্য জীবিতাৎ) দৃঢ়ং বীর্য্যমারভমানস্য (জনস্য) একাহং জীবিতং শ্রেয়ঃ ।

অনুবাদ ।—যে অলস ও হীনবীর্য্য হইয়া শতবর্ষ জীবিত থাকে, তাহার জীবন অপেক্ষা দৃঢ়বীর্য্য ব্যক্তির এক দিবসের জীবনও শ্রেয়ঃ ।

জেতবন ... পটাচার থেরী

১১৩ যো চ বস্সসতং জীবে অপস্সং উদয়ব্যয়ং[1],
একাহং জীবিতং সেয্যো পস্সতো উদয়ব্যয়ং । ১৪

অন্বয় ।—যো চ উদয়ব্যয়ং অপস্সং বস্সসতং জীবে, (তস্স জীবিতা) উদয়ব্যয়ং পস্সতো একাহং জীবিতং সেয্যো ।

সংস্কৃত ।—যশ্চ উদয়ব্যয়ৌ অপশ্যন্ বর্ষশতং জীবেৎ, তস্য জীবিতাৎ উদয়ব্যয়ৌ পশ্যত একাহং জীবিতং শ্রেয়ঃ ।

অনুবাদ ।—যে আদি ও অন্ত (জন্ম ও মৃত্যু) না দেখিয়া শতবর্ষ জীবিত থাকে, তাহার জীবন অপেক্ষা আদ্যন্তদর্শী পুরুষের একদিনের জীবনও শ্রেয়ঃ ।

জেতবন ... কিসাগোতমী

১১৪ যো চ বস্সসতং জীবে অপস্সং অমতং পদং,
একাহং জীবিতং সেয্যো পস্সতো অমতং পদং ।১৫

অন্বয় ।—যো চ অমতং পদং অপস্সং বস্সসতং জীবে, (তস্স জীবিতা) অমতং পদং পস্সতো একাহং জীবিতং সেয্যো ।

১ । 'উদয়ব্যয়ং'—'উদয়' অর্থে 'জন্ম', 'আরম্ভ' ; এবং 'ব্যয়' অর্থে 'মৃত্যু' 'শেষ' । ব্রহ্ম ও শ্যাম দেশীয় পুস্তকে 'উদয়ব্যয়ং পদ দৃষ্ট হয় ।

সংস্কৃত।—যশ্চ অমৃতং পদং অপশ্যন্ বর্ষশতং জীবেৎ, তস্য জীবিতাৎ অমৃতং পদং পশ্যত একাহং জীবিতং শ্রেয়ঃ।

অনুবাদ।—যে অমৃতপদ (নির্ব্বাণপদ) না দেখিয়া শত বৎসর জীবিত থাকে, তাহার জীবন অপেক্ষা অমৃতপদদর্শনকারী পুরুষের এক দিবসের জীবনও শ্রেয়ঃ।

জেতবন　　　…　　　বহুপুত্তিক থেরী

১১৫　যো চ বস্সসতং জীবে অপস্সং ধম্মমুত্তমং[১],
একাহং জীবিতং সেয্যো পস্সতো ধম্মমুত্তমং।১৬

অন্বয়।—যো চ মুত্তমংধম্ম অপস্সং বস্সসতং জীবে, (তস্স জীবিতা) ধম্মমুত্তমং পস্সতো একাহং জীবিতং সেয্যো।

সংস্কৃত।—যশ্চ ধর্ম্মমুত্তমং অপশ্যন্ বর্ষশতং জীবেৎ, (তস্য জীবিতাৎ) ধর্ম্মমুত্তমং পশ্যত একাহং জীবিতং শ্রেয়ঃ।

অনুবাদ।—যে ব্যক্তি উত্তম ধর্ম্ম (বুদ্ধদেব প্রদর্শিত উপদেশ) না বুঝিয়া শত বৎসর জীবিত থাকে, তাহার জীবন অপেক্ষা যিনি উত্তম ধর্ম্ম বুঝিয়াছেন, তাঁহার এক দিবসের জীবনও শ্রেয়ঃ।

সহস্সবগ্গো অট্ঠমো।

১। নবলোকোত্তর ধর্ম্ম।

পাপবগ্গো ।

(নবমো)

জেতবন ... চূলেকসাটক ব্রাহ্মণ

১১৬ অভিত্থরেথ কল্যাণে, পাপা চিত্তং নিবারয়ে,
দন্ধং হি করোতো পুঞ্ঞং পাপস্মিং রমতী মনো ।১

অন্বয় ।—কল্যাণে অভিত্থরেথ (চে) পাপা চিত্তং নিবারয়ে; দন্ধং পুঞ্ঞং করোতো (পোসস্স) মনো পাপস্মিং রমতী হি ।

সংস্কৃত ।—কল্যাণে অভিত্বরেত, পাপাৎ চিত্তং নিবারয়েৎ; তন্দ্রিতং পুণ্যং কুর্ব্বতঃ (পুরুষস্য) মনঃ পাপে রমতে হি ।

'দন্ধং'—তন্দ্রিতং অলসং যথা স্যাৎ তথা, অর্থাৎ 'আলস্যের সহিত ।'

অনুবাদ ।—পুণ্যলাভ করিবার জন্য সত্বর হও, পাপ হইতে মনকে নিবৃত্ত কর; আলস্যের সহিত পুণ্যকর্ম্ম করিলে, মন পাপে রত হইয়া থাকে ।

জেতবন ... সেয্যসক থের

১১৭ পাপঞ্চে পুরিসো[১] কয়িরা ন তং কয়িরা পুনপ্পুনং,
ন তম্হি ছন্দং[২] কয়িরাথ, দুক্খো পাপস্স উচ্চয়ো ।২

অন্বয় ।—পাপঞ্চে পুরিসো কয়িরা ন তং পুনপ্পুনং কয়িরা, তম্হি ছন্দং ন কয়িরাথ পাপস্স উচ্চয়ো দুক্খো ॥

১১৬। ৩৬৬,৩৭৫ শ্লোক

১। কোন কোন পুস্তকে 'পূরিসো' বানান দৃষ্ট হয়। ২। 'ছন্দং' শব্দের অর্থ রুচি।

সংস্কৃত।—পাপঞ্চেৎ পুরুষঃ কুর্য্যাৎ, ন তৎ পুনঃপুনঃ কুর্য্যাৎ তস্মিন্ 'ছন্দং' ন কুর্য্যাৎ, পাপস্য উচ্চয়ঃ দুঃখঃ।

অনুবাদ।—যদি কখন কেহ পাপ করে, তবে যেন তাহা পুনঃ পুনঃ না করে, যেন তাহাতে আসক্তি (রুচি) প্রকাশ না করে (কারণ) পাপসঞ্চয় দুঃখকর। (পাপ ইহলোক পরলোকে দুঃখ প্রদান করে)।

জেতবন ...... লাজদেবধীতা

১১৮ পুঞ্ঞঞ্চে পুরিসো কয়িরা কয়িরাথেনং পুনপ্পুনং,
তম্হি ছন্দং কয়িরাথ, সুখো পুঞ্ঞস্স উচ্চয়ো।৩

অন্বয়।—পুঞ্‌ঞঞ্চ পুরিসো কয়িরা, (ততো) এনং পুনপ্পুনং কয়িরাথ, তম্‌হি ছন্দং কয়িরাথ, পুঞ্‌ঞস্‌স উচ্চয়ো সুখো।

সংস্কৃত।—পুণ্যঞ্চেৎ পুরুষঃ কুর্য্যাৎ, (ততঃ) পুনঃপুনঃ কুর্য্যাৎ, তস্মিন্ ছন্দং কুর্য্যাৎ, পুণ্যস্য উচ্চয়ঃ সুখঃ।

অনুবাদ।—যদি কেহ পুণ্যকর্ম্ম করে, তবে যেন তাহা পুনঃ পুনঃ করে, যেন তাহাতে তাহার রুচি জন্মায়, (কারণ) পুণ্যসঞ্চয় সুখকর। (ইহলোক পরলোকে পুণ্য সুখ প্রদান করে)।

জেতবন ... অনাথপিণ্ডিক সেট্‌ঠি

১১৯ পাপো পি[১] পস্সতি[২] ভদ্রং যাব পাপং ন পচ্চতি,
যদা চ পচ্চতি পাপং অথ পাপো পাপানি পস্সতি।৪

১। পী (শ্যাম)। ২। পস্‌সতী (সিংহল)।

১২০ ভদ্রো পি পস্সতি পাপং যাব ভদ্রং ন পচ্চতি,
যদা চ পচ্চতি ভদ্রং অথ [ভদ্রো] ভদ্রানি পস্সতি।৫

অন্বয়।—যাব পাপং ন পচ্চতি (তাব) পাপো পি ভদ্রং পস্সতি; যদা চ পাপং পচ্চতি অথ পাপো পাপানি পস্সতি। যাব ভদ্রং ন পচ্চতি (তাব) ভদ্রো পি পাপং পস্সতি, যদা চ ভদ্রং পচ্চতি অথ ভদ্রো ভদ্রানি পস্সতি।

সংস্কৃত।—যাবৎ পাপং ন পচ্যতে (তাবৎ) পাপোঽপি ভদ্রং শুভং পশ্যতি, যদা চ পাপং পচ্যতে অথ পাপঃ (পাপকৃৎ) পাপানি (অশুভানি) পশ্যতি। যাবৎ ভদ্রং পুণ্যং কর্ম্ম ইত্যর্থঃ ন পচ্যতে (তাবৎ) ভদ্রঃ (পুণ্যকারী) অপি পাপমশুভমিত্যর্থঃ পশ্যতি যদা চ ভদ্রং পচ্যতে ভদ্রো ভদ্রাণি (শুভানি) পশ্যতি।

অনুবাদ।—যতক্ষণ পাপ ফল প্রদান না করে, ততক্ষণ পাপী সুখ দর্শন করে; কিন্তু যখন পাপ ফল প্রদান করে, তখন পাপী অমঙ্গল দর্শন করে (দুঃখ অনুভব করে)। যতক্ষণ পর্য্যন্ত না পুণ্যকর্ম্ম ফল প্রদান করে, ততক্ষণ সাধুব্যক্তিও অশুভ দর্শন করিতে থাকেন, অর্থাৎ পাপফল ভোগ করেন, কিন্তু যখন পুণ্যকর্ম্ম ফল প্রদান করেন, তখন তিনি মঙ্গল দর্শন করেন।

১১৯, ১২০। জাতক, ১ম, পৃ ২৩১।

জেতবন　　　…　　　অসঞ্ঞত পরিক্খার ভিক্খু

১২১　মাবমঞ্ঞেথ[১] পাপস্স 'ন মন্তং আগমিস্সতি,'
উদবিন্দুনিপাতেন উদকুম্ভো পি পূরতি,
বালো পূরতি পাপস্স থোকথোকম্পি আচিনং।৬

অন্বয়।—মন্তং ন আগমিস্সতি (ইতি) পাপং মা অবমঞ্ঞেথ; উদবিন্দুনিপাতেন উদকুম্ভো পি পূরতি, (তথা) থোকথোকম্পি পাপং আচিনং বালো পূরতি।

সংস্কৃত।—মাং তৎ ন আগমিষ্যতীতি পাপং মা অবমন্যেত; উদবিন্দু-নিপাতেন উদকুম্ভোঽপি পূর্য্যতে, তথা স্তোকং স্তোকমপি পাপং আচিন্বন্ বালঃ পূর্য্যতে।

অনুবাদ।—পাপ যতই অল্প হউক না কেন উহা আমার কাছে আসিবে না, এই ভাবিয়া কেহ যেন পাপকে অবহেলা না করে; বিন্দু বিন্দু জল পড়িলেও কলস পূর্ণ হইয়া যায়, সেইরূপ মূর্খ ব্যক্তি অল্প অল্প করিয়া পাপ চয়ন করিলেও অবশেষে পাপে পূর্ণ হইয়া যায়।

জেতবন　　　…　　　বিলালপাদক সেট্ঠি

১২২　মাবমঞ্ঞেথ পুঞ্ঞস্স 'ন মন্তং আগমিস্সতি,'
উদবিন্দুনিপাতেন উদকুম্ভো পি পূরতি,
ধীরো পূরতি পুঞ্ঞস্স থোকথোকম্পি আচিনং।৭

অন্বয়।—মং তং ন আগমিস্সতি (ইতি) পুঞ্ঞং মা অবমঞ্ঞেথ; উদবিন্দুনিপাতেন উদকুম্ভো পি পূরতি (তথা) থোকথোকম্পি পুঞ্ঞং আচিনং ধীরো পূরতি।

১। ফাউস্‌ব্যোল্ কৃত সংস্করণে "মাপ্পমঞ্ঞেথ" পদ ব্যবহৃত হইয়াছে। "মাবমঞ্ঞেথ" (ব্রহ্ম ও শ্যাম)।

সংস্কৃত।—মাং তৎ ন আগমিষ্যতীতি পুণ্যং মা অবমন্যেত ; উদবিন্দু-নিপাতেন উদকুম্ভোঽপি পূর্য্যতে তথা স্তোকং স্তোকমপি পুণ্যমাচিন্বন্ ধীরো পূর্য্যতে।

অনুবাদ।—পুণ্য যতই অল্প হউক না কেন, 'উহা আমার নিকট আসিবে না' (অর্থাৎ অল্পমাত্র পুণ্য অনুষ্ঠান করিলে তাহার কোন ফল হইবে না) এই ভাবিয়া কেহ (কোন পণ্ডিত ব্যক্তি) যেন পুণ্যকে অবহেলা না করেন। বিন্দু বিন্দু জল পড়িলেও কলস পূর্ণ হইয়া যায়, সেইরূপ অল্প অল্প করিয়া পুণ্য চয়ন করিলেও জ্ঞানবান্ পুণ্যে পূর্ণ হইয়া যান।

জেতবন ... মহাধন বাণিজো

১২৩ বাণিজো ব ভয়ং মগ্গং অপ্পসত্থো[১] মহদ্ধনো,
বিসং জীবিতুকামো ব পাপানি পরিবজ্জয়ে ।৮

অন্বয়।—ভয়ং মগ্গং অপ্পসত্থো মহদ্ধনো বাণিজো ব বিসং জীবিতুকামো ব পাপানি পরিবজ্জয়ে।

সংস্কৃত।—ভয়ং (বিপৎসঙ্কুলং) মার্গং অল্পসার্থঃ মহাধনঃ বণিক্ ইব বিষং জীবিতুকাম ইব পাপানি পরিবর্জ্জয়েৎ।

অনুবাদ।—সঙ্গে প্রভূত ধন থাকিলে এবং অল্পসংখ্যক সঙ্গী থাকিলে বণিক্ যেমন বিপৎসঙ্কুল পথ পরিত্যাগ করে, জীবনেচ্ছু ব্যক্তি যেমন বিষ পরিত্যাগ করে, (পণ্ডিত ব্যক্তি) সেইরূপ পাপ পরিত্যাগ করিবে।

১। 'অপ্‌প-সত্থো' ('অল্পশস্ত্র') অর্থে নিরস্ত্র কেহ কেহ এইরূপ অর্থও করেন।

বেণুবন　　　…　　　কুক্কুটমিত্ত

১২৪　পাণিম্হি চে বণো নাস্স,[1] হরেয্য পাণিনা বিসং,
নাব্বণং বিসমন্বেতি, নত্থি পাপং অকুব্বতো।৯

অন্বয়—অস্স পাণিম্হি বণো ন চে (সিয়া) (ততো অয়ং) পাণিনা বিসং হরেয্য; অব্বণং (পোষং) বিসং ন অন্বেতি; (তথা) অকুব্বতো পাপং নত্থি।

সংস্কৃত।—অস্য পাণৌ ব্রণো ন চেৎ স্যাৎ ততোঽয়ং পাণিনা বিষং হরেৎ; অব্রণং (নরং) বিষং ন অন্বেতি, তথা অকুর্ব্বতঃ (পাপং ইতি শেষঃ) পাপং নাস্তি।

অনুবাদ।—যদি হস্তে ক্ষত না থাকে তবে হস্ত দ্বারা বিষও গ্রহণ করা যায়; অক্ষত মনুষ্যকে বিষ কিছুই করিতে পারে না, সেইরূপ (যাহার চিত্তে পাপ নাই) তাহার কাছে পাপ যাইতে পারে না।

জেতবন　　　…　　　কোকসুনখলুদ্দক

১২৫　যো অপ্পদুস্সট্ঠ নরস্স দুস্সতি
সুদ্ধস্স পোসস্স অনঙ্গণস্স,
তমেব বালং পচ্চেতি[2] পাপং
সুখুমো রজো পটিবাতং ব খিত্তো। ১০

অন্বয়।—যো অপ্পদুট্ঠস্স নরস্স, সুদ্ধস্স অনঙ্গণস্স পোসস্স দুস্সতি, তমেব বালং পটিবাতং খিত্তো সুখুমো রজো ব পাপং পচ্চেতি।

১। নস্স।　　　২। উপপ্পজ্জন্তি।

সংস্কৃত।—যোঽপ্রদুষ্টায় নরায় শুদ্ধায় অনঙ্গনায় পুরুষায় দুষ্যতি, তমেব বালং প্রতিবাতং ক্ষিপ্তং সূক্ষ্মং রজ ইব পাপং প্রত্যেতি (প্রত্যাগচ্ছতি প্রাপ্নোতীত্যর্থঃ)।

অনুবাদ।—যে মূর্খব্যক্তি, নির্দোষ, শুদ্ধ এবং নির্ম্মল (রাগ, দ্বেষ ও মোহ হইতে মুক্ত) পুরুষের নিন্দা করে, বায়ুর বিরুদ্ধ দিকে ক্ষিপ্ত সূক্ষ্ম ধূলিকণার ন্যায় পাপ তাহারই নিকট আইসে।

জেতবন ... মণিকারকুলূপগতিস্স থের

১২৬ গব্‌ভমেকে উপ্পজ্জন্তি,[১] নিরয়ং পাপকম্মিনো,
সগ্গং সুগতিনো যন্তি, পরিনিব্‌বন্তি অনাসবা।১১

অন্বয়।—একে গব্‌ভমুপপজ্জন্তি, পাপকম্মিনো নিরয়ং যন্তি, সুগতিনো সগ্‌গং যন্তি, অনাসবা পরিনিব্বন্তি।

সংস্কৃত।—একে গর্ভম্ উপপদ্যন্তে, পাপকর্ম্মিণঃ নিরয়ং যান্তি, সুগতয়ঃ স্বর্গং, অনাস্রবাঃ পরিনির্ব্বান্তি (নির্ব্বাণপদবীং গচ্ছন্তি)।

অনুবাদ।—কেহ কেহ (পুনরায়) গর্ভে জন্মগ্রহণ করে, অর্থাৎ মনুষ্য জন্মপরিগ্রহ করে, পাপকর্ম্মিগণ নরকে গমন করে, পুণ্যকর্ম্মিগণ স্বর্গে গমন করেন, এবং বিষয়বাসনাহীন ব্যক্তিগণ নির্ব্বাণ প্রাপ্ত হন।

জেতবন ...... তিনং ভিক্‌খূ

১২৭ ন অন্তলিক্খে ন সমুদ্দমজ্ঝে
ন পব্বতানং বিবরং পবিস্স,

১। ফউস্‌ব্যোল্ সম্পাদিত পুস্তকে "পটিয়েন্তি" পদ ব্যবহৃত হইয়াছে। সুগতিনো—৩১৮ শ্লোক দ্রষ্টব্য।

ন বিজ্জতী সো জগতি প্পদেসো
যত্থ ট্‌ঠিতো মুঞ্চেয্য পাপকম্মা। ১২

অন্বয়।—ন অন্তলিক্‌খে ন সমুদ্দমজ্ঝে ন পব্বতানং বিবরং পবিস্‌স জগতি সো প্পদেসো ন বিজ্জতী যত্থট্‌ঠিতো (জনো) পাপ-কম্মা মুঞ্চেয্য।

সংস্কৃত।—ন অন্তরীক্ষে ন সমুদ্রমধ্যে ন পর্ব্বতানাং বিবরং প্রবিশ্য জগতি স প্রদেশো ন বিদ্যতে যত্র স্থিতঃ (নরঃ) পাপকর্ম্মণঃ মুচ্যেত।

অনুবাদ।—অন্তরীক্ষে, সমুদ্রমধ্যে কিংবা পর্ব্বত-বিবরে, জগতে এমন কোন স্থান বর্ত্তমান নাই, যেখানে অবস্থান করিলে পাপকর্ম্মের ফল হইতে মুক্ত হওয়া যায়।

নিগ্রোধআরাম	...	সুপ্পবুদ্ধসক্ক

১২৮ ন অন্তলিক্খে ন সমুদ্দমজ্ঝে
ন পব্‌বতানং বিবরং পবিস্স[1],
ন বিজ্জতী সো জগতি প্পদেসো
যত্থ ট্‌ঠিতং ন প্পসহেথ[2] মচ্চু। ১৩

অন্বয়।—ন অন্তলিক্‌খে ন সমুদ্দমজ্‌ঝে ন পব্বতানং বিবরং পবিস্‌স, জগতি সো প্পদেসো ন বিজ্জতী যত্থট্‌ঠিতং (মনুস্‌সং) মচ্চু ন প্পসহেথ।

সংস্কৃত।—ন অন্তরীক্ষে ন সমুদ্রমধ্যে ন পর্ব্বতানাং বিবরং প্রবিশ্য,

---

১। ব্রহ্মদেশীয় পুস্তকে "পবীস" ও শ্যামদেশীয় পুস্তকে "পবীস্‌স" পদ দৃষ্ট হয়।

২। পসহেয্য।

(নরঃ অমরো ভবতি যত ইতি শেষঃ) জগতি স প্রদেশো ন বিদ্যতে যত্র স্থিতং (মনুষ্যং) মৃত্যুঃ ন প্রসহেত।

অনুবাদ।—অন্তরীক্ষে, সমুদ্রমধ্যে কিংবা পর্ব্বত-বিবরে জগতে এমন কোন স্থান বিদ্যমান নাই যেখানে অবস্থান করিলে মৃত্যু আক্রমণ (স্পর্শ) করে না।

পাপবগ্গো নবমো।

দণ্ডবগ্গো

(দসমো)

জেতবন ... ছব্বগ্গিয় ভিক্খু

১২৯ সব্বে তসন্তি দণ্ডস্স সব্বে ভায়ন্তি মচ্চুনো,
অত্তানং উপমং[১] কত্বা ন হনেয্য ন ঘাতয়ে। ১

অন্বয়।—সব্বে দণ্ডস্স তসন্তি, সব্বে মচ্চুনো ভায়ন্তি; অত্তানং উপমং কত্বা ন হনেয্য ন ঘাতয়ে।

সংস্কৃত।—সর্ব্বে দণ্ডাৎ ত্রস্যন্তি, সর্ব্বে মৃত্যোঃ বিভ্যাতি; আত্মানমুপমানং কৃত্বা ন হন্যাৎ ন ঘাতয়েৎ।

অনুবাদ।—সকলেই দণ্ডকে ভয় করে, সকলেই মৃত্যুকে ভয় করে; অতএব সকলকে আপনার ন্যায় ভাবিয়া (অন্যে আমাকে দণ্ড দিলে কিরূপ অনুভব করিব এই ভাবিয়া) কাহাকেও আঘাত করিবে না, বা হত্যা করিবে না।

জেতবন ... ছব্বগ্গিয় ভিক্খু

১৩০ সব্বে তসন্তি দণ্ডস্স, সব্বেসং জীবিতং পিয়ং,
অত্তানং উপমং কত্বা ন হনেয্য ন ঘাতয়ে। ২

অন্বয়।—সব্বে দণ্ডস্স তসন্তি, সব্বেষং জীবিতং পিয়ং, অত্তানং উপমং কত্বা (কোচি) ন হনেয্য ন ঘাতয়ে।

১। উপমা। ১৩০। জাতক, ৩য় ভাগ ২৯২ পৃঃ।

প্রাণা যথাত্মনোঽভীষ্টা ভূতানামপি তে তথা।
আত্মৌপম্যেন ভূতেষু দয়াং কুর্ব্বন্তি সাধবঃ॥

হিতোপদেশ, ১ম ভাগ।

সংস্কৃত।—সর্ব্বে দণ্ডাৎ ত্রস্যন্তি, সর্ব্বেষাং জীবিতং প্রিয়ং, আত্মানমুপমানং কৃত্বা ন (কঞ্চিৎ) হন্যাৎ ন ঘাতয়েৎ।

অনুবাদ।—সকলেই দণ্ডকে ভয় করে, জীবন সকলেরই প্রিয়; (অতএব) আপনার ন্যায় ভাবিয়া কাহাকেও হত্যা করিবে না, কাহাকেও আঘাত করিবে না।

জেতবন ... সম্বহুলকুমার

১৩১ সুখকামানি ভূতানি যো দণ্ডেন বিহিংসতি
অত্তনো সুখমেসানো পেচ্চ সো ন লভতে সুখং[১] ।৩

১৩২ সুখকামানি ভূতানি যো দণ্ডেন ন হিংসতি,
অত্তনো সুখমেসানো পেচ্চ সো লভতে সুখং। ৪

অন্বয়।—অত্তনো সুখমেসানো যো সুখকামানি ভূতানি দণ্ডেন বিহিংসতি, সো পেচ্চ সুখং ন লভতে। অত্তনো সুখমেসানো যো সুখকামানি ভূতানি দণ্ডেন ন হিংসতি, সো পেচ্চ সুখং লভতে।

সংস্কৃত।—আত্মনঃ সুখমন্বিষ্য যঃ সুখকামানি ভূতানি দণ্ডেন বিহিনস্তি, স প্রেত্য সুখং ন লভতে। আত্মনঃ সুখমিচ্ছন্ যঃ সুখকামানি ভূতানি দণ্ডেন ন হিনস্তি, স প্রেত্য সুখং লভতে।

অনুবাদ।—যে আত্মসুখাভিলাষী হইয়া সুখাকাঙ্ক্ষী জীবগণকে দণ্ড দ্বারা হিংসা করে, সে পরলোকে কোন প্রকার সুখ পায় না। যে আত্মসুখাভিলাষী হইয়া সুখাকাঙ্ক্ষী জীবগণকে দণ্ড দ্বারা হিংসা করে না, সে পরলোকে (ত্রিবিধ) সুখ লাভ করে।

১। মনুষ্যসুখ, দিব্যসুখ ও পরমার্থ বা নির্ব্বাণসুখ।

জেতবন ... কুণ্ডধান থের

১৩৩ মা বোচ ফরুসং কঞ্চি, বুত্তা পটিবদেয়্যু তং,
দুক্খা হি সারম্ভকথা, পটিদণ্ডা ফুসেয়্যু তং। ৫

১৩৪ স চে নেরেসি অত্তানং কংসো উপহতো যথা
এস পত্তোহসি নিব্বাণং সারম্ভো তে ন বিজ্জতি। ৬

অন্বয়।—কঞ্চি ফরুসং মা বোচ; (ফরুসং) বুত্তা (পুগ্গলা) তং পটিবদেয়্যু; সারম্ভকথা হি দুক্খা; পটিদণ্ডা তং ফুসেয়্যু। উপহতো কংসো যথা অত্তানং স ত্বং চে নেরেসি, (ততো) এস নিব্বাণং পত্তোহসি; সারম্ভো তে ন বিজ্জতি।

সংস্কৃত।—কঞ্চিৎ পরুষং মা বোচঃ; (নরাঃ) তৎ উক্তাঃ (তস্মিন্ উক্তে সতি) ত্বাং প্রতিবদেয়ুঃ; সংরম্ভকথা (ক্রোধপ্রযুক্তং বাক্যং) হি দুঃখা; প্রতিদণ্ডাঃ ত্বাং স্পৃশেয়ুঃ। উপহতং কাংস্যম্ ইব আত্মানং সঃ ত্বং চেৎ ন ঈরয়সি (ততঃ) এষঃ নির্ব্বাণং প্রাপ্তোঽসি সংরম্ভস্তে ন বিদ্যতে।
('অত্তানং নেরেসি'—আত্মানং ন ঈরয়সি—আপনাকে যদি প্রেরণ না কর, অর্থাৎ প্রত্যুত্তর দানে চালিত না কর।)

অনুবাদ।—কাহাকেও কর্কশ বাক্য বলিও না; যাহাকে কর্কশ বাক্য বলিবে, সে তোমায় পুনরায় কর্কশ বাক্য বলিবে; ক্রোধপূর্ণ (প্রত্যুত্তর) বাক্য দুঃখদায়ক (জানিবে)। দণ্ডের প্রতিদণ্ডে দণ্ড তোমাকেই স্পর্শ করিবে। ভগ্ন কাংস্য[১] যেমন নিশ্চল

১। অথবা 'আহত কাংস্য পাত্র যেরূপ শব্দ করে, তুমি যদি আহত বা অধিক্ষিপ্ত হইয়া সেইরূপ প্রতিধ্বনি না কর, তাহা হইলে ইত্যাদি, এরূপও অর্থ হইতে পারে।

সেইরূপ তুমি যদি নিশ্চল হও বা বৃথা বাক্যব্যয় না কর তবে তুমি নির্ব্বাণ পাইয়াছ ; তোমার কাহারও সহিত বিরোধ নাই।

পূর্ব্বারাম ... বিসাখাদি উপাসিকা

১৩৫ যথা দণ্ডেন গোপালো গাবো পাচেতি গোচরং,
এবং জরা চ মচ্চু চ আয়ুং পাচেন্তি[১] পাণিনং। ৭

অন্বয়।—যথা গোপালো দণ্ডেন গাবো গোচরং পাচেতি এবং জরা চ মচ্চু চ পাণিনং আয়ুং পাচেন্তি।

সংস্কৃত।—যথা গোপালঃ দণ্ডেন গাঃ গোচরং (গোচারণভূমিমিত্যর্থঃ) প্রাজয়তি (তাড়য়িত্বা নয়তি) তথা জরা চ মৃত্যুশ্চ প্রাণিনাম্ আয়ুঃ প্রাজয়তঃ।

অনুবাদ।—যেমন, গোপাল গরুদিগকে যষ্টি দ্বারা তাড়না করিয়া গোচারণ-ভূমিতে লইয়া যায়, সেইরূপ জরা ও মৃত্যু জীবগণের জীবনকে (আয়ুকে) তাড়না করিয়া (মরণের দিকে) লইয়া যায়।

বেণুবন ... অজগরপেত

১৩৬ অথ পাপানি কম্মানি করং বালো ন বুজ্ঝতি,
সেহি কম্মেহি দুম্মেধো অগ্গিদড্ঢো ব তপ্পতি ৮।

অন্বয়।—অথ বালো পাপানি কম্মানি করং ন বুজ্ঝতি ; দুম্মেধো সেহি কম্মেহি অগ্গিদড্ঢো ব তপ্পতি।

সংস্কৃত।—বালঃ পাপানি কর্ম্মাণি কুর্ব্বন্ ন বুধ্যতে ; দুর্ম্মেধাঃ স্বৈঃ কর্ম্মভিঃ অগ্নিদগ্ধ ইব তপ্যতে।

[১] পচেন্তি (ব্রহ্ম)

অনুবাদ।—মূর্খ ব্যক্তি যখন পাপ কর্ম্ম করে, তখন তাহা বুঝিতে পারে না; দুর্ম্মেধ ব্যক্তি আপন কর্ম্মদ্বারা (নিরয়গামী হইয়া) অগ্নিতে দগ্ধ হইবার ন্যায় যন্ত্রণা ভোগ করে।

বেণুবন ... মহামোগ্গলায়ন থের

১৩৭ যো দণ্ডেন অদণ্ডেসু অপ্পদুট্ঠেসু দুস্সতি,
দসন্নমঞ্ঞতরং ঠানং খিপ্পমেব নিগচ্ছতি। ৯

১৩৮ বেদনং ফরুসং জানিং সরীরস্স চ[১] ভেদনং,
গরুকং বাহপি আবাধং চিত্তক্খেপং ব পাপুণে। ১০

১৩৯ রাজতো বা উপস্সগ্গং[২] অব্ভক্খানং ব দারুণং,
পরিক্খয়ং ব ঞাতীনং ভোগানং ব পভঙ্গুণং। ১১

১৪০ অথবস্স[৩] অগারানি অগ্গি[৪] ডহতি পাবকো,
কায়স্স ভেদা দুপ্পঞ্ঞো নিরয়ং সো পপজ্জতি। ১২

অন্বয়।—যো অদণ্ডেসু অপ্পদুট্ঠেসু দণ্ডেন দুস্সতি, (সো) দসন্নং অঞ্ঞতরং ঠানং খিপ্পমেব নিগচ্ছতি। ফরুসং বেদনং জানিং সরীরস্স ভেদনং, গরুকং আবাধং বাপি চিত্তক্খেপং ব রাজতো উপস্সগ্গং ব, দারুণং অব্ভক্খানং ব, ঞাতীনং পরিক্খয়ং ব, ভোগানং পভঙ্গুণং ব পাপুণে, অথব অস্স অগারানি পাবকো অগ্গি ডহতি; দুপ্পঞ্ঞো সো কায়স্স ভেদা নিরয়ং উপপজ্জতি।

১। ব (সিংহল) প (ব্রহ্ম) ২। উপসগ্গ।
৩। অথবাস্স। ৪। অগ্গী।

সংস্কৃত।—যোঽদণ্ডেষু অপ্রদুষ্টেষু দণ্ডেন দূষ্যতি (অত্যাচরতি), স দশানামন্ত্যতমং স্থানং (গতিং) ক্ষিপ্রমেব নিগচ্ছতি (প্রাপ্নোতি)। পরুষাং বেদনাং, জ্যানিং (নাশং, ধ্বংসং), শরীরস্য ভেদনং, গুরুকং আবাধং বাপি চিত্তক্ষেপং বা, রাজতঃ (রাজ্ঞঃ) উপসর্গং (বধবন্ধনাদিকমিত্যর্থঃ) দারুণং অভ্যাখ্যানং (অপবাদং কলঙ্কং) বা, জ্ঞাতীনাং পরিক্ষয়ং বা, ভোগানাং (বহূনাং ধনানাং) 'প্রভঞ্জনং' (নাশং ক্ষয়ং) বা প্রাপ্নুয়াৎ (অসৌ নর ইতি শেষঃ), অথবা অস্য (পাপচারিণঃ) আগারাণি (গৃহাণি) পাবকোঽগ্নিঃ দহতি; দুষ্প্রজ্ঞঃ স কায়স্য ভেদাৎ (আরভ্য ইতি শেষঃ) নিরয়ং (নরকং) উপপদ্যতে (গচ্ছতি)

অনুবাদ।—যে ব্যক্তি নির্দোষ (ক্ষীণাসব) নিরপরাধ ব্যক্তির প্রতি দণ্ড প্রদান করে, সে শীঘ্রই দশবিধ গতির মধ্যে একপ্রকার গতি প্রাপ্ত হয়। এইরূপ ব্যক্তি (পূর্ব্বোক্ত) তীব্র যাতনা, হানি, অঙ্গচ্ছেদ, কঠিন ব্যাধি, উন্মত্ততা কোন প্রকার রাজ আদেশে যশোলোপ 'অদৃষ্ট অশ্রুত অচিন্ত্যপূর্ব্ব' কোন প্রকার দুর্ঘটনা, জ্ঞাতিক্ষয় বা সম্পদনাশ প্রাপ্ত হয়, অথবা ইহার গৃহসকল অগ্নিদ্বারা দগ্ধ হয়। এইরূপ দুর্বুদ্ধি ব্যক্তি দেহাবসানে নরকে গমন করে।

জেতবন ... বহুভণ্ডিক ভিক্খু

১৪১ ন নগ্গচরিয়া ন জটা ন পঙ্কা
নানাসকা[১] থণ্ডিলসায়িকা বা

১। ননাসকা (সিংহল) ১৪১। জাতক ১ম ভাগ ১২৬।

রজোবজল্লং[২] উক্কুটিকপ্পধানং

সোধেন্তি মচ্চং অবিতিণ্ণকঙ্খং। ১৩

অন্বয়।—ন নগ্‌গচরিয়া ন জটা ন পঙ্কা ন অনাসকা ন থণ্ডিলসায়িকা বা ন ব রজোবজল্লং ন উক্কুটিকপ্পধানং অবিতিণ্ণকঙ্খং মচ্চং সোধেন্তি।

সংস্কৃত।—ন নগ্নচর্য্যা ন জটাঃ ন পঙ্কং ন অনশনং স্থণ্ডিলশায়িকা বা ন রজঃ জলীয়ং (কর্দ্দমাদি) চ ন উৎকুটিকপ্রধানং অবিতীর্ণাকাঙ্ক্ষং মর্ত্ত্যং শোধয়ন্তি। (রজ+অব+জল্ল)

অনুবাদ।—নগ্নচর্য্যা, কিংবা জটা, কিংবা পঙ্ক, কিংবা অনশন, কিংবা স্থণ্ডিল (ভূমিতে) শয়ন, কিংবা ধূলি বা কর্দ্দম মর্দ্দন, কিংবা পদযুগের উপর ভর দিয়া উপবেশন (যোগমার্গের আসন বিশেষ) কিছুই অতৃপ্তাকাঙ্ক্ষ ব্যক্তিকে শোধন করিতে পারে না।

জেতবন　　　...　　　সন্ততিমহামত্ত

১৪২ অলঙ্কতো চেপি সমং চরেয্য

সন্তো দন্তো নিয়তো ব্‌হ্মচারী

সব্‌বেসু ভূতেসু নিধায় দণ্ডং

সো ব্‌হ্মণো সো সমণো স ভিক্খু। ১৪

অন্বয়।—যো অলঙ্কতো চেপি সন্তো দন্তো নিয়তো (চতুর্মার্গ নিয়মেন নিয়ন্ত্রিত) ব্রহ্মচারী (সন্তো) সব্বেসু ভূতেসু দণ্ডং নিধায় সমং চরেয্য সো ব্রাহ্মণো স ভিক্‌খু।

সংস্কৃত।—যোঽলঙ্কৃতোঽপি শান্তঃ দান্তঃ নিয়তঃ ব্রহ্মচারী সন্ সর্ব্বেষু ভূতেষু দণ্ডং (অত্যাচরণং) নিধায় (ত্যক্ত্বা) শমং চরেৎ, স ব্রাহ্মণঃ স শ্রমণঃ স ভিক্ষুঃ।

২। রজোজল্লং।　　　১৪১-১৪২। দিব্যাবদান, পৃ ৩৩৯।

অনুবাদ।—যে ব্যক্তি অলঙ্কৃত হইয়াও শান্ত, দান্ত, নিয়ত ও ব্রহ্মচারী হন, এবং সকল প্রাণীর উপর দণ্ডদানে বিরত হইয়া শম আচরণ করেন, তিনিই ব্রাহ্মণ, তিনিই শ্রমণ, তিনিই ভিক্ষু।

জেতবন ... পিলোতিক থের

১৪৩ হিরীনিসেধো[১] পুরিসো কোচি লোকস্মিং বিজ্জতি
যো নিন্দং অপ্পবোধতি[২] অস্সো ভদ্রো কসামিব।১৫

অন্বয়—লোকস্মিং হিরীনিসেধো কোচি পুরিসো বিজ্জতি, যো ভদ্রো অস্সো কসামিব নিন্দং অপ্পবোধতি।

সংস্কৃত।—লোকে 'হ্রীনিষেধো' কশ্চিৎ পুরুষঃ বিদ্যতে, যঃ ভদ্রোঽশ্বঃ কশামিব নিন্দাং ন প্রবোধতি।

অনুবাদ।—পৃথিবীতে এমন কোন্ পুরুষ আছেন যিনি নিজেই লজ্জাবশতঃ নিষিদ্ধ কর্ম্ম হইতে বিরত থাকেন, এবং সুশিক্ষিত অশ্ব যেমন কশাঘাত সহ্য (অপেক্ষা) করে না, তিনিও সেইরূপ নিন্দাকে প্রাপ্ত হয়েন না।

১। 'হিরীনিসেধো'=হ্রীনিষেধঃ, বহুব্রীহি সমাস করিলে 'লজ্জা যাহার নিষেধ (স্বরূপ) হইয়াছে', এইরূপ অর্থ হয়। তাহা হইলে 'যিনি লজ্জাবশতঃ নিষিদ্ধ কর্ম্ম হইতে বিরত হইয়াছেন', এইরূপ অর্থ করা যুক্তিযুক্ত বলিয়া বোধ হয়।

২। 'অপ্পবোধতি'—'অপ্পবোধেতি', বা 'অপবোধেতি',—প্রথমটী গ্রহণ করিলে 'অগ্রাহ্য করে' এইরূপ অর্থ হয়।

১৪৪ অস্সো যথা ভদ্রো কসানিবিট্ঠো
আতাপিনো সংবেগিনো ভবাথ ;
সদ্ধায় সীলেন চ বিরিয়েন চ
সমাধিনা ধম্মবিনিচ্ছয়েন চ
সম্পন্নবিজ্জাচরণা পতিস্সতা
পহস্সথা দুক্খমিদং অনপ্পকং। ১৬

অন্বয়।—কসানিবিট্ঠো ভদ্রো অস্সো যথা, আতাপিনো সংবেগিনো ভবাথ। সদ্ধায় সীলেন চ বিরিয়েন চ সমাধিনা (চ) ধম্মবিনিচ্ছয়েন চ সম্পন্নবিজ্জাচরণা পতিস্সতা (সন্তা) ইদং অনপ্পকং দুক্খং পহস্সথা।

সংস্কৃত।—কশানিবিষ্টঃ (কশাহতঃ) ভদ্রঃ (সুশিক্ষিতঃ) অশ্ব ইব অতাপিনো (ভৃশং ব্যবসায়িনঃ) সংবেগিনঃ (বেগবন্তঃ) ভবত। শ্রদ্ধয়া শীলেন চ বীর্য্যেণ চ সমাধিনা চ ধর্ম্মবিনিশ্চয়েন চ সম্পন্নবিদ্যাচরণাঃ (পূর্ণজ্ঞানাঃ সদাচারাশ্চ ইত্যর্থঃ) প্রতিস্মৃতাঃ (সর্ব্বদা স্মৃতিমন্তঃ সন্তঃ) ইদং অনল্পকং (ভূয়ঃ) দুঃখং প্রহাস্যথ (ত্যক্ষ্যথ, জেষ্যথ)।

অনুবাদ।—সুশিক্ষিত অশ্ব কশাহত হইলে যেরূপ উদ্যোগী ও বেগবান্ হয়, সেইরূপ উদ্যোগী ও কার্য্যতৎপর হইবে। শ্রদ্ধা, শীল, বীর্য্য, ধ্যান ও বিচার (কারণাকারণ জ্ঞান) দ্বারা পূর্ণজ্ঞান ও সদাচারসম্পন্ন এবং স্মৃতিমান্ হইলে এই মহৎ দুঃখকে জয় করিতে পারিবে।

জেতবন ... সুখসামণের

১৪৫ উদকং হি নয়ন্তি নেত্তিকা
উস্সুকারা নময়ন্তি তেজনং
দারুং নময়ন্তি তচ্ছকা
অত্তানং দময়ন্তি সুব্বতা। ১৭

অন্বয়।—নেত্তিকা হি উদকং নয়ন্তি, উস্সুকারা তেজনং নময়ন্তি, তচ্ছকা দারুং নময়ন্তি, (তথা) সুব্বতা অত্তানং দময়ন্তি।

সংস্কৃত।—নেতৃকাঃ সেতুকৃতঃ হি উদকং নয়ন্তি, ইষুকারাঃ তেজনং নময়ন্তি, তক্ষকাঃ দারুং নময়ন্তি, (তথা) সুব্রতাঃ আত্মানং দময়ন্তি।

অনুবাদ।—সেতুকারিগণ জলকে ইচ্ছানুরূপ লইয়া যায়, বাণপ্রস্তুত-কারিগণ বাণকে যেরূপ ইচ্ছা নমিত করে, সূত্রধারেরা কাষ্ঠখণ্ড (ইচ্ছানুযায়ী) নমিত করে, (সেইরূপ) সুব্রত সাধু ব্যক্তিগণ আপনাকে যেরূপ ইচ্ছা দমন করেন।

দণ্ডবগ্গো দসমো।

জরাবগ্গো

(একাদসমো)

জেতবন ... বিসাখায় সহায়িকা

১৪৬ কো নু হাসো কিমানন্দো নিচ্চং পজ্জলিতে সতি,
অন্ধকারেন ওনদ্ধা পদীপং ন গবেস্সথ। ১

অন্বয়।—(ইমস্‌সিং লোকসন্নিবাসে) নিচ্চং পজ্জলিতে সতি কো নু হাসো কিমানন্দো ; অন্ধকারেন ওনদ্ধা (কিংকারণা) পদীপং (ঞান পদীপং) ন গবেস্‌সথ।

সংস্কৃত।—(অস্মিন্ লোকে) নিত্যং প্রজ্বলিতে সতি (রাগাদিভিঃ একাদশভিঃ অগ্নিভিরিত্যর্থঃ) কো নু হাসঃ (যুষ্মাকমিতি শেষঃ) কো (বা) আনন্দঃ (বিদ্যতে) ; অন্ধকারেণ অবনদ্ধা (আবৃতাঃ সন্তঃ, যূয়মিতিশেষঃ) প্রদীপং (জ্ঞানপ্রদীপং) ন গবেষয়থ (অন্বিষ্যথ)

অনুবাদ।—(রাগ ও দ্বেষাদি অগ্নি দ্বারা) নিত্য প্রজ্বলিত হওয়া সত্ত্বেও এই জগতে তোমাদের হাস্য বা আনন্দ কেন ? (হে মানবগণ !) তোমরা (অবিদ্যা) অন্ধকারে আবৃত রহিয়াছ (কিন্তু) জ্ঞানদীপের অনুসন্ধান করিতেছ না।

বেণুবন ... সিরিমা

১৪৭ পস্স চিত্তকতং বিম্বং অরুকায়ং সমুস্সিতং
আতুরং বহুসঙ্কপ্পং যস্স নত্থি ধুবং ঠিতি। ২

অন্বয়।—চিত্তকতং (কতচিত্তং) অরুকায়ং সমুস্‌সিতং আতুরং বহুসঙ্কপ্পং বিম্বং পস্‌স, যস্‌স ধুবং ঠিতি নত্থি।

সংস্কৃত।—চিত্রীকৃতং (বস্ত্রাভরণাদিভিঃ অলঙ্কৃতং) অরুকায়ং (অরুভিঃ পরিপূরিতং, ব্রণপরিপূরিতং কায়ং) সমুচ্ছ্রিতং অস্থিচর্ম্মাবশেষং আতুরং বহুসংকল্পং বিম্বং কায়ং পশ্য, যস্য ধ্রুবং স্থিতির্নাস্তি।

অনুবাদ।—বস্ত্র অলঙ্কারাদিদ্বারা সুসজ্জিত, (অরু-ব্রণ; কায়-সমূহ) ব্রণ বা ক্ষতসমূহ দ্বারা পরিপূরিত, অস্থিদ্বারা ঋজুকৃত, রোগযুক্ত, নানামতপূর্ণ (অর্থাৎ যে দেহ সম্বন্ধে নানা প্রকার মত ব্যাখ্যাত হইয়াছে, অথবা নানা সঙ্কল্পপূর্ণ) দেহকে অবলোকন কর, যাহার অপরিবর্ত্তনীয় স্থায়িত্ব অর্থাৎ নিত্যতা নাই।

জেতবন ... উত্তরি থেরী

১৪৮ পরিজিণ্ণমিদং রূপং রোগনিড্ডং পভঙ্গুরং[১]
ভিজ্জতি পূতিসন্দেহো মরণন্তং হি জীবিতং।৩

অন্বয়।—ইদং রূপং পরিজিণ্ণং রোগনিড্ডং পভঙ্গুরং; (অসু) পূতি-সন্দেহো ভিজ্জতি; জীবিতং হি মরণন্তং।

সংস্কৃত।—ইদং রূপং (শরীরং) পরিজীর্ণং রোগনিষ্ঠং প্রভঙ্গুরং; (অসৌ) পূতিসন্দেহো (পূতিযুক্তদেহো) ভিদ্যতে; জীবিতং হি মরণান্তং।

অনুবাদ।—এই শরীর (ক্ষয়শীল), রোগের উৎপত্তিস্থান ও ভঙ্গুর; (এই) পূতিযুক্ত দেহ ভগ্ন হইয়া থাকে; জীবন মরণে অবসান হয়।

১। পভঙ্গুণং।

১৪৮। এই শ্লোক ১২০ বৎসর বয়স্কা বৃদ্ধা এক থেরীকে সম্বোধন করিয়া বলা হইয়াছিল।

জেতবন　　　…　　　অধিমান ভিক্‌খু

১৪৯ যানিহ্মানি অপত্থানি[২] অলাপূনেব সারদে
কাপোতকানি অট্ঠীনি তানি দিস্বান কা রতি[৩] ।৪

অন্বয় ।—যানিহ্মানি সারদে অলাপূনেব অপত্থানি কাপোতকানি অট্‌ঠীনি, তানি দিস্বান কা রতি ।

সংস্কৃত ।—যানীমানি শরদি অলাবূনি ইব অপাস্তানি (প্রক্ষিপ্তানি) কাপোতকানি (শুক্লানি) অস্থীনি, তানি পশ্যতঃ কা রতিঃ (আস্থা) ।

অনুবাদ ।—শরৎকালের অলাবুর ন্যায় প্রক্ষিপ্ত ও কপোতের ন্যায় শুভ্র এই অস্থিগুলিকে দেখিয়া, ইহাদের প্রতি কিসের আসক্তি ?

জেতবন　　　…　　　রূপনন্দ থেরী

১৫০ অট্ঠীনং নগরং কতং মংসলোহিতলেপনং
যত্থ জরা চ মচ্চু চ মানো মক্খো[১] চ ওহিতো । ৫

অন্বয় ।—অট্‌ঠীনং নগরং মংসলোহিতলেপনং কতং, যত্থ জরা চ মচ্চু মানো (চ) মক্‌খো চ ওহিতো ।

সংস্কৃত ।—অস্থ্নাং নগরং মাংসলোহিতলেপনং কৃতং, যত্র জরা চ মৃত্যুশ্চ

---

২ । এই শব্দের 'অপথ্যানি' এইরূপ সংস্কৃত অনুবাদও করিতে পারা যায় ।

৩ । রতী ।

১ । মক্‌খো—মূল অর্থ হইতেছে, কিছু লিখিয়া মুছিয়া ফেলা । তাহা হইতে অর্থ হইতেছে, লোকের ভাল অংশ পরিত্যাগ করিয়া মন্দ গ্রহণ করা ।

১৫০ । এই শ্লোকে শরীরের সহিত ধান্যাগারের (মরাইয়ের) তুলনা করা হইয়াছে । 'নগর' অর্থে এই স্থলে ধান্যাগার ।

মানশ্চ (অভিমানশ্চ) ম্রক্ষশ্চ (কাপট্যঞ্চ) অবহিতঃ (স্থিত ইত্যর্থঃ)।

অনুবাদ।—অস্থি দ্বারা এক পুরী নির্ম্মিত হইয়াছে, তাহাতে রক্তমাংসের প্রলেপ দেওয়া হইয়াছে, তাহার ভিতর জরা, মৃত্যু, অহঙ্কার এবং কাপট্য বাস করিতেছে।

জেতবন ... মল্লিকা দেবী

১৫১ জীরন্তি বে রাজরথা সুচিত্তা
অথো সরীরম্পি জরং উপেতি,
সতঞ্চ ধম্মো ন জরং উপেতি
সন্তো হবে সব্ভি পবেদয়ন্তি। ৬

অন্বয়।—সুচিত্তা রাজরথা বে জীরন্তি, অথো সরীরম্পি জরং উপেতি; সতঞ্চ ধম্মো ন জরং উপেতি; (ইতি) হবে সন্তো সব্ভি পবেদয়ন্তি।

সংস্কৃত।—সুচিত্রা রাজরথা বৈ জীর্য্যন্তি, অথ শরীরমপি জরামুপৈতি; সতাং তু ধর্ম্মঃ ন জরামুপৈতি; (ইতি) সন্তঃ বৈ সদ্ভ্যঃ প্রবেদয়ন্তি (কথয়ন্তি)।

অনুবাদ।—রাজাদিগের সুচিত্রিত রথসকলও জীর্ণ হইয়া যায়, আর (সেইরূপ) শরীরও জীর্ণ হইয়া যায়; কিন্তু (বুদ্ধাদি) সাধুগণের ধর্ম্ম ক্ষয়প্রাপ্ত হয় না; শান্ত পুরুষেরা সাধুগণ সমীপে এইরূপই বলিয়া থাকেন।

———

জেতবন　　　...　　　লাড়ুদায়ি থের

১৫২ অপ্পস্সুতাঽয়ং পুরিসো বলিবদ্দো ব জীরতি,
মংসানি তস্স বড্ঢন্তি পঞ্ঞা তস্স ন বড্ঢতি । ৭

অন্বয় । অপ্পস্সুতা অয়ং পুরিসো বলিবদ্দো ব জীরতি ; তস্স মংসানি বড্ঢন্তি, তস্স পঞ্ঞা ন বড্ঢতি ।

সংস্কৃত ।—অল্পশ্রুতঃ (অল্পজ্ঞানসম্পন্নঃ) পুরুষঃ বলীবর্দ্দ ইব জীর্য্যতি (বৃদ্ধো ভবতি) ; তস্য মাংসানি বর্দ্ধন্তে, তস্য প্রজ্ঞা ন বর্দ্ধতে ।

অনুবাদ ।—জ্ঞানহীন পুরুষ কেবল বলীবর্দ্দের ন্যায় বৃদ্ধ হইতে থাকে ; তাহার মাংস সকল বর্দ্ধিত হইতে থাকে, কিন্তু তাহার প্রজ্ঞা বর্দ্ধিত হয় না ।

১৫৩ অনেকজাতিসংসারং সন্ধাবিস্সং[১] অনিব্বিসং
গহকারকং গবেসন্তো, দুক্খা জাতি পুনপ্পুনং । ৮

---

১ । 'সন্ধাবিস্সং'—এই শব্দটীর ব্যুৎপত্তি বিষয়ে পাশ্চাত্য পণ্ডিতগণের মধ্যে মতভেদ দৃষ্ট হয় । ইহার আকৃতি অনুসারে ইহাকে ভবিষ্যতের উত্তম পুরুষ এক বচনের পদ বলিয়া বোধ হয় । অধ্যাপক মাক্স-মূলর উহাই গ্রহণ করিয়াছেন । কিন্তু তাহাতে অর্থ ঠিক করা যায় না বলিয়া আমাদের বিশ্বাস । আমরা চাইল্ডর্স্ প্রমুখ অন্যান্য পণ্ডিতগণের ন্যায় উহাকে লুঙের পদ (সমধাবিষম্) বলিয়া গ্রহণ করিলাম । প্রকৃত প্রস্তাবে এইটী present participle (শতৃ)র পদ ।

১৫৩ । বোধিবৃক্ষমূলে বুদ্ধত্ব প্রাপ্তির অব্যবহিত পরে এই উদান ভগবান্ বুদ্ধ উচ্চারণ করিয়াছিলেন । পরে কোন সময়ে মহাস্থবির আনন্দ কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া পুনরায় ইহা উচ্চারণ করেন ।

১৫৪ গহকারক দিট্ঠোঽসি, পুন গেহং ন কাহসি,
সব্বা তে ফাসুকা[1] ভগ্গা, গহকূটং বিসঙ্খিতং,
বিসঙ্খারগতং চিত্তং, তণ্হানং খয়মজ্ঝগা। ৯

অন্বয়।—গহকারকং গবেসন্তো অনিব্বিসং অনেকজাতিসংসারং সন্ধাবিস্সং, পুনপ্পুনং জাতি দুক্খা, গহকারক, দিট্ঠোঽসি, পুন গেহং ন কাহসি; তে সব্বা ফাসুকা ভগ্গা, গহকূটং বিসঙ্খিতং, বিসঙ্খারগতং চিত্তং তণ্হানং খয়ং অজ্ঝগা।

সংস্কৃত।—গৃহকারকং (অস্য দেহরূপস্য গৃহস্য কর্ত্তারং) গবেষয়ন্ (অন্বিষ্যন্) অনিবিশমানঃ (অবিন্দন্ অলভমানঃ) অনেকজাতিসংসারং সমধাবিষম্ (দধাব জন্মনঃ জন্মান্তরং প্রাপ, সংসারাৎ সংসারান্তরঞ্চ অগমমিত্যর্থঃ)[2]; পুনঃ পুনঃ জাতিঃ (জন্ম) দুঃখা (দুঃখকরা)। গৃহকারক, দৃষ্টোঽসি (ময়েতি শেষঃ), পুনঃ গৃহং ন করিষ্যসি; সর্ব্বাঃ তে পার্শ্বিকা ভগ্নাঃ, গৃহকূটং বিসংস্কৃতং (ভগ্নং, নষ্টং), বিসংস্কারগতং (নির্ব্বাণগতং) চিত্তং তৃষ্ণানাম্ ক্ষয়ং অধ্যগাৎ (প্রাপৎ)।

অনুবাদ।—দেহরূপ গৃহনির্ম্মাতাকে অন্বেষণ করিতে করিতে, কিন্তু তাহাকে না পাইয়া, কতবার ভ্রমণ করিলাম, কত বারই সংসারে জন্ম পরিগ্রহ করিলাম; পুনঃ পুনঃ জন্মগ্রহণ দুঃখকর! হে গৃহকারক, এইবার তোমাকে দেখিয়াছি, আর গৃহ নির্ম্মাণ করিতে পারিবে না, (সংসারাবর্ত্তে আর প্রত্যাবর্ত্তন করিব না), তোমার সকল কাষ্ঠদণ্ড ভগ্ন হইয়াছে, গৃহকূট (গৃহচূড়া-

---

১। পাসুকা। ২। ইতি বুদ্ধঘোষ।

'গহকারক' (ব্রহ্মদেশীয় পুস্তকে 'গহকারং' পদ দৃষ্ট হয়) গৃহকারক;—'গৃহ' অর্থে 'এই দেহ', ইহার 'কারক' অর্থাৎ 'নির্ম্মাতা'=পঞ্চস্কন্ধাদি, যাহা পুনর্জ্জন্ম আনয়ন করে।

গৃহনির্ম্মাতা—তৃষ্ণা, গৃহ—শরীর, গৃহকূট—অবিদ্যা, ফাসুকা—রাগ, দ্বেষ ও মোহ।

কণিকামণ্ডল) নষ্ট হইয়া গিয়াছে। নির্ব্বাণগত (সংস্কারসমূহ হইতে মুক্ত) আমার চিত্তে সকল তৃষ্ণা ক্ষয়প্রাপ্ত হইয়াছে।

ঋষিপত্তন　　　...　　　মহাধনসেট্‌ঠিপুত্ত

১৫৫ অচরিত্বা ব্রহ্মচরিয়ং অলদ্ধা যোব্‌বনে ধনং,
জিণ্ণকোঞ্চা'ব ঝায়ন্তি খীণমচ্ছে'ব পল্ললে। ১০

১৫৬ অচরিত্বা ব্রহ্মচরিয়ং অলদ্ধা যোব্‌বনে ধনং,
সেন্তি চাপাতিখীণা'ব পুরাণানি অনুত্থুনং। ১১

অন্বয়।—ব্রহ্মচরিয়ং অচরিত্বা যোব্বনে ধনং অলদ্ধা (পুরিসা) খীণমচ্ছে পল্ললে জিন্নকোঞ্চ ইব ঝায়ন্তি। ব্রহ্মচরিয়ং অচরিত্বা যোব্বনে ধনং অলদ্ধা (পুরিসা) পুরাণানি অনুত্থুনং অতিখীণো চাপো'ব সেন্তি।

সংস্কৃত।—ব্রহ্মচর্য্যং অচরিত্বা যৌবনে ধনং অলব্ধ্বা জনাঃ ক্ষীণমৎস্যে পল্বলে জীর্ণক্রৌঞ্চ ইব ক্ষিণ্বন্তি (নশ্যন্তি)। ব্রহ্মচর্য্যং অচরিত্বা যৌবনে ধনং অলব্ধ্বা (জনাঃ) পুরাণানি অনুভবন্ অতিক্ষীণঃ চাপ ইব শেরতে।

অনুবাদ।—ব্রহ্মচর্য্য আচরণ না করিলে, বা যৌবনে ধন উপার্জ্জন না করিলে, মৎস্যহীন পুষ্করিণীতে জীর্ণ ক্রৌঞ্চের ন্যায় চিন্তা (ধ্যান) করিতে হয়। ব্রহ্মচর্য্য আচরণ না করিলে বা যৌবনে ধন উপার্জ্জন না করিলে, পুরাতন বিষয় স্মরণপূর্ব্বক অনুশোচনা করিতে করিতে ধনু হইতে মুক্ত বৃথা শরের ন্যায় পড়িয়া থাকিতে হয়।

জরাবগ্‌গো একাদসমো।

অত্তবগ্গো

(দ্বাদসমো)

ভেসকলাবন ... বোধিরাজকুমার

১৫৭ অত্তানং চে পিয়ং জঞ্ঞা রক্খেয্য[১] তং সুরক্খিতং,
তিণ্ণমঞ্ঞতরং যামং[২] পটিজগ্গেয্য পণ্ডিতো ।১

অন্বয় ।—অত্তানং চে পিয়ং জঞ্ঞা (ততো) তং সুরক্খিতং রক্খেয্য ; পণ্ডিতো তিণ্ণমঞ্ঞতরং যামং পটিজগ্গেয্য ।

সংস্কৃত ।—আত্মানং চেৎ প্রিয়ং জানীয়াৎ ততঃ তং সুরক্ষিতং রক্ষেৎ ; পণ্ডিতঃ ত্রয়াণামন্যতমং যামং প্রতিজাগৃয়াৎ (কুশলং ভাবয়েৎ) ।

অনুবাদ ।—যদি আত্মাকে প্রিয় বলিয়া জ্ঞান কর, তবে তাহাকে উত্তম রূপে রক্ষা করিবে ; পণ্ডিতব্যক্তি ত্রিযামের মধ্যে (অন্ততঃ) এক যামও আত্মাকে সৎকর্ম্মের (দান, শীল ও ভাবনা) দ্বারা প্রতিপোষণ করিবে ।

জেতবন ... উপনন্দ সক্যপুত্ত থের

১৫৮ অত্তানমেব পঠমং পতিরূপে[৩] নিবেসয়ে,
অথঞ্ঞমনুসাসেয্য ন কিলিস্সেয্য পণ্ডিতো । ২

অন্বয় ।—অত্তানমেব পঠমং পতিরূপে নিবেসয়ে,অথ অঞ্ঞং অনুসাসেয্য ; পণ্ডিতো (এবং কম্মিরা) ন কিলিস্সেয্য ।

সংস্কৃত ।—আত্মানমেব প্রথমং প্রতিরূপে (কর্ত্তব্যে) নিবেশয়েৎ, অথ (তদনন্তরং) অন্যমনুশিষ্যাৎ ; পণ্ডিতঃ (এবং কৃত্বা) ন ক্লিশ্যেৎ (ক্লেশং প্রাপ্নুয়াৎ) ।

১ । রক্খেয্যা ।

২ । যামং—জীবনের তিন ভাগের অন্ততঃ এক ভাগ ; প্রথম বয়স (যৌবন), মধ্য বয়স (প্রৌঢ়) পশ্চিম যাম বা বৃদ্ধবয়স । ৩ । পটি— ।

অনুবাদ।—যাহা কর্ত্তব্য তাহাতে অগ্রে আপনাকে নিবিষ্ট করিবে, পরে অন্যকে উপদেশ দিবে; পণ্ডিত ব্যক্তি এইরূপ করিলে ক্লেশ পাইবেন না।

জেতবন　　…　　পধানিকতিস্স থের

১৫৯ অত্তানঞ্চে তথা কয়িরা যথঞ্ঞমনুসাসতি,
সুদন্তো বত দম্মেথ[১], অত্তা হি কির দুদ্দমো। ৩

অন্বয়।—যথা অঞ্ঞমনুসাসতি তথা অত্তানং চে কয়িরা, (ততো) সুদন্তো বত দম্মেথ; অত্তাহি কির দুদ্দমো।

সংস্কৃত।—যথান্যমনুশাস্তি তথা আত্মানঞ্চেৎ কুর্য্যাৎ, (ততঃ) সুদান্তঃ (ভূত্বা, অন্যমপি) দময়েৎ; আত্মা হি কিল দুর্দ্দমঃ।

অনুবাদ।—লোকে অন্যকে যেরূপ হইতে উপদেশ দেয় আপনাকে যদি সেইরূপ করে, তবে আপনি সংযত হইয়া পরকেও দমন করিতে পারে; আত্মাই যথার্থ দুর্দ্দমনীয়।

জেতবন　　…　　কুমারকস্সপমাতু থেরী

১৬০ অত্তা হি অত্তনো নাথো, কো হি নাথো পরো সিয়া,
অত্তনা'ব সুদন্তেন নাথং লভতি দুল্লভং। ৪

অন্বয়।—অত্তা হি অত্তনো নাথো, কো হি পরো নাথো সিয়া; সুদন্তেন অত্তনা ইব দুল্লভং নাথং লভতি।

১। দম্মেথ।

১৬০। উদ্ধরেদাত্মনাত্মানং নাত্মানমবসাদয়েৎ।
আত্মৈব হ্যাত্মনো বন্ধুরাত্মৈব রিপুরাত্মনঃ॥
বন্ধুরাত্মাত্মনস্তস্য যেনাত্মৈবাত্মনা জিতঃ।
অনাত্মনস্তু শত্রুত্বে বর্ত্তেতাত্মৈব শত্রুবৎ॥ গীতা, ৬ষ্ঠ অঃ

সংস্কৃত।—আত্মা হি আত্মনঃ নাথঃ, কো হি পরো নাথঃ স্যাৎ; সুদান্তেন আত্মনৈব দুর্ল্লভং নাথং লভতে।

অনুবাদ।—আত্মাই আত্মার নাথ (প্রতিষ্ঠা), অন্য নাথ আর কে আছে? আত্মাকে সুসংযত করিতে পারিলে, লোকে দুর্ল্লভ নাথ (প্রতিষ্ঠা অর্থাৎ নির্ব্বাণ) লাভকরে।

জেতবন ... মহাকাল উপাসক

১৬১ অত্তনাহ্ব কতং পাপং অত্তজং অত্তসম্ভবং
অভিমন্থতি[১] দুম্মেধং বজিরং[২] ব অম্হময়ং মণিং। ৫

অন্বয়।—অত্তনাহ্ব কতং অত্তজং অত্তসম্ভবং পাপং বজিরং অম্‌হময়ং মণিং ব দুম্মেধং অভিমন্থতি।

সংস্কৃত।—আত্মনৈব কৃতং আত্মজং আত্মসম্ভবং পাপং বজ্রঃ অশ্মময়ং মণিমিব দুর্ম্মেধসং অভিমথ্নাতি।

অনুবাদ।—(প্রস্তরসম্ভূত) হীরক যেমন প্রস্তরময় মণিকে খণ্ড খণ্ড করে, আত্মকৃত, আত্মজ ও আত্মসম্ভব পাপও সেইরূপ নির্ব্বোধ ব্যক্তিকে মথিত করে।

জেতবন ... দেবদত্ত

১৬২ য অচ্চন্তদুস্সীল্যং মালুবা[৩] সালমিবোত্ততং
করোতি সো তথহত্তানং যথা নং ইচ্ছতী দিসো। ৬

অন্বয়।—যস্‌স অচ্চন্তদুস্‌সীল্যং, সো মালুবা ওততং সালমিব অত্তানং তথা করোতি যথা দিসো নং ইচ্ছতি।

১। অভিমথতি। ২। বজ্রম্।

৩। 'মালুবা ওততং সালমিব'—'মালুবা' শব্দের সংস্কৃত প্রতিশব্দ পাওয়া যায় না; উহার অর্থ লতা।

সংস্কৃত।—যস্য অত্যন্তদৌঃশীল্যং[১], সঃ 'মালুবা' (লতা) অবততং (বেষ্টিতং) সালমিব আত্মানং তথা করোতি যথা দ্বিষঃ এনমিচ্ছন্তি।

অনুবাদ।—মালু-লতাবেষ্টিত সালবৃক্ষের ন্যায় যাহার আত্মা অত্যন্ত দুঃশীলতায় বেষ্টিত, তাহার শত্রু তাহাকে যেরূপ ইচ্ছা করে, সে আপনাকে সেইরূপ করিয়া ফেলে।

বেণুবন　　　　…　　　　সংঘভেদ পরিসক্কন বথু

১৬৩ সুকরানি অসাধূনি অত্তনো অহিতানি চ,
যং বে হিতঞ্চ সাধুঞ্চ তং বে পরমদুক্করং। ৭

অন্বয়।—অসাধূনি অত্তনো অহিতানি চ সুকরাণি; যং বে হিতঞ্চ সাধুঞ্চ তং বে পরমদুক্করং।

সংস্কৃত।—অসাধূনি আত্মনোঽহিতানি চ (কর্ম্মাণি) সুকরাণি বৈ হিতঞ্চ সাধু চ তৎ বৈ পরমদুষ্করম্।

অনুবাদ।—অসাধু ও আপনার অহিতকর কর্ম্ম করা সহজ; কিন্তু যাহা সাধু ও হিতকর তাহা পালন করা অতিশয় দুষ্কর।

১। "যস্য অত্যন্তদৌঃশীল্যং মালুবা সালং বৃক্ষং ইব অবততং সন্ততো ব্যাপ্তং সর্ব্বতোমুখং ইত্যর্থঃ ভবতি স আত্মানং তথা করোতি যথা এনং দ্বিট্ শত্রুরিচ্ছতি, অর্থাৎ স নরঃ শত্রুনন্দনো করোতি ইত্যর্থঃ।" অর্থাৎ সাল যেমন লতা দ্বারা অত্যন্ত সমাচ্ছন্ন হইলে, লতাবেষ্টন অতিক্রম করিয়া আত্মরক্ষা করিতে পারে না, সেইরূপ যাহার আত্মা দুঃশীলতায় সর্ব্বতোভাবে সমাচ্ছন্ন হইয়াছে, (তখন শত্রুরা সেরূপ ইচ্ছা করে, সে তাহাই করিয়া থাকে) তাহার অবশ্যম্ভাবী পতন ভাবিয়া শত্রুরা আনন্দিত হয়।

জেতবন ... কাল থের

১৬৪ যো সাসনং অরহতং অরিয়ানং ধম্মজীবিনং
পটিক্কোসতি দুম্মেধো দিট্ঠিং নিস্সায় পাপিকং
ফলানি কট্ঠকস্সেৎব অত্তহঞ্ঞায় ফল্লতি[১]। ৮

অন্বয়।—যো দুম্মেধো পাপিকং দিট্ঠিং নিস্সায় অরিয়ানং ধম্মজীবিনং (চ) অরহতং সাসনং পটিক্কোসতি, (সো) কট্ঠকস্স ফলানিব অত্তহঞ্ঞায় ফল্লতি।

সংস্কৃত।—যো দুর্ম্মেধাঃ পাপিকাং দৃষ্টিং (মিথ্যাদৃষ্টিমিত্যর্থঃ) নিঃশ্রিত্য (আশ্রয়ত্বেন গৃহীত্বা) আর্য্যাণাং ধর্ম্মজীবিনাঞ্চ অর্হতাং শাসনং প্রতিক্রুশ্যতি, সঃ 'কট্ঠকস্য' (বংশস্য) ফলানীব আত্মহত্যায়ৈ ফুল্লতি।

অনুবাদ।—যে নির্ব্বোধ ব্যক্তি মিথ্যাদৃষ্টি আশ্রয় করিয়া পূজনীয় ও ধর্ম্ম-পরায়ণ অর্হদ্বর্গের, শাসনকে অবজ্ঞা করে, সে বাঁশের ফলের ন্যায় আপনার নাশের নিমিত্ত ফল উৎপন্ন করে।

জেতবন ... চুডকাল উপাসক

১৬৫ অত্তনাৎব কতং পাপং অত্তনা সঙ্কিলিস্সতি,
অত্তনা অকতং পাপং অত্তনাৎব বিসুজ্ঝতি,
সুদ্ধি অসুদ্ধি পচ্চত্তং, নাঞ্ঞো অঞ্ঞং বিসোধয়ে। ৯

অন্বয়।—অত্তনাৎব পাপং কতং, অত্তনা সঙ্কিলিস্সতি; অত্তনা পাপং অকতং, অত্তনাৎব বিসুজ্ঝতি; সুদ্ধি অসুদ্ধি পচ্চত্তং (বত্ততি) ন অঞ্ঞো অঞ্ঞং বিসোধয়ে।

সংস্কৃত।—আত্মনৈব পাপং কৃতং, আত্মনা সংক্লিশ্যতি; আত্মনা পাপং

১।—ন্তী।

অকৃতং, আত্মনৈব বিশুধ্যতি; শুদ্ধিঃ অশুদ্ধিশ্চ প্রত্যাত্মং (বর্ত্ততে), ন অন্যঃ অন্যং বিশোধয়েৎ।

অনুবাদ।—লোকে আপনি পাপ করে, আপনিই কষ্ট পায়; আপনি পাপ না করিলে, আপনিই পবিত্র থাকে; শুদ্ধি এবং অশুদ্ধি আত্মনিষ্ঠ, অন্যে অন্যকে শুদ্ধ করিতে পারে না।

জেতবন　　　　　　...　　　　　　অত্তদত্থ থের

১৬৬ অত্তদত্থং পরত্থেন বহুনাঽপি[১] ন হাপয়ে,
অত্তদত্থমভিঞ্ঞায় সদত্থপসুতো সিয়া। ১০

অন্বয়।—বহুনাঽপি পরত্থেন (পুগ্‌গলো) অত্তদত্থং ন হাপয়ে, অত্তদত্থমভিঞ্‌ঞায় সদত্থপসুতো সিয়া।

সংস্কৃত।—বহুনাপি পরার্থেন (পরকীয়বহুকার্য্যানুরোধাদপীত্যর্থঃ) (নরঃ) আত্মনোঽর্থং (আত্মমঙ্গলকরকার্য্যং) ন হাপয়েৎ (ত্যজেৎ), আত্মার্থং অভিজ্ঞায় (সম্যজ্‌জ্ঞাত্বা) সদর্থপ্রসিতঃ (স্বকীয়মঙ্গলার্থেঽভিনিবিষ্টঃ) স্যাৎ।

অনুবাদ।—পরার্থের বহু কর্ত্তব্যের অনুরোধেও কোন ব্যক্তির নিজ স্বার্থের পরিত্যাগ করা উচিত নয়, স্বকীয় (মঙ্গলজনক) কার্য্য উত্তমরূপে জানিয়া তাহাতে নিবিষ্ট থাকা কর্ত্তব্য।

অত্তবগ্‌গো দ্বাদসমো।

১। —পী

১৬৬। এই গাথাটি কর্ম্মস্থান ভাবনা উপলক্ষ করিয়া কথিত হইয়াছে। পরের বহু আবশ্যক কার্য্য হইলেও যোগাচার ভিক্ষুর পক্ষে নিজ ধ্যান, ধারণা পরিত্যাগ করিয়া তাহা সম্পন্ন করিতে যাওয়া উচিত নহে। যদি কিছুকাল ধ্যান ধারণার পর মার্গফলাদির সাক্ষাৎ লাভ না ঘটে তবে অপরের কার্য্যানুরোধে ধ্যান পরিত্যাগ করা উচিত নহে। পরন্তু বিশেষ দৃঢ়তার সহিত তাহাতে নিযুক্ত থাকা কর্ত্তব্য। এই স্থানে 'স্বার্থ' শব্দে ধ্যানাদি কুশল কর্ম্ম বুঝাইতেছে।

লোকবগ্গো

(তেরসমো)

জেতবন ... অঞ্ঞতর দহর ভিক্খু

১৬৭ হীনং ধম্মং ন সেবেয্য, পমাদেন ন সংবসে,

মিচ্ছাদিট্ঠিং[1] ন সেবেয্য, ন সিয়া লোকবদ্ধনো[2] ।১

অন্বয়।—হীনং ধম্মং ন সেবেয্য, পমাদেন ন সংবসে, মিচ্ছাদিট্ঠিং ন সেবেয্য, লোকবদ্ধনো ন সিয়া।

সংস্কৃত।—হীনং ধর্ম্মং ন সেবেত, প্রমাদেন ন সংবসেৎ, 'মিথ্যাদৃষ্টিং' (অসত্যদর্শনং) ন সেবেত, লোকবর্দ্ধনঃ (লোকবর্দ্ধকঃ পুনর্জন্মকরঃ) ন স্যাৎ।

অনুবাদ।—হীন ধর্ম্মের অনুসরণ করিও না, প্রমত্ত ভাবে (অর্থাৎ ধর্ম্মপথ বিস্মৃত হইয়া) জীবন যাপন করিও না, মিথ্যা দৃষ্টির সেবা করিও না, সংসারবর্দ্ধক (পুনর্জন্মবৃদ্ধিকারী) হইও না।

নীগ্রোধ আরাম ... সুদ্ধোদন

১৬৮ উত্তিট্ঠে নপ্পমজ্জেয্য ধম্মং সুচরিতং চরে,

ধম্মচারী সুখং সেতি অস্মিং লোকে পরম্হি চ। ২

১৬৯ ধম্মং চরে সুচরিতং ন তং দুচ্চরিতং চরে,

ধম্মচারী সুখং সেতি অস্মিং লোকে পরম্হি চ। ৩

অন্বয়।—উত্তিট্ঠে, নপ্পমজ্জেয্য, সুচরিতং ধম্মং চরে; ধম্মচারী অস্মিং লোকে পরম্হি চ সুখং সেতি। সুচরিতং ধম্মং চরে, ন তং দুচ্চরিতং চরে; ধম্মচারী অস্মিং লোকে পরম্হি চ সুখং সেতি।

১। 'মিচ্ছাদিট্ঠিং'—(পরিশিষ্ট দ্রষ্টব্য) ২। বড্ঢনো।

১৬৭। হীন ধর্ম্ম—রূপ, রস, শব্দ, গন্ধ ও স্পর্শ।

সংস্কৃত।—উত্তিষ্ঠেৎ, ন প্রমাদ্যেৎ, সুচরিতং ধর্ম্মং চরেৎ ; ধর্ম্মচারী অস্মিন্‌-লোঁকে পরস্মিংশ্চ সুখং শেতে। সুচরিতং ধর্ম্মং চরেৎ, ন তৎ দুশ্চরিতং চরেৎ ; ধর্ম্মচারী অস্মিন্ লোকে পরস্মিংশ্চ সুখং শেতে ।

অনুবাদ।—উঠ, অলস হইয়া থাকিও না, সৎ ধর্ম্ম আচরণ কর। ধর্ম্মচারী ইহ এবং পর উভয় লোকেই সুখে থাকেন। সদ্ধর্ম্ম আচরণ করিবে, অসদ্ধর্ম্ম (অর্থাৎ পাপের ধর্ম্ম) আচরণ করিবে না ; ধর্ম্মচারী ইহ ও পর উভয় লোকেই সুখে থাকেন।

বিশেষার্থ।—ভিক্ষাদ্বারা প্রাপ্ত পিণ্ড বা অন্ন গ্রহণ করিবে, এই পিণ্ডপাত-(ভিক্ষা) ধর্ম্ম পালনে কখনও অলস হইও না, উহা সুন্দররূপে পালন করিবে। পিণ্ডপাত ধর্ম্ম পালনকারী ইহ এবং পর এই উভয় লোকেই সুখে থাকেন। এই পিণ্ডাচরণ ধর্ম্ম সুন্দররূপে পালন করিবে, কখন অসৎ ভাবে উহা পালন করিবে না, অর্থাৎ ভিক্ষুর পক্ষে 'অগোচর' বা নিষিদ্ধ স্থান হইতে পিণ্ড গ্রহণ করিবে না।

জেতবন　　　...　　　পঞ্চসত বিপস্সক ভিক্খু

১৭০ যথা বুব্‌বুলকং পস্সে, যথা পস্সে মরীচিকং,
　　এবং লোকং অবেক্খন্তং মচ্চুরাজা ন পস্সতি। ৪

অন্বয়।—যথা বুব্বুলকং পস্সে যথা (চ) মরীচিকং পস্সে, এবং লোকং অবেক্খন্তং (পুগ্গলং) মচ্চুরাজা ন পস্সতি।

সংস্কৃত।—যথা বুদ্বুদকং পশ্যেৎ যথা চ মরীচিকং পশ্যেৎ তথা লোকং অবেক্ষমাণং পুরুষং মৃত্যুরাজঃ ন পশ্যতি।

অনুবাদ।—লোকে বুদ্বুদকে যেরূপ দেখে এবং মরীচিকাকে যেরূপ

দেখে, এই পৃথিবীকে (যে ব্যক্তি) সেইরূপ দর্শন করে, যমরাজ তাহাকে অবলোকন করে না।

বেণুবন ... অভয় রাজকুমার

১৭১ এথ পস্সথিমং লোকং চিত্তং রাজরথূপমং,
যত্থ ৰালা বিসীদন্তি, নত্থি সঙ্গো বিজানতং। ৫

অন্বয়।—এথ, ইমং লোকং চিত্তং রাজরথূপমং পস্সথ যত্থ বালা বিসীদন্তি, বিজানতং সঙ্গো নত্থি।

সংস্কৃত।—এত, ইমং লোকং চিত্রং রাজরথোপমং পশ্যত, যত্র বালাঃ বিষীদন্তি, বিজানতাং সঙ্গঃ নাস্তি।

অনুবাদ।—এস, এই জগৎকে বিচিত্র রাজরথের ন্যায় অবলোকন কর, যেখানে মূর্খেরা নিমজ্জিত হয়, কিন্তু জ্ঞানিগণ আসক্ত হয়েন না।

জেতবন ... সম্মুঞ্জানি থের

১৭২ যো চ পুব্বে পমজ্জিত্বা পচ্ছা সো নপ্পমজ্জতি
সোহ্মং লোকং পভাসেতি অব্ভা মুত্তোব চন্দিমা। ৬

অন্বয়।—যো চ পুব্বে পমজ্জিত্বা পচ্ছা নপ্পমজ্জতি, সো অব্ভা মুত্তো চন্দিমা ব ইমং লোকং পভাসেতি।

সংস্কৃত।—যঃ পূর্ব্বং প্রমাদ্য (প্রমত্তো ভূত্বা) পশ্চাৎ ন প্রমাদ্যতি (অপ্রমাদী ভবতীত্যর্থঃ), সোঽভ্রাৎ (মেঘাৎ) মুক্তঃ চন্দ্রমা ইব ইমং লোকং প্রভাসয়তি (প্রকাশয়তি, উজ্জ্বলীকরোতি,)।

অনুবাদ।—যে পূর্ব্বে প্রমত্ত থাকিয়া পরে অপ্রমাদী হয়, সে মেঘমুক্ত চন্দ্রের ন্যায় জগৎকে উজ্জ্বল করে।

জেতবন　　…　　…　　অঙ্গুলিমাল থের

১৭৩ যস্স পাপং কতং কম্মং কুসলেন পিথীয়তি[1]
সোঽমং লোকং পভাসেতি অব্‌ভা মুত্তো ব চন্দিমা ।৭

অন্বয় ।—যস্‌স কতং পাপং কম্ম কুসলেন পিথীয়তি, সো অব্‌ভা মুত্তো চন্দিমা ব ইমং লোকং পভাসেতি ।

সংস্কৃত ।—যস্য কৃতং পাপং কর্ম্ম কুশলেন (কর্ম্মণেতি শেষঃ) প্রথীয়তে (আব্রিয়তে), সোঽভ্রাৎ মুক্তশ্চন্দ্রমা ইব ইমং লোকং প্রভাসয়তি ।

অনুবাদ ।—যাহার কৃত পাপ কর্ম্ম কুশল কর্ম্ম (অর্হত্বমার্গ) দ্বারা আবৃত হয় সে মেঘমুক্ত চন্দ্রের ন্যায় জগৎকে উজ্জ্বল করে ।

জেতবন　　…　　…　　পেসকারধীত বত্থু

১৭৪ অন্ধভূতো[2] অয়ং লোকো তনুকেঽথ বিপস্সতি,
সকুন্তো[3] জালমুত্তো ব অপ্পো সগ্গায় গচ্ছতি । ৮

অন্বয় ।—অয়ং লোকো অন্ধভূতো, অথ তনুকো বিপস্‌সতি ; জালমুত্তো সকুন্তো ব অপ্পো সগ্‌গায় গচ্ছতি ।

সংস্কৃত ।—অয়ং লোকঃ অন্ধভূতঃ অত্র তনুকঃ (অল্প এব) বিপশ্যতি (সম্যগবেক্ষতে) ; জালমুক্তঃ শকুন্ত ইব অল্পঃ (জনঃ ইতি শেষঃ) স্বর্গায় (অপবর্গায়) গচ্ছতি ।

অনুবাদ ।—এই পৃথিবী অন্ধকারময় (পৃথিবীস্থ লোকসমূহ অন্ধ), এখানে অল্প লোকেই (প্রজ্ঞাচক্ষু অভাবে) উত্তমরূপে (অনিত্যাদিরূপ) দেখিতে পায় ; অল্প লোকেই জালমুক্ত পক্ষীর ন্যায় স্বর্গে গমন করে (সুগতি বা নির্ব্বাণ লাভ করে) ।

---

১ । পিধিয্যতি ।　　২ । অন্ধী—　　৩ । সকুণো

জেতবন ... ... তিসং ভিক্‌খুকং

১৭৫ হংসাদিচ্চপথে যন্তি, আকাশে যন্তি ইদ্ধিয়া,
নীয়ন্তি[১] ধীরা লোকম্‌হা জেত্বা[২] মারং সবাহিণিং[৩]। ৯

অন্বয়।—হংসা আদিচ্চপথে যন্তি, ইদ্ধিয়া আকাসে যন্তি; ধীরা সবাহিণিং মারং লোকম্‌হা নীয়ন্তি।

সংস্কৃত।—হংসাঃ (পক্ষিবিশেষা যদ্বা সাধবঃ) অদিত্যপথে যন্তি, ঋদ্ধ্যা আকাশে যন্তি; ধীরাঃ সবাহিনীকং মারং জিত্বা (অস্মাৎ) লোকাৎ নীয়ন্তে।

অনুবাদ।—হংসগণ আদিত্যপথে গমন করে, লোকে ঋদ্ধিদ্বারা আকাশে বিচরণ করে; ধীর ব্যক্তিগণ (জ্ঞানিগণ) সসৈন্য মারকে পরাজয় করিয়া পৃথিবী হইতে নীত হন (নির্ব্বাণ, লোকোত্তর বা নিযানিক ধর্ম্ম প্রাপ্ত হন)।

জেতবন ... ... চিঞ্চমাণবিকা

১৭৬ একং ধম্মং অতীতস্স মুসাবাদিস্স[৪] জন্তুনো
বিতিণ্ণপরলোকস্স নত্থি পাপং অকারিয়ং। ১০

অন্বয়।—একং ধম্মং অতীতস্‌স মুসাবাদিস্‌স বিতিণ্ণপরলোকস্‌স জন্তুনো অকারিয়ং পাপং নত্থি।

সংস্কৃত।—একং ধর্ম্মমতীতস্য মৃষাবাদিনঃ (মিথ্যাকথনশীলস্য) বিতীর্ণপরলোকস্য (অনাদৃতস্বর্গমার্গস্য জন্তোঃ জনস্যেত্যর্থঃ) অকার্য্যং পাপং নাস্তি।

১। নিয়ন্তি। ২। জিত্বা। ৩। সবাহনম্‌।

১৭৫। কাহারও কাহারও মতে 'হংস' অর্থে সাধু। ৪। মুস্‌সা—

অনুবাদ।—যে সত্যধর্ম্ম লঙ্ঘন করিয়াছে, যে মিথ্যাকথনশীল, যে পর-লোক ভয়রহিত (অর্থাৎ মনুষ্যসম্পত্তি, দেবলোকসম্পত্তি ও নির্ব্বাণসম্পত্তি বিষয়ে) অবহেলা প্রকাশ করে, সেই ব্যক্তির অকার্য্য পাপ কিছুই নাই।

জেতবন　　…　　অসদিসদান বত্থু

১৭৭　ন [বে] কদরিয়া[১] দেবলোকং বজন্তি,
বালা হবে ন প্পসংসন্তি দানং,
ধীরো চ দানং অনুমোদমানো
তেনেব সো হোতি সুখী পরত্থ[া]।১১

অন্বয়।—কদরিয়া বে দেবলোকং ন বজন্তি, বালা হবে দানং ন পসংসন্তি, ধীরো চ দানং অনুমোদমানো তেনেব সো পরত্থা সুখী হোতি।

সংস্কৃত।—কদর্য্যাঃ (কৃপণাঃ, অদানরতাঃ) বৈ দেবলোকং ন ব্রজন্তি (গচ্ছন্তি) বালাঃ (মূর্খাঃ) হি বৈ দানং ন প্রশংসন্তি, ধীরশ্চ (জ্ঞানী চ) দানং অনুমোদমানঃ (প্রশংসন্) তেনৈব পরত্র (পরকালে) (দিব্যসম্পত্তিং অনুভবমানো) সুখী ভবতি।

অনুবাদ।—কৃপণ ব্যক্তিরা দেবলোক প্রাপ্ত হয় না ; মূর্খেরা কখনই দানকে প্রশংসা করে না, কিন্তু জ্ঞানিগণ দানকে প্রশংসা (অনুমোদন) করেন এবং তদ্দ্বারাই পরলোকে সুখী হয়েন।

১। 'কদরিয়া'—কদর্য্যাঃ—পালিতে কদর্য্য শব্দ 'কৃপণ' অর্থে ব্যবহৃত হয়। কোন কোন স্থলে 'কদর্য্য' অর্থে মৎসর বা দ্বেষ বুঝায়।

জেতবন ...... অনাথপিণ্ডিকপুত্তকাল

১৭৮ পথব্যা একরজ্জনে সগ্গস্স গমনেন বা
সব্বলোকাধিপচ্চেন সোতাপত্তিফল[১] বরং। ১২

অন্বয়।—পথব্যা একরজ্জেন, সগ্গস্স গমনেন, সব্বলোকাধিপচ্চেন বা সোতাপত্তিফলং বরং।

সংস্কৃত।—পৃথিব্যাঃ ঐকরাজ্যাৎ (একাধিপত্যাৎ), স্বর্গস্য গমনাৎ সর্ব্বলোকাধিপত্যাদ্বা 'স্রোত আপত্তিফলং' বরং (শ্রেয়ঃ)।

অনুবাদ।—পৃথিবীর ঐকরাজ্য, স্বর্গগমন, কিংবা সর্ব্বলোকাধিপত্য অপেক্ষা 'স্রোতাপত্তিফল' শ্রেষ্ঠ।

লোকবগ্গো তেরসমো।

১। সোতাপত্তিফলং—স্রোতাপত্তিফলং—বৌদ্ধসাধনকাণ্ডে চারটি মার্গ আছে, সোতাপত্তি, সকদাগমনং (সকৃদাগমনম্), অনাগমনং ও অরহত্তং (অর্হত্বম্)। সোতাপত্তি অর্থাৎ (মার্গরূপ স্রোত প্রাপ্তি,) স্রোতে আগমন; এই মার্গে প্রবেশ করিলে জীবকে আরও সাত বার জন্মগ্রহণ করিতে হয়, সকদাগমনং অর্থাৎ এক বার আগমন। যিনি এই মার্গে প্রবেশ করিয়াছেন (সকদাগামী) তাঁহাকে আর এক বার পৃথিবীতে জন্মগ্রহণ করিতে হয়। অনাগমনং অর্থাৎ না আসা; যিনি এই মার্গে প্রবেশ করিয়াছেন (অনাগামী) তাঁহাকে পৃথিবীতে আর প্রত্যাবর্ত্তন করিতে হয় না। অরহত্তং অর্থাৎ যে অবস্থায় সকলের পূজনীয় হওয়া যায়, যিনি এই সর্ব্বোচ্চ মার্গে প্রবেশ করিয়াছেন (অরহা) তিনি নির্ব্বাণ প্রাপ্ত হন। ইহার প্রত্যেকটী আবার উচ্চতা অনুসারে দুই ভাগে বিভক্ত, যথা সোতাপত্তি মগ্গো (স্রোত আপত্তি মার্গ, ইহা 'সোতাপত্তির' সাধন কাল), সোতাপত্তিফলং (স্রোত আপত্তির ফল বা সিদ্ধি); সকদাগামি মগ্গো, সকদাগামিফলং; অনাগামি মগ্গো, অনাগামিফলং; অরহত্ত মগ্গো, অরহত্তফলং।

বুদ্ধবগ্গো

(চতুদ্দসমো)

বোধিমণ্ড ... মাগন্দিয় ব্রাহ্মণ

১৭৯ যস্স জিতং নাবজীয়ন্তি জিতমস্স নোযাতি কোচি লোকে,
তং বুদ্ধমনন্তগোচরং অপদং কেন পদেন নেস্সথ।১

১৮০ যস্স জালিনী বিসত্তিকা তণ্হা নত্থি কুহিঞ্চি নেতবে,
তং বুদ্ধমনন্তগোচরং অপদং কেন পদেন নেস্সথ।২

অন্বয়।—যস্স জিতং নাবজীয়তি, যস্স জিতং লোকে কোচি নো যাতি, তং অনন্তগোচরং অপদং বুদ্ধং কেন পদেন নেস্সথ। যস্স জালিনী বিসত্তিকা তণ্হা কুহিঞ্চি নেতবে নত্থি, তং অনন্তগোচরং অপদং বুদ্ধং কেন পদেন নেস্সথ।

সংস্কৃত।—যস্য (সম্যক্সম্বুদ্ধস্য) জিতং (জয়ঃ) নাবজীয়তে (কেনাপীতি শেষঃ), যস্য জিতং (জয়ং) লোকে (পৃথিব্যাং) কশ্চিৎ নো (ন) যাতি (প্রাপ্নোতি), তং অনন্তগোচরং (অনন্তজ্ঞানং) অপদং (রাগাদিক্লেশরহিতং) বুদ্ধং কেন পদেন (মার্গেণ) নেষ্যথ (চালয়িষ্যথ)। যস্য কুহচিৎ (কুত্রচিৎ) নেতুং জালিনী (জালবতী, জালসহিতেত্যর্থঃ) বিষাত্মিকা (গরলস্বভাবা) তৃষ্ণা (বাসনা) নাস্তি, তং অনন্তগোচরং (অশেষজ্ঞানসম্পন্নং) অপদং (অপরিচ্ছিন্নং) বুদ্ধং কেন পদেন (মার্গেণ) নেষ্যথ (চালয়িষ্যথ)।

অনুবাদ।—যাঁহা কর্ত্তৃক জিত রাগ, দ্বেষ ও মোহ প্রভৃতি ক্লেশসমূহ পুনরায় উৎপত্তি হয় না, যাঁহা কর্ত্তৃক জিত ক্লেশ (পাপ) পশ্চাদনুসরণ করে না, সেই অনন্তগোচর, (অপদং) সর্ব্বজ্ঞ (পুনর্জন্ম হেতু) রাগাদিক্লেশরহিত বুদ্ধকে কোন্ পথে লইয়া যাইবে? (কিরূপে বশীভূত করিবে?) জালরূপা (অর্থাৎ বন্ধনকারিণী) এবং বিষাত্মিকা তৃষ্ণা যাঁহাকে যথা ইচ্ছা লইয়া যাইতে পারে না, সেই অনন্তগোচর সর্ব্বজ্ঞ ও রাগাদি পদহীন বুদ্ধকে কোন্ পথে লইয়া যাইবে?

সঙ্কস্সনগর ... দেব মনুস্স

১৮১ যে ঝানপসুতা ধীরা নেক্খম্মূপসমে[১] রতা,
দেবাপি তেসং পিহয়ন্তি[২] সম্বুদ্ধানং সতীমতং।

অন্বয়।—যে ঝানপসুতা ধীরা নেক্খম্মূপসমে রতা, সতীমতং সম্বুদ্ধানং তেসং দেবাপি পিহয়ন্তি।

সংস্কৃত।—যে ধ্যানপ্রসিতাঃ (ধ্যানপরায়ণাঃ) ধীরাঃ (জ্ঞানিনঃ) নৈষ্কর্ম্ম্যোপশমে রতাঃ (সংসারত্যাগজনিত-শান্তৌ অবস্থিতাঃ), স্মৃতিমতাং (সতত-স্মৃতি-যুক্তানাং) সম্বুদ্ধানাং (বোধিজ্ঞান-মাপন্নানাং) তেষাং (পুরুষাণাং) (সৌভাগ্যায় ইতি শেষঃ) দেবা অপি স্পৃহয়ন্তি (অত্যর্থমভিলষন্তি)।

১। "নেক্খম্মং"—এই শব্দটী—চিলডার্স (Childers) 'নৈষ্ক্রম্যং' এই শব্দের প্রতিরূপ কহেন, এবং ইহাকে 'নৈষ্কর্ম্ম' এই শব্দের প্রতিরূপ বলিতে আপত্তি করেন। তাহার প্রধান কারণস্বরূপ তিনি এই কথা বলেন যে, নৈষ্কর্ম্ম্য বলিতে যাহা বুঝায়, বৌদ্ধসন্ন্যাস ধর্ম্মে তাহা নাই। উদ্যমশীলতাই বৌদ্ধসন্ন্যাসের বিশেষত্ব। নেক্খম্মূপসমে রতা-ক্লেশ-উপসমে রত বা আসক্ত (নির্ব্বাণ-প্রাপ্ত)। ২। পিহেন্তি।

অনুবাদ।—যে সকল পণ্ডিত ব্যক্তি সতত ধ্যানপরায়ণ ও ক্লেশ উপশমে-রত, অর্থাৎ নির্ব্বাণপ্রাপ্ত, সে সকল স্মৃতিমান্ সম্যক্‌সম্বুদ্ধগণকে দেবতারাও স্পৃহা করেন, (অর্থাৎ তাঁহাদের বুদ্ধত্ব দেবতারাও পাইতে ইচ্ছা করেন)।

বারাণসী　　…　　এরকপত্তং নাগরাজ

১৮২　কিচ্ছো মনুস্সপটিলাভো কিচ্ছ মচ্চানং জীবিতং,
কিচ্ছং সদ্ধম্মসবণং কিচ্ছো ব্‌ুদ্ধানং উপ্পাদো। ৪

অন্বয়।—মনুস্‌সপটিলাভো কিচ্ছো, মচ্চানং জীবিতং কিচ্ছং, সদ্ধম্মসবণং কিচ্ছং, বুদ্ধানং উপ্পাদো কিচ্ছো।

সংস্কৃত।—মনুষ্যপ্রতিলাভঃ (মনুষ্যজন্মপ্রাপ্তিঃ) কৃচ্ছ্রঃ (দুর্ল্লভঃ), মর্ত্ত্যানাং (মরণশীলানাং নরাণাং) জীবিতং (জীবনং) কৃচ্ছ্রং (দূরক্ষ্যং), সদ্ধর্ম্মশ্রবণং কৃচ্ছ্রং (দুর্ল্লভং), বুদ্ধানাং উৎপাদঃ কৃচ্ছ্রঃ (জন্ম দুর্ল্লভং)।

অনুবাদ।—মানব-জন্মলাভ দুর্ল্লভ, মরণশীল মনুষ্যের জীবন কষ্টকর, সদ্ধর্ম্ম (ধর্ম্ম) শ্রবণ দুর্ল্লভ, বুদ্ধগণের উৎপত্তি দুর্ল্লভ।

জেতবন　　…　　আনন্দথেরস্‌স পঞ্‌হং

১৮৩　সব্‌বপাপস্স অকরণং, কুসলস্স উপসম্পদা,
সচিত্তপরিয়োদপনং, এতং বুদ্ধান সাসনং। ৫

অন্বয়।—সব্বপাপস্‌স অকরণং, কুসলস্‌স উপসম্পদা, সচিত্তপরিয়োদপনং, এতং বুদ্ধানং সাসনং।

সংস্কৃত।—সর্ব্বপাপস্য অকরণং, কুশলস্য (পুণ্যকর্ম্মণঃ) উপসম্পদা (প্রাপ্তিঃ করণমিত্যর্থঃ), স্বচিত্ত-পর্য্যবদাপনং (আত্মচিত্ত-নির্ম্মলীকরণং), এতৎ (ইদং) বুদ্ধানাং শাসনম্ (আদেশঃ)।

অনুবাদ।—কোন প্রকার পাপ কর্ম্ম না করা, কুশল কর্ম্মের অনুষ্ঠান করা, এবং আপন চিত্তকে নির্ম্মল রাখা, ইহাই বুদ্ধের অনুশাসন।

(এই শ্লোক দ্বারা শীল, সমাধি ও ভাবনা ব্যক্ত করা হইয়াছে)

জেতবন ... আনন্দ থের

১৮৪ খন্তী পরমং তপো তিতিক্খা,
নিব্বাণং[1] পরমং বদন্তি বুদ্ধা,
ন হি পব্বজিতো পরূপঘাতী,
সমণো হোতি পরং বিহেঠযন্তো। ৬

১৮৫ অনুপবাদো অনুপঘাতো পাতিমোক্খে চ সংবরো,
মত্তঞ্ঞুতা চ ভত্তস্মিং পন্থঞ্চ[2] সয়নাসনং,
অধিচিত্তে চ আযোগো এতং বুদ্ধান সাসনং। ৭

অন্বয়।—খন্তী তিতিক্খা পরমং তপো, নিব্বাণং পরমং (ইতি) বুদ্ধা বদন্তি। পরূপঘাতী ন হি পব্বজিতো, পরং বিহেঠয়ন্তো

১। নিব্বান। ২। পথঞ্চ, পহঞ্চ।

১৮৪। দ্বিতীয় সংস্করণে নিম্নোক্তরূপ অর্থ প্রদত্ত হইয়াছিল:—বুদ্ধগণ বলেন ক্ষান্তিই পরম তপস্যা, তিতিক্ষাই পরম নির্ব্বাণ, পরঘাতী ব্যক্তি প্রব্রজিত হইতে পারে না, পরপীড়নকারী শ্রমণ হইতে পারে না। অধ্যাপক ম্যাক্সমূলার এইরূপ অর্থই সমর্থন করিয়াছেন। কিন্তু বুদ্ধঘোষ অত্থকথায় উপরিউক্ত ব্যাখ্যা করিয়াছেন।

(ন চ) সমণো হোতি। অনুপবাদো, অনুপঘাতো, পাতি-মোক্খে চ সংবরো, ভত্তস্মিং মত্তঞ্ঞুতা চ, পন্থং সয়নাসনঞ্চ, অধিচিত্তে আযোগো চ, এতং বুদ্ধানং সাসনং।

সংস্কৃত।—ক্ষান্তিঃ নাম তিতিক্ষা পরমং তপঃ নির্ব্বাণং পরমং ইতি বুদ্ধা বদন্তি। পরোপঘাতী ন হি প্রব্রজিতঃ (ভিক্ষুঃ), পরং বিহেঠয়ন্ (উৎপীড়য়ন্, জন ইতি শেষঃ) ন চ শ্রমণো ভবতি। অনুপবাদঃ, অনুপঘাতঃ, প্রাতিমোক্ষে (বা) সংবরশ্চ (সম্যগ-নুষ্ঠানম্) ভক্তে (আহারে) মাত্রাজ্ঞতা চ (মিতাহারশ্চ ইত্যর্থঃ), প্রান্তং (একদেশে শয়নমাসনঞ্চ,) অধিচিত্তে (সমাধৌ) আয়োগশ্চ (অবস্থানঞ্চ), এতৎ বুদ্ধানাং শাসনং।

অনুবাদ।—ক্ষান্তি নামক তিতিক্ষাই পরম তপস্যা, বুদ্ধগণ বলেন নির্ব্বাণ সর্ব্ব শ্রেষ্ঠ। পরঘাতী ব্যক্তি প্রব্রজিত নহে; পরপীড়নকারী ব্যক্তি শ্রমণ হইতে পারে না। কাহারও নিন্দা করিবে না, কাহাকেও প্রহার করিবে না, পাতিমোক্ষে বা নির্দ্দিষ্ট শীল-সমূহে চিত্তকে সুদৃঢ় রাখিবে, ভোজনে মিতাহারী হইবে, নির্জ্জন স্থানে বাস করিবে ও সর্ব্বদা মনকে যোগযুক্ত রাখিবে, ইহাই বুদ্ধগণের আদেশ।

জেতবন ... অনভিরত ভিক্খু

১৮৬ ন কহাপণবস্সেন তিত্তি কামেসু বিজ্জতি,
অপ্পস্সাদা দুখা[১] কামা ইতি বিঞ্ঞায় পণ্ডিতো। ৮

১। দুক্খা।

১৮৭ অপি দিব্বেসু কামেসু রতিং সো নাধিগচ্ছতি,
তণ্হক্খয়রতো হোতি সম্মাসম্বুদ্ধসাবকো। ৯

অন্বয়।—কহাপণবস্সেন কামেসু তিত্তি ন বিজ্জতি; কামা অপ্পস্সাদা দুখা (চ) ইতি বিঞ্ঞায় (পুগ্গলো) পণ্ডিতো (হোতি)। সম্মাসম্বুদ্ধসাবকো দিব্বেসু অপি কামেসু রতিং ন অধিগচ্ছতি; তণ্হক্খয়রতো হোতি।

সংস্কৃত।—কার্ষাপণবর্ষেণ (কার্ষাপণেতি মুদ্রাবিশেষস্য বর্ষেণ) কামেষু তৃপ্তি ন বিদ্যতে; কামা অল্পস্বাদা দুঃখাঃ (দুঃখকরাঃ) ইতি বিজ্ঞায় নরঃ পণ্ডিতো ভবতি। সম্যক্সম্বুদ্ধশ্রাবকঃ (বুদ্ধদেশিত-ধর্ম্মচারী ভিক্ষুঃ) দিব্যেষু (স্বর্গীয়েষু দেবোচিতেষু ইত্যর্থঃ) অপি কামেষু রতিং নাধিগচ্ছতি (ন প্রাপ্নোতি), পরন্তু তৃষ্ণাক্ষয়রতো ভবতি।

অনুবাদ।—কার্ষাপণ (স্বর্ণমুদ্রাবিশেষ—কহাপণ=কাহণ) বর্ষণে কামের তৃপ্তি হয় না; কাম সকল, অল্পস্বাদযুক্ত এবং দুঃখকর, ইহা জানিয়া পণ্ডিত ব্যক্তি দিব্য কামেও আসক্তি প্রকাশ করেন না ও সম্যক্সম্বুদ্ধের শিষ্য তৃষ্ণাক্ষয়ে রত থাকেন।

জেতবন ... অগ্গিদত্তব্রাহ্মণ

১৮৮ বহুং বে সরণং যন্তি পব্বতানি বনানি চ,
আরামরুক্খচেত্যানি[১] মনুস্সা ভয়তজ্জিতা। ১০

১। চেত্য—চৈত্য। অস্থি, দন্ত ইত্যাদি বুদ্ধশরীরাবশেষের উপর নির্ম্মিত মন্দিরাদিকে চৈত্য বলে।

১৮৮। অগ্গিদত্ত, (অগ্নিদত্ত), কোশলরাজ পুরোহিত।

১৮৯　নেতং খো সরণং খেমং নেতং সরণমুত্তমং,
　　নেতং সরণমাগম্ম সব্বদুক্খা পমুচ্চতি। ১১

অন্বয়।—মনুস্সা ভয়তজ্জিতা (সন্তা) পব্বতানি বনানি আরামরুক্খ-চেত্যানি চ (ইতি) বহুং বে সরণং যন্তি। এতং খো খেমং সরণং ন (হোতি) এতং উত্তমং সরণং ন (হোতি), এতং সরণং আগম্ম সব্বদুক্খা ন পমুচ্চতি।

সংস্কৃত।—মনুষ্যাঃ ভয়ভর্জ্জিতাঃ (সন্তঃ) পর্ব্বতানি বনানি আরামবৃক্ষ-চৈত্যানি (উদ্যান বৃক্ষচৈত্যানি) চ (ইত্যাদিকম্) বহু বৈ শরণং (আশ্রয়ং) যান্তি। এতৎ (পর্ব্বতাদিকং) খলু ক্ষেমং (নিরাপৎ) শরণং ন ভবতি, এতৎ উত্তমং শরণং ন ভবতি, এতৎ শরণং আগম্য (লব্ধা) (মানবঃ) সর্ব্বদুঃখাৎ ন প্রমুচ্যতে।

অনুবাদ।—মনুষ্যগণ ভয়বিহ্বল হইয়া পর্ব্বত, বন, উদ্যানবৃক্ষ, চৈত্য, ইত্যাদি বহু স্থানের শরণ লইয়া থাকে। কিন্তু এ সকল (উপরোক্ত) নিরাপদ্ শরণ নহে; এ সকল উত্তম আশ্রয় নহে। এ সকলে আশ্রয় গ্রহণ করিলে, সর্ব্বদুঃখ হইতে মুক্ত হওয়া যায় না।

জেতবন　　　　…　　　　অগ্গিদত্ত ব্রাহ্মণ

১৯০　যো চ বুদ্ধঞ্চ ধম্মঞ্চ সঙ্ঘঞ্চ[১] সরণং গতো,
　　চত্তারি অরিয়সচ্চানি[২] সম্মপ্পঞ্ঞায় পস্সতি। ১২

১। বুদ্ধঞ্চ ধম্মঞ্চ সঙ্ঘঞ্চ—বুদ্ধ, বুদ্ধ-প্রতিষ্ঠিত ধর্ম্ম এবং বৌদ্ধভিক্ষুমণ্ডলী (সঙ্ঘ)। এই তিনটিকে বৌদ্ধশাস্ত্রে ত্রিরত্ন বলে। প্রত্যেক বৌদ্ধকেই এই তিনটিকে সম্মান করিতে হয় এবং ইঁহাদের শরণ লইতে হয়।

২। "চত্তারি অরিয় সচ্চানি"—দুঃখ আছে, দুঃখের উৎপত্তি অর্থাৎ কারণ আছে,

১৯১ দুক্খং দুক্খসমুপ্পাদং দুক্খস্স চ অতিক্কমং,
অরিয়ঞ্চঽট্ঠঙ্গিকং মগ্গং[১] দুক্খূপসমগামিনং। ১৩

১৯২ এতং খো সরণং খেমং এতং সরণমুত্তমং,
এতং সরণমাগম্ম সব্বদুক্খা পমুচ্চতি ॥ ১৪

অন্বয়।—যো চ বুদ্ধঞ্চ ধম্মঞ্চ সঙ্ঘঞ্চ[১] সরণং গতো; দুক্খং, দুক্খসমুপ্পাদং দুক্খস্স অতিক্কমঞ্চ, দুক্খূপসমগামিনং অরিয়ং অট্ঠঙ্গিকং মগ্গঞ্চ ইতি চত্তারি অরিয়সচ্চানি সম্মপ্পঞ্ঞায় পস্সতি; এতং খো খেমং সরণং (হোতি), এতং উত্তমং সরণং (হোতি) এতং সরণং আগম্ম (পুগ্গলো) সব্বদুক্খা পমুচ্চতি।

সংস্কৃত।—যশ্চ যদি (কোঽপীত্যর্থঃ) বুদ্ধঞ্চ ধর্ম্মঞ্চ সঙ্ঘঞ্চ (বৌদ্ধভিক্ষু-মণ্ডলীঞ্চ) শরণং গতঃ; দুঃখং দুঃখ-সমুৎপাদং (দুঃখোৎপত্তিং) দুঃখস্য অতিক্রমঞ্চ, দুঃখোপশমগামিনং আর্য্যং অষ্টাঙ্গিকং মার্গং ইতি চত্বারি আর্য্যসত্যানি সম্যক্ প্রজ্ঞয়া (সম্যগ্জ্ঞানেন) পশ্যতি; (তদা) এতৎ খলু (নিশ্চিতং) ক্ষেমং (নিরাপৎ) শরণং (আশ্রয়ঃ) ভবতি, এতৎ উত্তমং শরণং ভবতি, এতৎ শরণং আগম্য (প্রাপ্য, আশ্রিত্য) (মনুষ্যঃ) সর্ব্বদুঃখাৎ প্রমুচ্যতে।

দুঃখ হইতে মুক্ত হওয়া যায় এবং অষ্টাঙ্গ-মার্গ দুঃখ হইতে মুক্ত হইবার উপায়,এই চারিটী সত্যকে আর্য্য সত্য কহে।

১। "অট্ঠঙ্গিকং মগ্গং"—সম্মাদিট্ঠি (সম্যক্ দৃষ্টি), সম্মাসঙ্কপ্পো (সম্যক্-সংকল্প), সম্মাবাচা (সম্যক্ বাক্য), সম্মাকম্মন্তো (সম্যক্ কর্ম্মান্ত অর্থাৎ উত্তম ব্যবসায়), সম্মাআজীবো (সম্যগাজীব অর্থাৎ উত্তম জীবিকা), সম্মাব্যায়াম (সম্যক্ ব্যায়াম অর্থাৎ উত্তম চেষ্টা), সম্মাসতি (সম্যক্ স্মৃতি), সম্মাসম্বোধি (সম্যক্ সমাধি অর্থাৎ ধ্যান)—এই আটটিকে অষ্টাঙ্গমার্গ বলে।

অনুবাদ।—যদি কেহ বুদ্ধ, ধর্ম্ম এবং সঙ্ঘের শরণ লয় এবং দুঃখ, দুঃখের উৎপত্তি, দুঃখের অতিক্রম ও দুঃখোপশমকারী আর্য্য অষ্টাঙ্গ-মার্গ—এই চারিটি আর্য্য সত্য, সম্যক্ জ্ঞানের সহিত দেখে তবে ইহাই নিরাপদ্ আশ্রয়; ইহাই উত্তম আশ্রয়। সেই আশ্রয় অবলম্বন করিলে, সর্ব্বদুঃখ হইতে মুক্ত হওয়া যায়।

জেতবন　　　…　　　আনন্দ থেরস্সপঞ্ঞ্হাং

১৯৩　দুল্লভো পুরিসাজঞ্ঞো ন সো সব্বত্থ জায়তি,
যত্থ সো জায়তী ধীরো তং কুলং সুখমেধতি ।১৫

অন্বয়।—পুরিসাজঞ্ঞো দুল্লভো, সো সব্বত্থ ন জায়তি, যত্থ সো ধীরো জায়তী, তং কুলং সুখমেধতি।

সংস্কৃত।—পুরুষাজানেয়ঃ (পুরুষশ্রেষ্ঠঃ বুদ্ধবদিতি ভাবঃ) দুর্ল্লভঃ, সঃ সর্ব্বত্র ন জায়তে। যত্র স ধীরঃ (জ্ঞানী) জায়তে, তং কুলং সুখং এধতে।

অনুবাদ।—বুদ্ধের ন্যায় পুরুষশ্রেষ্ঠ দুর্ল্লভ। তদ্রূপ লোক সর্ব্বত্র জন্ম-গ্রহণ করেন না, সেই প্রকার মহাত্মা যেখানে জন্মগ্রহণ করেন, সেই কুলের সৌভাগ্য বর্দ্ধিত হয়।

জেতবন　　　…　　　সংবহুল ভিক্খু

১৯৪　সুখো বুদ্ধানং উপ্পাদো সুখা সদ্ধম্মদেসনা,
সুখা সংঘস্স সামগ্গি সমগ্গানং তপো সুখো ।১৬

অন্বয়।—বুদ্ধানং উপ্পাদো সুখো, সদ্ধম্মদেসনা সুখা, সঙ্ঘস্স সামগ্গি সুখা, সমগ্গানাং তপো সুখো।

সংস্কৃত।—বুদ্ধানাং উৎপাদঃ (উৎপত্তিঃ, জন্ম) সুখঃ (সুখকরঃ) সদ্ধর্ম্ম-দেশনা (সদ্ধর্ম্মোপদেশঃ) সুখা (সুখদায়িকা) সঙ্ঘস্য সামগ্রী (শান্তিঃ) সুখা, সমগ্রাণাম্ (শান্তানাম্) তপঃ সুখম্।

অনুবাদ—বুদ্ধগণের উৎপত্তি সুখজনক ; সদ্ধর্ম্মের উপদেশ সুখকর ; সঙ্ঘের একতা সুখদায়িকা ; একতাবদ্ধগণের তপস্যা সুখদ।

বুদ্ধ ভ্রমণ কালে ... কস্‌সপ দসবলস্‌স সুবণ্ণচেতি

১৯৫ পূজারহে পূজয়তো বুদ্ধে যদি ব সাবকে,
পপঞ্চসমতিক্কন্তে তিণ্ণসোকপরিদ্দবে।১৭

১৯৬ তে তাদিসে পূজয়তো নিব্বুতে অকুতোভয়ে,
ন সক্কা পুঞ্ঞং সংখাতুং ইমেহত্তম্পি কেনচি।১৮*

অন্বয়।—পূজারহে বুদ্ধে যদি ব সাবকে পূজয়তো, পপঞ্চসমতিক্কন্তে, তিণ্ণসোকপরিদ্দবে তাদিসে নিব্বুতে অকুতোভয়ে তে পূজয়তো ইমেত্তমপি পুঞ্ঞং সংখ্যাতুং ন কেনচি সক্কা।

সংস্কৃত। পূজার্হান্ (পূজনীয়ান্) বুদ্ধান্ যদি বা শ্রাবকান্ (তচ্ছিষ্যান্ ভিক্ষূন্) প্রপঞ্চসমতিক্রান্তান্ (তৃষ্ণাদৃশ্যমান প্রপঞ্চাতিক্রান্তান্) তীর্ণশোকপরিদ্রবান্ তাদৃশান্ নির্বৃতান্ (সুখিতান্) অকুতোভয়ান্ তান্ পূজয়তঃ নরস্য ইয়ন্মাত্রমপি পুণ্যং সংখ্যাতুং ন কেনচিৎ শক্যম্।

---

* ব্রহ্মদেশীয় পুস্তকে ইহার পরের দুইটি শ্লোক নাই।

অনুবাদ।—যিনি সকল প্রকার প্রপঞ্চ অতিক্রম করিয়াছেন, শোক মোহ প্রভৃতি উত্তীর্ণ হইয়াছেন, সকল প্রকার বাসনা হইতে মুক্ত হইয়াছেন ও যিনি অকুতোভয়, এরূপ পূজার্হ যে বুদ্ধ এবং বুদ্ধশ্রাবকদিগকে যিনি পূজা করেন, কোন ব্যক্তিই, তাঁহার পুণ্যের কোন সংখ্যা করিতে পারে না।

বুদ্ধবগ্‌গো চতুদ্দসমো।

পঠমকভাণবারং নিট্‌ঠিতং।

প্রথম পরিচ্ছেদ সমাপ্ত।

সুখবগ্‌গো

(পঞ্চদ্দসমো)

সক্যনগর ... ঞাতিকলহবুপসমনত্থং

১৯৭ সুসুখং বত জীবাম বেরিনেসু অবেরিনো,
বেরিনেসু মনুস্সেসু বিহরাম অবেরিনো ।১

১৯৮ সুসুখং বত জীবাম আতুরেসু[১] অনাতুরা,
আতুরেসু মনুস্সেসু বিহরাম অনাতুরা ।২

১৯৯ সুসুখং বত জীবাম উস্সুকেসু[২] অনুস্সুকা,
উস্সুকেসু মনুস্সেসু বিহরাম অনুস্সুকা ।৩

অন্বয় ।—বেরিনেসু অবেরিনো (সন্তা) সুসুখং বত জীবাম ; বেরিনেসু মনুস্সেসু অবেরিনো (সন্তা) বিহরাম। আতুরেসু অনাতুরা (সন্তা) সুসুখং বত জীবাম ; আতুরেসু মনুস্সেসু অনাতুরা (সন্তা) বিহরাম। উস্সুকেসু অনুস্সুকা (সন্তা) সুসুখং বত জীবাম, উস্সুকেসু মনুস্সেসু অনুস্সুকা (সন্তা) বিহরাম।

সংস্কৃত ।—বৈরিষু (শত্রুষু) অবৈরিণঃ (শত্রুতাহীনাঃ, অনসূয়ন্তঃ) সুসুখং বত জীবামঃ, বৈরিষু (অসূয়ৎষু) মনুষ্যেষু অবৈরিণঃ

১। "আতুরেষু"—এখানে আতুর শব্দে লোভ, দ্বেষ, মোহ, মান ইত্যাদি ক্লেশযুক্ততা নিবন্ধন মানসিক রুগ্নতা বুঝাইতেছে। মহাভারত—সংপ্রশান্ত নিরাময়ঃ।

২। উস্সুককেসু।

বিহরামঃ। আতুরেষু (লোভমোহাদিক্লেশাতুরেষু) অনাতুরাঃ (নিরাময়াঃ) (সন্তঃ) সুসুখং বত জীবামঃ; আতুরেষু মনুষ্যেষু অনাতুরাঃ (সন্তঃ) বিহরামঃ। উৎসুকেষু (অনুরক্তেষু) অনুৎসুকাঃ (রাগহীনাঃ) (সন্তঃ) সুসুখং বত জীবামঃ, উৎসুকেষু মনুষ্যেষু অনুৎসুকাঃ সন্তঃ বিহরামঃ (বিচরামঃ)।

অনুবাদ।—বৈরিগণের মধ্যে আমরা বৈরিহীন হইয়া সুখে জীবনযাপন করি, আমরা বিদ্বেষভাবাপন্ন মনুষ্যগণের মধ্যে এস বিদ্বেষশূন্য হইয়া বিচরণ করি। আতুরগণ (রাগাদিক্লেশ দ্বারা ক্লিষ্ট) মধ্যে আমরা অনাতুর (ক্লেশরহিত) হইয়া সুখে জীবন যাপন করি; এস আমরা আতুর মনুষ্যগণের মধ্যে অনাতুর হইয়া বিচরণ করি। (পঞ্চকামগুণে) আসক্ত মনুষ্যগণমধ্যে এস আমরা অনাসক্ত হইয়া সুখে জীবন যাপন করি; এস আমরা আসক্ত মনুষ্যগণের মধ্যে আসক্তিবিহীন হইয়া বিচরণ করি।

পঞ্চসাল ব্রাহ্মণ গ্রামে　　…　　মার

২০০　সুসুখং বত জীবাম যেসং নো নত্থি কিঞ্চনং,
　　পীতিভক্খা[২] ভবিস্সাম দেবা আভস্সরা যথা ॥৪

অন্বয়।—যেসং নো কিঞ্চন নত্থি, তে বয়ং সুসুখং বত জীবামঃ, আভসসরা দেবা যথা (তথা বয়ং) পীতিভক্খা ভবিস্‌সাম।

২। পিতি—

২০০। সুসুখং বত জীবামি যস্য মে নাস্তি কিঞ্চন,
মিথিলায়াম্ প্রদীপ্তায়াম্ ন মে দহতি কিঞ্চন। মহাভারত ১২ পর্ব্ব

সংস্কৃত।—যেষাং নঃ (অস্মাকং) কিঞ্চন নাস্তি, তে বয়ং সুসুখং বত জীবামঃ ; যথা আভাস্বরাঃ (প্রকৃষ্টদীপ্তয়ঃ) দেবাঃ তথা বয়ম্ প্রীতিভক্ষ্যাঃ আনন্দভাজঃ ভবিষ্যামঃ।

অনুবাদ।—আমাদিগের মধ্যে যাহাদিগের রাগাদি কিছুই নাই, তাহারা সুখে জীবন যাপন করে। (আভাস্বর) দীপ্তিমান্ দেবগণের ন্যায় এস আমরা প্রীতিপায়ী হই।

জেতবন ... কোসলরাজস

২০১ জয়ং বেরং পসবতি দুক্খং সেতি পরাজিতো,
উপসন্তো সুখং সেতি হিত্বা জয়পরাজয়ং। ৫

অন্বয়।—জয়ং বেরং পসবতি, পরাজিতো দুক্খং সেতি ; উপসন্তো জয়পরাজয়ং হিত্বা সুখং সেতি।

সংস্কৃত।—জয়ঃ বৈরং (দ্বেষং) প্রসূতে, পরাজিতঃ দুঃখং শেতে, উপশান্তঃ (শমপরো জনঃ) জয়-পরাজয়ৌ হিত্বা সুখং শেতে।

অনুবাদ।—জয়, বৈর প্রসব করে। পরাজিত ব্যক্তি, দুঃখে অবস্থান করে ; (কিন্তু) উপশান্ত (রাগাদি ক্লেশরহিত ক্ষীণাসব) ব্যক্তি, জয় ও পরাজয় ত্যাগ করিয়া সুখে বিহার করেন।

জেতবন ... অঞ্ঞতরং কুলদারিক

২০২ নত্থি রাগসমো অগ্গি, নত্থি দোসসমো কলি,
নত্থি খন্ধাদিসা[১] দুক্খা, নত্থি সন্তি পরমং সুখং। ৬

১। খন্ধসমা।

"খন্ধাদিসা"—রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান এই পাঁচটির নাম স্কন্ধ। ইহারাই পুনর্জন্মের কারণ। পঞ্চস্কন্ধের সমষ্টি ব্যতীত জীব আর কিছুই নহে। উহাদের চরম বিনাশে নির্ব্বাণ লাভ হয়।

অন্বয়।—রাগসমো অগ্‌গি নত্থি, দোসসমো কলি নত্থি, খন্ধাদিসা দুক্খা নত্থি, সন্তিপরমং সুখং নত্থি।

সংস্কৃত।—রাগসমঃ অগ্নির্নাস্তি, দ্বেষসমঃ কলিঃ (পাপং) নাস্তি, স্কন্ধসদৃশং (পঞ্চস্কন্ধতুল্যং) দুঃখং নাস্তি, শান্তেঃ পরং সুখং নাস্তি।

অনুবাদ।—আসক্তির ন্যায় অগ্নি নাই, দ্বেষের ন্যায় পাপ নাই, পঞ্চস্কন্ধের ন্যায় দুঃখ নাই, শান্তি (নির্ব্বাণ) অপেক্ষা সুখ নাই।

আলবি　　　...　　　এক উপাসক

২০৩　জিঘচ্ছা পরমা রোগা, সঙ্খারা পরমা দুখা,
এতং ঞত্বা যথাভূতং নিব্‌বাণং পরমং সুখং। ৭

অন্বয়।—জিঘচ্ছা পরমা রোগা, সঙ্খারা পরমা দুখা, এতং যথাভূতং ঞত্বা (পণ্ডিতো) পরমং সুখং নিব্বাণং (সচ্ছিকরোতি)।

সংস্কৃত।—জিঘৎক্ষা (গৃধ্নুতা) পরমঃ রোগঃ, সংস্কারঃ (রাগদ্বেষাদয়ঃ) দুঃখং ; এতৎ যথাভূতং (তত্ত্বেন) জ্ঞাত্বা (পণ্ডিতঃ) পরমং সুখং (শ্রেষ্ঠং আনন্দং) নির্ব্বাণং (চ সাক্ষাৎ করোতি)।

অনুবাদ।—লোভই পরম রোগ, সংস্কারই পরম দুঃখ, ইহা যথার্থরূপে জানিয়া পণ্ডিত ব্যক্তি, নির্ব্বাণরূপ পরম সুখ (লাভ করেন)।

জেতবন　　　...　　　পসেনদি কোসলরাজ

২০৪　আরোগ্যপরমা[১] লাভা, সন্তুট্ঠী[২] পরমং ধনং,
বিস্সাসপরমা[৩] ঞাতী,[৪] নিব্বাণং পরমং সুখং। ৮

১। আরোগ্যা। ২। সন্তুট্ঠি ইতি পাঠান্তরং। ৩। বিস্সাসা। ৪। ঞাতি।

অন্বয়।—আরোগ্যপরমা লাভা, সন্তুট্‌ঠী পরমং ধনং, বিস্‌সাসপরমা ঞাতী, নিব্বাণং পরমং সুখং।

সংস্কৃত।—আরোগ্যং (রোগশূন্যতা) পরমো যেষাং তে আরোগ্যপরমাঃ লাভাঃ, সন্তুষ্টিঃ পরমং ধনং; বিশ্বাসঃ পরমা জ্ঞাতিঃ (উত্তমঃ আত্মীয়ঃ), নির্ব্বাণং পরমং সুখং।

অনুবাদ।—স্বাস্থ্যই পরম লাভ। সন্তোষই পরম ধন। বিশ্বাসই পরম জ্ঞাতি। নির্ব্বাণই পরম সুখ।

বৈশালি ... তিস্‌স থের

২০৫ পবিবেকরসং পীত্বা রসং উপসমস্স[১]চ,
নিদ্দরো হোতি নিপ্পাপো ধম্মপীতিরসং পিবং। ৯

অন্বয়।—পবিবেকরসং উপসমস্‌স চ রসং পীত্বা (পুরিসো) ধম্মপীতিরসং পিবং নিদ্দরো হোতি, নিপ্পাপো (হোতি)।

সংস্কৃত।—প্রবিবেকরসম্ (প্রবিবেকতঃ একান্তভাবতঃ যো রসঃ সুখং তং) উপশমস্য রসং পীত্বা চ (পুরুষঃ) ধর্ম্মপ্রীতিরসং (ধর্ম্মপানস্য মধুরত্বং) পিবন্ নির্দ্দরঃ (নির্ভয়ঃ) ভবতি, নিষ্পাপশ্চ (ভবতি)।

অনুবাদ।—যিনি বিবেক এবং উপশমের মধুরত্ব অনুভব করিয়াছেন[২], তিনি ধর্ম্মপানরূপ মধু পান করিতে করিতে, নির্ভীক এবং নিষ্পাপ হন।

১। উপসমেস্‌স।
২। ক্লেশ উপশম রূপ নির্ব্বাণ রস আস্বাদন করিয়াছেন।

বেলুবগ্রাম		...		সক্ক দেবরাজ

২০৬ সাধু দস্সনমরিয়ানং[1] সন্নিবাসো সদা সুখো,
অদস্সনেন বালানং নিচ্চমেব সুখী সিয়া। ১০

২০৭ বালসঙ্গতচারী[2] হি দীঘমদ্ধানং সোচতি,
দুক্খো বালে হি সংবাসো অমিত্তেনেব সব্বদা
ধীরো চ সুখসংবাসো ঞাতীনং ব সমাগমো। ১১

অন্বয়।—অরিয়ানং দস্সনং সাধু, (তেসং) সন্নিবাসো সদা সুখো; বালানং অদস্সনেন নিচ্চমেব সুখী সিয়া। বালসঙ্গতচারী হি দীঘম্ অদ্ধানং সোচতি; অমিত্তেনেহব বালেহি সংবাসো সব্বদা দুক্খো, ঞাতীনং সমাগমো ব ধীরো চ সুখসংবাসো।

সংস্কৃত।—আর্য্যাণাং দর্শনং সাধু (উত্তমং), (তেষাং) সন্নিবাসঃ (সন্নিধিঃ) সদা সুখঃ (সুখদায়কঃ), বালানাং (মূর্খাণাং) অদর্শনেন নিত্যমেব সুখী স্যাৎ। বাল-সঙ্গত-চারী হি (মূর্খৈঃ সহ চরণশীলঃ) দীর্ঘং অধ্বানং (পন্থানং) শোচতি; অমিত্রেণেব (শত্রুণেব) বালৈঃ (মূর্খৈঃ) সংবাসঃ (সহবাসঃ) সর্ব্বদা দুঃখঃ (দুঃখকরঃ); জ্ঞাতীনাং সমাগমঃ ইব ধীরঃ (জ্ঞানী) চ সুখ-সংবাসঃ (সুখঃ, সুখকরঃ সংবাসঃ সহবাসঃ যস্য ইতি সুখসংবাসঃ)।

অনুবাদ।—আর্য্যগণের দর্শন শুভজনক; তাঁহাদের সহবাস সর্ব্বদা সুখ-দায়ক; মূর্খদিগকে দর্শন না করিলেই লোকে সর্ব্বদা সুখী হইয়া থাকে। যে ব্যক্তি, মূর্খের সহিত বিচরণ করে, তাহাকে দীর্ঘ কাল শোক করিতে হয়। শত্রুর সহবাসের ন্যায় মূর্খের

১। "অরিয়"—সোতাপত্তি, সকদাগামি, অনাগামি এবং অরহত্ত এই চারি প্রকার ব্যক্তিগণকে অরিয় (আর্য্য) কহে।	২। বালসঙ্গতিচারী।

সহবাস, সর্ব্বদা দুঃখপ্রদ; আত্মীয়গণের সহবাসের ন্যায় ধীর ব্যক্তির সহবাস সুখদায়ক।

বেলুবগ্রাম ... শক্র দেবরাজ

২০৮ তস্মা হি, ধীরঞ্চ পঞ্ঞঞ্চ বহুস্সুতঞ্চ
ধোরয্হসীলং বতবন্তমরিয়ং
তং তাদিসং সপ্পুরিসং সুমেধং
ভজেথ নক্খত্তপথং ব চন্দিমা। ১২

অন্বয়।—তস্মা হি, ধীরঞ্চ পঞ্ঞঞ্চ বহুস্সুতঞ্চ ধোরয্হসীলং চ বতবন্তং চ অরিয়ং চ তাদিসং সপ্পুরিসং সুমেধং তং চন্দিমা নক্খত্তপথং ব ভজেথ।

সংস্কৃত।—তস্মাদ্ধি (তেন হেতুনা হি) ধীরঞ্চ (জ্ঞানিনম্ চ) প্রাজ্ঞঞ্চ বহুশ্রুতঞ্চ (বহুশাস্ত্রপারগঞ্চ) ধুর্য্যশীলং (ধুর্য্যস্য ধুর্বাহকস্য ভারবাহিণঃ বলীবর্দ্দস্য শীলং স্বভাবঃ ইব শীলং যস্য স ধুর্য্যশীলঃ তম্, কষ্ট-সহিষ্ণুমিত্যর্থঃ) (ধৈর্য্যশীল), ব্রতবন্তং (ব্রতপরায়ণং) আর্য্যং তাদৃশং তং সৎপুরুষং চন্দ্রমা নক্ষত্রপথম্ ইব ভজেরন্।

অনুবাদ।—অতএব চন্দ্র যেমন নক্ষত্রপথে (আকাশে) বিচরণ করেন, সেই প্রকার যিনি ধীর (ধৃতিযুক্ত), প্রজ্ঞাবান্ (লৌকিক ও লোকোত্তর প্রজ্ঞাসম্পন্ন), বহুশাস্ত্রবিৎ (আগম নিগম জ্ঞানযুক্ত), ধুরবহনশীল (অর্হত্ত্বপ্রাপ্তিরূপ ভারবহনকারী), ব্রতপরায়ণ (চারিশীল ও ত্রয়োদশ ধুতাঙ্গশীল পালনকারী), আর্য্য (যিনি ক্লেশ পরিহার করিয়াছেন), তাদৃশ বুদ্ধিমান্ ও সৎপুরুষ ব্যক্তিকে ভজনা বা অনুগমন করিবে।

সুখবগ্গো পন্নরসমো।

পিয়বগ্গো

(সোলসমো)

জেতবন ... তিন্নং ভিক্খুনং

২০৯ অযোগে যুঞ্জমত্তানং যোগস্মিঞ্চ অযোজয়ং,
অত্থং হিত্বা পিয়গ্গাহী পিহেতাত্তানুযোগিনং। ১

২১০ মা পিয়েহি সমাগচ্ছি,[১] অপ্পিয়েহি কুদাচনং,
পিয়ানং অদস্সনং দুক্খং অপ্পিয়ানঞ্চ দস্সনং। ২

২১১ তস্মা পিয়ং ন কয়িরাথ পিয়াপায়ো হি পাপকো
গন্থা[২] তেসং ন বিজ্জন্তি যেসং নত্থি পিয়াপ্পিয়ং। ৩

অন্বয়।—অযোগে অত্তানং যুঞ্জং যোগস্মিঞ্চ অযোজয়ং অত্থং হিত্বা পিয়গ্গাহী অত্তানুযোগিনং পিহেত। পিয়েহি অপ্পিয়েহি (বা) কুদাচনং মা সমাগচ্ছি, পিয়ানং অদস্সনং অপ্পিয়ানঞ্চ দস্সনং দুক্খং। তস্মা পিয়ং ন কয়িরাথ, পিয়াপায়োহি পাপকো; যেসং পিয়াপ্পিয়ং নত্থি, তেসং গন্থা ন বিজ্জন্তি।

সংস্কৃত।—অযোগে (অযোক্তব্যে) আত্মানং যুঞ্জন্ যোগে চ (প্রজ্ঞোপায়ে) অযোজয়ন্, অর্থং (উদ্দেশ্যং জীবনস্যেতি ভাবঃ) হিত্বা পরিত্যজ্য প্রিয়গ্রাহী আত্মানুযোগিনং (আত্মানুযোগপরায়ণং) স্পৃহয়েৎ। প্রিয়ৈঃ অপ্রিয়ৈঃ (বা) কদাচন মা সমাগচ্ছ (সঙ্গমং মাকার্ষীঃ), প্রিয়াণাম্ অদর্শনং অপ্রিয়াণাঞ্চ দর্শনং দুঃখং (দুঃখকরম্)। তস্মাৎ (কারণাৎ) (কিমপি বস্তু) প্রিয়ং ন কুর্য্যাৎ, প্রিয়াপায়ঃ

১। সমাগঞ্ছি। ২। গন্ধা।

(প্রিয়বস্তুনো নাশঃ) পাপকঃ (অশুভকরঃ), যেষাং প্রিয়াপ্রিয়ে (প্রিয়ং অপ্রিয়ঞ্চ) ন স্তঃ তেষাং গ্রন্থাঃ (বন্ধনানি) ন বিদ্যন্তে।

অনুবাদ।—যে অযোগ্য (অকিঞ্চিৎকর) পদার্থে আপনাকে নিযুক্ত করে, যোগ্যপদার্থে মনোনিবেশ করে না এবং নিজ (ইষ্ট) হারাইয়া প্রেয় পদার্থে অভিনিবিষ্ট হয়, সে আত্মযোগপরায়ণ ব্যক্তিকে স্পৃহা করে। প্রিয় কিংবা অপ্রিয় বস্তুর সহিত কখন সংশ্লিষ্ট (অনুরক্ত) হইবে না, প্রিয় বস্তুর অদর্শন বা অপ্রিয়বস্তুর দর্শন, উভয়ই দুঃখজনক। এইহেতু কোন বস্তু বা ব্যক্তিকে ভালবাসিবে না। (কারণ) প্রিয় বস্তুর বিয়োগ যথার্থই অশুভজনক, যাঁহাদের প্রিয় কিম্বা অপ্রিয় কিছুই নাই তাঁহাদের কোন বন্ধনই নাই।

বিশেষার্থ (২০৯)—যে অযোগ্য পদার্থে আপনাকে নিযুক্ত করে এবং যোগ্য পদার্থে আপনাকে নিযুক্ত করে না, এবং প্রব্রজিত কাল হইতে যে ত্রিবিধ শিক্ষা (অধিশীল, অধিচিত্ত [সমাধি], অধিপ্রজ্ঞা) লাভ করিয়াছে,তাহা পরিত্যাগ করিয়া পঞ্চকামগুণে প্রবৃত্ত হয়, সেই ব্যক্তি, যিনি শীলাদিসম্পন্ন (যিনি অগোচর স্থানাদিতে গমন করেন না) ও দেব-মনুষ্যাদির প্রশংসা লাভ করিয়াছেন তাদৃশ ব্যক্তিকে স্পৃহা করেন।

জেতবন ... অঞ্ঞতর কুটুম্বিক

২১২ পিয়তো জায়তে[১] সোকো পিয়তো জায়তে ভয়ং,
পিয়তো বিপ্পমুত্তস্স নত্থি সোকো কুতো ভয়ং ।৪

১।—তি।

অন্বয় ।—পিয়তো সোকো জায়তে, পিয়তো ভয়ং জায়তে, পিয়তো বিপ্পমুত্তস্‌স সোকো নত্থি কুতো ভয়ং।

সংস্কৃত ।—প্রিয়তঃ শোকঃ জায়তে, প্রিয়তো ভয়ং জায়তে, প্রিয়তো বিপ্রমুক্তস্য শোকো নাস্তি কুতোভয়ং।

অনুবাদ ।—প্রিয়বস্তু হইতে শোক উৎপন্ন হয়, প্রিয়বস্তু হইতে ভয় উৎপন্ন হয়। যিনি প্রিয় বস্তু হইতে বিপ্রমুক্ত হইয়াছেন, তাঁহার শোক থাকে না, ভয় কেমন করিয়া থাকিবে?

জেতবন　　...　　বিসাখা উপাসিকা

২১৩　পেমতো জায়তে[১] সোকো পেমতো জায়তে ভয়ং,
　　পেমতো বিপ্পমুত্তস্স নত্থি সোকো কুতোভয়ং। ৫

অন্বয় ।—পেমতো সোকো জায়তে, পেমতো ভয়ং জায়তে, পেমতো বিপ্পমুত্তস্‌স সোকো নত্থি কুতো ভয়ং।

সংস্কৃত ।—প্রেমতঃ শোকো জায়তে, প্রেমতো ভয়ং জায়তে, প্রেমতো বিপ্রমুক্তস্য শোকো নাস্তি কুতো ভয়ং।

অনুবাদ ।—প্রেম (স্ত্রী পুত্রাদির প্রতি ভালবাসা) হইতে শোক উৎপন্ন হয়, প্রেম হইতে ভয় উৎপন্ন হয়, যিনি প্রেম হইতে বিপ্রমুক্ত হইয়াছেন, তাঁহার শোক থাকে না, ভয় কেমন করিয়া থাকিবে?

বৈশালীর কুটাগার শালা　　...　　লিচ্ছবিদিগকে

২১৪　রতিয়া জায়তে[২] সোকো রতিয়া জায়তে ভয়ং,
　　রতিয়া বিপ্পমুত্তস্স নত্থি সোকো কুতো ভয়ং। ৬

১। জায়তি। জায়তী।　　২। জায়তি।

অন্বয় ।—রতিয়া সোকো জায়তে, রতিয়া ভয়ং জায়তে, রতিয়া বিপ্পমুত্তস্‌স সোকো নত্থি কুতোভয়ং।

সংস্কৃত ।—রত্যা শোকো জায়তে, রত্যা ভয়ং জায়তে, রত্যা বিপ্রমুক্তস্য শোকো নাস্তি কুতঃ ভয়ম্ ।

অনুবাদ ।—রতি (পঞ্চকামগুণে আসক্তি) হইতে শোক উৎপন্ন হয়, রতি হইতে ভয়ের উৎপত্তি হয়, যিনি রতি হইতে বিপ্রমুক্ত হইয়াছেন, তাঁহার শোক নাই, ভয় কেমন করিয়া থাকিবে ?

জেতবন ... অনিত্থিগন্ধকুমার

২১৫ কামতো জায়তে সোকো কামতো জায়তে ভয়ং,
কামতো বিপ্পমুত্তস্স নত্থি সোকো কুতো ভয়ং ।৭

অন্বয় ।—কামতো সোকো জায়তে, কামতো ভয়ং জায়তে, কামতো বিপ্পমুত্তস্‌স সোকো নত্থি কুতো ভয়ং।

সংস্কৃত ।—কামতঃ (কামাৎ) শোকঃ জায়তে, কামতঃ ভয়ং জায়তে, কামতঃ বিপ্রমুক্তস্য শোকো নাস্তি কুতোভয়ং।

অনুবাদ ।—কাম (বস্তুকাম ও ক্লেশকাম) হইতে শোক উৎপন্ন হয়, কাম হইতে ভয় উৎপন্ন হয়, যিনি কাম হইতে বিপ্রমুক্ত হইয়াছেন, তাঁহার শোক নাই, ভয় কেমন করিয়া থাকিবে ?

জেতবন ... অঞ্‌ঞতরব্রাহ্মণ

২১৬ তণ্‌হায় জায়তে সোকো তণ্‌হায় জায়তে ভয়ং,
তণ্‌হায় বিপ্পমুত্তস্স নত্থি সোকো কুতোভয়ং । ৮

অন্বয়।—তণ্‌হায় সোকো জায়তে; তণ্‌হায় ভয়ং জায়তে, তণ্‌হায় বিপ্পমুত্তস্‌স সোকো নত্থি কুতোভয়ং।

সংস্কৃত।—তৃষ্ণয়া শোকঃ জায়তে, তৃষ্ণয়া ভয়ং জায়তে, তৃষ্ণয়া বিপ্রমুক্তস্য শোকো নাস্তি কুতোভয়ং।

অনুবাদ।—ষট্‌ইন্দ্রিয়জাত তৃষ্ণা হইতে শোক উৎপন্ন হয়, তৃষ্ণা হইতে ভয় উৎপন্ন হয়, যিনি তৃষ্ণা হইতে বিপ্রমুক্ত হইয়াছেন, তাঁহার শোক থাকে না, ভয় কেমন করিয়া থাকিবে?

বেণুবন　　　　…　　　　পঞ্চসত দারক

২১৭　সীলদস্সনসম্পন্নং[১] ধম্মট্ঠং সচ্চবাদিনং
অত্তনো কম্মকুব্‌বানং তং জনো[২] কুরুতে পিয়ং। ৯

অন্বয়।—জনো সীলদস্‌সনসম্পন্নং ধম্মট্‌ঠং সচ্চবাদিনং অত্তনো কম্মকুব্বানং তং (পুরিসং) পিয়ং কুরুতে।

সংস্কৃত।—জনঃ শীলদর্শনসম্পন্নং (সৎস্বভাববন্তং জ্ঞানসম্পন্নঞ্চ ইত্যর্থঃ) ধর্ম্মিষ্ঠং সত্যবাদিনং আত্মনঃ কর্ম্ম কুর্ব্বাণং তং (তাদৃশং) পুরুষং প্রিয়ং কুরুতে (আত্মীয়ত্বয়া জানাতি ইত্যর্থঃ)।

অনুবাদ।—লোকে সৎস্বভাব-সম্পন্ন, জ্ঞানী, ধার্ম্মিক, সত্যবাদী এবং আত্মকর্ম্মপরায়ণ পুরুষকে প্রিয় জ্ঞান করে।

বিশেষার্থ:—যিনি চারি প্রকার শীল ও মার্গফল বা সম্যক্ দৃষ্টিসম্পন্ন, যিনি নববিধলোকোত্তর ধর্ম্ম দর্শন করিয়াছেন ও চারি আর্য্য সত্য ষোড়শ প্রকারে দর্শন করিয়াছেন, এরূপ আত্মকর্ম্ম-পরায়ণ ব্যক্তিকে লোকে প্রিয় জ্ঞান করিয়া থাকে।

১। 'দস্‌সন' (দর্শন) শব্দে এখানে অন্তর্দৃষ্টি অর্থাৎ জ্ঞান বুঝাইতেছে।
২। তঞ্জনো।

জেতবন ... অনাগামি থের

২১৮ ছন্দজাতো অনক্খাতে মনসা চ ফুটো[১] সিয়া,
কামেসু[২] চ অপ্পটিবদ্ধচিত্তো উদ্ধংসোতো
তি বুচ্চতি। ১০

অন্বয়।—অনক্খাতে ছন্দজাতো মনসা চ ফুটো সিয়া, কামেসু চ অপ্পটিবদ্ধচিত্তো (সিয়া) (সো) উদ্ধংসোতোতি বুচ্চতি।

সংস্কৃত।—যঃ অনাখ্যাতে (অনির্দ্দেশ্যে নির্ব্বাণে) ছন্দজাতঃ (জাতছন্দা, জাতাভিলাষঃ) মনসা চ স্ফুরিতঃ (নিম্নমার্গত্রয়স্য তৎফলস্য চ চিন্তায়াং নিরত ইত্যর্থঃ) স্যাৎ, কামেষু চ অপ্রতিবদ্ধচিত্তঃ (স্যাৎ) সঃ ঊর্দ্ধস্রোতাঃ ইতি উচ্যতে।

অনুবাদ।—যিনি অনাখ্যাত বস্তু (নির্ব্বাণ) লাভে জাতাভিলাষ হয়েন, যাঁহার মন (নিম্নমার্গত্রয়, অর্থাৎ স্রোতাপত্তি সকৃদাগামী ও অনাগামী অবস্থা পর্য্যন্ত ও তৎফল) চিন্তায় পরিপূর্ণ এবং যিনি অনাগামিত্ববশতঃ কাম্য বস্তুর প্রতি অনাসক্ত চিত্ত তাঁহাকে ঊর্দ্ধস্রোতা বা ঊর্দ্ধগামী বলে।

ঋষিপত্তন ... নন্দিপুত্ত

২১৯ চিরপ্পবাসিং পুরিসং দূরতো সোত্থিমাগতং
ঞাতিমিত্তা সুহজ্জা চ অভিনন্দন্তি আগতং। ১১

২২০ তথেব কতপুঞ্ঞম্পি অস্মা লোকা পরং গতং
পুঞ্ঞানি পতিগণ্হন্তি[৩]পিয়ং ঞাতীব আগতং। ১২

১। পুটো, ফুটো, পুট্টো। ২। কামে চ। ৩। পটি—।

অন্বয়।—চিরপ্পবাসিং দূরতো সোত্থিমাগতং পুরিসং ঞাতিমিত্তা সুহজ্জা চ অভিনন্দন্তি। তথেব অস্মা লোকা পরং (লোকং) গতং কতপুঞ্ঞম্পি আগতং পিয়ং ঞাতীব পুঞ্ঞানি পতিগণ্হন্তি।

সংস্কৃত।—চিরপ্রবাসিনং দূরতঃ স্বস্তি আগতং (শুভং যথা স্যাৎ তথা প্রত্যাগতং) জ্ঞাতিমিত্রাণি সুহৃদশ্চ অভিনন্দন্তি। তথৈব অস্মাৎ লোকাৎ পরং (লোকং) গতং কৃতপুণ্যমপি (পুরুষং) আগতং প্রিয়ং (জনং) পুণ্যানি (ইহজন্মনি কৃত শুভকর্ম্মাণি) জ্ঞাতিরিব প্রতিগৃহ্ণন্তি (অভিনন্দন্তি)।

অনুবাদ।—চিরপ্রবাসী ব্যক্তি যখন দূরদেশ হইতে বিনা বিঘ্নে প্রত্যাগমন করে, তখন তাঁহার জ্ঞাতি, বন্ধু এবং সুহৃদ্বর্গ, তাঁহাকে যেরূপ অভিনন্দন করে, সেইরূপ কৃতপুণ্য ব্যক্তি ইহলোক পরিত্যাগ করিয়া পরলোক গমন করিলে, প্রিয় জ্ঞাতিগণের ন্যায় তাঁহার পুণ্য সকল, তাঁহাকে প্রতিগ্রহণ করে।

পিয়বগ্গো সোলসমো।

কোধবগ্গো

(সত্তরসমো)

নিগ্রোধ আরাম ··· রোহিনী নাম খোত্তিয়

২২১ কোধং জহে বিপ্পজহেয্যমানং
সঞ্ঞোজনং সব্বমতিক্কমেয্য
তং নামরূপস্মিং অসজ্জমানং
অকিঞ্চনং নানুপতন্তি দুক্খা। ১

অন্বয়।—কোধং জহে, মানং বিপ্পজহেয্য, সব্বং সঞ্ঞোজনং অতিক্কমেয্য, নামরূপস্মিং অসজ্জমানং অকিঞ্চনং তং (পুরিসং) দুক্খা নানুপতন্তি।

সংস্কৃত।—ক্রোধং জহ্যাৎ (ত্যজেৎ), মানং (অহঙ্কারং) বিপ্রজহ্যাৎ (মুঞ্চেৎ), সর্ব্বং সংযোজনং (সকলং বন্ধনং) অতিক্রমেত, নামরূপয়োঃ অসজ্যমানং (নিরাসক্তচিত্তং) অকিঞ্চনং তং (তাদৃশং পুরুষং) দুঃখানি ন অনুপতন্তি।

অনুবাদ।—ক্রোধ পরিত্যাগ করিবে, অহঙ্কার পরিত্যাগ করিবে; সর্ব্ববন্ধন (কামরাগাদি) অতিক্রম করিবে। নাম এবং রূপে অনাসক্ত অকিঞ্চন ব্যক্তিকে দুঃখে পতিত হইতে হয় না।

অগ্গালব　　　...　　　অঞ্ঞতর ভিক্খু

২২২　যো বে উপ্পতিতং কোধং রথং ভন্তং ব ধারয়ে[১]
　　তমহং সারথিং ব্রূমি, রস্মিগ্গাহো ইতরো জনো। ২

অন্বয়।—যো বে উপ্পতিতং কোধং ভন্তং রথং ব ধারয়ে, তমহং সারথিং ব্রূমি ; ইতরো জনো (কেবলং) রস্মিগ্গাহো।

সংস্কৃত।—যো বৈ উৎপতিতং (জাতং) ক্রোধং ভ্রান্তং (ভ্রমন্তং ইত্যর্থঃ) রথমিব ধারয়েৎ (প্রতিসংহরেৎ), তমহং সারথিং ব্রবীমি ; ইতরো জনঃ কেবলং রশ্মিগ্রাহঃ (প্রগ্রহধার্য্যেব)।

অনুবাদ।—ধাবমান রথ ধারণের ন্যায় যে ব্যক্তি উৎপতিত ক্রোধকে ধারণ (দমন) করেন, তাঁহাকেই আমি (যথার্থ) সারথি বলি ; অপর সারথিগণ, কেবল রশ্মি (লাগাম) ধারী মাত্র।

বেণুবন　　　...　　　উত্তরা উপাসিকা

২২৩　অক্কোধেন জিনে কোধং অসাধুং সাধুনা জিনে,
　　জিনে কদরিয়ং দানেন সচ্চেন অলিকবাদিনং[২]।৩

অন্বয়।—কোধং অক্কোধেন জিনে, অসাধুং সাধুনা জিনে, কদরিয়ং দানেন জিনে, অলিকবাদিনং সচ্চেন জিনে।

সংস্কৃত।—ক্রোধং অক্রোধেন জয়েৎ ; অসাধুং সাধুনা (সুকর্ম্মণা) জয়েৎ ; কদর্য্যং (কৃপণং) দানেন জয়েৎ, অলীকবাদিনং (মিথ্যাকথনশীলং) সত্যেন জয়েৎ।

---

১ ভারয়ে।　　　২। অলিকা—

অনুবাদ।—ক্রোধকে অক্রোধ (ক্ষমা) দ্বারা জয় করিবে ; অসাধুকে সাধুতা দ্বারা জয় করিবে ; কৃপণকে দান দ্বারা জয় করিবে ; মিথ্যাবাদীকে সত্য দ্বারা জয় করিবে।

জেতবন ... মহামোগ্গল্লান থের

২২৪ সচ্চং ভণে, ন কুজ্ঝেয্য, দজ্জাপ্পস্মিম্পি[১] যাচিতো,
এতেহি তীহি ঠানেহি গচ্ছে দেবান সন্তিকে ॥৪

অন্বয়।—সচ্চং ভণে, ন কুজ্ঝেয্য, অপ্পস্মিম্পি যাচিতো দজ্জা, এতেহি তীহি ঠানেহি দেবান সন্তিকে গচ্ছে।

সংস্কৃত।—সত্যং ভণেৎ ; ন ক্রুধ্যেৎ ; অল্পেঽপি (বস্তুনি) যাচিতঃ (সন্) (তদ্বস্তু) দদ্যাৎ ; এতৈঃ ত্রিভিঃ স্থানৈঃ (উপায়ৈঃ দেবানাং অন্তিকে (সমীপে) গচ্ছেৎ (লোক ইতি শেষঃ)।

অনুবাদ।—সত্য কথা বলিবে. ক্রোধ করিবে না ; প্রার্থিত হইলে, অল্প পদার্থও দান করিবে। এই তিনটী উপায় দ্বারা দেবতাগণের নিকট গমন করিবে।

সাকেত ... সাকেত ব্রাহ্মণ

২২৫ অহিংসকা যে মুনয়ো নিচ্চং কায়েন সংবুতা,
তে যন্তি অচ্চুতং ঠানং যত্থ গন্ত্বা ন সোচরে।৫

১। দজ্জাপ্‌পস্মি।

যঃ সমুৎপতিতং ক্রোধং নিগৃহ্ণাতি হয়ং যথা, স যন্তেতি উচ্যতে সদ্ভির ন যো রশ্মিষু লম্বতে।

অন্বয়।—যে মুনয়ো অহিংসকা, নিচ্চং কায়েন সংবুতা, তে অচ্চুতং ঠানং যন্তি, যথ গন্ত্বা ন সোচরে।

সংস্কৃত।—যে মুনয়ঃ অহিংসকাঃ, নিত্যং কায়েন সংবৃতাঃ (সংযতাঃ), তে অচ্যুতং স্থানং (নিত্যপদং নির্ব্বাণমিত্যর্থঃ) যন্তি (গচ্ছন্তি), যত্র গত্বা ন শোচন্তি।

অনুবাদ।—যে মুনিগণ, কাহাকেও হিংসা করেন না, নিত্য সংযত-দেহে অবস্থান করেন, তাঁহারা শাশ্বত স্থানে গমন করেন (নির্ব্বাণ লাভ করেন), যেখানে যাইলে, আর তাঁহাদিগের শোক থাকে না।

গৃহ্যকূট ... রাজগহ সেট্‌ঠি পুত্র

২২৬ সদা জাগরমানানং অহোরত্তানুসিক্খিনং
নিব্‌বাণং অধিমুত্তানং অত্থং গচ্ছন্তি আসবা। ৬

অন্বয়।—সদা জাগরমানানং অহোরত্তানুসিক্‌খিনং নির্ব্বাণম্‌ অধিমুত্তানং আসবা অত্থং গচ্ছন্তি।

সংস্কৃত।—সদা জাগ্রতাম্‌ অহোরাত্রমধীয়মানানাং নির্ব্বাণং অধিমুক্তানাং (নির্ব্বাণ-লাভ-প্রয়াসিনামিত্যর্থঃ) আশ্রবাঃ (দোষাঃ) অস্তং

অনুবাদ।—যাঁহারা সর্ব্বদা জাগরণশীল (অর্থাৎ অপ্রমাদপরায়ণ) থাকেন, যাঁহারা দিবারাত্র (শাস্ত্রাদি) শিক্ষা করেন, যাঁহারা নির্ব্বাণ-লাভের প্রয়াস করেন,—তাঁহাদের সকল পাপ বিনষ্ট হইয়া যায়।

২২৭ পোরাণমেতং অতুল[1] নেহত্তং অজ্জতনামিব ;
নিন্দন্তি তুণ্হীমাসীনং[2] নিন্দন্তি বহুভাণিনম্
মিতভাণিনম্পি নিন্দন্তি নত্থি লোকে অনিন্দিতো ।৭

২২৮ ন চাহু ন চ ভবিস্সতি[3] ন চেতরহি বিজ্জতি
একন্তং নিন্দিতো পোসো, একন্তম্ বা পসংসিতো ৮

অন্বয় ।—হে অতুল এতম্ পোরাণম্ নেতম্ অজ্জতনামিব, (জনা) তুণ্হী-মাসীনং নিন্দন্তি, বহুভাণিনম্ নিন্দন্তি, মিতভাণিনম্পি নিন্দন্তি, লোকে অনিন্দিতো নত্থি। একন্তং নিন্দিতো পোসো, একন্তং বা পসংসিতো (পোসো) ন চাহু, ন চ ভবিস্সতি ; ন চেতরহি বিজ্জতি।

সংস্কৃত।—হে অতুল এতৎ পুরাণং, নৈতৎ অদ্যতনমেব, (যৎ) নরাঃ তূষ্ণীমাসীনম্ (পুরুষম্) নিন্দন্তি, বহুভাণিনং (বহুভাষিণং পুরুষম্) নিন্দন্তি, মিতভাষিণমপি নিন্দন্তি ; লোকে অনিন্দিতঃ (কোঽপি) নাস্তি। একান্তং নিন্দিতপুরুষঃ একান্তং বা প্রশংসিতঃ (পুরুষঃ) ন চ অভূৎ ; ন চ ভবিষ্যতি ; ন চ এতর্হি অধুনা বর্ত্ততে।

অনুবাদ।—হে অতুল, ইহা পুরাতন, ইহা অদ্যকার নহে যে,—লোকে, নিস্তব্ধভাবে উপবিষ্ট ব্যক্তিকে নিন্দা করে,—বহুভাষী ব্যক্তিকে নিন্দা করে, মিতভাষী ব্যক্তিকেও নিন্দা করে। পৃথিবীতে

১। অতুলং—মাক্সমুলর এই পাঠ গ্রহণ করিয়াছেন ; 'এতং অতুলং (অতুলনীয়ং) পোরাণঞ্চ—'

২। ছন্দ রক্ষার্থে "তুণ্হি" হ্রস্ব ইকার হওয়া উচিত। ৩। হেস্সতি।

অনিন্দিত ব্যক্তি কেহই নাই। একান্ত নিন্দিত-পুরুষ কিংবা একান্ত-প্রশংসিত পুরুষ (কখন) হয় নাই, হইবে না,— এখনও নাই।

জেতবন ... অতুল উপাসক

২২৯ যঞ্চে বিঞ্ঞূ পসংসন্তি অনুবিচ্চ[১] সুবে সুবে,
অচ্ছিদ্দবুত্তিং মেধাবিং পঞ্ঞাসীলসমাহিতং। ৯

২৩০ নেক্খং জম্বোনদস্সেব কো তং নিন্দিতুমরহতি,।
দেবাপি তং পসংসন্তি, ব্রহ্মুণাপি পসংসিতো।১০

অন্বয়।—বিঞ্ঞূ সুবে সুবে অনুবিচ্চ যঞ্চে পুরিসং অচ্ছিদ্দবুত্তিং মেধাবিং পঞ্ঞাসীলসমাহিতং (ইতি) পসংসন্তি, জম্বোনদস্স নেক্খমিব তং কো নিন্দিতুমরহতি; দেবাপি তং পসংসন্তি (সো) ব্রহ্মুণাপি পসংসিতো।

সংস্কৃত।—বিজ্ঞাঃ শ্বঃ শ্বঃ (পরদিবসং প্রতিদিনমিত্যর্থঃ) অনুবিচ্য (বিবিচ্য) যঞ্চ (জনং) অচ্ছিদ্রবৃত্তিং (নিষ্কলুষবৃত্তিং) প্রজ্ঞাশীলমাহিতং (জ্ঞানিনং সৎস্বভাবঞ্চেতি) মেধাবিনং প্রশংসন্তি, জম্বুনদস্য (সুবর্ণস্য) নিষ্কমিব (মুদ্রাবিশেষমিব) তং (পুরুষং) কঃ নিন্দিতুমর্হতি (ন কোঽপীত্যর্থঃ); দেবা অপি তং প্রশংসন্তি, (সঃ) ব্রহ্মণা অপি প্রশংসিতঃ।

অনুবাদ।—যদি কোন বিজ্ঞ ব্যক্তি দিনের পর দিন (প্রতিদিবস) বিবেচনা করিয়া, কাহাকেও নিষ্কলুষবৃত্তি, মেধাবী, প্রজ্ঞা এবং শীলসম্পন্ন বলিয়া প্রশংসা করেন, তবে জম্বুনদ (সুবর্ণ) নিষ্কের[২]

১। অনুবিজ্জ।   ২। "নিষ্ক" একপ্রকার বহুমূল্য স্বর্ণ মুদ্রা।

ন্যায় সেই ব্যক্তিকে কেহই নিন্দা করিতে পারে না; দেবতাগণ তাঁহার প্রশংসা করেন, ব্রহ্মাও তাঁহার প্রশংসাকারী।

বেণুবন ... বজ্জিয় ভিক্‌খু

২৩১ কায়প্পকোপং রক্খেয্য কায়েন সংবুতো সিয়া,
কায়দুচ্চরিতং হিত্বা কায়েন সুচরিতং চরে। ১১

২৩২ বচীপকোপং রক্খেয্য বাচায় সংবুতো সিয়া,
বচীদুচ্চরিতং হিত্বা বাচায় সুচরিতং চরে। ১২

২৩৩ মনোপ্পকোপং রক্খেয্য, মনসা সংবুতো সিয়া,
মনোদুচ্চরিতং হিত্বা মনসা সুচরিতং চরে। ১৩

২৩৪ কায়েন সংবুতা ধীরা অথো বাচায় সংবুতা,
মনসা সংবুতা ধীরা তে বে সুপরিসংবুতা। ১৪

অন্বয়।—কায়প্পকোপং রক্‌খেয্য, কায়েন সংবুতো সিয়া, কায়দুচ্চরিতং হিত্বা কায়েন সুচরিতং চরে। বচীপকোপং রক্‌খেয্য, বাচায় সংবুতো সিয়া, বচীদুচ্চরিতং হিত্বা বাচায় সুচরিতং চরে। মনোপ্‌পকোপং রক্‌খেয্য, মনসা সংবুতো সিয়া, মনোদুচ্চরিতং হিত্বা মনসা সুচরিতং চরে। যে ধীরাঃ কায়েন সংবুতা, অথো বাচায় সংবুতা, মনসা সংবুতা, ধীরা, তে বে সুপরিসংবুতা।

সংস্কৃত।—কায়প্রকোপং রক্ষেৎ (সংযচ্ছেৎ) কায়েন সংবৃতঃ (সংযতঃ) স্যাৎ (ভবেৎ), কায়দুশ্চরিতং হিত্বা কায়েন সুচরিতং চরেৎ (অনুতিষ্ঠেৎ)। বচঃপ্রকোপং রক্ষেৎ (নিবারয়েৎ) বাচা (বাক্যেন) সংবৃতঃ স্যাৎ (সংযতো ভবেৎ) বচোদুশ্চরিতং

হিত্বা (পরিত্যজ্য) বাচা সুচরিতং চরেৎ। মনঃপ্রকোপং রক্ষেৎ, মনসা সংবৃতঃ স্যাৎ; মনোদুশ্চরিতং হিত্বা (ত্যক্ত্বা) মনসা সুচরিতং চরেৎ। যে ধীরাঃ (নির্ম্মলচরিত্রাঃ জনাঃ) কায়েন সংবৃতাঃ, অথ বাচা সংবৃতাঃ, মনসা চ সংবৃতাঃ তে ধীরা বৈ সুপরিসংবৃতাঃ।

অনুবাদ।—শরীরের প্রকোপ নিবারণ করিবে; সংযত শরীর হইবে। কায়িক দুষ্কার্য্য ['প্রাণাতিপাত' (হিংসা), 'অদিন্নদান' (পরস্ব-গ্রহণ), ও 'কামেষু মিথ্যাচার' (মিথ্যা কামাচার)] ত্যাগ করিয়া কায়িক কুশল সাধন করিবে। বাক্যে ক্রোধ নিবারণ করিবে, বাক্যে সংযত থাকিবে, বাক্যের দুর্ব্যবহার (মিথ্যা কথন, সংপ্রলাপ, পিশুন বাক্য ও পরুষ বাক্য পরিত্যাগ পূর্ব্বক তদ্দ্বারা সৎকর্ম্ম করিবে। মনের ক্রোধ নিবারণ করিবে, মনকে সংযত রাখিবে, মনের দুষ্ক্রিয়া (অবিদ্যা, ব্যাপাদ ও মিথ্যাদৃষ্টি) ত্যাগ করিয়া তদ্দ্বারা সৎকর্ম্ম সাধন করিবে। যে সকল ধীর ব্যক্তি কায়ে সংযত, বাক্যে সংযত এবং মনে সংযত, সেই ধীর ব্যক্তিগণই, যথার্থ সুসংযত।

কোধবগ্গো সত্তরসমো।

মলবগ্গো

(অট্ঠারসমো)

জেতবন ... গোঘাতকপুত্ত

২৩৫ পণ্ডুপলাসোবহ্দানিসি,
যমপুরিসাহ্পি চ তং উপট্ঠিতা,
উয্যোগমুখে চ তিট্ঠসি,
পাথেয্যম্পি চ তে ন বিজ্জতি। ১

২৩৬ সো করোহি দীপমত্তনো
খিপ্পং বাযম, পণ্ডিতো ভব,
নিদ্ধন্তমলো অনঙ্গণো
দিব্‌বং অরিয়ভূমিমেহিসি। ২

অন্বয়।—(ত্বম্) ইদানি পণ্ডুপলাসো ইব অসি, যমপুরিসা অপি চ তং উপট্ঠিতা, (ত্বম্) উয্যোগমুখে চ তিট্ঠসি, তে পাথেয্যম্পি ন বিজ্জতি। সো (তুমং) অত্তনো দীপং করোহি, খিপ্পং বাযম, পণ্ডিতো ভব, নিদ্ধন্তমলো (রাগাদীনম্ মলানং নীহটত্তায়) অনঙ্গণো (হুত্বা) দিব্বং অরিয়ভূমিং এহিসি।

সংস্কৃত।—ত্বমিদানীং পাণ্ডুপলাশং (জীর্ণপত্রং) ইব অসি (ভবসি), যমপুরুষাঃ (যমদূতাঃ) অপি চ ত্বাং (ভবন্তং) উপস্থিতাঃ (প্রাপ্তাঃ); (ত্বং) উদ্যোগমুখে (গমনদ্বারি বা) তিষ্ঠসি (বর্ত্তসে), তে (তব) পাথেয়ম্ অপি ন বিদ্যতে। সঃ ত্বং আত্মনঃ দ্বীপং কুরু, ক্ষিপ্রং ব্যাযচ্ছস্ব, পণ্ডিতো ভব,

নির্ধৃতমলঃ অনঙ্গনঃ (নির্দোষঃ) ভূত্বা দিব্যাং আর্য্যভূমিং (কুশল কর্ম্মরূপাং)। এষ্যসি (প্রাপ্স্যসি)।

অনুবাদ।—তুমি এখন জীর্ণ পাণ্ডুবর্ণ পত্রের ন্যায় হইয়াছ ; যমদূত সকল তোমার নিকট উপস্থিত হইয়াছে ; তুমি গমনদ্বারে দাঁড়াইয়া আছ, এবং তোমার (ইহলোকের বা পরলোকের) পাথেয়ও নাই। তুমি আপনার নিমিত্ত (কুশলকর্ম্মরূপ) প্রতিষ্ঠা বা আশ্রয় স্থান (দ্বীপ) কর। সত্বর অধ্যবসায় কর, পণ্ডিত হও। যখন তুমি নির্ধৃতমল ও নিষ্কলুষ হইবে, তখন দিব্য আর্য্যালোকে (সুদ্ধাবাস ভূমি) গমন করিবে অর্থাৎ জন্ম মৃত্যুর পরপারে গমন করিবে।

জেতবন ... গোঘাতকপুত্ত

২৩৭ উপনীতবযো চ দানিসি
সম্পযাতোঽসি যমস্স সন্তিকে,
বাসোঽপি চ তে নত্থি অন্তরা
পাথেয্যম্পি চ তে ন বিজ্জতি। ৩

২৩৮ সো করোহি দীপমত্তনো
খিপ্পং বাযম পণ্ডিতো ভব,
নিদ্ধন্তমলো অনঙ্গণো
ন পুন জাতিজরং উপেহিসি। ৪

অন্বয়।—(তুমং) দানি উপনীতবয়ো চ অসি, যমস্স সন্তিকং সম্পয়াতোঽসি ; অন্তরা বাসোঽপি তে নত্থি, পাথেয্যম্পি চ তে ন

বিজ্জতি। সো (তুমং) অত্তনো দীপং করোহি, খিপ্পং বাযম, পণ্ডিতো ভব। নিদ্ধন্তমলো অনঙ্গণো (হুত্বা) পুন জাতিজরং ন উপেহিসি।

সংস্কৃত।—(ত্বং) ইদানীম্ উপনীতবয়াশ্চ (প্রাপ্তবার্দ্ধকশ্চ) অসি, যমস্ত অন্তিকং সম্প্রয়াতোঽসি (আগতোঽসি), অন্তরা (পথি মধ্যে) বাসোঽপি (আশ্রয়ভূমিশ্চ) তে নাস্তি, পাথেয়ম্ অপি চ তে (তব) ন বিদ্যতে। সঃ ত্বম্ আত্মনঃ দ্বীপং কুরু, ক্ষিপ্রং (শীঘ্রং) ব্যাযচ্ছস্ব; পণ্ডিতো ভব, নির্ধূতমলঃ (বিগতমলঃ) অনঙ্গনঃ (নির্দ্দোষঃ) ভূত্বা পুনঃ জাতিজরে (জন্ম চ জরাঞ্চ বার্দ্ধকং ইত্যর্থঃ) ন উপৈষ্যসি।

অনুবাদ।—তুমি এখন বার্দ্ধক্যে উপনীত হইয়াছ; যমের (মৃত্যুর) নিকট উপস্থিত হইয়াছ। পথিমধ্যে তোমার কোন আশ্রয়-স্থান নাই; পথের সম্বলও তোমার কিছু নাই। সেই নিমিত্ত তুমি আপনার (পুণ্য কর্ম্মরূপ) দ্বীপ বা আশ্রয় স্থান সুপ্রতিষ্ঠিত কর। সত্বর অধ্যবসায় কর, পণ্ডিত হও, তুমি যখন নির্ধূতমল ও নিষ্কলঙ্ক হইবে, তখন তোমাকে পুনরায় জাতি (জন্ম) জরা (বার্দ্ধক্য) এবং ব্যাধি প্রাপ্ত হইতে হইবে না অর্থাৎ অনাগামী মার্গ লাভ করিবে।

জেতবন ... অঞ্ঞতর ব্রাহ্মণ

২৩৯ অনুপুব্বেন মেধাবী থোকথোকং[১] খণে খণে,
কম্মারো রজতস্সেব নিদ্ধমে মলমত্তনো। ৫

[১] থোকং থোকং

অন্বয়।—মেধাবী অত্তনো মলং কম্মারো রজতস্স মলমিব অনুপুব্বেন থোকথোকং খণে খণে নিদ্ধমে।

সংস্কৃত।—মেধাবী আত্মনঃ মলং কর্ম্মকারঃ রজতস্য মলমিব আনুপূর্ব্ব্যেণ (ক্রমশঃ) স্তোকং স্তোকং (অল্পং অল্পং) ক্ষণে ক্ষণে নির্ধমেৎ (নিরাকুর্য্যাৎ)।

অনুবাদ।—কর্ম্মকার যেমন রজতের মলা দূরীকৃত করে, সেইরূপ মেধাবী ব্যক্তি, আপনার মলা ক্ষণে ক্ষণে অল্প অল্প করিয়া ক্রমশঃ বিদূরিত করিবেন।

জেতবন　　　…　　　তিস্স থের

২৪০　অযসা ব মলং সমুট্ঠিতং[1]
তদুট্ঠায় তমেব খাদতি,
এবং অতিধোনচারিনং[2]
সানি[3] কম্মানি নয়ন্তি দুগ্গতিং। ৬

অন্বয়।—অয়সা মলং ব সমুট্ঠিতং তমেব খাদতি, এবং অতিধোনচারিনং (পুরিসং) সানি কম্মানি দুগ্গতিং নয়ন্তি।

সংস্কৃত।—অয়সঃ (লৌহস্য) মলং সমুত্থায় তৎ (মলং) তদেব (অয়ঃ) এব (লৌহমেব) খাদতি (নাশয়তি,) এবং (তথা) স্বানি কর্ম্মাণি (আত্মকার্য্যাণি) অতিধোনচারিনং (অতিধবনচারিণং) অতিধাবনশীলং পুরুষং দুর্গতিং নয়ন্তি।

১। সমুট্ঠায়ং।

২। "অতিধোনচারিনং"—"ধোন" শব্দের সংস্কৃত প্রতিশব্দ 'ধবন' (ধূ+অনট্) হইতে পারে। "অতিধোনচারী" শব্দের অর্থ, যে ব্যক্তি, চতুপ্পচ্চয় (চীবর, পিণ্ডপাদ, শয়নাসন ও ভৈষজ্য) অতিক্রম করিয়া জীবন যাপন করে।

৩। সক।

অনুবাদ।—লৌহ হইতে উৎপন্ন মলা, যেমন লৌহকেই নষ্ট করিয়া থাকে, সেইরূপ অতিক্রমকারী ব্যক্তির (যিনি নিজ কার্য্যের নির্দ্দিষ্ট সীমা অতিক্রম পূর্ব্বক গমন করেন) নিজকর্ম্ম সকল, তাহাকে দুর্গতিতে লইয়া যায়।

জেতবন ... লাড়ুদয়ী থের

২৪১ অসজ্ঝায়মলা মন্তা, অনুট্ঠানমলা ঘরা,
মলং বণ্ণস্স কোসজ্জং, পমাদো রক্খতো মলং। ৭

অন্বয়।—মন্তা অসজ্‌ঝায়মলা, ঘরা অনুট্‌ঠানমলা, বণ্ণস্স কোসজ্জং মলং, রক্‌খতো পমাদো মলং।

সংস্কৃত।—মন্ত্রাঃ অস্বাধ্যায়মলাঃ (অস্বাধ্যায়ঃ অনাবৃত্তিঃ মলং যেষাং তে অস্বাধ্যায়মলাঃ), গৃহাঃ অনুত্থানমলাঃ (অসংস্কৃতমলাঃ ইতি ভাবঃ) বর্ণস্য (দেহস্য) কৌসীদ্যং (আলস্যং) মলং, রক্ষতঃ (রক্ষকস্য) প্রমাদঃ (অনবধানতা) মলং।

অনুবাদ।—অনাবৃত্তি মন্ত্রের মলা। অসংস্কারই গৃহের মলা। আলস্যই দেহের মলা। অনবধানতা রক্ষকের মলা।

বেণুবন ... অঞ্ঞতর কুলপুত্ত

২৪২ মলিত্থিয়া দুচ্চরিতম্, মচ্ছেরং দদতো মলং,
মলা বে পাপকা ধম্মা অস্মিং লোকে পরম্হি চ। ৮

২৪৩ ততো মলা মলতরং অবিজ্জা পরমং মলং,
এতং মলং পহত্বান[১] নিম্মলা হোথ ভিক্খবো। ৯

১। পহন্ত্বান্।

অন্বয়।—ইত্থিয়া দুচ্চরিতম্ মলম্, দদতো মচ্ছেরং মলং, অস্মিং লোকে পরম্হি চ পাপকা ধম্মা বে মলা। ততো মলতরং মলা (অত্থি), অবিজ্জা পরমং মলং, ভিক্‌খবো এতং মলং পহত্বান নিম্মলা (হোথ)।

সংস্কৃত।—স্ত্রিয়াঃ দুশ্চরিতং মলম্ দদতঃ মাৎসর্য্যং (অহঙ্কারঃ) মলং; অস্মিন্ লোকে পরস্মিংশ্চ (পরলোকে চ) পাপধর্ম্মাঃ (পাপস্বভাবাঃ) মলানি। ততঃ মলতরং মলং (অস্তি), অবিদ্যা পরমং মলং। হে ভিক্ষবঃ! এতৎ মলং প্রহায় (ত্যক্ত্বা) নির্ম্মলাঃ ভবত।

অনুবাদ।—স্ত্রীলোকের মলা দুশ্চরিত্র। গর্ব্ব দানকারীর মলা। ইহ এবং পর—এই উভয় লোকেই মলা—পাপকর্ম্ম। এই সকল অপেক্ষাও এক মলা আছে। অবিদ্যাই সর্ব্বাপেক্ষা নিকৃষ্ট মলা। হে ভিক্ষুগণ! তোমরা এই মলা বর্জ্জন করিয়া নির্ম্মল হও।

জেতবন　　　…　　　চুল্লসারি

২৪৪　সুজীবং অহিরীকেন[১] কাকসূরেন ধংসিনা
　　পক্খন্দিনা পগব্‌ভেন সংকিলিট্ঠেন জীবিতং। ১০

অন্বয়।—অহিরীকেন কাকসূরেন ধংসিনা পক্‌খন্দিনা পগব্‌ভেন সঙ্কিলিট্ঠেন জীবিতং সুজীবং।

সংস্কৃত।—অহ্রীকেণ (নির্লজ্জেন) কাকশূরেণ ধ্বংসিনা প্রস্কন্দিনা (ভ্রষ্টাচারিণা) প্রগল্‌ভেন সংক্লিষ্টেন (পাপাশয়েন, নীচেন ইত্যর্থঃ) জীবিতং সুজীবিতং।

অনুবাদ।—যিনি পাপের প্রতি ভয় ও লজ্জা বিহীন, যিনি নিজের সুখ্যাতি ও পরের নিন্দাকারী, কাকশূর, অর্থাৎ কাকের ন্যায় নির্লজ্জ,

---

১। অহিরি, অহীরি।

ভ্রষ্টাচারী (যে নিজের ও পরের লাভ নাশ করে,) প্রগল্‌ভ এবং পাপাশয়, সেরূপ ব্যক্তির জীবন, স্বচ্ছন্দে কাটিয়া যায়।

জেতবন ... চুল্লসারি

২৪৫ হিরীমতা চ দুজ্জীবং নিচ্চং সুচিগবেসিনা,
অলীনেনঽপ্পগব্‌ভেন সুদ্ধাজীবেন পস্সতা। ১১

অন্বয়।—হিরীমতা নিচ্চং সুচিগবেসিনা অলীনেন অপ্পগব্‌ভেন সুদ্ধাজীবেন পস্‌সতা (পুগ্‌গলেন) চ (জীবিতং) দুজ্জীবং।

সংস্কৃত।—হ্রীমতা (লজ্জাশীলেন) নিত্যং শুচিগবেষিণা (শৌচান্বেষিণা) অলীনেন (অনাসক্তেন) অপ্রগল্‌ভেন শুদ্ধাজীবেন (শুদ্ধ-ব্যবসায়েন) পশ্যতা (দর্শনশীলেন জ্ঞানিনেত্যর্থঃ) পুরুষেণ জীবনম্ দুর্জ্জীবম্।

অনুবাদ।—লজ্জাশীল (বিনয়সম্পন্ন), নিত্যশৌচান্বেষী, অনাসক্ত, অপ্রগল্‌ভ, এবং যিনি শুদ্ধ জীবনকে সার বলিয়া জ্ঞান করেন, এরূপ ব্যক্তির জীবন কষ্টেই অতিবাহিত হয়।

জেতবন ... পঞ্চশত উপাসক

২৪৬ যো পাণমতিমাপেতি মুসাবাদঞ্চ ভাসতি
লোকে অদিন্নং আদিয়তি পরদারঞ্চ গচ্ছতি। ১২

২৪৭ সুরামেরয়পানঞ্চ যো নরো অনুযুঞ্জতি,
ইধেঽবমেসো লোকস্মিং মূলং খনতি[১] অত্তনো। ১৩

১। খণতি।

২৪৮　এবম্ভো পুরিস[1] জানাহি পাপধম্মা অসঞ্ঞতা,
　　মা তং লোভো অধম্মো চ চিরম্ দুক্খায় রন্ধয়ুং[2] । ১৪

অন্বয় ।—যো পাণমতিমাপেতি, মুসাবাদং চ ভাসতি, লোকে অদিন্নম্ আদিয়তি, পরদারঞ্চ গচ্ছতি ; যো নরো সুরামেরয়পানঞ্চ অনুযুঞ্জতি, এবং এসো (জনো) ইধ লোকস্মিং অত্তনো মূলম্ খনতি । ভো পুরিস ! অসঞ্ঞতা পাপধম্মা এবম্ জানাহি, তং লোভো অধম্মো চ চিরং দুক্খায় মা রন্ধয়ুং ।

সংস্কৃত ।—যঃ প্রাণান্ (জীবনম্) অতিপাতয়তি (হন্তি) মৃষাবাদঞ্চ (মিথ্যাবাক্যং) চ ভাষতে, লোকে অদত্তম্ (বস্তু) আদত্তে (গৃহ্ণাতি) পরদারাংশ্চ গচ্ছতি ; যো নরঃ সুরামৈরেয়পানঞ্চ অনুযুনক্তি (সেবতে) এবং (এবম্ভূতঃ জনঃ) ইহলোকে আত্মনঃ (স্বস্য) মূলম্ খনতি । ভো পুরুষ ! অসংযতাঃ পাপধর্ম্মাণঃ (নীচস্বভাবাঃ জনাঃ) এবং (পূর্ব্বোক্তপ্রকারাঃ ভবন্তি) (ইদং) জানীহি । ত্বাং (ভবন্তং) লোভঃ অধর্ম্মশ্চ চিরং দুঃখায় (দুঃখং সোঢ়ুম্) মা (ন) রুন্ধ্যাৎ ।

অনুবাদ ।—যে লোক, প্রাণী হত্যা করে, মিথ্যাকথা বলে, পৃথিবীতে অদত্ত বস্তু গ্রহণ করে, পরদার গমন করে, সুরা মৈরেয় সেবন করে, —এরূপ ব্যক্তি ইহলোকে আপনার (কুশল ধর্ম্মের) মূল খনন করে, অর্থাৎ নিজেই নিজের নিপাতের কারণ হয় । হে মানব ! এইরূপ ব্যক্তি, অসংযত ও নীচস্বভাব—ইহা জানিবে । দেখিও—লোভ এবং অধর্ম্ম (দোষ), যেন দুঃখ দিবার জন্য দীর্ঘকাল তোমাকে আবদ্ধ করিয়া না রাখে ।

১ । পোসো ।　　২ । রন্ধস্থ ।

জেতবন ... তিস্সদহর

২৪৯ দদন্তি[১] বে যথাসদ্ধং যথাপসাদনং[২] জনো,
তত্থ যো মংকু ভবতি[৩] পরেসং পানভোজনে,
ন সো দিবা বা রত্তিং বা সমাধিং অধিগচ্ছতি। ১৫

২৫০ যস্স চ২তং সমুচ্ছিন্নং, মূলঘচ্চং সমূহতং
স বে দিবা বা রত্তিং বা সমাধিং অধিগচ্ছতি। ১৬

অন্বয়।—জনো বে যথাসদ্ধং যথাপসাদনং দদন্তি, তত্থ যো পরেসং পান-ভোজনে মঙ্কুভবতি, সো দিবা রত্তিং বা সমাধিং ন অধি-গচ্ছতি। যস্স চ এতং সমুচ্ছিন্নং মূলঘচ্চং সমূহতং স বে দিবা বা রত্তিং বা সমাধিং অধিগচ্ছতি।

সংস্কৃত।—জনাঃ (অস্মিন্‌লোক ইতি ভাবঃ) বৈ যথাশ্রদ্ধং (বিশ্বাসানুযায়ি) যথাপ্রসাদনং (আত্মপ্রসাদানুরূপম্) দদতি, তত্র যঃ পরেষাং পানভোজনয়োঃ মঙ্কুঃ (ক্রুদ্ধঃ) ভবতি, সঃ (অসৌ জনঃ) দিবা বা রাত্রৌ বা সমাধিং (শান্তিং) ন অধিগচ্ছতি (প্রাপ্নোতি)। যস্য চ এতৎ (মঙ্কুভাব ইত্যর্থঃ) সমুচ্ছিন্নম্ মূলঘাতম্ সমুদ্ধতম্ (মূলাদুৎপাটিতম্), স বৈ দিবা বা রাত্রৌ বা সমাধিম্ (শান্তিম্) অধিগচ্ছতি (প্রাপ্নোতি)।

অনুবাদ।—লোকে যথাসাধ্য এবং আত্মপ্রসাদানুরূপ দান করে। যে ব্যক্তি (ভিক্ষু) অন্যের পানভোজন দেখিয়া, তাহাতে অসন্তোষ প্রকাশ করে—সে ব্যক্তি দিবা কিংবা রাত্রিতে সমাধি লাভ করে না। কিন্তু যাঁহার এই অসন্তোষভাব, সমুচ্ছিন্ন হইয়া

১। দদাতি। ২। যথ—। ৩। মঙ্কুতো হোতি।

সমূলে উৎপাটিত হইয়াছে, তিনি দিবায় এবং রাত্রিতে সমাধি লাভ করেন।

জেতবন ... পঞ্চ উপাসক

২৫১ নত্থি রাগসমো অগ্গি, নত্থি দোসসমো গহো,
নত্থি মোহসমং জালং, নত্থি তণ্‌হাসমা নদী[১]। ১৭

অন্বয়।—রাগসমো অগ্‌গি নত্থি দোসসমো গহো নত্থি, মোহসমং জালম্‌ নত্থি, তণ্‌হাসমা নদী নত্থি।

সংস্কৃত।—রাগসমঃ (আসক্তিসমঃ) অগ্নির্নাস্তি, দ্বেষসমঃ গ্রাহঃ (কুম্ভীরাদি হিংস্রজলজন্তুঃ) নাস্তি, মোহসমম্‌ জালম্‌ (বন্ধনম্‌) নাস্তি, তৃষ্ণাসমা নদী নাস্তি।

অনুবাদ।—আসক্তির ন্যায় অগ্নি নাই, দ্বেষের ন্যায় গ্রহ বা গ্রাসকারী (হিংস্রজন্তু) নাই, মোহের ন্যায় জাল নাই, তৃষ্ণার সমান নদী নাই।

জাতিযাবণ, ভদ্দিয় নগর ... মেণ্ডকনাম সেট্‌ঠি

২৫২ সুদস্সং বজ্জমঞ্ঞেসং অত্তনো পন দুদ্দসং,
পরেসং হি সো বজ্জানি ওপুণাতি যথাভুসং,
অত্তনো পন ছাদেতি কলিং ব কিতবা সঠো। ১৮

অন্বয়।—অঞ্‌ঞেসং বজ্জং সুদস্‌সং, অত্তনো পন (তং) দুদ্দসং; সো (পুরিসো) পরেসং হি বজ্জানি যথাভুসং ওপুণাতি; সঠো কিতবা কলিং ব (সো) অত্তনো (বজ্জানি) ছাদেতি।

১। নাদী।

সংস্কৃত।—অন্যেষাং বর্জ্জ্যং (পাপং) সুদর্শং, আত্মনঃ পুনঃ (তৎ) দুর্দ্দর্শম্ ; সঃ (নরঃ) পরেষাং হি বর্জ্জ্যানি (পাপানি) যথাতুষং অবপুনাতি (ধুনোতি), শঠঃ (শকুনহিংসাকারি ব্যাধঃ ইব) কিতবাৎ (ভঙ্গশাখাদিনাচ্ছাদনাৎ) কলিম্ (স্বশরীরম্ আচ্ছাদয়তি) তদ্বৎ আত্মনঃ (স্বকীয়ানি) পুনঃ (বর্জ্জ্যানি—পাপানি) ছাদয়তি।

অনুবাদ।—পরের দোষ শীঘ্র দেখিতে পাওয়া যায়। কিন্তু আপনার দোষ শীঘ্র দেখিতে পাওয়া যায় না। লোকে, পরের দোষ সকল ভূষির ন্যায় ছড়াইয়া বড় করে ; কিন্তু ব্যাধের পক্ষী দিগকে ধ্বংস করিবার অভিপ্রায়ে ভগ্ন শাখাদিদ্বারা নিজ শরীর আচ্ছাদনের ন্যায় তাহারা আপনার দোষ সকল লুকাইয়া রাখে।

জেতবন ... উজ্ঝানসঞ্ঞি থের

১৫৩ পরবজ্জানুপস্সিস্স[১] নিচ্চং উজ্ঝানসঞ্ঞিনো[২],
আসবা তস্স বড্ঢন্তি আরা সো আসবক্খয়া। ১৯

অন্বয়।—পরবজ্জানুপস্সিস্সং নিচ্চং উজ্ঝানসঞ্ঞিনো তস্স (পুগ্গলস্স) আসবা বড্ঢন্তি, সো আসবক্খয়া আরা।

সংস্কৃত।—পরবর্জ্জ্যানুদর্শিনঃ (পরচ্ছিদ্রান্বেষিণঃ) নিত্যং (সদা) উদ্ধ্যান-সজ্ঞিনঃ, তস্য (নরস্য) আস্রবাঃ দোষাঃ বর্দ্ধন্তে স আস্রবক্ষয়াৎ আরাৎ (দূরে তিষ্ঠতি)।

১। "বজ্জ" ইহার পাঠান্তর "বেজ্জ"-স্সং।

২। উজ্ঝানসঞ্ঞিনো—উদ্ধ্যান শব্দের অর্থ ক্রোধ প্রকাশ করা। তাহাতে যিনি অনুরক্ত, অর্থাৎ ক্রোধপরবশ।

অনুবাদ। যে পরচ্ছিদ্রান্বেষী ও সর্ব্বদা তিরস্কারপ্রিয়, তাহার পাপ সকল বর্দ্ধিত হইতে থাকে ; সে পাপক্ষয় হইতে দূরে অবস্থান করে

কুশিনগর ... সুভদ্দ পরিব্বাজক

২৫৪ আকাসে চ[১] পদং নত্থি, সমণো নত্থি বাহিরে[২],
পপঞ্চাভিরতা[৩] পজা, নিপ্পপঞ্চা তথাগতা। ২০

২৫৫ আকাসে চ পদং নত্থি, সমণো নত্থি বাহিরো
সঙ্খারা সস্সতা নত্থি, নত্থি বুদ্ধানমিঞ্জিতং। ২১

অন্বয়।—আকাশে পদং নত্থি, বাহিরে সমণো নত্থি ; পজা পপঞ্চাভিরতা, তথাগতা (তু) নিপ্পপঞ্চা। আকাসে পদং নত্থি, বাহিরে সমণো নত্থি, সস্‌সতা সঙ্খারা নত্থি, বুদ্ধানং ইঞ্জিতং নত্থি।

সংস্কৃত।—যথা আকাশে পদং নাস্তি, তথা বহিঃ (মম শাসনাৎ) শ্রমণো নাস্তি ; প্রজাঃ (ইতরে জনাঃ) প্রপঞ্চাভিরতাঃ (তৃষ্ণাদৃষ্টি-

১। অনেক গ্রন্থে "চ" উল্লেখ নাই।

২। বাহিরে ; বাহিরো। ধম্মপদের টীকাকার বুদ্ধঘোষ, "বাহিরে" শব্দের অর্থে লিখিয়াছেন—'মম সাসনতো বহিদ্ধা' অর্থাৎ আমার (বুদ্ধের) শাসনের বাহিরে এবং অধিকাংশ য়ুরোপীয় পণ্ডিতগণই এই অর্থ গ্রহণ করিয়াছেন। আমরাও সঙ্গত বোধে এই অর্থ গ্রহণ করিলাম। কিন্তু অধ্যাপক ম্যাক্সমুলার সেই অর্থ গ্রহণ না করিয়া 'বাহ্য ক্রিয়া' এই অর্থ করিয়াছেন। কারণ, প্রথম প্রকার অর্থ গ্রহণ করিলে বৌদ্ধধর্ম্মে সাম্প্রদায়িক ভাব আছে, ইহা বলা হয়। তাঁহার মতে বুদ্ধদেবের সেরূপ ভাব ছিল না। ইহার প্রমাণ ত্রিপিটকের স্থানে স্থানে ব্রাহ্মণদিগের বিষয়ে কথোপকথনে দেখিতে পাওয়া যায়।

৩। পপঞ্চ,—পপঞ্চ শব্দে তৃষ্ণা (বাসনা) দৃষ্টি (মিথ্যাদর্শন অবলম্বন করা) এবং মান (অভিমান) এই তিনটীকে বুঝায়।

মানপ্রপঞ্চযুক্তাঃ) তথাগতাস্তু (বুদ্ধাস্তু) নিষ্প্রপঞ্চাঃ। আকাশে পদং নাস্তি, তথা বহিঃ শ্রমণঃ নাস্তি, শাশ্বতাঃ (নিত্যাঃ) সংস্কারাঃ ন সন্তি ; বুদ্ধানাং ইঙ্গিতং বিচলিতং নাস্তি।

অনুবাদ।—যেমন আকাশে পথ নাই ; সেইরূপ আমার শাসনের বাহিরে শ্রমণ হইতে পারে না। সাধারণ লোকে তৃষ্ণাদিপ্রপঞ্চবশীভূত ; কিন্তু তথাগতগণ (বুদ্ধগণ) নিষ্প্রপঞ্চ। (যেমন) আকাশে পথ নাই, (সেইরূপ) আমার শাসনের বাহিরে লোকে, 'শ্রমণ' হইতে পারে না ; সংস্কারসকল (পঞ্চস্কন্ধ) নিত্য নহে। বুদ্ধগণ কদাচ বিচলিত হন না।

মলবগ্‌গো অট্‌ঠারসমো।

ধম্মট্ঠবগ্গো

(একুনবিসতিমো)

জেতবন ... বিনিচ্ছয় মহামত্ত

২৫৬ ন তেন হোতি ধম্মট্ঠো যেনত্থং সহসা নয়ে
যো চ অত্থং অনত্থঞ্চ উভো নিচ্ছেয্য পণ্ডিতো ।১

২৫৭ অসাহসেন ধম্মেন সমেন নয়তী পরে[১],
ধম্মস্স গুত্তো মেধাবী ধম্মট্ঠোতি পবুচ্চতি ।২

অন্বয়।—যেন (পুরিসো) অত্থং সহসা নয়ে তেন ধম্মট্ঠো ন হোতি; যো চ অত্থং অনত্থং চ উভো নিচ্ছেয্য (সো) পণ্ডিতো, (যো) অসাহসেন ধম্মেন সমেন পরে নয়তী, ধম্মস্স গুত্তো মেধাবী (সো) ধম্মট্ঠোতি পবুচ্চতি।

সংস্কৃত।—যেন (নরঃ) অর্থং সহসা (বলপ্রকাশেন) নয়েৎ (গৃহ্লীয়াৎ) তেন (তস্মাৎ কারণাৎ) ধর্ম্মস্থঃ ন ভবতি ; যঃ অর্থং অনর্থঞ্চ উভৌ নিশ্চিনুয়াৎ (সমৌ ইতি অবধারয়েৎ), (সঃ) পণ্ডিতঃ (যঃ) অসাহসেন ধর্ম্মেণ সমেন (ন্যায়তঃ) পরান্ (অন্যান্ জনান্) নয়তি, ধর্ম্মেণ গুপ্তঃ (রক্ষিতঃ) মেধাবী (সঃ) ধর্ম্মস্থঃ ইতি প্রোচ্যতে।

অনুবাদ। যদি কেহ অন্যায় বা বলপূর্ব্বক কিংবা মিথ্যা বাক্য দ্বারা একজনের দ্রব্য আর একজনকে দেয়, তবে সে ন্যায়পরায়ণ হইতে পারে না ; কিন্তু যিনি অর্থ এবং অনর্থ উভয়ই নিশ্চিতরূপে

১। তিপ্পরে।

অবধারণ করেন, তিনি পণ্ডিত। যিনি সত্যকে আশ্রয়পূর্ব্বক (অসাহসেন, অর্থাৎ সত্যের অপলাপ না করিয়া) ধর্ম্ম এবং ন্যায়ের সহিত অন্য ব্যক্তিদিগকে পরিচালিত করেন, ধর্ম্ম-রক্ষিত মেধাবী সেই ব্যক্তি ন্যায়পরায়ণ বলিয়া কথিত হয়েন।

জেতবন ... বজ্জিয় ভিকৃখু

২৫৮ ন তেন পণ্ডিতো হোতি যাবতা বহুভাসতি,
খেমী অবেরী অভয়ো পণ্ডিতো তি পবুচ্চতি। ৩

অন্বয়।—যাবতা (পুগ্‌গলো) বহুভাসতি তেন (সো) পণ্ডিতো ন হোতি; খেমী অবেরী অভয়ো (চ) (পুগ্‌গলো) পণ্ডিতো পবুচ্চতি।

সংস্কৃত।—যাবতা (নরঃ) বহু ভাষতে তাবতা (সঃ) পণ্ডিতো ন ভবতি; ক্ষেমী (শান্তঃ, মঙ্গলকারী) অবৈরী (দ্বেষহীনঃ) অভয়ঃ (নির্ভীকঃ) (জনঃ) পণ্ডিত ইতি প্রোচ্যতে।

অনুবাদ।—যদি কেহ, বহু বাক্য বলে, তবে সে, তদ্দ্বারা পণ্ডিত হয় না। যিনি নিরাপদ্, শত্রুহীন এবং যাঁহা হইতে কোন ভয় সম্ভাবনা নাই, তিনি পণ্ডিত বলিয়া কথিত হন।

জেতবন ... একুদ্দান থের

২৫৯ ন তাবতা ধম্মধরো যাবতা বহু ভাসতি,
যো চ অপ্পম্পি সুত্বান ধম্মং কায়েন পস্সতি
স বে ধম্মধরো হোতি যো ধম্মং নপ্পমজ্জতি। ৪

অন্বয়।—যাবতা (পুরিসো) বহু ভাসতি তাবতা (সো) ধর্ম্মধরো ন

(হোতি), যো চ অপ্পম্পি ধম্মং সুত্বান (তং) কায়েন পস্‌সতি,
স বে ধর্ম্মধরো হোতি, যো ধম্মং ন প্পমজ্জতি।

সংস্কৃত।—যাবতা (যেন হেতুনা) (নরঃ) বহু ভাষতে, তাবতা (তেন হেতুনা); (সঃ) ধর্ম্মধরঃ (ধর্ম্মপালকঃ) ন (ভবতি), যশ্চ অল্পমপি ধর্ম্মং শ্রুত্বা (তং ধর্ম্মং) কায়েন পশ্যতি (সম্যক্ পালয়তি) সঃ বৈ ধর্ম্মধরঃ ভবতি, সঃ ধর্ম্মাৎ ন প্রমাদ্যতি।

অনুবাদ।—যদি কেহ বহুবাক্য কহে, তবে তদ্দ্বারা সে ধর্ম্মধর হয় না; কিন্তু যিনি অল্পমাত্র ধর্ম্ম শ্রবণ করিয়া, দেহ দ্বারা তাহা দর্শন করেন অর্থাৎ সাক্ষাৎকার করেন, তিনি নিশ্চয়ই ধর্ম্মধর হন; এবং ধর্ম্মে তাঁহার কখন প্রমাদ হয় না।

জেতবন　　　　…　　　　লকুণ্টকভদ্দিয় থের

২৬০　ন তেন থেরো[১] হোতি[২] যেনস্স পলিতং সিরো,
পরিপক্কো বয়ো তস্স মোঘজিণ্ণোতি বুচ্চতি। ৫

অন্বয়।—যেন অস্‌স সিরো পলিতং তেন (পুগ্‌গলো) থেরো ন হোতি, তস্‌স বয়ো পরিপক্কো (সো তু) মোঘজিণ্ণোতি বুচ্চতি।

সংস্কৃত।—যেনাস্য শিরঃ পলিতং, তেন (নরঃ) স্থবিরঃ ন ভবতি, তস্য বয়ঃ পরিপক্বং (তর্হি সঃ) মোঘজীর্ণঃ (বৃথাজীর্ণঃ) ইত্যুচ্যতে।

অনুবাদ।—যদি কাহারও মস্তক পলিত হয়, তবে সে, তাহা দ্বারা স্থবির হয় না; তাহার বয়ঃক্রম পরিপক্ব হয় মাত্র এবং সে 'বৃথাবৃদ্ধ' বলিয়া কথিত হয়।

১। থবিরো।　　　　২। ভবতি।

জেতবন ... লকুণ্টকভদ্দিয় থের

২৬১ যম্হি সচ্চঞ্চ ধম্মো চ অহিংসা সঞ্ঞমো দমো,
স বে বন্তমলো ধীরো থেরো তি পবুচ্চতি। ৬

অন্বয়। যম্হি সচ্চঞ্চ ধম্মো চ অহিংসা সঞ্‌ঞমো দমো, স বে বন্তমলো ধীরো থেরো ইতি পবুচ্চতি।

সংস্কৃত।—যস্মিন্ সত্যঞ্চ ধর্ম্মশ্চ অহিংসা চ সংযমঃ দমশ্চ (ইমে সন্তি), বান্তমলঃ (নির্ধূতমলঃ) ধীরঃ স বৈ স্থবির ইতি প্রোচ্যতে।

অনুবাদ।—যাঁহাতে সত্য, ধর্ম্ম, অহিংসা, সংযম এবং দম আছে, সেই নির্ম্মল এবং ধীর ব্যক্তি, স্থবির বলিয়া উক্ত হন।

বিশেষার্থ।—যিনি ষোড়শ প্রকারে চারি আর্য্য সত্য জ্ঞানের দ্বারা সাক্ষাৎকার করিয়াছেন, যাঁহাতে নববিধ লোকোত্তর ধর্ম্ম বর্ত্তমান আছে, যিনি অহিংসাপরায়ণ, শীলবান্ ও ইন্দ্রিয়সংযমী, সেই চারিমার্গজ্ঞানদ্বারা নির্ধূতমল, ধৃতি-সম্পন্ন স্থিরস্বভাবসম্পন্ন ব্যক্তি স্থবির বলিয়া উক্ত হন।

জেতবন ... সংবহুল ভিক্‌খূ

২৬২ ন বাক্করণমত্তেন বণ্ণপোক্খরতায় বা
সাধুরূপো নরো হোতি ইস্সুকী মচ্ছরী সঠো। ৭

২৬৩ যস্স চেতং সমুচ্ছিন্নং মূলঘচ্চং সমূহতং,
স বন্তদোসো মেধাবী সাধুরূপো তি বুচ্চতি। ৮

অন্বয়। ইস্সুকী মচ্ছরী সঠো নরো বাক্করণমত্তেন বণ্ণপোক্খরতায় বা সাধুরূপো ন হোতি। যস্স চেতং সমুচ্ছিন্নং মূলঘচ্চং সমূহতং বন্তদোসো মেধাবী সো (পুরিসো) সাধুরূপো তি বুচ্চতি।

সংস্কৃত।—'ঈর্ষুকঃ' (ঈর্ষ্যাপরবশঃ) মৎসরঃ (মাৎসর্য্যপরায়ণঃ) শঠঃ নরঃ বাক্করণমাত্রেণ (সাধুশব্দোচ্চারণমাত্রেণ) বর্ণপুষ্কলতয়া (শরীরসৌন্দর্য্যেণ) বা সাধুরূপঃ ন ভবতি। যস্য চ এতৎ (এষঃ মঙ্কুভাবঃ) সমুচ্ছিন্নং মূলঘাতং সমুদ্ধতং (মূলাদুৎপাটিতং) বান্তদোষঃ (নির্ধূতকল্মষঃ) মেধাবী সঃ (পুরুষঃ) সাধুরূপ ইত্যুচ্যতে।

অনুবাদ।—ঈর্ষ্যাপরায়ণ, মৎসর ও শঠ ব্যক্তি, কেবল মিষ্টবাক্য দ্বারা কিংবা শরীরের সৌন্দর্য্যের দ্বারা সাধু হইতে পারে না। কিন্তু যাঁহার এই সকল, সমুচ্ছিন্ন ও সমূলে উৎপাটিত হইয়াছে, সেই নির্দ্দোষ ও মেধাবী ব্যক্তি, সাধু বলিয়া কথিত হন।

জেতবন ... হত্থক ভিক্খু

২৬৪ ন মুণ্ডকেন সমণো অব্‌বতো অলিকং ভণং,
ইচ্ছালোভসমাপন্নো সমণো কিং ভবিস্সতি। ৯

২৬৫ যো চ সমেতি পাপানি অণুংথূলানি[১] সব্‌বসো,
সমিতত্তা হি পাপানং সমণোহতি পবুচ্চতি। ১০

অন্বয়।—অলিকং ভণং অব্বতো মুণ্ডকেন সমণো ন (হোতি); ইচ্ছালোভসমাপন্নো (নরো) সমণো কিং ভবিস্সতি। যো চ অণুংথূলানি (বা) পাপানি সব্বসো সমেতি, (সো) হি পাপানং সমিতত্তা সমণোহতি পবুচ্চতি।

১। অণুথু—

সংস্কৃত।—অলীকং ভণন্ (মিথ্যা বদন্) অব্রতঃ (ব্রতহীনঃ পুরুষঃ) মুণ্ডকেন (মস্তকমুণ্ডনমাত্রেণ) শ্রমণঃ ন (ভবতি): ইচ্ছা-লোভসমাপন্নঃ (নরঃ) কিং শ্রমণঃ ভবিষ্যতি। যশ্চ (যঃ পুনঃ) অণূনি (ক্ষুদ্রাণি) স্থূলানি বা পাপানি সর্ব্বশঃ শময়তি, (সঃ) হি পাপানাং শমিতত্বাৎ শ্রমণ ইতি প্রোচ্যতে।

অনুবাদ।—মিথ্যা-কথনশীল ও ব্রতহীন (ধূতঙ্গশীলবিহীন) ব্যক্তি, কেবল মস্তকমুণ্ডন দ্বারা শ্রমণ হয় না; বাসনা এবং লোভযুক্ত ব্যক্তি কিরূপে শ্রমণ হইবে? যিনি ক্ষুদ্র কিংবা মহৎ সমস্ত পাপ দূরীকৃত করেন, পাপের প্রশমন হেতু তিনি শ্রমণ বলিয়া কথিত হন।

জেতবন ... অঞ্ঞতর ব্রাহ্মণ

২৬৬ ন তেন ভিক্খু (সো) হোতি[১] যাবতা ভিক্খতে পরে,
বিস্সং ধম্মং সমাদায় ভিক্খু হোতি ন তাবতা। ১১.

অন্বয়।—যাবতা (নরো) পরে ভিক্খতে তেন সো ভিক্খু ন হোতি; (পুরিসো) বিস্সং ধম্মং সমাদায় ভিক্খু হোতি ন তাবতা।

সংস্কৃত।—যাবতা (যেন হেতুনা) (নরঃ) পরান্ ভিক্ষতে, তাবতা সঃ ভিক্ষুঃ ন ভবতি; (পুরুষঃ) বিশ্বং বিষমং (সদ্ধর্ম্মং বিপরীতং) সমাদায় (অবলম্ব্য) ভিক্ষুঃ ভবতি ন তাবতা (ভিক্ষামাত্রেণ ইত্যর্থঃ)।

অনুবাদ।—কেবল মাত্র পরের নিকট ভিক্ষা করিলে লোকে, তদ্দ্বারা ভিক্ষু হয় না; (কায় কর্ম্মাদি) পাপ ধর্ম্ম সম্পাদান করিয়া (কেবল ভিক্ষাদ্বারা) কেহ কখন ভিক্ষু হয় না।

১। ভবতি।

জেতবন … অঞ্ঞতর ব্রাহ্মণ

২৬৭ যোহধ পুঞ্ঞঞ্চ পাপঞ্চ বাহিত্বা ব্রহ্মচরিয়বা,
সঙ্খায় লোকে চরতি স বে ভিক্খূতি বুচ্চতি । ১২

অন্বয়।—যোহধ পুঞ্ঞঞ্চ পাপঞ্চ বাহিত্বা ব্রহ্মচরিয়বা (হোতি), যো (চ) লোকে সঙ্খায় চরতি, স বে ভিক্খূতি বুচ্চতি।

সংস্কৃত।—য ইহ পুণ্যঞ্চ পাপঞ্চ বাহয়িত্বা (অতিক্রম্য) ব্রহ্মচর্য্যবান্ (ভবতি) (যশ্চ) লোকে সংখ্যায়া (জ্ঞানেন সহ ইত্যর্থঃ) চরতি, সঃ বৈ ভিক্ষুরিত্যুচ্যতে।

অনুবাদ।—যিনি ইহলোকে পুণ্য এবং পাপ অতিক্রম করিয়া ব্রহ্মচর্য্যবান্ হন এবং পৃথিবীতে জ্ঞানপরায়ণ হইয়া বিচরণ করেন, তিনি নিশ্চয়ই ভিক্ষু বলিয়া কথিত হন।

জেতবন … তিত্থিক

২৬৮ ন মোনেন মুনী[১] হোতি মূল্‌হরূপো অবিদ্দসু,
যো চ তুলং ব পগ্গয্হ বরমাদায় পণ্ডিতো। ১৩

২৬৯ পাপানি পরিবজ্জেতি স মুনী তেন সো মুনি,
যো মুনাতি উভো লোকে মুনী তেন পবুচ্চতি। ১৪

অন্বয়।—মূল্‌হরূপো অবিদ্দসু (নরো) মোনেন ন মুনী হোতি; যো চ পণ্ডিতো তুলং পগ্গয্হ ব বরমাদায় পাপানি পরিবজ্জেতি স মুনী, তেন সো মুনি (হোতি); যো মুনাতি তেন (সো) উভো লোকে মুনি ইতি পবুচ্চতি।

১। মুনি।

সংস্কৃত।—মূঢ়রূপঃ (অতিমূঢ়ঃ) অবিদ্বান্ (নরঃ) মৌনেন ন মুনিঃ ভবতি; যশ্চ পণ্ডিতঃ তুলাং প্রগৃহ্য ইব (গৃহীত্বা ইব) বরং (মঙ্গলং, পুণ্যং) আদায় পাপানি পরিবর্জ্জয়তি, স মুনিঃ ভবতি তেন স মুনিঃ ভবতি; যঃ মন্যতে (বুধ্যতে) তেন (জ্ঞানেন) উভয়োঃ লোকয়োঃ মুনিরিতি প্রোচ্যতে।

অনুবাদ।—অতিমূঢ় এবং অজ্ঞান ব্যক্তি, কেবল মৌনের দ্বারা মুনি হয় না, কিন্তু যে ব্যক্তি পণ্ডিত, তিনি তুলাদণ্ড ধারণ করিয়া যাহা মঙ্গলকর তাহাই গ্রহণ করেন, এবং যাহা পাপ তাহা বর্জ্জন করেন, সেইরূপ ব্যক্তিকেই মুনি বলা যায়; এইরূপ কার্য্যের দ্বারা তিনি মুনি হন। যিনি উভয় লোক মনন করেন তিনি সেই কার্য্যের দ্বারা মুনি বলিয়া কথিত হন।

জেতবন ... অরিয় বালিসিক

২৭০ ন তেন অরিয়ো হোতি যেন পাণানি হিংসতি,
অহিংসা সব্‌বপাণানং অরিয়ো তি পবুচ্চতি। ১৫

অন্বয়।—যেন (পুগ্‌গলো) পাণানি হিংসতি, তেন (সো) অরিয়ো ন হোতি; সব্বপাণানং অহিংসা (সো) অরিয়ো তি পবুচ্চতি।

সংস্কৃত।—যেন (করণেন) (নরঃ) প্রাণান্ হিনস্তি তেন (সঃ) আর্য্যঃ ন ভবতি, সর্ব্বপ্রণানাং অহিংসয়া (সঃ) আর্য্য ইতি প্রোচ্যতে।

অনুবাদ।—যদি কেহ প্রাণিহিংসা করে, তবে সে, তদ্দ্বারা 'আর্য্য' হয় না; সর্ব্বপ্রাণীতে অহিংসা হেতুই লোকে আর্য্য বলিয়া কথিত হয়।

জেতবন　…　সংবহুল সীলাদিসম্পন্ন ভিক্খু

২৭১　ন সীলব্বতমত্তেন বাহুসচ্চেন বা পুন[১]
অথবা সমাধিলাভেন বিবিচ্চ সয়নেন বা। ১৬

২৭২　ফুসামি নেক্খম্মসুখং[২] অপুথুজ্জনসেবিতং
ভিক্খু বিস্সাসমপাদি অপ্পত্তো আসবক্খয়ং। ১৭

অন্বয়।—ন সীলব্বতমত্তেন বাহুসচ্চেন বা পুন অথবা সমাধিলাভেন বিবিচ্চ সয়নেন বা অপুথুজ্জনসেবিতং নেক্খম্মসুখং ফুসামি। ভিক্খু আসবক্খয়ং অপ্পত্তো (সন্তো) বিস্সাসং মা আপাদি।

সংস্কৃত।—ন শীলব্রতমাত্রেণ (কেবলং সৎস্বভাবেন ব্রতেন বা) 'বাহুসত্যেন' (যদ্বা, বহুশ্রুতং শাস্ত্রং যস্য স বহুশ্রুতঃ তস্য ভাবঃ ইতি বাহুশ্রুত্যং তেন) বা পুনঃ অথবা সমাধিলাভেন বিবিচ্য (একাকীত্যর্থঃ) শয়নেন বা অপৃথগ্জনসেবিতং (পৃথগ্জনৈঃ মূর্খৈঃ সেবিতং তন্ন ভবতীতি অপৃথগ্জনসেবিতং) নৈষ্ক্রম্যসুখং (প্রব্রজ্যাসুখং) স্পৃশামি (প্রাপ্নোমি)। ইতি (অহো) ভিক্ষো, আশ্রবক্ষয়ং অপ্রাপ্তঃ (সন্) বিশ্বাসং মা প্রাপ্নুহি।

অনুবাদ।—হে ভিক্ষু আসব ক্ষয় না হওয়া পর্য্যন্ত কেবল (চারি পরিশুদ্ধি) শীল বা ধুতঙ্গশীল কিংবা (ত্রিপিটক শাস্ত্রে) বিপুল পাণ্ডিত্য দ্বারা, অথবা সমাধিলাভ বা একাকী বাসের দ্বারা, আর্য্যগণসেবিত নৈষ্ক্রম্যসুখ (অনাগামী সুখ) ভোগ করিতেছি বলিয়া বিশ্বাস করিও না, অর্থাৎ অর্হত্ব না পাইয়া কেবলমাত্র অনাগামিত্ব লাভে নিশ্চিন্ত থাকিও না।

১। পন।　　২। নেক্খম সুখং।

মগ্‌গবগ্‌গো

(বীসতিসো)

জেতবন ... পঞ্চসত ভিক্‌খু

২৭৩ মগ্গানট্ঠঙ্গিকো সেট্ঠো, সচ্চানং চতুরো পদা,
বিরাগো সেট্ঠো ধম্মানং, দ্বিপদানঞ্চ চক্খুমা। ১

২৭৪ এসো ব মগ্গো নত্থঞ্ঞো দস্সনস্স বিসুদ্ধিয়া,
এতং হি তুম্হে পটিপজ্জথ, মারস্সেতং পমোহনং।২

অন্বয়।—মগ্‌গানং অট্‌ঠঙ্গিকো (মগ্‌গো) সেট্‌ঠো, সচ্চানং চতুরো পদা (সেট্‌ঠা) ধম্মানং বিরাগো সেট্‌ঠো, দ্বিপদানঞ্চ চক্‌খুমা (সেট্‌ঠো)। এসো ব মগ্‌গো, দস্‌সনস্‌স বিসুদ্ধিয়া অঞ্‌ঞো (মগ্‌গো) নত্থি; তুম্হে এতং হি পটিপজ্জথ; এতং হি মারস্স পমোহনং।

সংস্কৃত।—মার্গাণাং অষ্টাঙ্গিকঃ (মার্গঃ) শ্রেষ্ঠঃ, সত্যানাং চত্বারি পদানি (চতুরার্য্য-সত্য-বোধকানি বাক্যানি) (শ্রেষ্ঠানি), ধর্ম্মাণাং বিরাগঃ শ্রেষ্ঠঃ, দ্বিপদানাং চ (মনুষ্যাণাং চ চক্ষুষ্মান্ (শ্রেষ্ঠঃ)। এষ বঃ (যুষ্মাকং) মার্গঃ, দর্শনস্য (জ্ঞানস্য) বিশুদ্ধয়ে অন্যঃ (মার্গঃ) নাস্তি, যূয়ম্ এতং হি প্রতিপদ্যধ্বং (অবলম্বধ্বং) এষঃ (মার্গঃ) মারস্য প্রমোহনঃ।

অনুবাদ।—মার্গসকলের মধ্যে অষ্টাঙ্গিক মার্গ শ্রেষ্ঠ, সত্য সকলের মধ্যে চারি আর্য্য সত্য শ্রেষ্ঠ, ধর্ম্মের মধ্যে বৈরাগ্য শ্রেষ্ঠ, মনুষ্য

সকলের মধ্যে চক্ষুষ্মান্ (বুদ্ধ) শ্রেষ্ঠ। ইহাই (অষ্টাঙ্গ মার্গ) একমাত্র পথ। দৃষ্টিবিশুদ্ধির (সম্যক দৃষ্টির) নিমিত্ত অন্য পথ নাই ; তোমরা ইহাকেই অবলম্বন কর। ইহা মারের প্রমোহনকারী।

জেতবন　　　...　　　পঞ্চসত ভিক্খু

২৭৫　এতং হি তুম্হে পটিপন্না দুক্খস্সন্তং করিস্সথ,
অক্খাতো বে ময়া মগ্গো অঞ্ঞায় সল্লসন্থনং ।৩

২৭৬　তুম্হেহি কিচ্চং আতপ্পং অক্খাতারো তথাগতা,
পটিপন্না পমোক্খন্তি ঝায়িনো মারবন্ধনা ।৪

অন্বয়।—তুম্হে এতং হি পটিপন্না (ভবথ) দুক্খস্সন্তং করিস্সথ সল্লসন্থনং অঞ্ঞায় ময়া মগ্গো বে অক্খাতো। তুম্হেহি আতপ্পং কিচ্চং, তথাগতা (কেবলং হি) অক্খাতারো ; (মগ্গং) পটিপন্না ঝায়িনো (জনা) মারবন্ধনা পমোক্খন্তি।

সংস্কৃত।—যূয়ম্ এতস্মিন্ হি প্রতিপন্নাঃ (ভবথ) দুঃখস্য অন্তং করিষ্যথ, শল্যসংস্থানং (রাগাদি নিদানং) জ্ঞাত্বা ময়া মার্গঃ আখ্যাতঃ বৈ। যুষ্মাভিঃ আতপ্যং (ব্যবসায়ঃ উদ্যমঃ কার্য্যমিত্যর্থঃ) কর্ত্তব্যম্, তথাগতাঃ (বুদ্ধাঃ) (কেবলং হি) আখ্যাতারঃ (ধর্ম্মোপদেষ্টারঃ) ; মার্গপ্রতিপন্নাঃ (গতাঃ) ধ্যায়িনঃ (ধ্যানপরায়ণাঃ) (জনাঃ) মারবন্ধনাৎ প্রমোক্ষ্যন্তি।

অনুবাদ।—তোমরা ইহাই অবলম্বন কর, (তাহা হইলে) দুঃখের অন্ত করিতে পারিবে ; এই রাগাদিশল্য উৎপাটনকারী মার্গ আমাকর্তৃক ব্যাখ্যাত হইয়াছে। তোমাকেই অধ্যবসায়

করিতে হইবে, তথাগতগণ কেবল ধর্ম্ম উপদেশ দাতা ; (মার্গ-প্রাপ্ত) ধ্যানপরায়ণ ব্যক্তিগণই, মারের বন্ধন হইতে মুক্ত হইয়া থাকেন

জেতবন (অনিত্য লক্ষণ) পঞ্চসত ভিক্খু

২৭৭ সব্বে সঙ্খারা অনিচ্চাতি যদা পঞ্ঞায় পস্সতি
অথ নিব্বিন্দতি দুক্খে, এস মগ্গো বিসুদ্ধিয়া। ৫

অন্বয়।—সব্বে সঙ্খারা অনিচ্চা তি যদা (নরো) পঞ্ঞায় পস্সতি ; অথ (সো) দুক্খে নিব্বিন্দতি, এসো বিসুদ্ধিয়া মগ্গো।

সংস্কৃত।—সর্ব্বে সংস্কারাঃ (স্কন্ধাঃ) অনিত্যা ইতি যদা (নরঃ) প্রজ্ঞয়া (সম্যগ্জ্ঞানেন) পশ্যতি (বুধ্যতে), তদা স দুঃখানি নির্ব্বিন্দতি (দুঃখে নির্ব্বিন্নো ভবতীত্যর্থঃ) এষ বিশুদ্ধেঃ মার্গঃ।

অনুবাদ।—সকল সংস্কার (পঞ্চস্কন্ধ) অনিত্য, ইহা যখন লোকে প্রজ্ঞা দ্বারা দর্শন করেন, তখন তিনি সর্ব্বদুঃখে (স্কন্ধ ধারণরূপ দুঃখে) নির্ব্বেদ প্রাপ্ত হন ইহাই বিশুদ্ধ মার্গ।

জেতবন (দুঃখ লক্ষণ) পঞ্চসত ভিক্খু

২৭৮ সব্বে সঙ্খারা দুক্খাতি যদা পঞ্ঞায় পস্সতি
অথ নিব্বিন্দতি[১] দুক্খে, এস মগ্গো বিসুদ্ধিয়া। ৬

অন্বয়।—সব্বে সঙ্খারা দুক্খাতি যদা (নরো) পঞ্ঞায় পস্সতি, অথ দুক্খে নিব্বিন্দতি, এস বিসুদ্ধিয়া মগ্গো।

১। নিব্বিন্দতী।

সংস্কৃত।—সর্ব্বে সংস্কারাঃ দুঃখাঃ (দুঃখকরাঃ) যদা (নরঃ) ইতি প্রজ্ঞয়া পশ্যতি, তদা (সঃ) দুঃখানি নির্ব্বিন্দতি, এষ বিশুদ্ধেঃ মার্গঃ।

অনুবাদ।—সকল সংস্কার (পঞ্চস্কন্ধ) দুঃখজনক, ইহা যখন মনুষ্য প্রজ্ঞা দ্বারা দর্শন করেন, তখন তিনি সর্ব্ব দুঃখে (স্কন্ধধারণে) নির্ব্বিন্ন হন; ইহাই বিশুদ্ধিলাভের মার্গ।

জেতবন　　　　(অনাত্ম লক্ষণ)　　　　পঞ্চসত ভিক্খু

২৭৯　সব্বে ধম্মা অনত্তাতি যদা পঞ্ঞায় পস্সতি
অথ নিব্বিন্দতি দুক্খে, এস মগ্গো বিসুদ্ধিয়া। ৭

অন্বয়।—সব্বে ধম্মা অনত্তাদি যদা (নরো) পঞ্ঞায় পস্সতি, অথ (সো) দুক্খে নিব্বিন্দতি ; এস বিসুদ্ধিয়া মগ্গো।

সংস্কৃত।—সর্ব্বে ধর্ম্মাঃ (স্কন্ধাঃ) অনাত্মান ইতি যদা (নরঃ) প্রজ্ঞয়া পশ্যতি, তদা (সঃ) দুঃখানি নির্ব্বিন্দতি ; এষ বিশুদ্ধেঃ মার্গঃ।

অনুবাদ।—সকল ধর্ম্ম (পদার্থই) অনাত্ম, ইহা যখন মনুষ্য সম্যক্ জ্ঞানের সহিত দর্শন করেন, তখন তিনি সর্ব্বদুঃখে নির্ব্বেদ প্রাপ্ত হন ; ইহাই বিশুদ্ধি লাভের উপায়।

জেতবন　　　　...　　　　পধানকম্মিকতিস্স থের

২৮০　উট্ঠানকালম্হি অনুট্ঠহানো,
যুবা বলী আলসিয়ং উপেতো,
সংসন্নসঙ্কপ্পমনো কুসীতো
পঞ্ঞায় মগ্গং অলসো ন বিন্দতি। ৮

অন্বয়।—উট্‌ঠানকালম্‌হি অনুট্‌ঠহানো, যুবা বলী (সন্তো) আলসিয়ং উপেতো, সংসন্নসঙ্কপ্পমনো কুসীতো, অলসো (পুরিসো) পঞ্‌ঞায় মগ্‌গং ন বিন্দতি।

সংস্কৃত।—উত্থানকালে অনুত্তিষ্ঠন্ (অপ্রবুধ্যমানঃ). যুবা বলী (সন্) আলস্যং উপেতঃ অসন্নসংকল্পমনাঃ (অবসন্নসম্যক্‌সংকল্পচিত্তঃ) কুসীদঃ (নির্ব্বীর্য্যঃ) অলসশ্চ (পুরুষঃ) প্রজ্ঞায়াঃ মার্গং ন বিন্দতি।

অনুবাদ।—যে ব্যক্তি, উত্তমের সময়ে উত্তম করে না, যুবা এবং বলী হইয়াও আলস্যপরায়ণ হয়, যাহার চিত্ত কামবিতর্কাদিপূর্ণ—সেই নির্ব্বীর্য্য ও অলস ব্যক্তি, জ্ঞানমার্গ লাভ করিতে পারে না।

বেণুবন ... সুকর পেত

২৮১ বাচানুরক্খী মনসা সুসংবুতো,
কায়েন চ অকুসলং ন কয়িরা,
এতে তয়ো কম্মপথে বিসোধয়ে
আরাধয়ে মগ্‌গমিসিপ্পবেদিতং।৯

অন্বয়।—বাচানুরক্‌খী, মনসা সুসংবুতো (সন্তো) কায়েন চ অকুসলং ন কয়িরা; এতে তয়ো কম্মপথে বিসোধয়ে, ইসিপ্পবেদিতং মগ্‌গং আরাধয়ে।

সংস্কৃত।—বাচানুরক্ষী (বাচি দুশ্চরিতবর্জ্জনকারী) মনসা সুসংবৃতঃ (সন্) কায়েন চ অকুশলং ন কুর্য্যাৎ; এতান্ ত্রীন্ কর্ম্মপথান্ বিশোধয়েৎ, ঋষিপ্রবেদিতং (ঋষিপ্রদর্শিতং) মার্গং আরাধয়েৎ।

অনুবাদ।—বাক্যে সংযত ও চিত্তে সংযত থাকিবে। শরীরের দ্বারা কোন প্রকার অপবিত্র (অকুশল) কার্য্য করিবে না। এই তিনটি কর্ম্মপথকে (সর্ব্বদা) বিশুদ্ধ রাখিবে এবং ঋষিগণ-প্রদর্শিত মার্গে বিচরণ করিবে।

জেতবন　　…　　পোঠিল থের

২৮২　যোগা বে জায়তী ভূরি[১] অযোগা ভূরি সঙ্খয়ো,
এতং দ্বেধাপথং ঞত্বা ভবায় বিভবায় চ
তথত্তানং নিবেসেয্য যথা ভূরি পবড্ঢতি।১০

অন্বয়।—যোগা বে ভূরি জায়তী, অযোগা ভূরি সঙ্খয়ো (হোতি), ভবায় বিভবায় চ এতং দেধাপথং ঞত্বা তথা অত্তানং নিবেসেয্য যথা ভূরি পবড্ঢতি।

সংস্কৃত।—যোগাৎ (মনঃসংযোগাৎ) বৈ ভূরি (জ্ঞানং) জায়তে, অযোগাৎ ভূরি-সংক্ষয়ঃ (জ্ঞানহানিঃ) (ভবতি); ভবায় চ (লাভায়) 'বিভবায়' (অলাভায়) চ এতং দ্বিধাপথং জ্ঞাত্বা তথা আত্মানং নিবেশয়েৎ, যথা ভূরি প্রবর্দ্ধতে।

অনুবাদ।—যোগ (মনঃসংযোগ) হইতে জ্ঞান উৎপন্ন হয়, অযোগ হইতে জ্ঞানের ক্ষয় হয়; বৃদ্ধি ও অবৃদ্ধির (লাভালাভের) উপায়স্বরূপ এই দুইটি পথ জানিয়া, আপনাকে এরূপ ভাবে নিবেশিত করিবে, যাহাতে জ্ঞান বর্দ্ধিত হয়।

১ ভূরী ভূরি

জেতবন ... মহল্লক ভিক্খূ

২৮৩ বনং ছিন্দথ, মা রুক্খং, বনতো জায়তী[১] ভয়ম্,
ছেত্বা বনঞ্চ[২] বনথঞ্চ নিব্‌বনা[৩] হোথ ভিক্খবো। ১১

২৮৪ যাবং হি বনথো ন ছিজ্জতি
অনুমত্তোপি নরস্স নারিসু,
পটিবদ্ধমনো ব তাব সো
বচ্ছো খীরপকো-[পানো] ব মাতরি[৪] ॥ ১২

অন্বয়।—বনং ছিন্দথ মা রুক্খং, বনতো ভয়ং জায়তী ; (হে) ভিক্খবো বনঞ্চ বনথঞ্চ ছেত্বা নিব্বনা হোথ। যাবং হি নরস্স নারিসু অনুমত্তোপি বনথো ন ছিজ্জতি তাব সো খীরপকো বচ্ছো মাতরি ব পটিবদ্ধমনো হোতি।

সংস্কৃত।—বনং ছিন্দি, মা বৃক্ষং (ছিন্দি) বনতঃ ভয়ং জায়তে ; হে ভিক্ষবঃ! বনঞ্চ বনথঞ্চ (ক্ষুদ্র-বনঞ্চ) ছিত্বা নির্ব্বাণা ভবত। যাবদ্ধি নরস্য নারীষু অণুমাত্রোঽপি 'বনথঃ' (অনুরাগঃ) ন ছিদ্যতে, তাবৎ স ক্ষীরপকঃ (স্তন্যপায়ী) বৎসঃ (শিশুঃ) মাতরি (জনন্যাং) ইব প্রতিবদ্ধমনাঃ (ভবতি)।

অনুবাদ।—(বাসনার বা রাগাদি ক্লেশের) বন ছিন্ন করিয়া ফেল ; কিন্তু বৃক্ষ কাটিও না। বন হইতে ভয় জন্মে। হে ভিক্ষুগণ! তোমরা বন এবং ক্ষুদ্র ঝোপ সকলই ছিন্ন করিয়া বন-হীন (বাসনা-হীন) হও অর্থাৎ নির্ব্বাণ লাভ কর। মনুষ্যের যত-ক্ষণ পর্য্যন্ত স্ত্রীলোকে অণুমাত্র আসক্তি বিদ্যমান থাকে, ততক্ষণ

১। জায়তে। ২। বনং। ৩। নিব্বানা। ৪। মাতরী।

স্তন্যপায়ী বৎস যেমন গাভীতে আবদ্ধচিত্ত থাকে, সেইরূপ মনুষ্যও বদ্ধচিত্ত থাকে।

জেতবন　　　…　　　সুবর্ণকার থের

২৮৫　উচ্ছিন্দ সিনেহত্তনো কুমুদং সারদিকং ব পাণিনা,
সন্তিমগ্গমেব ব্রূহয় নিব্‌বানং সুগতেন দেসিতং ।১৩

অন্বয়।—পাণিনা সারদিকং কুমুদং ব অত্তনো স্নিনেহম্‌ উচ্ছিন্দ; সন্তিমগ্‌গমেব ব্রূহয়; নিব্বানং সুগতেন দেসিতং।

সংস্কৃত।—পাণিনা শারদিকং কুমুদমিব আত্মনঃ স্নেহমুচ্ছিন্ধি; শান্তিমার্গমেব বৃংহয় (বর্দ্ধয়); সুগতেন (বুদ্ধেন) নির্ব্বাণং উপদিষ্ট।

অনুবাদ।—শরৎকালীন কুমুদের ন্যায় স্বহস্তে আত্মানুরাগ ছিন্ন করিয়া ফেল। নির্ব্বাণগামী (অষ্টাঙ্গ) শান্তিমার্গ (বৃদ্ধিকর) অবলম্বন কর। সুগত নির্ব্বাণপথ প্রদর্শিত (দেশনা) করিয়া গিয়াছেন।

জেতবন　　　…　　　মহাধন বাণিজ

২৮৬　ইধ বস্সং বসিস্সামি ইধ হেমন্তগিম্হিসু,
ইতি বালো বিচিন্তেতি[১], অন্তরায়ং ন বুজ্ঝতি। ১৪

অন্বয়।—ইধ বস্‌সং বসিস্‌সামি, ইধ হেমন্তগিম্‌হিসু (বসিস্‌সামি) বালো বিচিন্তেতি, অন্তরায়ং ন বুজ্ঝতি।

সংস্কৃত।—ইহ বর্ষাসু বসিষ্যামি, ইহ হেমন্তগ্রীষ্ময়োঃ, (বসিষ্যামি) ইতি

১। বিচিন্তেসি।

বালঃ (মূর্খঃ) বিচিন্তয়তি, অন্তরায়ং (কস্মিংশ্চিৎ কালে দেশে বা মরিষ্যামি ইত্যাত্মনঃ জীবিতান্তরায়ং) ন বুধ্যতে।

অনুবাদ।—বর্ষাকালে এই স্থানে বাস করিব, হেমন্ত এবং গ্রীষ্মকালে এই স্থানে বাস করিব—মূর্খ এইরূপ চিন্তা করিয়া থাকে,—কিন্তু জীবন যে কবে শেষ হইবে, ইহা তাহারা বোঝে না।

জেতবন ... কিসাগোতমী

২৮৭ তং পুত্তপসুসম্মত্তং ব্যাসত্তমনসং নরং,
সুত্তং গামং মহোঘোব মচ্চু আদায় গচ্ছতি। ১৫

অন্বয়।—পুত্তপসুসম্মত্তং ব্যাসত্তমনসং তং নরং মহোঘোসুত্তং গামং ব মচ্চু আদায় গচ্ছতি।

সংস্কৃত।—পুত্রপশুসম্মত্তং (পুত্রৈঃ পশুভিশ্চ প্রমত্তং) ব্যাসক্তমনসং তং নরং সুপ্তং গ্রামং মহৌঘঃ (মহাজলপ্রবাহঃ) ইব মৃত্যুরাদায় গচ্ছতি।

অনুবাদ।—মহান্ জলপ্রবাহ, যেমন সুপ্ত গ্রামকে ভাসাইয়া লইয়া যায়—সেইরূপ পুত্রে এবং পশুতে ব্যাসক্তচিত্ত সেই ব্যক্তিকে মৃত্যু লইয়া যায়।

জেতবন ... পটাচারা

২৮৮ ন সন্তি পুত্তা তাণায় ন পিতা ন' পি বন্ধবা,
অন্তকেনাঽধিপন্নস্স নত্থি ঞাতিসু তাণতা। ১৬

১। না।

অন্বয়।—ন তাণায় পুত্তা সন্তি ন পিতা (অত্থি) ন পি বন্ধবা সন্তি অন্ত-
কেন অধিপন্নস্স ঞাতিসু তাণতা নত্থি।

সংস্কৃত।—ন ত্রাণায় (ত্রাতুমিত্যর্থঃ) পুত্রাঃ সন্তি, ন পিতা (অস্তি) নাপি
বান্ধবাঃ সন্তি, অন্তকেন (যমেন) অধিপন্নস্য (গৃহীতস্য) জ্ঞাতিষু
ত্রাণতা নাস্তি।

অনুবাদ।—ত্রাণ করিতে পুত্রগণও নাই, পিতাও নাই, বন্ধুগণও নাই। মৃত্যু,
যাহাকে গ্রহণ করে, তাহার জ্ঞাতিগণের দ্বারা ত্রাণ সম্ভবে না।

জেতবন　　　...　　　পটাচার

২৮৯　এতমত্থবসং ঞত্বা পণ্ডিতো সীলসংবুতো
নিব্‌বাণগমনং মগ্গং খিপ্পমেব বিসোধয়ে। ১৭

অন্বয়।—পণ্ডিতো সীলসংবুতো (জনো) এতং অত্থবসং ঞত্বা খিপ্পমেব
নিব্বাণগমনং মগ্‌গং বিসোধয়ে।

সংস্কৃত।—পণ্ডিতঃ শীলসংবৃতঃ (চতুঃপরিশুদ্ধিশীলেন সংবৃতঃ সংরক্ষিতঃ)
(জনঃ) এতং অর্থবশং (অর্থস্বভাবং) জ্ঞাত্বা ক্ষিপ্রমেব
নির্ব্বাণগমনং (নির্ব্বাণপ্রাপকং) (অষ্টাঙ্গিকং) মার্গং
বিশোধয়েৎ।

অনুবাদ।—পণ্ডিত এবং (চারি পরিশুদ্ধি) শীল দ্বারা সংরক্ষিত ব্যক্তি,
ঐ বাক্যের তাৎপর্য্য অবধারণ করিয়া নির্ব্বাণপ্রাপ্তির উপায়-
স্বরূপ অষ্টাঙ্গমার্গকে অবিলম্বে বিশুদ্ধ করিবেন, অর্থাৎ সম্যক্
রূপে পালন করিবেন।

মগ্গবগ্‌গো বীসতিমো।

পকিণ্ণক বগ্গো

(একবীসতিমো)

বেণুবন ... গঙ্গারোহণ

২৯০ মত্তাসুখপরিচ্চাগা পস্সে চে বিপুলং সুখং,
চজে মত্তাসুখং ধীরো সম্পস্সং বিপুলং সুখং। ১

অন্বয়।—ধীরো মত্তাসুখপরিচ্চাগা চে বিপুলং সুখং পস্সে, বিপুলং সুখং সম্পস্সং মত্তাসুখং চজে।

সংস্কৃত।—ধীরঃ মাত্রাসুখপরিত্যাগাৎ (বৈষয়িক সুখত্যাগাৎ) চেৎ বিপুলং সুখং পশ্যেৎ, বিপুলং সুখং সম্পশ্যন্ মাত্রাসুখং ত্যজেৎ।

সংস্কৃত।—ত্রস্তেষু (জীবনাপগমভয়াৎ ভীতেষু জীবেষু) স্থাবরেষু (স্থিতিশীলেষু) চ ভূতেষু (প্রাণিষু) দণ্ডং নিধায় (কৃত্বা) যঃ ন হন্তি

(স্বয়ং ন বিনাশয়তি) ন ঘাতয়তি (অন্যং বধায় ন প্রেরয়তি) তং (লোকং) অহং ব্রাহ্মণং (বিপ্রং) ব্রবীমি (বদামি)।

অনুবাদ।—যিনি দণ্ড পরিহার করতঃ দুর্ব্বল, সবল ও সর্ব্বভূতে কৃপাবান্, যিনি ক্ষমাশীল হইয়া নিজেও হত্যা করেনা এবং হত্যার কারণ ও হন না, তাঁহাকেই আমি ব্রাহ্মণ বলি।

জেতবন　　　...　　　চতুন্নং সামণেরানং

৪০৬　অবিরুদ্ধং বিরুদ্ধেসু অত্তদণ্ডেসু নিব্বুতং,
সাদানেসু অনাদানং তমহং ব্রূমি ব্রাহ্মণং।২৪

অন্বয়।—বিরুদ্ধেসু অবিরুদ্ধং অত্তদণ্ডেসু নিব্বুতং, সাদানেসু অনাদানং তং অহং ব্রাহ্মণং ব্রূমি।

সংস্কৃত।—বিরুদ্ধেষু (বৈরিষু) অবিরুদ্ধং (মিত্রতাম্ আচরন্তং) আত্তদণ্ডেষু (দণ্ডবিধায়কেষু) নির্বৃতং (সন্তুষ্টং) সাদানেষু (সংসারলিপ্তেষু অনাদানং (আসক্তিরহিতং) তং (লোকং) অহং ব্রাহ্মণং (বিপ্রং) ব্রূমি (বদামি)।

অনুবাদ।—বৈরীদিগের মধ্যে যিনি বৈরিশূন্য ও দণ্ডবিধানকারীর মধ্যে যিনি শান্ত, এবং সংসারাসক্তদিগের মধ্যে যিনি বন্ধনমুক্ত হইয়াছেন, তাঁহাকেই আমি ব্রাহ্মণ বলি।

বেণুবন　　　...　　　মহাপন্থক থের

৪০৭　যস্স রাগো চ দোসো চ মানো মক্খো চ পাতিতো,
সাসপোরিব আরগ্গা তমহং ব্রূমি ব্রাহ্মণং।২৫

অন্বয়।—যস্‌স রাগো চ দোসো চ মানো মক্‌খো চ আরগ্‌গা সাসপোরিব পাতিতো তং অহং ব্রাহ্মণং ব্রূমি।

সংস্কৃত।—যস্য (লোকস্য) রাগশ্চ (দ্বেষশ্চ) মানঃ ম্রক্ষশ্চ (কাপট্যঞ্চ) আরগ্যাৎ (সূচ্যগ্রাৎ) সর্ষপ ইব পাতিতঃ (বিধ্বস্তঃ) তং (লোকং) অহং ব্রাহ্মণং (বিপ্রং) (ব্রবীমি (বদামি)।

অনুবাদ।—যাঁহার রাগ, দ্বেষ, মান ও কপটতা সূচ্যগ্রে স্থিত সর্ষপের ন্যায় পতিত হইয়াছে, অর্থাৎ বিধ্বংস প্রাপ্ত হইয়াছে, তাঁহাকে আমি ব্রাহ্মণ বলি।

বেণুবন ... পিলিণ্ডবচ্ছ থের

৪০৮ অকক্কসং বিঞ্ঞাপনিং গিরং সচ্চং উদীরয়ে,
যায় নাভিসজে কিঞ্চি[1] তমহং ব্রূমি ব্রাহ্মণং।২৬

অন্বয়।—যায় কিঞ্চি নাভিসজে অকক্কসং বিঞ্‌ঞাপনিং, সচ্চং গিরং উদীরয়ে তং অহং ব্রাহ্মণং ব্রূমি।

সংস্কৃত।—যয়া (বাচা) কিঞ্চিৎ ন অভিষজেৎ (লিপ্তং কুর্য্যাৎ) অকর্কশাং (মধুরাং) বিজ্ঞাপনীং (জ্ঞানবিস্তারিকাং) সত্যাং (যথার্থাং) গিরং (বাকং) উদীরয়েৎ (উচ্চারয়েৎ), তং (লোকং) অহং ব্রাহ্মণং (বিপ্রং) ব্রবীমি (বদামি)।

অনুবাদ।—যিনি কর্কশতা পরিত্যাগ করিয়া সর্ব্বদা সত্য কথা বলেন ও সদুপদেশ দেন এবং কাহাকেও বৃথা বিষয়ে লিপ্ত করেন না, তাঁহাকে আমি ব্রাহ্মণ বলি।

---

১ কঞ্চি।

জেতবন ... অঞ্‌ঞতর থের

৪০৯ যোহধ দীঘং বা রস্সং বা অণুংথূলং সুভাসুভং,
লোকে অদিন্নং নাহদিয়তে[1] তমহং ব্রূমি ব্রাহ্মণং ।২৭

অন্বয় ।—যো ইধ লোকে দীঘং বা রস্সং বা অণু থূলং সুভাসুভং অদিন্নং নাদিয়তে তং অহং ব্রাহ্মণং ব্রূমি ।

সংস্কৃত ।—যঃ (লোকঃ) ইহলোকে (অস্মিন্ সংসারে) দীর্ঘং বা হ্রস্বং বা অণুং (ক্ষুদ্রং) স্থূলং (বৃহৎ), শুভাশুভং (মঙ্গলামঙ্গলং) বা অদত্তং (বস্তু ইতিশেষঃ) ন আদত্তে (গৃহ্ণাতি), তং (লোকং) অহং ব্রাহ্মণং (বিপ্রং) ব্রবীমি (বদামি)।

অনুবাদ ।—এই সংসারে দীর্ঘ বা হ্রস্ব, ক্ষুদ্র বা বৃহৎ, ভাল বা মন্দ যাহা কিছু অপ্রদত্ত বস্তু আছে, তাহা যিনি গ্রহণ করেন না তাঁহাকে আমি ব্রাহ্মণ বলি ।

জেতবন ... সারিপুত্ত থের

৪১০ আসা যস্স ন বিজ্জন্তি অস্মিং লোকে পরম্হি চ,
নিরাসয়ং[2] বিসংযুত্তং[3] তমহং ব্রূমি ব্রাহ্মণং ।২৮

অন্বয় ।—অস্মিং লোকে পরম্হি চ যস্স আসা ন বিজ্জন্তি নিরাসয়ং বিসংযুত্তং তং অহং ব্রাহ্মণং ব্রূমি ।

সংস্কৃত ।—অস্মিন্ লোকে (ইহ সংসারে) পরস্মিন্ (পরলোকে) চ যস্য (লোকস্য) আশাঃ (আকাঙ্ক্ষাঃ) ন বিদ্যন্তে (ন

---

১ নাহদিয়তি   ২। নিরসাসং   ৩। বিসংঞ্‌ত্তম্

বর্ত্তন্তে) নিরাশয়ং (আশাশূন্যং) বিসংযুক্তং (সংযোজন-রহিতং) তং (লোকং) অহং ব্রাহ্মণং (বিপ্রং) ব্রবীমি (বদামি)।

অনুবাদ।—যাঁহার ইহ জগতের জন্য ও পর জগতের জন্য আশা নাই, এবং যিনি তৃষ্ণাশূন্য ও পাশমুক্ত হইয়াছেন তাঁহাকেই আমি ব্রাহ্মণ বলি।

জেতবন ... মহামোগ্গলায়ন থের

৪১১ যস্সালয়া ন বিজ্জন্তি অঞ্ঞায় অকথংকথী,
অমতোগধং অনুপ্পত্তং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।২৯

অন্বয়।—যস্স আলয়া ন বিজ্জন্তি অঞ্ঞায় অকথংকথী, অমতোগধং অনুপ্পত্তং তং অহং ব্রাহ্মণং ব্রূমি।

সংস্কৃত।—যস্য (লোকস্য) আলয়াঃ (তৃষ্ণাঃ) ন বিদ্যন্তে (ন বর্ত্তন্তে) (যঃ) আজ্ঞায় (সম্যক্ জ্ঞাত্বা) অকথংকথী (সংশয়চ্ছেদী ভবতীতি শেষঃ), অমৃতাবগাধং (গাঢ়ামৃতং, অর্হৎপদমিত্যর্থঃ) অনুপ্রাপ্তং তং (লোকং) অহং ব্রাহ্মণং (বিপ্রং) ব্রবীমি (বদামি)।

অনুবাদ।—যাঁহার তৃষ্ণা বিদ্যমান নাই এবং যিনি সম্যক্ জ্ঞান দ্বারা সংশয় ছেদন করিয়া অমৃতপদ লাভ করিয়াছেন, তাঁহাকে আমি ব্রাহ্মণ বলি।

পুব্বারাম　　　…　　　রেবত থের

৪১২　যোহ্‌ধ পুঞ্ঞঞ্চ পাপঞ্চ উভো সঙ্গং উপচ্চগা,
অসোকং বিরজং সুদ্ধং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।৩০

অন্বয় ।—ইধ যো পুঞ্‌ঞঞ্চ পাপঞ্চ উভো সঙ্গং উপচ্চগা, অসোকং বিরজং সুদ্ধং তং অহং ব্রাহ্মণং ব্রূমি ।

সংস্কৃত ।—ইধ (অস্মিন্ লোকে) যঃ (লোকঃ) পুণ্যঞ্চ (সৎকর্ম্ম চ) পাপঞ্চ (অসৎকর্ম্ম চ) উভৌ সঙ্গং চ (আসক্তিং) উপাত্যগাৎ (পরিত্যক্তবান্) উপাত্যগাৎ (পরিহৃতবান্), অশোকং (শোকশূন্যং) বিরজসং (রজোগুণবিনির্ম্মুক্তং) শুদ্ধং (পবিত্র-চিত্তং) তং (লোকং) অহং ব্রাহ্মণং (বিপ্রং) ব্রবীমি (বদামি) ।

অনুবাদ ।—যিনি পাপ ও পুণ্য উভয় বন্ধন হইতে মুক্ত আছেন, যিনি শোকশূন্য, রাগাদিরূপ রজ হইতে মুক্ত ও নির্ম্মলচিত্ত হইয়াছেন, তাঁহাকেই আমি ব্রাহ্মণ বলি ।

জেতবন　　　…　　　চন্দাভ থের

৪১৩　চন্দং ব বিমলং সুদ্ধং বিপ্পসন্নমনাবিলং,
নন্দীভবপরিক্খীণং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।৩১

অন্বয় ।—চন্দং ব বিমলং সুদ্ধং বিপ্পসন্নমনাবিলং, নন্দীভবপরিক্‌খীণং তং অহং ব্রাহ্মণং ব্রূমি ।

সংস্কৃত ।—চন্দ্রং (ইন্দুং) ইব বিমলং (বিশুদ্ধং) শুদ্ধং (পবিত্রং) বিপ্রসন্নং (প্রসাদগুণোপেতং) অনাবিলং (পাপবিরহিতং)

নন্দীভবপরিক্ষীণং ত্রিষু ভবেষু তৃষ্ণাপরিশূন্যং (তং লোকং) অহং ব্রাহ্মণং (বিপ্রং) ব্রবীমি (বদামি)।

অনুবাদ।—যিনি চন্দ্রের ন্যায় নির্ম্মল, (শুদ্ধ, ক্লেশাদি রহিত) প্রসন্নচিত্ত ও পাপবিরহিত এবং যাঁহার ত্রিলোকে সুখ আশা (তৃষ্ণা) সম্পূর্ণরূপে বিধ্বস্ত হইয়াছে তাঁহাকে আমি ব্রাহ্মণ বলি।

কুণ্ডিকোলিয় ... সীবলি থের

৪১৪ যো ইমং পলিপথং দুগ্গং সংসারং মোহমচ্চগা,
তিণ্ণো পারগতো[১] ঝায়ী অনেজো অকথংকথী,
অনুপাদায় নিব্বুতো তমহং ব্রূমি ব্রাহ্মণং।৩২

অন্বয়।—যো ইমং পলিপথং দুগ্গং সংসারং মোহং অচ্চগা, তিণ্ণো পারগতো ঝায়ী অনেজো অকথংকথী অনুপাদায় নিব্বুতো তং অহং ব্রাহ্মণং ব্রূমি।

সংস্কৃত।—যঃ (লোকঃ) ইমং (এতং) পরিপথং (প্রতিবন্ধকস্বরূপং) দুর্গং (দুরতিক্রমং) সংসারং (ভ্রামকং) মোহং (অজ্ঞানং) অত্যগাৎ (অতিক্রান্তবান্) তীর্ণঃ (সংসারোত্তীর্ণঃ) পারগতঃ (ভবপারপ্রাপ্তঃ) ধ্যায়ী (ধ্যানশীলঃ) অনেজঃ (নিষ্কম্পঃ) অকথংকথী (সংশয়চ্ছেদী) অনুপাদায় (উপাদানং বিহায়) নির্ব্বৃতঃ (পরং সন্তোষং প্রাপ্তঃ) তং (লোকং) অহং ব্রাহ্মণং (বিপ্রং) ব্রবীমি (বদামি)।

১ পরিংগত

অনুবাদ।—যিনি (রাগরূপ) প্রতিবন্ধক, ক্লেশরূপ দুর্গম সংসার (জন্মমৃত্যু) হইতে মুক্ত হইয়াছেন, যিনি মোহ হইতে উৎত্তীর্ণ হইয়াছেন ও চারি প্রকার ওঘ* অতিক্রম করিয়াছেন, যিনি ধ্যাননিরত, (তৃষ্ণার অভাব জনিত) নিষ্কম্প চিত্ত, সংশয়রহিত, উপাধিহীন ও নির্ব্বাণ প্রাপ্ত তাঁহাকেই আমি ব্রাহ্মণ বলি।

জেতবন　　　　...　　　　সুন্দরসমুদ্দ থেরী

৪১৫　যোহধকামে পহত্বান অনাগারো পরিব্বজে,
কামভবপরিক্খীণং[১] তমহং ব্রূমি ব্রাহ্মণং।৩৩

অন্বয়।—ইধ যো কামে পহত্বান অনাগারো পরিব্বজে কামভবপরিক্খীণং তং অহং ব্রাহ্মণং ব্রূমি।

সংস্কৃত।—ইহ (অস্মিন্ সংসারে) যঃ (লোকঃ) কামান্ (অভিলাষান্) প্রহায় (পরিত্যজ্য) অনাগারঃ (অনালয়ঃ সন্) পরিব্রজেৎ (পরিচরেৎ), কামভবপরিক্ষীণং (পরিক্ষীণকামং পরিক্ষীণ-ভবঞ্চ) তং (লোকং) অহং ব্রাহ্মণং (বিপ্রং) ব্রবীমি (বদামি)।

অনুবাদ।—এই সংসারে যিনি কাম (বস্তুকাম ও ক্লেশকাম) এবং ইন্দ্রিয় সুখ ও দিব্ব সুখ এই উভয়বিধ সুখ পরিত্যাগ পূর্ব্বক অনাগারিক হইয়া বিচরণ করেন, যিনি কাম ও পুনর্জন্ম ক্ষীণ করিয়াছে, তাঁহাকেই আমি ব্রাহ্মণ বলি।

১। কামা—　　　　* চারিওঘ—কাম, ভব, দৃষ্টি ও অবিদ্যা।

বেণুবন ... জটিল (জোটিক) থের

৪১৬ যোহধ তণ্হং পহত্বান[1] অনাগারো পরিব্বজে
তণ্হাভবপরিক্খীণং তমহং ব্রুমি ব্রাহ্মণং ।৩৪

অন্বয় ।—ইধো যো তণ্হং পহত্বান অনাগারো পরিব্বজে, তণ্হাভবপরিক্খীণং তং অহং ব্রাহ্মণং ব্রূমি ।

সংস্কৃত ।—ইহ (অস্মিন্ সংসারে) যঃ (লোকঃ) তৃষ্ণাং প্রহায় (পরিত্যজ্য) অনাগারঃ (অনালয়ঃ সন্) পরিব্রজেৎ (পরিচরেৎ) তৃষ্ণাভব-পরিক্ষীণং (পরিক্ষীণতৃষ্ণং পরিক্ষীণভবং চ) তং (লোকং) অহং ব্রাহ্মণং (বিপ্রং) ব্রবীমি (বদামি) ।

অনুবাদ ।—এই জগতে যিনি তৃষ্ণালতা ছেদন করিয়া অনাগারিক হইয়া বিচরণ করেন, যিনি তৃষ্ণালতা ও ভবস্রোতকে ক্ষীণ করিয়াছেন, তাঁহাকে আমি ব্রাহ্মণ বলি ।

বেণুবন ... নটপুব্বক থের

৪১৭ হিত্বা মানুসকং যোগং দিব্বং[2] যোগং উপচ্চগা,
সব্বযোগবিসংযুত্তং তমহং ব্রুমি ব্রাহ্মণং ।৩৫

অন্বয় ।—যো মানুসকং যোগং হিত্বা দিব্বং যোগং উপচ্চগা, সব্বযোগ-বিসংযুত্তং তমহং ব্রাহ্মণং ব্রূমি ।

সংস্কৃত ।—যঃ (লোকঃ) মানুষকং যোগং (আয়ুরিত্যর্থঃ) হিত্বা (ত্যক্ত্বা) দিব্যং যোগং, (পঞ্চকামগুণান্) উপাত্যগাৎ (পরিহৃতবান্)

---

১ । পহন্ত্বান ২ । দিব্বযোগম্

সর্ব্বযোগবিসংযুক্তং (নিখিলসংযোজনবিনির্মুক্তং) তং (লোকং) অহং ব্রাহ্মণং (বিপ্রং) ব্রবীমি (বদামি)।

অনুবাদ।—যিনি মনুষ্যদিগের যোগ ও দিব্ব যোগ, এই উভয় যোগ অর্থাৎ আয়ু ও পঞ্চকামগুণের প্রতি আসক্তি সম্পূর্ণরূপে পরিত্যাগ পূর্ব্বক, সমস্ত সংসার-বন্ধন হইতে বিনির্মুক্ত আছেন, তাঁহাকে আমি ব্রাহ্মণ বলি।

বেণুবন		...		নটপুত্তক থের

৪১৮ হিত্বা রতিঞ্চ অরতিঞ্চ সীতিভূতং নিরূপধিং,
সব্বলোকাভিভূং বীরং তমহং ব্রূমি ব্রাহ্মণং ।৩৬

অন্বয়।—রতিঞ্চ অরতিঞ্চ হিত্বা সীতিভূতং নিরূপধিং সব্বলোকাভিভূং বীরং তং অহং ব্রাহ্মণং ব্রূমি।

সংস্কৃত।—রতিঞ্চ (অভিলাষঞ্চ) অরতিঞ্চ (অভিলাষশূন্যত্বঞ্চ) হিত্বা (ত্যক্ত্বা) শীতিভূতং (শান্তং) নিরুপধিং (উপাধিক্লেশশূন্যং) সর্ব্বলোকাভিভুবং (সর্ব্বলোকপরিভবকারিণং) বীরং তং (লোকং) অহং ব্রাহ্মণং (বিপ্রং) ব্রবীমি (বদামি)।

অনুবাদ।—যিনি রতি ও অরতি উভয়কে পরিত্যাগ করিয়া শান্ত ও উপাধি (ক্লেশ) শূন্য হইয়াছেন, যিনি সকল সংস্কার (পঞ্চস্কন্ধ) জয় করিয়াছেন, যিনি বীর্য্যবন্ত সেই ব্যক্তিকে আমি ব্রাহ্মণ বলি।

বেণুবন ... বঙ্গীস থের

৪১৯ চুতিং যো বেদি সত্তানং উপপত্তিঞ্চ সব্বসো,
অসত্তং সুগতং বুদ্ধং তমহং ব্রূমি ব্রাহ্মণং।৩৭

অন্বয়।—যো সত্তানং চুতিং চ উপপত্তিং চ সব্বসো বেদি অসত্তং সুগতং বুদ্ধং তমহং ব্রাহ্মণং ব্রূমি।

সংস্কৃত।—যঃ (লোকঃ) সত্তানাং চ্যুতিং (নাশং) চ উপপত্তিং (জন্ম) চ সর্ব্বশঃ বেদ (সর্ব্বথা জানাতি), অসক্তং (আসক্তিরহিতং) সুগতং (শোভন জন্মানং) বুদ্ধং (জ্ঞানবন্তং) তং (লোকং) অহং ব্রাহ্মণং (বিপ্রং) ব্রবীমি (বদামি)।

অনুবাদ।—যিনি লোকদিগের জন্ম ও মৃত্যু সম্পূর্ণরূপে অবগত আছেন, যিনি অনাসক্ত, সুগত ও বুদ্ধ হইয়াছেন, তাঁহাকে আমি ব্রাহ্মণ বলি।

জেতবন ... বঙ্গীস থের

৪২০ যস্স গতিং ন জানন্তি দেবা গন্ধব্বমানুসা,
খীণাসবং অরহন্তং তমহং ব্রূমি ব্রাহ্মণং।৩৮

অন্বয়।—যস্স গতিং দেবা গন্ধব্বমানুসা ন জানন্তি খীণাসবং অরহন্তং তং অহং ব্রাহ্মণং ব্রূমি।

সংস্কৃত।—যস্য (লোকস্য) গতিং দেবাঃ গন্ধর্ব্বমানুষাঃ (সুরাঃ গন্ধর্ব্বাঃ মানুষাশ্চ) ন জানন্তি (বিদন্তি) ক্ষীণাসবং (পাপশূন্যং) অর্হন্তং (পূজ্যং) তং (লোকং) অহং ব্রাহ্মণঃ (বিপ্রং) ব্রবীমি (বদামি)।

অনুবাদ।—দেব, গন্ধর্ব্ব ও মনুষ্যগণ যাঁহার গতি জানিতে পারেন না এবং যিনি ক্ষীণতৃষ্ণ (পাপশূন্য) হইয়া অর্হত্ব লাভ করিয়াছেন, তাঁহাকে আমি ব্রাহ্মণ বলি।

বেণুবন ... ধম্মদিন্ন থেরী

৪২১ যস্স পুরে চ পচ্ছা চ মজ্ঝে চ নত্থি কিঞ্চনং,
অকিঞ্চনং অনাদানং তমহং ব্রূমি ব্রাহ্মণং। ৩৯

অন্বয়।—যস্স পুরে চ পচ্ছা চ মজ্ঝে চ কিঞ্চনং নত্থি, অকিঞ্চনং অনাদানং তং অহং ব্রাহ্মণং ব্রূমি।

সংস্কৃত।—যস্য (লোকস্য) পুরশ্চ (পূর্ব্বঞ্চ) পশ্চাচ্চ মধ্যে চ কিঞ্চন (কিঞ্চিৎ) নাস্তি (ন বিদ্যতে) অকিঞ্চনং (রাগদিশূন্যং) অনাদানং (আসক্তিরহিতং) তং (লোকং) অহং ব্রাহ্মণং (বিপ্রং) ব্রবীমি (বদামি)।

অনুবাদ।—যাঁহার পূর্ব্বে পশ্চাতে ও মধ্যে কিছুই নাই, যাঁহার কোন বস্তুর বাসনা নাই, যিনি তৃষ্ণাশূন্য এবং যিনি অনাসক্ত হইয়াছেন, তাঁহাকে আমি ব্রাহ্মণ বলি।

জেতবন ... অঙ্গুলিমাল থের

৪২২ উসভং পবরং বীরং মহেসিং বিজিতাবিনং,
অনেজং নহাতকং বুদ্ধং তমহং ব্রূমি ব্রাহ্মণং। ৪০

অন্বয়।—উসভং পবরং বীরং মহেসিং বিজিতাবিনং অনেজং নহাতকং বুদ্ধং তং অহং ব্রাহ্মণং ব্রূমি।

সংস্কৃত :—ঋষভং (বৃষতুল্যং) প্রবরং (উৎকৃষ্টং) বীরং (শূরং) মহর্ষিং (মহাবুদ্ধিং) বিজিতারিং (বিজিতমারং) অনেজং (নিষ্কম্পং) স্নাতকং (জ্ঞানজলেন) বিধৌতং বুদ্ধং (জ্ঞানিনং) তং (লোকং) অহং ব্রাহ্মণং (বিপ্রং) ব্রবীমি (বদামি) ।

অনুবাদ ।—যিনি বৃষের ন্যায় ভয়শূন্য হইয়াছেন, যিনি মহৎ ও বীর, যিনি মহর্ষি ও মারজিৎ, যাহার চিত্ত নিষ্কম্প এবং যিনি ক্লেশমল-বিধৌত এবং চতুরার্য্যসত্যজ্ঞ বুদ্ধ হইয়াছেন, তাঁহাকে আমি ব্রাহ্মণ বলি ।

জেতবন ... দেবহিত ব্রাহ্মণ

৪২৩ পুব্বেনিবাসং যো[১] বেদি[২] সগ্গাপায়ঞ্চ পস্সতি,
অথো জাতিক্খয়ং পত্তো অভিঞ্ঞাবোসিতো মুনি,
সব্ববোসিতবোসানং তমহং ব্রূমি ব্রাহ্মণং । ৪১

অন্বয় ।—যো মুনি পুব্বেনিবাসং বেদি সগ্গাপায়ঞ্চ পস্সতি অথো জাতিক্খয়ং পত্তো অভিঞ্ঞ্ঞো বোসিতো সব্ববোসিতবোসানাং তং অহং ব্রাহ্মণং ব্রূমি ।

সংস্কৃত ।—যঃ মুনিঃ (মৌনাবলম্বী প্রাজ্ঞঃ) পূর্ব্বনিবাসং বেদ (পূর্ব্ব-নিবাসং জানাতি), স্বর্গাপায়ঞ্চ (স্বর্গনরকঞ্চ) পশ্যতি, অথ (অপিচ) জাতিক্ষয়ং প্রাপ্তঃ (জন্মক্ষয়ং প্রাপ্তঃ) অভিজ্ঞা-ব্যবসিতঃ (অভিজ্ঞাব্যবসায়সম্পন্নঃ) সর্ব্বব্যবসিতব্যবসানং

১। সো ২। বেদী

(নিষ্পন্ন সর্ব্বকার্য্যং) তং (লোকং) অহং ব্রাহ্মণং ব্রবীমি (বদামি)।

অনুবাদ।—যে মুনি পূর্ব্বনিবাসস্মৃতিজ্ঞ, দেবলোক ও নরক দিব্য চক্ষু দ্বারা প্রত্যক্ষ করিয়াছেন, যিনি পুনর্জন্মের ক্ষয় সাধন করিয়াছেন এবং অভিজ্ঞা অর্থাৎ ধর্ম্ম সম্পূর্ণরূপ জ্ঞাত হইয়া নির্ব্বাণ লাভ করিয়াছেন ও সকল প্রকার ব্রহ্মচর্য্য সমাধান করিয়াছেন, তাঁহাকেই (সেই সর্ব্বকার্য্য নিষ্পাদনকারী লোককেই) আমি ব্রাহ্মণ বলি।

ছব্বীসতীমো

নিট্ঠিতো

(সমাপ্ত)

পরিশিষ্ট

অগ্‌গিং—সহস্স বগ্‌গো শ্লোক ৮; ব্রাহ্মণ বগ্‌গো শ্লোক ১০; অগ্নিদেব; বুদ্ধের সময়ে অগ্নিপূজা প্রচলিত ছিল, উল্লিখিত শ্লোক দুইটী হইতে ইহা স্পষ্ট প্রতীয়মান হয়।

অজাতসত্তু—সুখ-বগ্‌গো শ্লোক ৫; রাজা প্রসেনজিৎ কর্ত্তৃক অজাতশত্রু পরাজিত হইলে বুদ্ধদেব এই শ্লোকটী উচ্চারণ করেন। সংস্কৃত ও পালি উভয় ভাষাতেই ইহার উল্লেখ আছে। অবদান শতকেও নিম্নলিখিত শ্লোকটী দৃষ্ট হয়;—

জয়ো বৈরং প্রসবতি দুঃখং শেতে পরাজিতঃ
উপশান্তঃ সুখং শেতে হিত্বা জয়পরাজয়ৌ।

অনিবেশন—চিত্তবগ্‌গো শ্লোক ৮; ইহার বিশেষার্থ হইতেছে গৃহশূন্য, অনাগার; কিন্তু অধ্যাপক মোক্ষমুলার আসক্তিশূন্য অর্থে এই পদটী ব্যাখ্যা করিয়াছেন।

অনাদান। বিণ্, অ+আ+দান; আসক্তিশূন্য, শ্লোক ৬৩, ৭১, ৭২, ৭৪।

অনুসয়—তণ্‌হা-বগ্‌গো, শ্লোক ৫; ইহা সাত প্রকার (১) কামরাগ (২) পটিঘ (প্রতিঘ) (৩) দিট্‌ঠি, (৪) বিচিকিচ্ছা (বিচিকিৎসা)—Doubt, Uncertainty, (৫) মান, (Pride) (৬) ভবরাগ, (৭) অবিজ্জা (অবিদ্যা)। ইহারই তৃষ্ণাধার।

অরিয়ো—অত্তবগ্‌গো শ্লোক ৮; বুদ্ধ, প্রত্যেক-বুদ্ধ, অর্হৎ, অনাগামি, সকদাগামি, ও সোতাপন্নদিগের সাধারণ নাম অরিয়ো। নির্ব্বাণপ্রাপ্ত বা মুক্ত।

অকিঞ্চনো—পণ্ডিত বগ্‌গো শ্লোক ১২।১৩; যাঁহার সকল বাসনা ও বন্ধন দূরে গিয়াছে। বৌদ্ধশাস্ত্রে রাগ, দ্বেষ, ও মোহের নাম কিঞ্চন। এই শ্লোকটীর সহিত লোকবগ্‌গের প্রথম শ্লোকটীর অনেক সাদৃশ্য দেখিতে পাওয়া যায়।

অমত—(অমৃত) অপ্পমাদ-বগ্গো শ্লোক ১ ; বুদ্ধঘোষের মতে অমতো অর্থে নির্ব্বাণ। কারণ ইহার আদি নাই ও বিনাশ নাই। এই শ্লোকটী দীপবংসে, মহাবংসে ও সনৎসুজাতিয় পুস্তকে দৃষ্ট হয়।

অনিমিত্ত—অহরন্ত বগ্গো, শ্লোক ৩, নির্ব্বিকার, নিরালম্ব ও গুণাতীত অবস্থার নাম অনিমিত্ত। বৌদ্ধদর্শনে রাগ, দ্বেষ ও মোহের সাধারণ নাম নিমিত্ত। ইহা অপেক্ষাও এক গূঢ় অর্থে শব্দটী ব্যবহৃত হয়। বৌদ্ধসাধন মার্গে "কাসিনা" কিম্বা "অনাপানসতি" নামক কর্ম্মস্থান ভাবনাতে চিত্ত আবদ্ধ হইলে যখন সাধকের চক্ষুর সম্মুখে কখন কোন উজ্জ্বল গোলাকার পদার্থ, কখন বা তারকা, উজ্জ্বল জ্যোতি বিশিষ্ট মরকত বা সুগন্ধি পুষ্পমালা সকল সময়ে সময়ে উপস্থিত হয়, সেই অবস্থাকে নিমিত্ত বলে।

অট্ঠঙ্গিকো মগ্গো—বুদ্ধ-বগ্গো, শ্লোক ১২, ১৩, ১৪ ; মগ্গ-বগ্গো শ্লোক ১। অষ্টাঙ্গমার্গ (অষ্টন্+অঙ্গ+উ।)

আভস্সর—(আ ভাস্সর) উজ্জ্বল, সুখ বগ্গো, শ্লোক ৪ ; এই শ্লোকটীর অনুরূপ শ্লোক মহাভারতে দেখা যায়। মিথিলানগরে অগ্নিদাহ উপস্থিত হইলে বিদেহপতি নিম্নলিখিত শ্লোকটী উচ্চারণ করেন ;—

> সুসুখং বত জীবামি যস্য মে নাস্তি কিঞ্চন।
> মিথিলায়াং প্রদীপ্তায়াং ন মে দহতি কিঞ্চন॥

আসব—(আস্রব) মলবগ্গো ১৯ শ্লোক ; আসব অর্থে ক্লেশ। আসব চারি প্রকার (১) কামাসব, (২) ভবাসব, (৩) দিট্ঠাসব ; (৪) অবিজ্জাসব।

আয়তন—চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, কায় ও মন।

আবাসো—বালবগ্গো, শ্লোক ১৪ ; পকিন্নক-বগ্গো শ্লোক ১৩। বিহার সাধুদিগের আশ্রম স্থান।

উপপত্তি—জন্মে বা পুনর্জন্ম, ব্রাহ্মণ বগ্গো শ্লোক ৩৭।

উদ্ধংসোতো—পিয় বগ্গো শ্লোক ১০ ; (উর্দ্ধং+স্রোতস্), দ্বাদশ রূপব্রহ্ম

লোকে (অবিহলোকে) জন্মগ্রহণ করিয়া যাঁহারা অবশিষ্ট শুদ্ধাবাস লোক অতিক্রম করিয়া অকনিট্‌ঠ (অকনিষ্ঠ) অর্থাৎ অষ্টাদশ বা সর্ব্বশ্রেষ্ঠ অরূপব্রহ্মলোকে গমন করেন তাঁহাদিগকে ঊর্দ্ধস্রোতা বলে। আর এক অর্থ হইতেছে, যাঁহারা স্রোতের বিপরীত দিকে সন্তরণ করেন অর্থাৎ মোহের বশীভূত হন না, তাঁহাদিগকে উর্দ্ধং স্রোতা বলে।

কণ্হো—কৃষ্ণ (বিণ্) কণ্হোধম্মো পাপ ধম্মো, কণ্হো পক্‌খো কৃষ্ণপক্ষ।

কাসায়—(কাষায়) বৌদ্ধসন্ন্যাসীদিগের গৈরিক বস্ত্র। ইহা তিন খণ্ডে বিভক্ত, বহির্বাস, ও অন্তর্বাস, ও উত্তরীয় ; সেইজন্য ইহাদের আর একটী নাম ত্রিচীবর।

কোবিদ—(কবিদ) বিণ্, পারদর্শী, তত্ত্বদর্শী, শ্লোক ৬৩।

খণো—উপযুক্ত মুহূর্ত্ত, খণাতীতো. শুভ মুহূর্ত্তের অতীত হওয়া। ১৯৩ পৃষ্ঠায় পাদটীকা দ্রষ্টব্য।

চতুরার্য্যসত্য—দুঃখ, দুঃখের-উৎপত্তি, দুঃখেব ধ্বংস, ও দুঃখধ্বংসের উপায়, ইহাদের নাম চতুরাচার্য, সত্য।

জরাবগ্গো—শ্লোক ৮।৯, "অনেক জাতি সংসার............খয়মজ্‌ঝগা" এই দুইটী শ্লোক বৌদ্ধদিগের নিকট অতি উচ্চস্থান অধিকার করে। অনেকের মতে উরুবিল্বের পবিত্রবোধিবৃক্ষতলে সম্যক্‌সম্বোধি অর্থাৎ পূর্ণজ্ঞান লাভের পর বুদ্ধদেব এই দুইটী উদান উচ্চারণ করিয়াছিলেন। Spence Hardyর মতে, ব্রহ্মজাল সূত্রের টীকাতে ও Childersর Pali Dictionaryকৃত ঐই মতই সমর্থন করা হইয়াছে। কিন্তু ললিতবিস্তরের মতে বুদ্ধত্ব লাভ করিবার পর ভগবান নিম্নলিখিত শ্লোকটী উচ্চারণ করেন ;—"শুষ্কা আশ্রবা ন পুনঃ শ্রবন্তি।"

ঝায়িণো—ধ্যানপরায়ণ, ধ্যানযুক্ত। সমথ ও বিনস্সনা ভাবনাযুক্ত অর্হৎদিগকেই ঝায়ি বলে।

ত্রিরত্ন বা ত্রিসরণ।—বুদ্ধ ধর্ম্ম, ও সংঘ। প্রত্যেক বৌদ্ধকেই এই ত্রিরত্নের আশ্রয় গ্রহণ করিতে হয়।

থেরো—(স্থবির) যাঁহারা দশ বৎসর উপসম্পদা বা প্রব্রজ্যা গ্রহণ করিয়াছেন

এরূপ বৌদ্ধ ভিক্ষুদিগকে সাধারণতঃ স্থবির বলা হয়। স্থবির ও চিকিৎসাশাস্ত্রের Therapeutics একই কথা হইতে উৎপন্ন বলিয়া বোধ হয়। কারণ বৌদ্ধ থেরোগণ একই ধঙ্গে ধর্ম্মপ্রচার ও চিকিৎসাবিদ্যা অনুশীলন করিতেন।

দণ্ডবগ্গো—"ন নগ্গো চরিয়া.......................অবিতিণ্ণকঙ্খং" দণ্ডবগ্গো শ্লোক ১৩; Hibbert Lectures ৩০৫ পৃষ্ঠা দ্রষ্টব্য। জটা, নগ্নতা প্রভৃতি সন্ন্যাসী সম্প্রদায়ের বাহ্য চিহ্ন বুদ্ধদেব ত্যাগ করিতে বলিতেন। এ বিষয় বিশাখার উপাখ্যান বা অনাথপিণ্ডিকের কন্যার গল্পে স্পষ্ট উল্লেখ আছে। Burnoufর মতে এই নগ্ন সন্ন্যাসী সম্প্রদায় জৈনদিগের মধ্যে প্রচলিত ছিল। কিন্তু ইহা ঠিক বলিয়া বোধ হয় না। কারণ তাঁহাদিগের মধ্যে শ্বেতাম্বর ও দিগম্বর উভয় সম্প্রদায়ই বর্ত্তমান আছে।

ধম্মদান—তণ্হাবগ্গো শ্লোক ২১; বৌদ্ধশাস্ত্রে ধর্ম্মদান অর্থাৎ ধর্ম্ম বিতরণ বা ধর্ম্মশিক্ষার সুযোগ প্রদান, সর্ব্বদান হইতে শ্রেষ্ঠ বলিয়া গণ্য হয়। এ বিষয়ে বুদ্ধঘোষের Parables নামক পুস্তকে ১৬০ পৃষ্ঠা, শক্রদেবরাজের উপাখ্যানে বিস্তৃত বর্ণনা আছে।

ধনপালকো—নাগবগ্গো শ্লোক ৫; বৌদ্ধদিগের মধ্যে হস্তী, তিতিক্ষা ও সংযমের চিহ্ন-স্বরূপ ব্যবহৃত হয়। বুদ্ধদেব মাতৃগর্ভে প্রবেশ কালীন হস্তীর আকার ধারণপূর্ব্বক অবতীর্ণ হইয়াছিলেন। সেই জন্য বুদ্ধের একটি নাম মহানাগ। (ললিতবিস্তর)

ধম্মধরো—ধম্মট্ঠবগ্গো, শ্লোক ৪। ধর্ম্মপালক; যাঁহারা ত্রিপিটকের সূত্র বিভাগ কণ্ঠস্থ করিয়া আবৃত্তি করিতেন তাঁহাদিগকে ধম্মধরো বলা হইত।

ধম্মট্ঠো—ধর্ম্ম+স্থ, ন্যায়পরায়ণ।

ধুতঙ্গম—ধুত, ধুত+অঙ্গ, যাহা দ্বারা পাপপ্রবৃত্তি দমন করা যায়; ধুতঙ্গ ত্রয়োদশ প্রকার, ইহা ভিক্ষুদের অবশ্য পালনীয়।

নামরূপ—কোধবগ্গো, শ্লোক ১; ভিক্খু বগ্গো শ্লোক ৮।

নেক্খম্ম—বুদ্ধ বগ্গো, শ্লোক ৩, ফুটনোট দ্রষ্টব্য। ধম্মট্ঠ বগ্গো, ১৭।

নিব্বাণ—অপ্পমাদবগ্গো, শ্লোক ৪।১২, বালবগ্গো শ্লোক ১৬ দণ্ড, বগ্গো ৬; বুদ্ধ বগ্গো ৬; সুখ বগ্গো ৭।৮; কোধ বগ্গো; মগ্গ বগ্গো ১৩।১৭ ভিক্খু বগ্গো ১০।১৩ (Childersকৃত Pali Dictionaryতে নির্ব্বাণশব্দের বিস্তৃত ব্যাখ্যা ও James Alwisর Notes on Nirvana বিশেষরূপ দ্রষ্টব্য।

নিরুপাধি—ব্রাহ্মণ বগ্গো শ্লোক ৩৬; স্কন্ধ, কাম, ক্লেশ, ও কর্ম্ম হইতে মুক্ত।

পঞ্ঞা—(প্রজ্ঞা) জ্ঞান। যমক বগ্গো শ্লোক ১১; বৌদ্ধ দর্শনে জ্ঞান তিন প্রকার বলা হয়। সেখা পঞ্ঞা, অসেখা পঞ্ঞা, নেব-সেখা নাসেখা-পঞ্ঞা অর্থাৎ যাহারা স্রোতাপত্তি, সকদাগামি ও অনাগামি মার্গে বিচরণ করেন তাঁহাদের জ্ঞান, অর্হৎদিগের জ্ঞান ও সাধারণ মনুষ্যের জ্ঞান। ইহার আর এক অর্থ আছে, চিন্তাময়া পঞ্ঞা, সুতময়া পঞ্ঞা, ভাবনাময়া পঞ্ঞা অর্থাৎ চিত্ত হইতে উৎপন্ন জ্ঞান, অধ্যয়ন হইতে উৎপন্ন জ্ঞান, ও ভাবনা বা ধ্যান হইতে উৎপন্ন জ্ঞান।

পব্বজিতো—(প্রব্রজিত) বালবগ্গো শ্লোক ১৫; বুদ্ধবগ্গো শ্লোক ৬ ব্রাহ্মণ বগ্গো শ্লোক ৬। যিনি উপসম্পদা গ্রহণ পূর্ব্বক প্রব্রজ্যা অবলম্বন করিয়াছেন। ইহাদিগকে সাধারণতঃ শ্রমণ বা ভিক্ষু বলে।

পঞ্ঞবা—(প্রজ্ঞাবান) (পণ্ডিত বগ্গো, শ্লোক ৯।)

পকিণ্ণক বগ্গো—শ্লোক ৫।৬; এই দুইটী শ্লোক প্রথম পাঠে বড়ই বিস্ময়জনক বলিয়া বোধ হয়। যিনি নির্ব্বাণ ধর্ম্ম জগতে প্রচার করিয়াছেন, অহিংসা ধর্ম্ম লোককে শিক্ষা দিয়াছেন, যাঁহার দয়া সর্ব্ব প্রাণীতে প্রবাহিত হইয়াছে, তিনি কিরূপে হত্যার প্রশ্রয় দিতে পারেন? এমন কি অধ্যাপক মোক্ষমূলার ধম্মপদের ইংরাজী অনুবাদের প্রথম সংস্করণে ঐরূপ আক্ষরিক অনুবাদ করিয়াছিলেন। সিংহলবাসী সুপণ্ডিত James Alwisই প্রথম তাঁহার ভ্রম দেখাইয়া দেন। বাস্তবিকই এ দুইটী শ্লোক রূপক অর্থে ব্যবহৃত হইয়াছে।

পরিলাহো—দুঃখ, শারীরিক যন্ত্রণা, ইহা দুই প্রকার কায়িক ও চেতসিক।

পাতিমোক্খ—বুদ্ধবগ্গো শ্লোক ৭; বিনয় পিটকের যে অংশে চারি পারাজিক ধর্ম্ম হইতে আরম্ভ করিয়া ৭৫ শৈক্ষ্য ধর্ম্ম পর্য্যন্ত শিক্ষাপদ সম্বন্ধে নিয়মাবলী বিধিবদ্ধ আছে তাহাকে পাতিমোক্খ বলে। ভারতবর্ষে—অতি প্রাচীনকাল হইতে অমাবস্যা ও পূর্ণিমা তিথি পবিত্র বলিয়া উল্লেখ আছে। উক্ত দুই দিন বৌদ্ধভিক্ষুগণ কোন এক নির্জ্জন স্থানে সমবেত হইয়া পাপক্ষালনার্থ গত ১৫ দিনের নিজ নিজ কৃত পাপকর্ম্ম ভিক্ষুমণ্ডলীর নিকট ব্যক্ত করিতেন।

বালো—মূর্খ, যাহারা পরজন্মের পুণ্যকর্ম্মের বিষয় চিন্তা করে না।

বীতরাগো—আসক্তি-শূন্য; অরহন্ত বগ্গো, শ্লোক ১০।

বিবেকো—বাল্‌বগ্গো শ্লোক ১৬; পণ্ডিত-বগ্গো, শ্লোক ১২। সংসার পরিত্যাগ পূর্ব্বক নির্জ্জনে অবস্থানের নাম কায় বিবেক, বাসনা বা আসক্তি হইতে মনকে দূরে রাখার নাম চিত্তবিবেক ও সর্ব্ব উপাধি হইতে মুক্ত হইবার নাম উপাধি বিবেক বা নির্ব্বাণ।

বিরাগো—রাগ বা তৃষ্ণা রহিত; অহত্ব বা নির্ব্বাণের অবস্থা।

ব্রাহ্মণ—বৌদ্ধ সাহিত্যে শ্রমণ ও ব্রাহ্মণ এই দুইটী শব্দ একত্রে ব্যবহৃত হইয়াছে। বুদ্ধদেব ব্রাহ্মণদিগকে ভক্তিচক্ষে নিরীক্ষণ করিতেন ও শ্রমণ (বৌদ্ধ সন্ন্যাসী) দিগের সহিত তুল্য পদবীতে সর্ব্বত্রই উল্লেখ করিয়াছেন। এক্ষণে ব্রাহ্মণ কথাটী বৌদ্ধ সাহিত্যে স্থায়িভাবে স্থান প্রাপ্ত হইয়াছে, ও অনেকস্থলে অর্হৎ শব্দের পরিবর্ত্তে ব্যবহার দেখা যায়। ধম্মপদে ব্রাহ্মণ-বগ্গে উল্লিখিত যথার্থ ব্রাহ্মণদিগকে অর্হৎ বলা হইয়াছে।

ভিক্খু—(ভিক্ষু) ভিক্খু বগ্গো; বৌদ্ধ সন্ন্যাসী।

ভোবাদী—ব্রাহ্মণ-বগ্গো শ্লোক ১৪; (ভো+বাদিন) বৌদ্ধগণ নিন্দার্থে এই শব্দটী হিন্দুদের প্রতি আরোপ করিয়া থাকেন। অনেক সময় হিন্দুরা তাচ্ছিল্য ভাবে ভগবান বুদ্ধকে ভো গৌতম এই ভাবে সম্বোধন করিতেন, ইহাতে বৌদ্ধগণ অতিশয় অসন্তুষ্ট হইত।

মঘবা—অপ্পমাদ বগ্গো শ্লোক ১০; ইন্দ্র (মঘবন্)।

মিচ্ছাদিট্ঠি—নিরয়বগ্‌গো, শ্লোক ১১, ১২, ১৩। (মিথ্যা+দৃষ্টি) বুদ্ধবাক্যে সংশয়াদিরূপ মিথ্যামতাবলম্বী।

মিচ্ছাসঙ্কপ্পো—যমক বগ্‌গো, শ্লোক ১১। (মিথ্যা+সঙ্কল্প) ইহা ত্রিবিধ, কাম বিতর্ক, ব্যাপাদ বিতর্ক, বিহিংসা বিতর্ক; তৃষ্ণা সঙ্কল্প, দ্বেষ সঙ্কল্প, হিংসা সঙ্কল্প।

মার—প্রলোভনকারী (Tempter) ইনি প্রবলপ্রতাপশালী কামাবচার দেব লোকের রাজা। শক্র ও মহাব্রহ্মের ন্যায় ইহার অসীম ক্ষমতা; অগণন সৈন্য। কিন্তু ইনি সর্ব্বদা মায়া, মোহ, ও প্রলোভনের দ্বারাই নিজের ক্ষমতা নিয়োগ করেন। রতি, অরতি ও তৃষ্ণা নামে ইহার তিন কন্যা, সেইজন্য ইহাদিগকে "মার বলম্" বলিয়া উল্লেখ করা হয়। মার শব্দ আর এক অর্থেও ব্যবহার হয়। যাহা কিছু নির্ব্বাণমার্গবিরোধী তাহারই নাম মার। অন্য মতে পঞ্চ স্কন্ধকেই মার বলা হইয়াছে, কারণ উহারা নির্ব্বাণলাভের বিরোধী। বৌদ্ধগ্রন্থে উল্লেখ আছে বুদ্ধদেব যখন বোধিদ্রুমতলে গভীরসাধনে নিযুক্ত, যখন ক্রমশঃ ধ্যানের উচ্চ হইতে উচ্চতর সোপানে আরোহণ করিতেছিলেন, সেই সময় সসৈন্য মার নানাবিধ উপায়ে তাঁহাকে সাধনভ্রষ্ট করিতে চেষ্টা করে।

যাম—অত্তবগ্‌গো শ্লোক ১; এখানে রূপক অর্থে ব্যবহৃত হইয়াছে, জীবনের তিন ভাগ।

সাসনম্—অত্তবগ্‌গো, শ্লোক ৮; বুদ্ধবগ্‌গো, ৬।৭; ভিক্খুবগ্‌গো ৯, ১২ ২৩ (আদেশ, নিয়ম)।

সদ্ধা—(শ্রদ্ধা) যমকবগ্‌গো শ্লোক ৮; দণ্ড বগ্‌গো, শ্লোক ১৬; নাগবগ্‌গো ১৪।

সংসার—বালবগ্‌গো শ্লোক ১; যতদিন না অর্হত অবস্থা লাভ হয়, ততদিন মনুষ্যজন্ম ও মৃত্যুর অধীন থাকে। ধারাবাহিক জন্ম ও মৃত্যুর নাম সংসার।

সমণো—শ্রমণ, বৌদ্ধসন্ন্যাসী (স্ত্রী, সমণী,) ভগবান বুদ্ধও এই নামে অভিহিত হইতেন, সমণো গোতমো। বৌদ্ধদ্বেষিগণ অনেক সময় বুদ্ধদেবকে তাচ্ছিল্যভাবে কেবলমাত্র সমণো নামে সম্বোধন করিতেন।

সংয়োজন—সাধারণ অর্থ বন্ধন বা আসক্তি, সেই হইতে অর্থ হইতেছে জীবনের প্রতি আসক্তি। বৌদ্ধদর্শনে দশপ্রকার সংযোজনের উল্লেখ আছে (১)

সক্কায়দিট্‌ঠি (স্বকায়দৃষ্টি) (২) বিচিকিচ্ছা (বিচিকিৎসা) (৩) সীলব্বতপারামাসো (শীলব্রতপরামর্শ) (৪) কামরাগ (৫) প্রতিঘ (৬) রূপরাগ (৭) অরূপরাগ (৮) মন (৯) উদ্ধচ্চম (ঔদ্ধত্যম (১০) অবিজ্জা।

সীল—বুদ্ধবগ্‌গো, শ্লোক ৭; অর্থ সদ্‌গুণ। ধম্মপদে "সীল" শব্দের বারম্বার উল্লেখ দেখিতে পাওয়া যায়। যথা, সীলভেদো, সীলগন্ধো, সম্পন্নসীলো, সীলাচার ইত্যাদি। বৌদ্ধশাস্ত্রে, সীল তিন শ্রেণীতে বিভক্ত, পঞ্চসীল, অষ্টসীল ও দশসীল (১) প্রাণিবধ করিব না (২) পরদ্রব্যহরণ করিব না (৩) ব্যভিচার করিব না (৪) মিথ্যা কথা বলিব না (৫) প্রমাদের কারণ সুরা মৈরেয় প্রভৃতি মদ্যপান করিব না (৬) অপরাহ্নে ভোজন করিব না (৭) নিত্য গীত বাদ্য ও উৎসবাদি দর্শন করিব না। (৮) শোভার নিমিত্ত মাল্য বা গন্ধ দ্রব্য ব্যবহার করিব না (৯) উচ্চাসন বা উচ্চাশয্যা, মহাসন বা মহাশয্যাতে উপবেশন বা শয়ন করিব না (১০) সুবর্ণ বা রৌপ্য প্রতিগ্রহ করিব না। ইহার প্রথম পাঁচটীর নাম পঞ্চসীল, প্রমথ আটটীর নাম অট্‌ঠসীল ও সম্পূর্ণ দশটীর নাম দশসীল।

স্কন্ধ (খ)—রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান। ইহাদের নাম স্কন্ধ।

সম্বোজ্ঝঙ্গেসু (সম্বোধ্যঙ্গেষু)—পণ্ডিত বগ্‌গো শ্লোক ১৪; (সপ্ত+বোধি+অঙ্গ) বোধিজ্ঞানলাভের সপ্ত উপায়। সতি (স্মৃতি), ধর্ম্মবিচয়, বীর্য, প্রীতি, প্রশ্রব্ধি (পস্‌সদ্ধি) সমাধি ও উপেক্ষা। Recollection, Investigaion, Egergy, Joy, Calınness, Contemplation and Equanimity.

সহস্সবগ্‌গো—শ্লোক ৬, "নেব দেব......অস্তুনো"। হিন্দুদিগের অনেক দেব গন্ধর্ব্ব, বৌদ্ধসাহিত্যে উল্লেখ দেখিতে পাওয়া যায়, এই সকল দেবতারা নানা প্রকারে বুদ্ধদেবকে সাহায্য করিতেন। এ বিষয় Buddha Ghosha's Parable নামক পুস্তকের ১৬২ পৃষ্ঠায় বিস্তৃত বর্ণনা আছে।

সেখো—ইঁহারা সাত প্রকার, যাহারা স্রোতাপত্তি মার্গ হইতে আরম্ভ করিয়া অর্হৎমার্গ পর্য্যন্ত অগ্রসর হইয়া বলে, তাঁহাদিগকে সেখো বলে; অর্হৎ ফল প্রাপ্ত হইলে তাহাদিগকে অসেখো বলে।

বর্ণানুক্রমিক সূচী

—:o:—

নিট্ঠিতো

(সমাপ্ত)

OPINIONS ON "DHAMMAPADA."

DARJEELING,
April 29, 1904.

DEAR SIR,

I thank you very much for the copy of your Bengali translation of *Dhammapada* which you have kindly presented to me. There is nothing in the entire range of Buddhist literature more pure and more elevated than this collection of moral precepts and maxims and it foreshadows in a most remarkable manner the highest teachings of the Christian gospels............However that may be, the book you have now translated into Bengali *for the first time* is of world wide celebrity. It has been translated into many European languages, and the late Professor Max Muller translated it tnto English in his sacred Books of the East series. You have done well in placing this work before the Bengali readers and the Pali text which you have given together with your notes, will be of great help to students.

Yours very truly,
(Sd.) ROMESH DUTT, (I. C. S., C. I. E).

85, GREY STREET, CALCUTTA,
June, 4, 1904,

MY DEAR BABU CHARU CHANDRA,

I am very much pleased with your book *Dhammapada.* The book had its origin in India and is still one of the most valuable books of the world. But though translated in Latin and most of the western European languages, it had not any Indian shape and was not accessible to ordinary Indian people until now. I thank you heartily for the work you have done to Bengali literature.

Your translation into Sanskrit and Bengali are excellent. Hope the Government and the public will find their way to encourage you in the publication of similar works.

Yours Sincerely,
(Sd.) SARADA CHARAN MITTER,

সঞ্জীবনী—ধম্মপদ।—ধম্মপদের বিশেষত্ব এই যে, ইহার মধ্যে আজগুবি গল্প নাই। অনেক ধর্ম্মগ্রন্থে বহু আবর্জ্জনা ঘাটিয়া দুই একটী সত্য প্রাপ্ত হওয়া যায়। কিন্তু ধম্মপদে আগাগোড়া নিরেট উপদেশ। বুদ্ধদেব স্বয়ং যে সকল উপদেশ শিষ্যদিগকে দিয়াছেন, তাহাই একত্র করিয়া এই গ্রন্থ রচনা করা হইয়াছে। **** বাবু চারুচন্দ্র বসু ধন্য যে ভারতের গুপ্ত রত্ন তিনি বাঙ্গালা ভাষায় অনুবাদ করিয়া বাঙ্গালীর নিকট তাহা প্রকাশ করিয়াছেন। অনুবাদকার্য্যে চারুবাবু অত্যন্ত লিপিকৌশল প্রদর্শন করিয়াছেন। তাঁহার ভাষা অতি প্রাঞ্জল ও হৃদয়ানন্দকারী। ৬ জ্যৈষ্ঠ, ১৩১১।

বসুমতী—আমরা একখানি অতি উৎকৃষ্ট পুস্তক উপহার পাইয়াছি; পুস্তকখানির নাম ‘ধম্মপদ’। ‘ধম্মপদ’, বৌদ্ধদিগের ধর্ম্মগ্রন্থ; এই পুস্তকের এক একটী শ্লোক, এক একটী অমূল্য রত্ন; ধর্ম্মপিপাসু নরনারীর এই শ্লোকগুলি কণ্ঠস্থ করিয়া রাখা উচিত; এই সুন্দর ধর্ম্মগ্রন্থ যাহাতে প্রত্যেক গৃহস্থের গৃহে রক্ষিত হয়, তাহার জন্য আমরা সনির্ব্বন্ধ অনুরোধ করিতে পারি। এমন অমূল্য রত্নের আদর না হইলে বুঝিব, আমাদের মানুষ হইতে বিলম্ব আছে। ৮ই জ্যৈষ্ঠ, ১৩১১।

বঙ্গবাসী—ধম্মপদ গ্রন্থখানি উপাদেয় হইয়াছে। ছাপা ও কাগজ ভাল। অনুবাদ, ব্যাখ্যা ও অন্বয় সুন্দর। সাহিত্যানুরাগিমাত্রেরই ইহা পড়া উচিত। ৪ঠা আষাঢ়, ১৩১১।

বান্ধব—“ধম্মপদ”......গ্রন্থের বাঙ্গালা অনুবাদ ও প্রকাশ বাঙ্গালা সাহিত্যের একটী স্মরণীয় ঘটনা। বঙ্গদেশে অথবা সমগ্র ভারতবর্ষে শ্রীমদ্ভগবদ্গীতার যে স্থান, বৌদ্ধজগতে অর্থাৎ ‘সিংহল, ব্রহ্ম, শ্যাম, চীন,

জাপ... ও তিব্ব... প্রভৃতি দেশে ধম্মপদের সেই স্থান। ইহার প্রত্যেক পদই বিবেক-বৈরাগ্যমূলক ধর্ম্মজ্ঞানের সোপান বলিয়া ইহা ধম্মপদ নাম লাভ করে। পৃথিবীর সমস্ত প্রসিদ্ধ দেশেই এই দুর্লভ ও দেববাক্‌প্রতিম মহাগ্রন্থের অনুবাদ ও অর্থব্যাখ্যা আছে। বাঙ্গালায় এই প্রথম ইহার অনুবাদ প্রকাশিত হইল; সুতরাং অনুবাদক চারুচন্দ্র বসু এই কার্য্য দ্বারা বঙ্গীয়শিক্ষিতসমাজের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। আমরা তাঁহাকে হৃদয়ের সহিত ধন্যবাদ প্রদান করি। **** আষাঢ়, ১৩১১।

ভারতী—"ধম্মপদ"—কিরূপে ষড়রিপুকে সম্পূর্ণরূপে বিধ্বস্ত করিয়া সংসার-সংগ্রামে আত্মজয়ী হওয়া যায়, তাহা এই ধম্মপদ গ্রন্থে যেরূপ আছে, বোধ হয় অন্য কোথাও তাহার এরূপ পূর্ণাঙ্গ বিবৃতি নাই, এই গ্রন্থ খৃষ্টানের বাইবেলকে এবং হিন্দুর অসংখ্য ধর্ম্মগ্রন্থকে প্রভাবান্বিত করিয়াছে, ইহা মনুষ্যচরিত্রকে কল্পনার নিবিড় ব্যূহ হইতে অব্যাহতি প্রদান করিয়া কর্ম্মের উপর স্থাপন পূর্ব্বক গরীয়ান করিয়া তুলিয়াছে। এই পুস্তকখানি যিনি পড়িবেন তাঁহারই আত্মানুসন্ধানে দৃষ্টি পড়িবে, তিনিই অসংযত প্রবৃত্তিনিচয়কে শাসনের গণ্ডিতে আনিবার জন্য ক্ষণতরেও চেষ্টিত হইবেন, বুদ্ধদেবের শ্রীমুখের বাণী বিফল হইবার নহে, উহার কণিকাপ্রসাদেও আমরা ধন্য হইতে পারি। চারুবাবু এই পুস্তক সম্পাদনে যে কৃতিত্ব দেখাইয়াছেন, তাহা শ্রদ্ধার উদ্রেক করে। মূল পালির অন্বয় ও ভাষ্য, সংস্কৃত অন্বয় এবং বাঙ্গালা অনুবাদ—এই বিচিত্রসম্পদে সমৃদ্ধ হইয়া পুস্তকখানি বাঙ্গালীর হাতে প্রদত্ত হইয়াছে, শ্রমশীল ভক্ত পণ্ডিতের দান বলিয়া ইহা আমাদের সাদরে গৃহীতব্য—এই পুস্তকখানিকে আমাদের জীবন-যাত্রার নিত্যসহচরে পরিণত করিতে পারিলে আমরা এই মহাদানের যোগ্য হইব। শ্রাবণ, ১৩১১।

হিন্দু পত্রিকা—"ধম্মপদ" পালি ভাষায় বিরচিত বৌদ্ধ-ধর্ম্মগ্রন্থ।

ধম্মপদ অমূল্যরত্নের আকর। এই গ্রন্থের এক একটী শ্লোক নৈতিক রাজ্যের এক একখানি কোহিনুর। বৌদ্ধধর্ম্ম নীতিপ্রধান ধর্ম্ম; "ধম্মপদ" সুনীতিপূর্ণ। জগতের সর্ব্বজনীন নীতিসূত্র সকলেই এই গ্রন্থের অবয়ব।

* * * * * *

কিন্তু দুরদৃষ্টবশে এ যাবৎ এ দেশে এ রত্নের সম্মান সংরক্ষিত হয় নাই। শ্রদ্ধেয় চারুবাবু বঙ্গের পক্ষ হইতে দেশের সে কলঙ্ক মোচন করিলেন। তিনি আন্তরিক ধন্যবাদের পাত্র। বঙ্গভাষায় ইহার এরূপ সুন্দর সংস্করণ প্রকাশিত হওয়ায় বঙ্গভাষার গৌরব বৃদ্ধি হইল, সন্দেহ নাই। তিনি এই গ্রন্থ-সম্পাদনে যথেষ্ট আয়াস স্বীকার করিয়াছেন। তাঁহার সাধুচেষ্টা সফল হইয়াছে। চারুবাবু গ্রন্থখানিকে সর্ব্বাঙ্গসুন্দর করিয়াছেন। আষাঢ় শ্রাবণ, ১৩১১।

উদ্বোধন—স্বামী বিবেকানন্দ মান্দ্রাজবাসিগণের অভিনন্দন-পত্রের যে উত্তর প্রদান করেন, তন্মধ্যে একস্থলে প্রসঙ্গক্রমে বলিয়াছিলেন,—

The Restless Western atheist or agnostic finds in Gita or in the Dhammapadam the only place where our soul can anchor গীতার মত যেরূপ বিশ্বজনীন ও উদার, ধম্মপদেরও তদ্রূপ। সুতরাং এ গ্রন্থ বৌদ্ধগণ যেরূপ ভক্তিভাবে পাঠ করিয়া থাকেন, হিন্দু, মুসলমান, খ্রীষ্টিয়ান প্রভৃতি অপরাপর ধর্ম্মাবলম্বিগণও তদনুরূপ শ্রদ্ধার সহিত পাঠ করিতে পারেন। যাহারা পালিভাষা শিক্ষা করিতে চান, তাঁহারা এই পুস্তকখানি হইতে অনেক সাহায্য পাইবেন। পালিভাষার আবরণে যে সকল অমূল্য রত্ন লুক্কায়িত আছে, সেই সকল আমাদের দেশীয় সমস্ত ভাষায় প্রকাশিত হইলে দেশের এক নূতন যুগ আরম্ভ হইবে। ১৫ আষাঢ়, ১৩১১।

নব্যভারত—"ধম্মপদ"—এতদিন পর এই অত্যাবশ্যকীয় পুস্তক-

খানি বাঙ্গালা ভাষায় অনূদিত হইয়া প্রকাশিত হইয়াছে দেখিয়া আমরা যারপরনাই আনন্দিত হইলাম। বুদ্ধতথাগতের অমূল্য উপদেশ সকল এতদিন বাঙ্গালীর নিকট অন্ধকারাচ্ছন্ন ছিল; চারুবাবুর চেষ্টায় সে অন্ধকার এতদিনে বিদূরিত হইয়াছে। আমরা এই পুস্তকখানি পাঠ করিয়া অত্যন্ত উপকৃত হইয়াছি। বাঙ্গালা ভাষা ধন্য যে, ক্রমে ক্রমে নানাভাষার রত্নভূষণে ইহা অলঙ্কৃত হইতেছে। প্রতি শ্লোকের সংক্ষেপে টীকা ও অনুবাদ দেওয়া হইয়াছে। এ পুস্তকের এ দেশে খুব আদর হইবে, আমরা আশা করি। ১২১১।

বঙ্গদর্শন—জগতে যে কয়টী শ্রেষ্ঠ ধর্ম্মগ্রন্থ আছে, "ধম্মপদং" তাহার একটী। * * * * সম্প্রতি শ্রীযুক্ত চারুচন্দ্র বসু মহাশয় ধম্মপদ গ্রন্থের অনুবাদ করিয়া দেশের লোকের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। আশা করি, তিনি এই খানেই ক্ষান্ত হইবেন না। একে একে বৌদ্ধশাস্ত্র সকলের অনুবাদ বাহির করিয়া বঙ্গসাহিত্যের কলঙ্ক মোচন করিবেন। জ্যৈষ্ঠ, ১৩১১।

হিতবাদী—ধম্মপদ। চারুবাবু পালি ধম্মপদ নামক গ্রন্থের মূল, অনুবাদ, অন্বয় ও সংস্কৃত ব্যাখ্যা এই ভাবে প্রকাশিত করিয়া বঙ্গ-সাহিত্যের ও সকল ভাষানুরাগী পণ্ডিতের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। চারুবাবু যেরূপ যত্ন ও অধ্যবসায় সহকারে গ্রন্থ সম্পাদন করিয়াছেন, ইহাতে বঙ্গীয় পাঠকের যেরূপ সুবিধা হইয়াছে, তাহাই বা আমরা কিরূপে বুঝাইয়া দিব?……… তাহাতে আশা করা যাইতে পারে যে, চারুবাবুর পরিশ্রমের ফল অনেকেই আনন্দের সহিত উপভোগ করিবেন। ভরসা করি, গ্রন্থখানির বহুল প্রচার হইবে।

PRESIDENCY COLLEGE, CALCUTTA.
March 6, 1906.

My Dear Charu Babu,

... ...

I need not expatiate on the importanee of the Dhammapada. Apart from its literary importance as an unsectarian moral code, it has the additional merit of being the best Pali book for beginners. Any one in Bengal who wishes to study Pali cannot do better than read your edition of Dhammapada... ... your version is better than any other version I know of, and is as good as that of Dr. Neumann in German which Professor Rhys Davids considers to be thebest version extant............... I could cite numerous other examples to prove the superiority of your rendering to that of...........

I remain,
yours Sincerely,
(Sd.) HARINATH DE.

শ্রীযুক্ত বাবু চারুচন্দ্র বসু মহাশয়ের প্রকাশিত সংস্কৃত ব্যাখ্যা ও বঙ্গানুবাদ সহ ধম্মপদ নামক বৌদ্ধগ্রন্থখানির অনেকাংশ পাঠ করিয়া আমি পরিতৃপ্ত হইয়াছি।......সাধারণের উপাদেয় এই গ্রন্থখানি সংস্কৃত ব্যাখ্যা ও বঙ্গানুবাদসহ প্রকাশিত করিয়া চারুচন্দ্রবাবু দেশের বিশেষ উপকার সাধন করিয়াছেন, অতএব তিনি আমাদের ধন্যবাদ ও আশীর্ব্বাদের পাত্র ইতি।

(মহামহোপাধ্যায়) কামাখ্যানাথ তর্কবাগীশ। (সংস্কৃত কলেজ)।

Dhammapada one of the most important cannonical works of the Buddhists has been admirably edited by Babu Charu Chandra Bose. The translator has an accurate knowledge of the Pali language and his prose rendering and sanskrit notes to this popular work are all that they should be. ****

Englishman, June 9, 1904.

Among books *Dhammapada* by Babu Charu Chandra Bose, being a correct reproduction of the far famed Pali Scripture with admirable Sanskrit and Bengali rendering is a monument of patient industry in the cause of advancement of religion and morality,

The Central Hindu College Magazine, July, 1904.

Dhammapada by Babu Charu Chandra Bose' is unquestionably one of the most noteworthy publications of the current year. The translator Babu Charu Chandra Bose, has rendered a public service by bringing out this admirable edition, which evinces much patient industry.........

Bengàli, June, 1904.

———

Dhammapada is a well-known Buddhist work written in the Pali language. Babu Charu Chandra Bose has brought out an edition of it admirably suited to the requirements of Bengali readers. **** The author has long been a student of Pali and of Buddhists works and he may be regarded as an expert in these subjects. We have looked at the Sanskrit and Bengali translations and find them to be singularly lucid and precise.***Every attention has been apparently paid to accuracy, simplicity and method. It is small in size, simple and direct in language and seems to demand only a moderate knowledge of Pali. *Indian Nation,* MAY 23rd, 1904.

The moral and spiritual teachings embodied in the book, are not only simple, deep and telling but quite consistent with the highest and best teachings of all the scriptures of the world. One has only to read them in order to be charmed with their beauty, wealth and directness, *** Babu Charu Chandra Bose, the compiler of the book, has laid the Bengali community under deep obligations by a timely publication of the work which, we trust, will be largely patronised by the public.

Indian Mirror, JUNE 14, 1904.

Dhammapada is one of the oldest and most popular works

of Buddhism in Pali language. It is a portion of the Tripitakâ, and takes the place of the Gita among the Buddhist. It has already been translated into many European languages. Mr. Basu is to be congratulated on the excellence of his work which is indeed a welcome addition to be Bengali language.
Prabudha Bharata.

—